

ISSN 2319-6165

**BULLETIN
OF
THE DEPARTMENT
OF
LINGUISTICS**

ĀCĀRYA SUKUMAR SEN MEMORIAL VOLUME

NUMBER TWENTY-SIX

2025



**Department of Linguistics
UNIVERSITY OF CALCUTTA**

ISSN 2319-6165

**BULLETIN
OF
THE DEPARTMENT
OF
LINGUISTICS**

EDITED BY

Abhijit Majumdar

ĀCĀRYA SUKUMAR SEN MEMORIAL VOLUME

NUMBER TWENTY-SIX

2025



**Department of Linguistics
UNIVERSITY OF CALCUTTA**

Chief Patron

Professor Santa Datta (De), Vice-Chancellor, University of Calcutta

Board of Editors

Prof. Abhijit Majumdar, M.A. (Linguistics), M.A. (Bengali), Ph.D.

Prof. Aditi Ghosh, M.A., Ph.D.

Prof. Sunandan Kumar Sen, M.A., Ph.D.

Edited by

Abhijit Majumdar

University of Calcutta

All rights reserved. No part of this publication can be reproduced or transmitted, in any form or by any means, without prior permission of the editor.

Office:

DEPARTMENT OF LINGUISTICS

Asutosh Building

87/1 College Street

Kolkata 700 073

<https://www.caluniv.ac.in/academic/Linguistics.html>



আচার্য সুকুমার সেন
(১৬.০১.১৯০০ – ০৩.০৩.১৯৯২)

Table of Contents

Editor's Note

i-iii

I. Ācārya Sukumar Sen: A Legacy Revisited

Sunandan Kumar Sen	A Tribute to Professor Sukumar Sen	1
সুনন্দন কুমার সেন	সুকুমার সেন; ভাষা ও সাহিত্যের ইতিহাসকার	4
মহীদাস ভট্টাচার্য্য	সুকুমার সেন: ঐতিহ্যে অস্মিতার ব্যতিক্রমী সাধক	27
সনৎকুমার নস্কর	প্রাগাধুনিক সাহিত্যের ইতিহাসকার সুকুমার সেন	62
শ্যামাশ্যাম কৃষ্ণপূজারি	'খাঁটি' বাংলা ব্যাকরণের সন্মানে আচার্য সুকুমার সেন	92
চট্টোপাধ্যায়		
কৃষ্ণ ভট্টাচার্য	প্রসঙ্গ : আচার্য সুকুমার সেনের 'হিস্ট্রি অ্যাণ্ড প্রি-হিস্ট্রি অভ স্যাক্সকুট'	111
অভিজিৎ মজুমদার	শব্দের মৃগয়ায় এক সত্যাত্মশেষী	135
Aditi Ghosh	What is a Woman's Dialect? A look back at Sukumar Sen's 1928 work	165

II. Other Articles

মীনা দাঁ	পশ্চিমবঙ্গের আদিবাসী ভাষা: দ্বিভাষিকতা ও ভাষাসরণ	177
Samir Karmakar	On examples: "anādinidhanaṃ brahma śabdatattvaṃ yadaḥsaram"	198
Suman Ghosh	Distinctive Linguistic Features in the Literary Texts of Sarat Chandra Chattopadhyay	210
Debdut Chakraborty	Characterization Technique in Tagore's Short-stories	236
Guideline for Contributors		256

Editor's Note

It is with profound respect and a deep sense of admiration, we, on behalf of the Department of Linguistics, feel honoured to present this commemorative volume (No. 26, 2025) dedicated to the indelible memory of Ācārya Sukumar Sen, a doyen of Indian Linguistics. This volume marks the momentous celebration of the 125th Birth anniversary of a linguist, whose innovative spirit and inquisitive mind reshaped our understanding of language, history and culture. We honour the vibrant legacy of Professor Sukumar Sen, a giant scholar of Linguistics, a great phonetician, literary historian, cultural scientist and above all, a universal humanist. Today, we honour his singular lifetime of groundbreaking scholarship, which still continues to inspire a generation of researchers, educationists and academic intellectuals across the globe. We feel proud and inspired to note that Professor Sen was a full-time faculty member of our department and became the Khaira Professor of Indian Linguistics and Phonetics in the year 1954. He joined the Post Graduate Department of Comparative Philology in Calcutta University as a guest Lecturer in 1930 and served this Department for almost 34 years. Besides his own department, he was also attached to at least seven departments in our university.

On the 125th Birth anniversary, we recognize his intense impact on the study of Bangla language and literature, and his pioneering contribution to the field of comparative-historical framework, literary history, and Indology. Professor Sen's notable works, such as 'Bhāṣār itivṛtta' and 'Bāṅgālā sāhityer itihās', continue to be foundational texts for the students and the researchers. Professor Sen was not only a great linguist but also a scholar of rare qualities with versatile interests. His deep curiosity in all people and in all cultures brought his catholicity of outlook and interests. With this global view in mind, he perceived language as a human phenomenon which is dynamic and continually growing against the backdrop of a specific society and culture. So, any treatment of fragments of speech as something abstract and static had no appeal to him.

Ācārya Sen was a great linguist, making a linguistic investigation along modern methods based strictly on a core linguistic approach. Moreover, he advocated a judicious combination of the methods of earlier framed comparative-historical grammar with the discoveries of the contemporary structural and descriptive grammars. But he was always aware of the sense of proportion to be maintained between tradition and modernity.

The current issue has a bilingual design, consisting of eleven articles, of which seven are written in Bangla and the rest are in English. The articles have been arranged in two sections. In the first section (I. Professor Sukumar Sen: A Legacy Revisited), we bring together seven contributions from some of the distinguished faculties from different departments of this University and other academic institutions; all of them being touched by his towering intellect and supreme humanity. In the next section (II. Other Articles), we have four articles related to diverse fields of interest. Most of the articles on Professor Sen are written in Bangla, and only one valuable article is written in English. These articles explore his diverse interests in linguistic, literary and cultural domains. It is worth noting that some of the articles in this issue look into his overall contribution in the academic sphere, and the rest focus on his specific texts.

Some of the distinguished contributors in this volume are Professor Krishna Bhattacharya, former Professor in the Department of Linguistics (C.U.) and the UGC Emeritus Fellow, Professor Sanat Kumar Naskar, Dean of the Faculty of Arts and Professor in the Department of Bengali Language and Literature (C.U.), Professor Mahidas Bhattacharya, Former Director, School of Languages and Linguistics, Jadavpur University, Professor Mina Dan, Former Professor, Department of Linguistics (C.U.), Dr. Samir Karmakar, Former Director, School of Languages and Linguistics, Jadavpur University, Dr. Shyamashyam Krishnapujari Chattopadhyay, Faculty in the Department of Bengali, Gauhati University, Dr. Suman Ghosh, Faculty in the Department of Bengali, Serampore College, West Bengal. It is our pleasure that one of the promising Research Fellows of our Department, Debdu Chakraborty, Guest faculty, Department of

Linguistics, Government Sanskrit College and University, has also added a significant research article in this issue. We gladly note that all of our permanent faculties of the Department expressed their willingness in contributing inspiring papers for this memorial volume. I offer my heartfelt thanks to Professor Sunandan Kumar Sen of our department for writing a heart-touching tribute to our Ācārya. We extend our sincerest appreciation to all contributors for their thought-provoking and insightful submissions, which serve as a fitting tribute. We are also deeply indebted to the editorial board, reviewers, other fellow faculty members and Research fellows for their unwavering support and dedication in bringing this project to fruition. I offer my sincerest thanks to our Head of the Department, Professor Aditi Ghosh, who not only gave me the freedom to edit this issue but also provided me with constant support and encouragement to publish this volume.

In fine, I express my gratitude to the chief patron of the Bulletin, Professor (Dr.) Santa Datta (De), Hon'ble Vice Chancellor and the Registrar, Prof Debasis Das, for their constant inspiration and support. I express my heartfelt thanks to Mr. Aniruddha Poddar, a student and Research Fellow of the School of Languages and Linguistics, Jadavpur University, for his sincere and cordial cooperation in printing this volume.

We hope that this memorial volume will not only honor the memory of Professor Sukumar Sen but also serve as a valuable resource for future generations of linguists. Let this celebration be a tribute to his immortal ideas that continue to resonate and illuminate the routes of modern inquiry.

Abhijit Majumdar

15.08.25

Ācārya Sukumar Sen: A Legacy Revisited

A Tribute to Prof Sukumar Sen

Sukumar Sen, the last major linguist in our country to work in the historical-comparative framework, literary historian and Indologist was born on January 16, 1900 (1st MAGH 1306 Bengali era), in North Kolkata. The forefathers of Sukumar Sen lived in Gotan village of now East Burdwan district. Sen did his undergraduate studies in Sanskrit and postgraduate studies in Comparative Philology from the University of Calcutta in the year 1921 and 1923 respectively. In his MA dissertation paper, he secured 96%. The examiners were I. J. S Taraporewala, Prof S.K. Chatterji and S.K. Belvalkar. Sen had a brilliant academic career. He was awarded all the medals of the University of Calcutta, Asutosh Memorial Gold medal (twice), Griffith Memorial prize (thrice), Moat medal (1926), Premchand-Roychand scholarship (1924), all from his alma mater for his excellence in fundamental research. The Government of India awarded him Padmabhushan (1990), The West Bengal government awarded him Rabindra Puraskar (1963), Vidyasagar Puraskar (1981), Sahitya Academy awarded him its highest honor Honorary Fellowship (1973), Anandabazar House awarded him Ananda Puraskar (1966 and again 1984), Visvabharati awarded him Deshikottam (1982), Jadavpur University (1990), University of Burdwan and Rabindrabharati University (1986) awarded him D.Litt (honoris causa), The Asiatic Society, Kolkata awarded him Jadunath Sircar Gold Medal and the Royal Asiatic Society of Great Britain and Ireland bestowed on him the prestigious Jubilee Gold Medal in the year 1984 to acknowledge his lifelong contribution in the field of Indology. It is the highest recognition in the field of Oriental studies. He was also the first Asian to receive this award.

Prof Sen had a long and distinguished tenure as a teacher. A brilliant student, Dr. Sen joined the Post Graduate Department of Comparative Philology of the Calcutta University as a guest Lecturer in 1930. Later on, he became a full-time faculty member and ultimately, he became

the Khaira Professor of Indian Linguistics and Phonetics in 1954 of the department after the retirement of his 'guru' Prof Suniti Kumar Chatterji. In 1952 he was appointed as the Chairman of the department. Prof Sen retired from the department in 1964 after serving it for long 34 years. Besides his own department he taught in the Departments of Bengali, English, Sanskrit, Hindi, Pali, Islamic History and Culture, and French. During his lifetime he supervised 97 scholars to his credit.

Professor Sen has left behind an enormous number of published works in English and Bengali. He did his Ph.D. on Indo-Aryan Syntax (1937) which was published partly in 1953. Sen started his academic research in the field of Historical syntax with the pioneering works like 'Use of Cases in the Vedic Prose' (1928) and 'An Outline Syntax of MIA' (1950). However, History of Brajabuli Literature (1935) was his first published book in English. It is internationally acclaimed as the standard work till now. Prof Sen had a strong command in the comparative-historical linguistics particularly with reference to Indo-Aryan linguistics. In this area his two major works are 'A Comparative grammar of MIA' (1960) and 'History and Pre-History of Sanskrit' (1958). Sen had tremendous interest in etymology also. In two volumes he published 'The Etymological Dictionary of Bengali' (1971). It is still one of the largest works on historical etymology in any Indian language. Immediately just before his death he translated it into Bengali ('Butpatti-Siddhartha Sabdakosha', published in 2003). Another major work is the Bengali book 'Bhashar Itibritta' (1939) which deals with the science of language as well as on the evolution of the Bengali language. Sukumar Sen is still considered as the foremost literary historian of Bengali. He had written the history of Bengali literature in five volumes, "Bangla Sahityer Itihas" with a prefatory note by Rabindranath Tagore. He dedicated eighteen years of his life to complete it. This book later appeared in a condensed form as the History of Bengali Literature (1960) from the Sahitya Akademi, with a foreword by Jawaharlal Nehru. Among the other works he

wrote, *Bharatiya Sahityer Itihas*, (1963), *Old Persian Inscriptions of the Achaemenian Emperors* (1941), are only a few instances of his erudition. Some of his books like *A comparative Grammar of Middle Indo-Aryan*, *Bhashar Itibritta* have been translated in Hindi and other Indian languages. Apart from the above Sen published more than 100 books and approximately 500 articles in English and Bengali in various subjects like Bengali language, Middle Bengali literature, Indo-Aryan linguistics, literary history, cultural history, crime story, ghost story, toponym etc. Apart from Language and Literature, his incisive acumen for detection was deeply reflected in his love for detective and mystery novels, on which he wrote several books.

Prof Sen was closely associated for a long time with Linguistic Society of India (LSI). He edited the journal of LSI for several years. Prof Sen was elected as the President of The Asiatic Society (1984-1986) as well as Bangiya Sahitya Parisad (1978-82). Prof Sen had a long connection with 'Sahitya Academy' too. He was a member from 1955 to 1971. For a brief period of time, he was nominated as the 'Justice of Peace' of Kolkata Police.

By marriage he was connected with the family of the great patriot and the one-time President of the Indian National Congress Sir Rashbehari Ghosh.

Dr. Sen passed away on 3 March, 1992.

Sunandan Kumar Sen

সুকুমার সেন; ভাষা ও সাহিত্যের ইতিহাসকার

সুনন্দন কুমার সেন

sksling@caluniv.ac.in

সারসংক্ষেপ:

বিবিধ বিষয়ে সারাজীবন বিদ্যানুশীলন করেছেন সুকুমার সেন। কখনো একটি বিষয়ে থেমে থাকেননি। বিষয় থেকে বিষয়ান্তরের গভীরে অবগাহন করেছেন। অনুসন্ধিৎসু মন ও গোয়েন্দার চোখ নিয়ে খুঁজেছেন অচর্চিত দিকগুলি। যা ছিল তাঁর বিদ্যাচর্চার বৈশিষ্ট্য। ভাষাবিজ্ঞান, সাহিত্যের ইতিহাস, পুরাণ ও মিথ, বাংলার ইতিহাস, শব্দের ব্যুৎপত্তি, বটতলা সাহিত্য, স্থাননাম-রহস্য, ভৌতিক কাহিনি ও তার ইতিহাস, গোয়েন্দা কাহিনি বিভিন্ন বিষয়ে তাঁর আগ্রহ ছিল চিরজাগরুক। এই সব বিষয়ে কখনো লিখেছেন বই আবার কখনো লিখেছেন মননশীল প্রবন্ধও। এই প্রবন্ধ তার সংক্ষিপ্ত পরিসরের মধ্যে দেখার চেষ্টা করেছে সুকুমার সেনের সামগ্রিক চর্চার সিংহাবলোকন।

সূচক শব্দ:

তুলনামূলক ভাষাবিজ্ঞান, ইতিহাসচেতনা, ব্যুৎপত্তি, সাহিত্যের ইতিহাস

১.০ সূচনা

প্রাবন্ধিক, চিন্তক, শব্দবিদ্যাভিষারদ, সাহিত্য সমালোচক, সাহিত্যের ইতিহাসকার ও সর্বোপরি আমাদের দেশের একজন অগ্রগণ্য ভাষাবিজ্ঞানী আচার্য সুকুমার সেনের (১৬.১.১৯০০-৩.৩.১৯৯২) জন্ম বিগত শতকের সূচনালগ্নে কলকাতার মাতুলালয়ে। পিতা ছিলেন হরেন্দ্র নাথ সেন (১৮৭৬-১৯৩৬) ও মাতা নবনলিনী দেবী (১৮৮৫-১৯৬৯)। সুকুমার সেনের আদি নিবাস ছিল অধুনা পূর্ব বর্ধমান জেলার রায়না থানার অন্তর্গত গোতান গ্রামে। এই গ্রামের অদূরেই আছে কবিকঙ্কণ মুকুন্দের জন্মস্থান দামিন্যা। সুকুমার সেনের শৈশব কেটেছে গ্রামের বাড়িতে। ১৯১৭ সালে বর্ধমান রাজ কলেজিয়েট স্কুল থেকে ম্যাট্রিকুলেশান ও ১৯১৯ সালে ওই স্কুল থেকে আই এ পাশ করেন, গণিত, দর্শন ও সংস্কৃত এই তিনটি বিষয়ে লেটার নিয়ে। ১৯১৯ সালে কলকাতায় পড়তে আসেন। তারপর আজীবন কেটেছে এই শহরে। ১৯২১ সালে সংস্কৃত কলেজ থেকে সংস্কৃতয় স্নাতক। কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে ১৯২৩ সালে কম্প্যারেটিভ ফিললজিতে এম এ ও ওই একই বিষয়ে ১৯৩৭ সালে পিএইচডি। গবেষণার বিষয় ছিল ‘*Historical Syntax of MIA and NIA*’। গবেষণাপত্রের পরীক্ষক ছিলেন জুল ব্লক (১৮৮০-১৯৫৩) ও র্যালফ টার্নার (১৮৮৮-১৯৮৩)। তাঁর এই গবেষণা আংশিকভাবে প্রকাশিত হয় ১৯৫৩ সালে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের কম্প্যারেটিভ ফিললজি বিভাগ পরবর্তীকালে যার নাম হয় লিঙ্গুইস্টিক (১৯৮৪)। এই বিভাগে সুদীর্ঘ চৌত্রিশ বছর (১৯৩০-১৯৬৪) অধ্যাপনার কাজে যুক্ত ছিলেন সুকুমার সেন। ১৯৫২ সালে হন বিভাগীয় প্রধান ও ভাষাচার্য সুনীতি কুমার চট্টোপাধ্যায়ের (১৮৯০-১৯৭৭) অবসর গ্রহণের পর ওই বিভাগের ‘খয়রা’ অধ্যাপকের পদ অলংকৃত করেন (১৯৫৪)। মৌলিক গবেষণার জন্য ছাত্রজীবনে ও পরবর্তীকালে পেয়েছেন অজস্র সম্মান।

সুকুমার সেন নিজের সম্বন্ধে বলতেন ‘হোম বেকড স্কলার’। উচ্চশিক্ষা বা গবেষণার জন্য তিনি কোনোদিন বিদেশের মাটিতে পা রাখেননি। ছাত্রজীবনে একবার তাঁর বিদেশে লেখাপড়া করার সুযোগ এসেছিল কিন্তু ঘটনাচক্রে তা আর ফলপ্রসূ হয়নি (সেন ২০০১)। কিন্তু আমেরিকা, ইউরোপ থেকে জ্ঞানান্বেষী বিদ্যার্থীরা তাঁর কাছে বার বার ছুটে এসেছে বিদ্যাচর্চার জন্য। যা ছিল তাঁর কাছে অত্যন্ত গর্বের বিষয়।

বিদেশে না গেলেও পাশ্চাত্য গবেষণার পদ্ধতি ও বিশ্লেষণ প্রক্রিয়া তিনি তাঁর দুই গুরু অধ্যাপক ইরাক তারাপুরওয়াল (১৮৮৪-১৯৫৬) ও অধ্যাপক সুনীতি কুমার চট্টোপাধ্যায়ের কাছ থেকে রপ্ত করেছিলেন।

বাঙালি পাঠক সুকুমার সেনকে চিনেছেন তাঁর পাঁচখণ্ডে রচিত প্রায় আড়াই হাজার পাতার বৃহৎ ‘*বাঙ্গালা সাহিত্যের ইতিহাস*’ গ্রন্থটির জন্য। আর ভাষাবিজ্ঞানের ছাত্র-ছাত্রীদের কাছে তিনি সমধিক পরিচিত জনপ্রিয় গ্রন্থ ‘*ভাষার ইতিবৃত্ত*’-এর (১৯৩৯) রচয়িতা রূপে। কিন্তু শুধু সাহিত্যের ইতিহাস বা ভাষাতত্ত্ব নয়, জ্ঞান সাধনার বিভিন্ন ক্ষেত্রে তাঁর ছিল বিচিত্র কৌতূহল এবং অবাধ বিচরণ। গোয়েন্দা কাহিনি (*ক্রাইম কাহিনীর কালক্রান্তি*, ১৯৮৮ ও *গল্প সংগ্রহ*, ২০০৯), ভূত (*গল্পের ভূত*, ১৯৮২), বটতলা সাহিত্য (*বটতলার ছাপা ও ছবি*, ১৯৮৪ শোভন সংস্করণ ২০০৮), প্রাচীন বাংলার সামাজিক ইতিহাস (*বঙ্গভূমিকা*, ১৯৭৪; *প্রাচীন বাংলা ও বাঙালী* ১৯৪৩; *মধ্যযুগের বাংলা ও বাঙালী*, ১৯৪৫), আঞ্চলিক ইতিহাস চর্চা (*কলিকাতার কাহিনী*, ১৯৯০), অভিধান চর্চা (*ব্যুৎপত্তি সিদ্ধার্থ শব্দকোষ*, ২০০৩), রেল-চর্চা (*রেলের পা-চালি*, ১৯৯০), রবীন্দ্র-সাহিত্য (পরিজন পরিবেশে *রবীন্দ্র বিকাশ*, ১৯৬১, *রবীন্দ্রশিল্পে প্রেম চৈতন্য ও বৈষ্ণব-ভাবনা*, ১৯৮৬) প্রভৃতি বিবিধ বিষয় নিয়ে গবেষণা ও চর্চা করেছেন। ইংরেজি ও বাংলা মিলিয়ে তাঁর রচিত ও সম্পাদিত গ্রন্থের সংখ্যা প্রায় দেড়শ ও প্রবন্ধের সংখ্যা আনুমানিক পাঁচ শতাধিক। সুকুমার সেনের জিজ্ঞাসা ছিল বিচিত্র, কর্ম ছিল বহুধা বিস্তৃত এবং অদম্য এষণা। এখনকার বিদ্যাচর্চায় এই ধরনের সাধনা খুব একটা চোখে পড়ে না। কিন্তু এ কথা মনে রাখা উচিত বিগত শতাব্দীর মধ্যভাগ পর্যন্ত যে সাংস্কৃতিক পরিমণ্ডলে সুকুমার সেন বিদ্যাচর্চা করেছিলেন তখনও পর্যন্ত বিদ্যাচর্চায় এই বিস্তৃত সাধনা খুব দুর্লভ ছিল না। তখনও আসেনি তথাকথিত Specialization-এর যুগ। তাই বিদ্যাচর্চায় ছিল একটি holistic approach। এই holistic approach-এর জন্যই আমরা সুকুমার সেনের মতন ব্যক্তিকে পেয়েছি। তবে এ কথা অনস্বীকার্য, যা কিঞ্চিৎ দুর্ভাগ্যজনক হলেও যে সুকুমার সেন চিরজীবী হয়ে আছেন প্রধানত তাঁর দুটি বিখ্যাত গ্রন্থের-ই জন্য; একটি ‘*বাঙ্গালা সাহিত্যের ইতিহাস*’, অন্যটি ‘*ভাষার ইতিবৃত্ত*’ (১৯৩৯)। এই দুটি সুকুমার সেনের অনন্য কীর্তি। কিন্তু এ কথাও মনে রাখা দরকার যে শুধুমাত্র এই দুটি গ্রন্থের মধ্যে সুকুমার সেনের সামগ্রিক পরিচয় স্পষ্ট হয় না।

২.০ সুকুমার সেন ও বাংলা সাহিত্যের ইতিহাস

‘বঙ্গলা সাহিত্যের ইতিহাস’ সুকুমার সেনের নিঃসন্দেহে শ্রেষ্ঠ কীর্তি। ১৯৪০ থেকে ১৯৫৮ পর্যন্ত চার খণ্ডে (পাঁচভাগে) প্রকাশিত হয়। পরবর্তীকালে যখন আনন্দ পাবলিশার্স থেকে পুনঃপ্রকাশিত হয় তখন চার খণ্ডের বঙ্গলা সাহিত্যের ইতিহাস দাঁড়ায় পাঁচ খণ্ডে। এই পুনঃপ্রকাশের সময় তিনি যথেষ্ট বৃদ্ধ। তবুও বয়সের ভার উপেক্ষা করে জীবনের শেষ প্রান্তে এসে করেছিলেন কিছু পরিবর্ধন ও পরিমার্জন। তাঁর পাঁচ খণ্ডের কালসীমা মোটামুটি এই রকম- প্রথম খণ্ডের সময়সীমা ছিল অনিশ্চিত সূচনালগ্ন থেকে ষোড়শ শতাব্দী পর্যন্ত। দ্বিতীয় খণ্ড সপ্তদশ ও অষ্টাদশ শতাব্দী। তৃতীয় খণ্ড ঊনবিংশ শতাব্দী। চতুর্থ খণ্ড রবীন্দ্রনাথ। আর পঞ্চম খণ্ড আধুনিক যুগ। আধুনিক যুগের আলোচনা তিনি শেষ করেছিলেন ১৯৪১ সতীনাথ ভাদুড়ি ও মুজতবা আলীর প্রতিভাকে স্বীকার করে নিয়ে। জীবনের প্রায় শেষ প্রান্তে ষষ্ঠ খণ্ড রচনার প্রস্তুতি শুরু করেছিলেন। তা আর বাস্তবায়িত হয়নি।

এখানে একটা প্রশ্ন সঙ্গতভাবেই উঠতে পারে যে ভাষাবিজ্ঞানের ছাত্র হয়ে, ভাষাবিজ্ঞানের গবেষণা দিয়ে জীবন শুরু করে কেন তিনি গবেষণার পথ পরিবর্তন করে ‘বঙ্গলা সাহিত্যের ইতিহাস’ রচনায় সম্পূর্ণ মনোনিবেশ করলেন? এর উত্তর তিনি নিজেই বলছেন। বাংলা সাহিত্যের ইতিহাস লিখতে তাঁকে কিছুটা পরোক্ষভাবে উৎসাহী করেছিল নগেন্দ্রনাথ গুপ্তের একটি প্রবন্ধ (সেন, ২০০১)। সাহিত্য পরিষদ পত্রিকায় (১৩৩৬) নগেন্দ্রনাথ গুপ্ত ‘কবিরাজ গোবিন্দদাস’ শীর্ষক একটি প্রবন্ধ লিখেছিলেন। সেই প্রবন্ধে তিনি দাবি করেছিলেন যে গোবিন্দদাস কবিরাজ বাঙালি নন। তিনি মিথিলার কবি ও মৈথিলি। নগেন্দ্রনাথের এই সিদ্ধান্ত সুকুমার সেনের মনঃপুত হয়নি। তিনি সাহিত্য পরিষদ পত্রিকার পাতায় ওই এক-ই বছরে ‘গোবিন্দদাস কবিরাজ’ নামক পাল্টা একটি দীর্ঘ প্রবন্ধ লিখে প্রমাণ করার চেষ্টা করেছিলেন যে গোবিন্দদাস কবিরাজ মৈথিলি নন, বাঙালি কবি (সেন, ২০১৪)। সুকুমার সেনের এই প্রবন্ধ পড়ে তাঁকে পূর্ণাঙ্গ বাংলা সাহিত্যের ইতিহাস লেখার ব্যাপারে উৎসাহী করেন তাঁর শিক্ষাগুরু ভাষাচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায়। গুরু নির্দেশ স্বরণ তিনি একটি পূর্ণাঙ্গ বঙ্গলা সাহিত্যের ইতিহাস রচনার কাজ শুরু করেন। ফলস্বরূপ ‘অলকা’ এবং ‘বঙ্গশ্রী’ পত্রিকায় ধারাবাহিকভাবে ১৩৩৮ বঙ্গাব্দ

থেকে প্রকাশিত হতে থাকে ‘বাঙ্গালা সাহিত্যের ইতিহাস’-এর প্রথম খসড়া। গোবিন্দদাসের পদাবলীর প্রতি আকর্ষণ সুকুমার সেনকে অনুপ্রাণিত করে ব্রজবুলি নিয়ে চর্চা করার জন্য। কয়েক বছরের মধ্যে প্রকাশিত হয় “আ হিস্ট্রি অব ব্রজবুলি লিটারেচার” গ্রন্থটি (১৯৩৫)। ভারতীয়-আর্যের বিশ্ববিখ্যাত ফরাসি গবেষক জুল ব্লক এই গ্রন্থের রিভিউ করেছিলেন। ব্রজবুলির কাজে হাত দেবার আগে তিনি বৈষ্ণব-পদাবলী বারবার খুঁটিয়ে পড়েছিলেন। বৈষ্ণব-সাহিত্যচর্চার সূচনার ক্ষেত্রে ব্রজবুলির গবেষণা ও নগেন্দ্রনাথ গুপ্তের প্রবন্ধের প্রতিবাদ বিশেষ সহায়ক ভূমিকা পালন করেছিল। এই প্রসঙ্গে উল্লেখযোগ্য যে আচার্য দীনেশচন্দ্র সেন (১৮৬৬-১৯৩৯) চণ্ডীদাসের পদাবলীর দ্বারা উদ্বুদ্ধ হয়েছিলেন। অনেকটা সেই কারণেই দীনেশচন্দ্র মধ্যযুগের সাহিত্যচর্চার প্রতি আকৃষ্ট হয়েছিলেন।

সুকুমার সেনের বাঙ্গালা সাহিত্যের ইতিহাসের কয়েকটি বৈশিষ্ট্য উল্লেখযোগ্য। প্রথমত লেখক বলেছেন (সেন, ২০১৬) যে তাঁর লেখা সাহিত্যের ইতিহাসের পূর্বের গ্রন্থগুলি অসম্পূর্ণ ও অ-বস্তুগত (subjective)। এই অসম্পূর্ণতা তাঁর সাহিত্যের ইতিহাসে দূর করতে তিনি চেষ্টা করেছেন। সাহিত্যের যথাযথ কালানুক্রম মেনে বস্তুগত (objective) বর্ণনা দিয়ে বাঙ্গালা সাহিত্যের ইতিহাস রচনা করেছেন। লেখক মনে করতেন সাহিত্যের ইতিহাস কিন্তু সাহিত্য রচনারই ইতিহাস নয়, এ ইতিহাস ব্যক্তি স্বতন্ত্রের ইতিহাস। তদুপরি সাহিত্যের ইতিহাস হয়ে উঠতে পারে সমগ্র জাতির ইতিহাসের একটি গুরুত্বপূর্ণ অধ্যায়। ইতিহাসের ক্ষেত্রে কালক্রম ও বর্ণনা দুটি অত্যন্ত জরুরি। এই দুটির অভাব তিনি তাঁর পূর্বসূরীদের (ঈশ্বর গুপ্ত, রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়, রাজেন্দ্রলাল মিত্র, রামগতি ন্যায়রত্ন, রমেশচন্দ্র দত্ত, দীনেশচন্দ্র সেন) কাজে লক্ষ করেছিলেন। পূর্বসূরীদের প্রতি আস্থা রেখেও তিনি জানিয়েছেন পূর্বের সাহিত্যের ইতিহাসগুলি ঐতিহাসিক দৃষ্টিতে লেখা নয়, কোনো কোনোটি আকারে ক্ষুদ্র অথবা তা বহুলাংশে অসম্পূর্ণ। যেমন দীনেশচন্দ্রের রচনা ষোড়শ-সপ্তদশ শতাব্দীতেই সীমাবদ্ধ। দ্বিতীয় বৈশিষ্ট্য হল সুকুমার সেন তাঁর সাহিত্যের ইতিহাস রচনায় ইতিহাসের দৃষ্টিকোণ থেকে নিজেকে নিরপেক্ষ রাখতে সচেষ্ট হয়েছেন। তাঁর নিজের কথায় কোনো ভৌগোলিক অঞ্চল বা কোনো গোষ্ঠীর চোখে সস্তা জনপ্রিয়তা লাভের জন্য ইতিহাসকে তিনি চেপে রাখেননি বা ভুল ব্যাখ্যা দেননি। অর্থাৎ আঞ্চলিকতাবাদকে প্রশ্রয় দেননি। তৃতীয় বৈশিষ্ট্য হল তিনি কোনো -ism এর দ্বারা

প্রভাবিত হননি। বিশেষ করে মার্ক্সবাদে তো নয়ই। তিনি খুব সঠিকভাবেই সিদ্ধান্তে এসেছিলেন যে অতীতের কোনো রচনাকে মার্ক্সবাদের নিরিখে ব্যাখ্যা করার অর্থ হল ভবিষ্যতের গর্ভে অতীতের ঠিকুজি খোঁজার মতন। সুকুমার সেনের বাংলা সাহিত্যের অন্যতম বৈশিষ্ট্য হল উপাদান সংগ্রহ। তাঁর রচিত সাহিত্যের ইতিহাস সম্পূর্ণভাবে অন্যের সংগৃহীত উপাদানের উপর ভিত্তি করে নয়। তিনি নিজেও বহু পুথি ব্যক্তিগত উদ্যোগে সংগ্রহ করেছেন। বহু জায়গাতেই তিনি প্রাচীন কাব্যের আলোচনায় প্রকাশিত সংস্করণের থেকে অনেক বেশি নির্ভর করেছেন মূল পুথির উপরে। আধুনিক গদ্য সাহিত্যের বা নাটকের আলোচনার সময় তিনি সর্বদা সচেষ্টিত হয়েছেন গ্রন্থটির প্রথম সংস্করণের উপর নির্ভর করতে। এটি ছিল তাঁর উপাদান সংগ্রহের একটি বিশেষ গুণ। কারণ তিনি সচক্ষে শুধু দুর্লভ পুথিই দেখেননি; অনেক বইয়ের দুস্তাপ্য প্রথম সংস্করণও দেখেছেন। নিজে আলোচনা করেছেন বিভিন্ন পত্রপত্রিকার গুরুত্বপূর্ণ সব ফাইল। এইজন্যই তাঁর বাঙ্গালা সাহিত্যের ইতিহাস-এর মধ্যে আমরা পাই বহু অজানা পুথি, গ্রন্থ, পত্রপত্রিকার ও লেখকের নাম এবং তাদের যথাসম্ভব পরিচয়। পরিবেশ ও পরিস্থিতি যদি অনুকূল হত, তিনি নিজে যদি বিদেশে যেতে পারতেন, ব্রিটিশ লাইব্রেরি বা ওই জাতীয় সংগ্রহশালা দেখার সুযোগ পেতেন তবে তাঁর পক্ষে হয়তো আমাদের আরও অনেক অজানা তথ্যের সন্ধান দেওয়া হয়তো সম্ভব হত।

শুধু উপাদান সংগ্রহ তাঁর সাহিত্যের ইতিহাসের বৈশিষ্ট্য নয়। সংগৃহীত উপাদানের তিনি যথাযথ বিশ্লেষণ করেছেন এবং জানিয়েছেন তাঁর গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের কথা। যেমন তিনি বলেছেন, চণ্ডীদাসের কাল নির্ণয় শুধু শ্রীকৃষ্ণকীর্তনের ভাষা বা পুথি দেখে হবে না। এর জন্য দরকার কাগজ, কালি অথবা হাতের লেখার ছাঁদ। এইরকমই চিত্তাকর্ষক আরও একটি সিদ্ধান্তের উল্লেখ পাই তাঁর সাহিত্যের ইতিহাসের পঞ্চম খণ্ডে (১৯৯৯)। ‘বেতিক’ (মূল নাম বাথেক) বলে একটি অনামী গ্রন্থের কথা তিনি আমাদের জানিয়েছেন এবং বলেছেন সম্ভবত এই বইটির লেখক ছিলেন কবি সত্যেন্দ্রনাথ দত্ত (১৮৮২-১৯২২)। একথা আমাদের মনে রাখতে হবে যে তাঁর সাহিত্যের ইতিহাস শুধু কাল নির্ণয়ের জট খোলার অস্ত্র নয় অথবা অজানা উপাদান জানার গ্রন্থ নয়। তাঁর আলোচনা যতখানি ইতিহাস, সাহিত্য রসও ততখানি। কোনো গবেষণায় শেষ কথা বলে কিছু হয় না অথবা কোনো রচনা দোষ ত্রুটি মুক্ত

নয়। সুকুমার সেনের সাহিত্যের ইতিহাসের ক্ষেত্রেও তা প্রযোজ্য। একথা স্বয়ং লেখক নিজেই মেনে নিয়েছেন। আধুনিক বাংলা উপন্যাস নিয়ে আলোচনা ও বিশ্লেষণের অভাব, আধুনিক পর্বে লালবিহারী দের আলোচনা, সত্যেন্দ্রনাথ দত্তের প্রসঙ্গে উইলিয়াম বেকফোর্ডের আলোচনা যা কারুর কারুর মতে সঙ্গতিপূর্ণ হয়নি (মজুমদার, ২০০২)। হয়তো বা ভারসাম্যকেও কিঞ্চিৎ নষ্ট করেছে। কী নেই বা কী কী নেই অথবা কী কী তথ্য তাঁর বইতে থাকলে ভালো হত এ আলোচনা এখন সম্পূর্ণ নিরর্থক। বরং তাঁর দেখানো পথে এগিয়ে গিয়ে আরও পূর্ণাঙ্গ সাহিত্যের ইতিহাস রচনা করার লক্ষ্য আমাদের সামনে থাকা উচিত। কিন্তু দুর্ভাগ্যবশত এই অভীষ্ট খুব একটা পূরণ হয়নি।

৩.০ সুকুমার সেন ও তুলনামূলক-ঐতিহাসিক ভাষাবিজ্ঞান

সুকুমার সেনের বিদ্যাচর্চা ও গবেষণার সূত্রপাত কিন্তু সাহিত্যের ইতিহাস রচনার মাধ্যমে নয়। সাহিত্যের ইতিহাস রচনায় তিনি ব্রতী হয়েছিলেন গত শতাব্দীর তৃতীয় দশকের শুরু থেকে। সাহিত্যের ইতিহাস রচনার আগে তাঁর গবেষণার বিষয় ছিল শুধুমাত্র ভাষাবিজ্ঞান; যে ভাষাবিজ্ঞান চর্চা তুলনামূলক-ঐতিহাসিক ভাষাবিজ্ঞান নামে সমধিক খ্যাত। সুকুমার সেন ছিলেন তৌলন ভাষাবিজ্ঞানের ছাত্র, গবেষক ও অধ্যাপক। এই তুলনামূলক-ঐতিহাসিক ভাষাবিজ্ঞান চর্চার সূত্রপাত হয়েছিল উনিশ শতকের গোড়ার দিকে ইউরোপে মূলত জার্মানি ও ফ্রান্সে। ভারতবর্ষে এই চর্চার অন্যতম পুরোধা ছিলেন সুকুমার সেন। তুলনামূলক-ঐতিহাসিক ভাষাবিজ্ঞান চর্চায় সুকুমার সেনের গবেষণা ইন্দো-ইরানীয় এবং ভারতীয় আৰ্যভাষার উপর। প্রথম দিকে তাঁর চর্চার বিষয় ছিল বৈদিক ভাষা ও সাহিত্য। এই চর্চার বিস্তার ছিল বিস্ময়কর। প্রাচীন পারসিক থেকে আধুনিক বাংলা ভাষা পর্যন্ত। যার মধ্যে অন্তর্ভুক্ত হয়েছে প্রাক-সংস্কৃত, বৈদিক সংস্কৃত, বৌদ্ধ (সংস্কর) সংস্কৃত, পালি, প্রাকৃত, অপভ্রংশ ও অবহট্ট। তাঁর এই চর্চা ইন্দো-ইউরোপীয় গোষ্ঠীর সতম শাখার মধ্যেই কিন্তু আবদ্ধ থাকেনি। এর বাইরে তিনি কেস্তম্ শাখার অন্তর্গত লাতিন ভাষা নিয়েও আলোচনা করেছেন এবং লিখেছেন একটি মনোগ্রাফ। ভারতীয় আৰ্যের বিবিধ ভাষাগুলির উপর তিনি লিখেছেন বিভিন্ন প্রবন্ধ ও গ্রন্থ অথবা দিয়েছেন বিবিধ বক্তৃতামালা যা পরবর্তীকালে মুদ্রিত আকারে প্রকাশিত হয়েছে।

ভাষাবিজ্ঞানের আলোচনা সুকুমার সেন তাঁর দীক্ষাগুরু ইরাক জাহাঙ্গীর সোরাবজী তারাপুরওয়ালার দেখানো পথে অগ্রসর হয়ে পদবিধি নিয়ে গবেষণা শুরু করেন। ঐতিহাসিক পদবিধি নিয়ে গত শতাব্দীর দ্বিতীয় ও তৃতীয় দশকে বেশ কয়েকটির গুরুত্বপূর্ণ গবেষণা করেছিলেন। তাঁর প্রথম কাজ ছিল ‘নোটস অন দি ইউজ অব দি কেসেস ইন দি কাঠক-সংহিতা’ (১৯২৮)। এই গুরুত্বপূর্ণ নিবন্ধে তিনি কাঠক-সংহিতা পাঠে অধিকরণ কারকের ক্রমবর্ধমান ব্যবহার দেখিয়েছেন। এরপরের গুরুত্বপূর্ণ কাজ হল ‘দি ইউজ অব দি কেসেস ইন ভেদিক প্রোজ’ (১৯২৮), ‘অ্যান আউটলাইন সিনট্যাক্স অব বুদ্ধিস্ট স্যাক্সক্ট’ (১৯২৮), ‘ভাষার ইতিবৃত্ত’, (১৯৩৯), ‘ওল্ড পারশিয়ান ইলেক্রিপশান অব দি আখ্যামেনিয়ান এমপারার্স’ (১৯৪১), ‘অ্যান আউটলাইন সিনট্যাক্স অব এম আই এ’ (১৯৫৩), ‘আ কম্প্যারেটিভ গ্রামার অব মিডিল ইন্দো-আরিয়ান’ (১৯৬০), ‘আ মিডিল ইন্দো-আরিয়ান রিডার’ (১৯৫৩), প্রভৃতি। এই বিবিধ মৌলিক গবেষণার জন্য তিনি সমাদর ও স্বীকৃতি লাভ করেছিলেন পাশ্চাত্যের পণ্ডিতদের কাছে। ইয়াকব ভাকেরনাগেল (১৮৫৩-১৯৩৮), জুল ব্লক, লুই র্যনু (১৮৯৬-১৯৬৬) তাঁর মৌলিক গবেষণার প্রশংসা করেছিলেন বিভিন্ন সময়। উল্লেখ করা যেতে পারে বিরূপ সমালোচনা করেছিলেন ফ্র্যাঙ্কলিন এজারটান (১৮৮৫-১৯৬৩)।

সুকুমার সেনের ভাষাবিজ্ঞান চর্চার সিংহভাগ জুড়েছিল ঐতিহাসিক ভাষাবিজ্ঞানের আধিপত্য। তবে তাঁর আলোচনায় নারীর ভাষা, মুচিদের ভাষা মতো সমাজভাষাবিজ্ঞান নির্ভর আলোচনাও আমরা পেয়েছি। তুলনামূলক-ঐতিহাসিক ভাষাবিজ্ঞানের অন্তর্গত শব্দবিদ্যার আলোচনায় তিনি একজন অন্যতম পথিকৃৎ। শব্দবিদ্যার অন্তর্গত একটি শাখা হল শব্দের উৎস ও বিবর্তনের আলোচনা অর্থাৎ ব্যুৎপত্তি (etymology)। এই আলোচনায় সুকুমার সেন বিশেষ গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। বাঙ্গালা সাহিত্যের ইতিহাসের বাইরে তাঁর শ্রেষ্ঠ কাজগুলির মধ্যে অন্যতম হল বাংলা ভাষার ব্যুৎপত্তি অভিধান। ১৯৭১ সালে এই অভিধান প্রথমে ইংরেজিতে দুখণ্ডে প্রকাশিত হয়- ‘An Etymological Dictionary of Bengali c1000AD-1800AD’। পরবর্তীকালে জীবনের প্রায় শেষ প্রান্তে এসে এই অভিধানটিকে তিনি বাংলায় অনুবাদ করেন- ‘ব্যুৎপত্তি সিদ্ধার্থ শব্দকোষ’। বাংলা শব্দাবলীর সম্ভাব্য উৎস ও বিবর্তন এই দুটি অভিধানে পাওয়া যায়। এই অভিধানের সঙ্গে পরিপূরক হল

‘বাংলা স্থাননাম’ (১৯৮০) বইটি। যেখানে তিনি আলোচনা করেছেন পশ্চিমবাংলার কিছু অঞ্চলের স্থাননামের সম্ভাব্য উৎস। এই প্রসঙ্গে একটি নির্দিষ্ট প্রবন্ধের উল্লেখ জরুরি। প্রবন্ধটি নাম ‘শব্দবিদ্যার আঁচড়ে কলকাতার স্কেলিটন’ (সেন, ২০১৪)। কলকাতা শহরের পুরোনো অঞ্চলগুলির নামের ব্যুৎপত্তির সাহায্যে শহরের প্রাচীন ইতিহাসকে ব্যাখ্যা করেছেন। শব্দবিদ্যায় তারাপুরওয়ালার পাশাপাশি ভাষাচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায় ছিলেন তাঁর পথপ্রদর্শক। বাংলা শব্দ অথবা বাংলা স্থাননামের সম্ভাব্য উৎসের আলোচনায় তিনি প্রধানত জোর দিয়েছেন বৈদিক অথবা সংস্কৃত উৎসের প্রতি। এখানে তাঁর অনুমান তাঁর পূর্বসূরী ভাষাচার্য সুনীতিকুমারের থেকে অনেকাংশেই আলাদা। সুনীতিকুমার যেখানে আর্ষের প্রভাবের কথা গুরুত্ব দিয়ে ভেবেছেন সেখানে তাঁর সুযোগ্য ছাত্র আর্ষ প্রভাবের প্রতি অধিকতর গুরুত্ব দিয়েছেন। গুরু-শিষ্যের চিন্তা-চেতনার সুস্পষ্ট পার্থক্য এখানে প্রতীয়মান। কলকাতা নামের ব্যুৎপত্তি নিয়ে তিনি সুনীতিকুমারের মতের বিরোধী ছিলেন। এমনকি এই বিষয়ে তাঁর সঙ্গে রাধারমণ মিত্রের প্রকাশ্যে বিরোধ হয়। শব্দের ইতিহাস চর্চা আচার্য সেনের একটি অত্যন্ত প্রিয় বিষয় ছিল। এ নিয়ে তিনি একাধিক প্রবন্ধ লিখেছেন। এগুলি বর্তমানে তাঁর প্রবন্ধ সংকলনে অন্তর্ভুক্ত হয়েছে। জাতির ইতিহাসের সঙ্গে শব্দ ও তার অর্থের ইতিহাস যে অত্যন্ত সম্পৃক্ত তা তিনি গভীর অন্তর্দৃষ্টি দিয়ে বোঝার চেষ্টা করেছেন। শব্দের ইতিহাসের সঙ্গে ভাষার ইতিহাস এবং ভাষার ইতিহাসের সঙ্গে সংস্কৃতির একটি শৃঙ্খল আছে তা তিনি গভীরভাবে উপলব্ধি করেছিলেন। আসলে শব্দবিদ্যাকে ইতিহাসচর্চার অন্যতম উপাদানরূপে তিনি দেখেছেন। এই চর্চার মধ্যে তিনি আমাদের নষ্টকোষ্ঠী উদ্ধারের চেষ্টা করেছেন। এখানে লেখকের অবচেতন মনে হয়তো কাজ করেছে আমাদের ইতিহাস চেতনার অভাব নিয়ে বন্ধিমের খেদোক্তি। সর্বোপরি রহস্য কাহিনির প্রতি তাঁর সারাজীবনের ভালোবাসাও হয়তো তাঁকে শব্দবিদ্যার প্রতি আকৃষ্ট করে তুলেছিল। একটি সাক্ষাৎকারে তিনি নিজেই বলেছিলেন শব্দের ইতিহাস অন্বেষণ আসলে এক ধরনের গোয়েন্দাগিরি।

সুকুমার সেনের বিদ্যাচর্চা কখনো এক জায়গায় থেমে থাকেনি। তা বারবার বাঁক পরিবর্তন করেছে। ভাষাতত্ত্ব থেকে সমাজ, সমাজ থেকে সাহিত্য, বিস্তীর্ণ ভূমিতে ছিল সাবলীল বিচরণ। ১৯২৫ থেকে ১৯৩৭ পর্যন্ত ঐতিহাসিক পদবিধি ছিল তাঁর

গবেষণার মূল ভিত্তি। এই পর্বে ভাষাবিজ্ঞানের আলোচনা থেকে নিজেকে বেশ কিছুটা সরিয়ে এনে এসে তিনি বাংলা সাহিত্যের ইতিহাস রচনায় প্রায় দীর্ঘ কুড়ি বছরের বেশি মনোনিবেশ করেছিলেন। ১৯৫৮ সালে বাঙ্গালা সাহিত্যের হাজার বছরের ইতিহাস রচনার কাজ শেষ হলে ‘ঋণমুক্ত’ সুকুমার সেন আবার ফিরে এসেছিলেন ভাষাতত্ত্বের আলোচনায়। পরবর্তী দশ বছরের মধ্যে তাঁর চারটি উল্লেখযোগ্য বক্তৃতামালা পুস্তককারে প্রকাশিত হয়-- ‘হিস্ট্রি অ্যান্ড প্রি-হিস্ট্রি অব স্যাঙ্গকুট’ (১৯৫৮), ‘দি ল্যাটিন ল্যাঙ্গুয়েজ’ (১৯৬০), ‘প্রি লেকচারস অন এম আই এ’ (১৯৬২), ও ‘পাণিনিকা’ (১৯৭০)। এই চারটি গ্রন্থের মধ্যে ঐতিহাসিক ভাষাবিজ্ঞানে তাঁর গভীর বীক্ষার পরিচয় পাওয়া যায় (সেন সুভদ্র কুমার, ২০০২)। এর মধ্যে ‘হিস্ট্রি অ্যান্ড প্রি-হিস্ট্রি অব স্যাঙ্গকুট’ এই ক্ষুদ্র গ্রন্থটি তাঁর অন্যতম শ্রেষ্ঠ রচনা। এই বইটির তিনটি অংশ; সংস্কৃতের প্রাক ইতিহাস, সংস্কৃতের ইতিহাস ও কথ্য সংস্কৃত। যে অন্তরালবর্তী আটপৌরে ভাষাটির উপর অনড় শৃঙ্খল চাপিয়ে সাহিত্য সাধনা, যাগযোগ্য ও দেবার্চনার ভাষারূপে সংস্কৃত প্রতিষ্ঠিত সেই ভাষাটিকে তিনি কথ্য সংস্কৃতরূপে অভিহিত করেছেন। এই কথ্য সংস্কৃতের সুলুক সন্ধান ক্ষুদ্র গ্রন্থটির অন্যতম প্রতিপাদ্য বিষয়। একটি লুপ্ত ভাষার কথ্যরূপের সন্ধানে ব্রতী হয়েছিলেন সুকুমার সেন, যা ছিল অত্যন্ত দুরূহ। সংস্কৃতের কথ্য রূপটির প্রকৃত স্বরূপ খুঁজে বার করতে তিনি ব্যাকরণ ও সাহিত্য দুয়েরই সাহায্য নিয়েছেন। শুধু তাই নয় তিনি বলেছেন কথ্য সংস্কৃতের প্রকৃত রূপটির লুকিয়ে রয়েছে বৈদিক শব্দ, ইডিয়াম, ইন্দো-ইরানীয়তে সমান্তরাল পরিবর্তন, বৌদ্ধ সংস্কৃতের ভাষা, মহাকাব্যের ভাষা, প্রাচীন বৈয়াকরণদের পর্যবেক্ষণ প্রভৃতির উপর। সুতরাং বোঝায় যাচ্ছে কি জটিল প্রক্রিয়া ও জটিলতর অনুসন্ধান। তিনি বলেছিলেন সংস্কৃত যদি পোষাকী ভাষা হয় তবে তার একটি আটপৌরে ভাষা ছিল যা কথ্য সংস্কৃত। সুকুমার সেনের অনুমান বৈদিকের এই আটপৌরে ভাষাটির পরবর্তীকালে বিবিধ সাহিত্যিক রূপ প্রকাশিত হয়েছে বৌদ্ধ সংস্কৃতে, ধ্রুপদী সংস্কৃতে এবং পরবর্তীকালের প্রাকৃতগুলিতে। প্রসঙ্গক্রমে উল্লেখ্য সুকুমার সেনের সমসাময়িক আর এক উল্লেখযোগ্য তুলনামূলক শব্দবিদ্যাবিশারদ অধ্যাপক লিওনার্ড পামার (১৯০৬-১৯৮৪) এইরকম লুপ্ত ভাষার কথ্যরূপের অনুসন্ধান করেছিলেন। তাঁর কাজ ছিল লাতিন ভাষার কথ্য রূপের অনুসন্ধান (সেন সুভদ্র কুমার, ২০০২)।

ঐতিহাসিক ভাষাবিজ্ঞান নিয়ে আলোচনা করলেও তিনি বর্ণনামূলক ভাষাবিজ্ঞানের গুরুত্ব ও প্রয়োজন কোনদিন অস্বীকার করেননি বা অনাগ্রহ দেখাননি। স্যাসুরের বইটি তিনি আদ্যোপান্ত খুঁটিয়ে খুঁটিয়ে পড়েছিলেন; শুধু তাই নয় স্থানে স্থানে বইটির মার্জিনে নোট করেছিলেন। নিজের লেখাতেও সফলভাবে প্রয়োগ করেছিলেন বর্ণনামূলক ভাষাবিজ্ঞান। ‘ভাষার ইতিবৃত্ত’ বইটির পঞ্চদশ মুদ্রণে তিনি একটি নূতন অধ্যায় যোগ করেন পরিশিষ্ট আকারে। যার নাম দিয়েছিলেন ‘চলিত বাংলার ব্যাকরণ কাঠামো’। এ তো আধুনিক বর্ণনামূলক বাংলা ব্যাকরণের একটি খসড়া। ১৯৭৮ সালে রবীন্দ্রভারতী পত্রিকায় লিখেছিলেন আরও একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রবন্ধ ‘বাংলা ভাষার ব্যাকরণ কেমনটি হওয়া উচিত’ (সেন, ২০১৪)। তবে এই খসড়া তিনি অনেক আগেই করেছিলেন অন্য একটি লেখাতে। ১৯৭১ ভারত সরকার দ্বারা গ্রন্থাকারে প্রকাশিত হয় ল্যাপ্সুয়েজ সেন্সাস। সেই বইয়ের একটি খণ্ডে সুকুমার সেনের দুটি দীর্ঘ প্রবন্ধ আছে। একটি সংস্কৃত ব্যাকরণ নিয়ে, অপরটি বাংলা ব্যাকরণ নিয়ে। উভয় আলোচনাই পুরোপুরি বর্ণনামূলক। কোনো ভাষার বর্ণনামূলক বিশ্লেষণ কীরকম হতে পারে তাঁর আদর্শ উদাহরণ এই লেখা দুটি। ভাষাবিজ্ঞানের ছাত্র-ছাত্রীদের এই লেখা দুটি অবশ্য পড়া উচিত। ইংরেজিতে লেখা এই দুটি প্রবন্ধ ভবিষ্যতে বাংলায় অনুবাদ করা গেলে বর্ণনামূলক ভাষাবিজ্ঞানের ছাত্র বা গবেষকদের খুব উপকারে আসতে পারে। এইজাতীয় বর্ণনামূলক আলোচনার ধারা আমরা আগেই দেখেছি ‘শ্রীকৃষ্ণকীর্তনের ব্যাকরণ’ ও ‘মালাধর বসুর শ্রীকৃষ্ণবিজয়’ (সেন, ২০১৪) দুটি প্রবন্ধে। মধ্যবাংলার পাঠগুলির (Text) অন্তর্নিহিত ব্যাকরণের বিশ্লেষণ কীভাবে করতে হবে এবং তার বর্ণনামূলক ব্যাখ্যা কেমনভাবে হতে পারে তার অন্যতম নিদর্শন এই দুটি প্রবন্ধ। সুকুমার সেনের আগে মধ্যবাংলার পাঠগুলির এই রকম আলোচনা তো ছিল-ই না এমন কি সুকুমার সেনের পরেও এমন আলোচনা খুব বেশি হয়নি। তাঁর দেখানো পথে মধ্যযুগের বাকি পাঠগুলির ভাষাতাত্ত্বিক আলোচনা এখনও বেশিটাই অসমাপ্ত থেকে গেছে। সমাজভাষাবিজ্ঞানের স্তর থেকে বর্ণনামূলক আলোচনার আরও দুটি গুরুত্বপূর্ণ প্রবন্ধ হল ‘বাংলায় নারীর ভাষা’ (সেন, ২০১৪) এবং ইংরেজিতে লেখা ‘*Women’s Dialect in Indo-Aryan*’।

যে কোনো বিষয়ে সুকুমার সেনের পর্যবেক্ষণ ছিল অসামান্য। সেই পর্যবেক্ষণের সঙ্গে জুড়ে থাকত গভীর পাণ্ডিত্য। লেখাগুলি খুঁটিয়ে পড়লেই এ কথা সহজেই বোঝা যায়।

সুকুমার সেনের লেখার অন্যতম বৈশিষ্ট্য হল সূক্ষ্ম কিন্তু পাণ্ডিত্যপূর্ণ পর্যবেক্ষণ। এর অজস্র নিদর্শন তাঁর লেখায় আছে। পরিসরের অভাবে সেই রকম নিদর্শন বেশি দেওয়ার সুযোগ না থাকলেও একটি নিদর্শন দেওয়া যাতেই পারে। আমরা জানি যে আধুনিক বাংলায় বহুবচনের বিভক্তি [-রা]। এই বিভক্তির সর্বপ্রথম প্রয়োগ দেখা যায় পঞ্চদশ শতকে সর্বনাম পদে এবং পরবর্তীকালে নামপদে। সপ্তদশ শতক থেকে এই বিভক্তিটির বহুল প্রয়োগ লক্ষ করা যায়। বিভক্তিটির উৎপত্তি ষষ্ঠী বিভক্তি [-র] থেকে (দ্র; OBDL)। সুকুমার সেন এই প্রসঙ্গে আলোচনা করতে গিয়ে দেখিয়েছেন যে কর্তৃকারকে সম্বন্ধপদের ব্যবহার অতি প্রাচীন। সেই প্রাচীন প্রয়োগের উদাহরণ তিনি দেখাচ্ছেন ‘নিয়া প্রাকৃতের’ (খ্রিস্টপূর্ব দ্বিতীয় শতাব্দী) নিদর্শন থেকে, আবার কখনো ‘গীতা’ থেকে (সেন, ১৯৯৩)। তিনি বলছেন,

“... নিয়া প্রাকৃতে ক্রিয়ায় একাধিক মনুষ্য-নাম কর্তৃপদ থাকিলে শেষের পদে সম্বন্ধ একবচনের বিভক্তি যোগ হইত। যেমন এষ পিতুস (<*পিতুষ্য) চ গতংতি (= সে আর তাহার পিতা গেলেন)। এখানে পিতার (পিতুস)= পিতা...”

৪.০ সুকুমার সেন ও বঙ্গ-ইতিহাস চর্চা

সুকুমার সেনের বিদ্যাচর্চার একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ দিক হল তাঁর ইতিহাস চর্চা ও ইতিহাস চেতনা। তাঁর ইতিহাস চর্চার দিকটি ভাল করে অনুধাবন না করলে তাঁর বিদ্যানুশীলনের সামগ্রিকতা কখনোই উপলব্ধি করা যাবে না। তিনি কি ঐতিহাসিক? এই প্রশ্ন খুবই সংগত। তাঁকে তো আমরা পেশাদার ঐতিহাসিক বলে কোনোদিন স্বীকৃতি দিইনি। তবে এ কথা ঠিক যে তাঁর অসংখ্য লেখার মধ্যে আমরা পেয়েছি কোনো না কোনোভাবে ইতিহাসের অন্বেষণ। মানবীবিদ্যার যে যে শাখা বা উপশাখায় তিনি গবেষণা করেছেন বা মৌলিক প্রবন্ধ বা বই লিখেছেন সেখানেই তাঁর লেখার মধ্যে আমরা পেয়েছি হয় অতীতের কুলুজি সন্ধান, নয় কোনো না কোনো বিষয়ে অতীত থেকে আধুনিক যুগ পর্যন্ত এক ধারাবাহিক ইতিহাসের খোঁজ। এই অন্বেষণের মাধ্যমে তিনি ব্যাপ্ত থেকেছেন আমাদের (দেশ ও জাতির) নষ্টকোষ্ঠী উদ্ধারে, যে নষ্টকোষ্ঠীর অভাবের কথা বঙ্কিম চন্দ্র আক্ষেপের সুরে বলেছিলেন (বিবিধ প্রবন্ধ, বঙ্কিম চন্দ্র চট্টোপাধ্যায়)। সুকুমার সেনের ইতিহাসের এই অন্বেষণ বহুধা। কখনো সাহিত্যের ইতিহাসের, কখনো ভাষার ইতিহাসের, কখনও গোয়েন্দা বা ভূতের গল্পের

ইতিহাসের অথবা কখনও আবার বটতলার ইতিহাসের। এর পাশাপাশি প্রকৃত ইতিহাস চর্চার মতন বাংলার বিশেষ করে প্রাচীন ও মধ্যযুগের বাংলার রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ইতিহাসের প্রতি আকৃষ্ট হয়েছিলেন। এই আকর্ষণের ফল স্বরূপ তিনটি গ্রন্থ আমরা পেয়েছি- ‘প্রাচীন বাংলা ও বাঙালী’ (১৩৫০), ‘মধ্যযুগের বাংলা ও বাঙালী’ (১৩৫২) ও ‘বঙ্গভূমিকা’ (১৯৭৪)। প্রথম দুটি গ্রন্থ আকারে ক্ষুদ্র, বিশ্বভারতীর বিশ্ববিদ্যাসংগ্রহ সিরিজে প্রকাশিত। তৃতীয় গ্রন্থটি প্রায় তিন দশক পরে লেখা।

প্রাচীন ও মধ্যযুগের বঙ্গসংস্কৃতির আলোচনায় সুকুমার সেনের প্রথম গ্রন্থ ‘প্রাচীন বাংলা ও বাঙালী’। গ্রন্থটির সময়কাল পঞ্চম থেকে দ্বাদশ শতাব্দী। মনে হয় গ্রন্থটি সাধারণ পাঠকের কথা মাথায় রেখে লেখা হয়েছিল। তৎকালীন বাঙালি সমাজ জীবনের বিভিন্ন দিক আলোচিত হয়েছে। তাদের মধ্যে আছে ভৌগোলিক বিবরণ, রাজনৈতিক ইতিহাস, ধর্মের ইতিহাস, কাব্যচর্চার ইতিহাস, স্বাস্থ্যচর্চার ইতিহাস, ভোজনবিলাসের বিবরণ, নারীদের বেশভূষার বিবরণ, নামকরণ ও পদবী। লেখাটির অন্যতম বৈশিষ্ট্য হল বক্তব্যের প্রমাণ স্বরূপ দেওয়া উদ্ধৃতিগুলি। এই গ্রন্থ রচনার ক্ষেত্রে কিঞ্চিৎ অনুমানের সাহায্য যে তিনি নিয়েছিলেন তা তিনি নিজেই স্বীকার করেছেন। প্রসঙ্গত তিনি বলেছিলেন –

“উপযুক্ত প্রমাণের অভাবে এই পরিচয় সর্বঙ্গীন নয়। তবে কল্পনার সাহায্যে অবাস্তর ও অমূলক সম্পূর্ণতা দিয়ে ঐতিহাসিক সত্যকে বিকৃত বা অতথ্যকে তথ্য প্রতিপন্ন করা হয়নি।”

দ্বিতীয় গ্রন্থটি অনতিবিলম্বে প্রকাশিত হয় ‘মধ্যযুগের বাংলা ও বাঙালী’। পনেরোটি ধারাবাহিক অনুচ্ছেদে এটি রচিত, যা মূলত সাহিত্যিক প্রমাণের উপর নির্ভর করে। এই গ্রন্থে তাঁর মূল প্রতিপাদ্য ছিল যে তুর্কি আক্রমণের পরে বাঙালির সমাজ জীবনে কোনো অন্ধকার যুগ দেখা যায়নি। নিম্নবর্ণীয় স্তরে সাম্প্রদায়িকতা ছিল না, ছিল মানবিক বন্ধন। বিদেশি শক্তির আক্রমণের ফলে বঙ্গীয় সংস্কৃতি দুর্বল হয়নি বরং তা আরও পরিপুষ্ট হয়েছে। মনে রাখতে হবে এই গ্রন্থদ্বয় যখন প্রকাশিত হয় তখনও পর্যন্ত নীহাররঞ্জন রায়ের ‘বাঙ্গালীর ইতিহাস’ প্রকাশিত হয়নি। নীহাররঞ্জন রায়ের বইয়ের পরিসর ও ব্যাপ্তি বিশাল। সেই তুলনায় এই বই দুটির পরিসর সীমিত।

কিন্তু নীহাররঞ্জন রায়ের গ্রন্থটির আগেই যে সুকুমার সেন বাঙালির সামাজিক ইতিহাস রচনায় প্রচেষ্টা হয়েছিলেন তা স্যার যদুনাথ সরকার নীহাররঞ্জন রায়ের ‘বাঙ্গালীর ইতিহাস’ গ্রন্থটির ভূমিকায় বলেছিলেন

“... খুব সংক্ষিপ্তাকারে শ্রীযুক্ত সুকুমার সেন রচিত ‘প্রাচীন বাংলা ও বাঙালী (বিশ্ববিদ্যাসংগ্রহ পুস্তিকামালা, ১২ নং) বাংলা পুস্তিকাটিতে এইরূপ সামাজিক ও সাংস্কৃতিক ইতিহাসের আভাস পাওয়া গিয়েছে। ... কিন্তু তাহাতে আংশিক আলোচনার স্থান মাত্র ছিল, তাহাদের পরিকল্পনাও অন্য প্রকৃতির।”

এই বিষয়ে তাঁর তৃতীয় গ্রন্থ ‘বঙ্গভূমিকা’ রচিত হয় প্রায় তিন দশক পরে। মাত্র দুবছর আগেই স্বাধীন দেশরূপে বাংলাদেশের আবির্ভাব হয়েছে। এই ঐতিহাসিক ঘটনা কি তাঁকে উদ্বুদ্ধ করেছিল এই বইটি লিখতে? অনেকেই এমন অনুমান করেছেন (পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি সংস্করণ ১৯৯৯, সচিবের মন্তব্য)। কিন্তু এই অনুমান সঠিক নয়। দীর্ঘদিন ধরে বাংলা সাহিত্যের ইতিহাস লেখার কাজে ব্যস্ত থাকার সময় প্রাচীন ও মধ্যযুগের বিবিধ পাঠ (টেক্সট) থেকে তিনি একটু একটু করে সংগ্রহ করেছিলেন বঙ্গদেশের সামাজিক জীবনের তথ্য। দীর্ঘদিন ধরে সংগৃহীত তথ্যগুলি বিশ্লেষণ করে অবশেষে তিনি লেখেন ‘বঙ্গভূমিকা’। প্রথম বই দুটি আকারে খুব ছোটো, তার মধ্যে অসম্পূর্ণতা আছে তা বুঝেই হয়ত পরবর্তীকালে তিনি লিখলেন বঙ্গভূমিকা। প্রথম বই দুটির মধ্যে রাজনৈতিক ইতিহাস তেমন একটা আলোচনার মধ্যে আসেনি। সেই অভাব কিঞ্চিৎ দূর হল বঙ্গভূমিকাতে। খ্রিস্টপূর্ব তৃতীয় শতাব্দী থেকে সেন বংশের পতন (১২০৬) পর্যন্ত বাংলাদেশের রাজনৈতিক ইতিহাস আলোচিত হয়েছে বঙ্গভূমিকায়। এই গ্রন্থে তিনি কিন্তু প্রাচীন লেখমালার যথেষ্ট ব্যবহার করেছিলেন। পাঁচটি অংশে বিভক্ত এই বইটি। তাঁর মধ্যে প্রথম অংশ ‘কালের সোপান’ মূলত রাজনৈতিক ইতিহাস আর বাকি অংশ প্রধানত সামাজিক ইতিহাস যেখানে তিনি আলোচনা করেছেন সাহিত্য, শিল্প, সমাজ, সংসার, ধর্ম, বিদ্যাচর্চার। আবার সাহিত্যিক প্রমাণেরও বিপুল ব্যবহার তিনি ‘বঙ্গভূমিকা’ গ্রন্থে করেছিলেন। শুধু বঙ্গভূমিকাতেই নয় প্রাচীন বাংলা ও বাঙালী, মধ্যযুগের বাংলা ও বাঙালীতেও তিনি প্রভূত সাহিত্যিক প্রমাণেরও ব্যবহার করেছেন। প্রাকৃত-পৈঙ্গল, চর্যাগীতি, পবনদূত, গীতগোবিন্দ, সেকশুভোদয়া, শরণের কাব্য প্রভৃতি গ্রন্থ বা

গ্রন্থোল্লেখ থেকে স্থানে স্থানে তুলে দিয়েছেন মূল্যবান শ্লোকগুলি, কাব্যংশ নিজের বক্তব্যের প্রমাণস্বরূপ।

প্রাচীন ও মধ্যযুগের তথ্যভিত্তিক ইতিহাস রচনার সূত্রপাত বরেন্দ্র অনুসন্ধান সমিতির কিছু ঐতিহাসিকদের মাধ্যমে। পরবর্তীকালে প্রথিতযশা পেশাদার ঐতিহাসিকেরা যেমন রাখালদাস বন্দ্যোপাধ্যায় (১৮৮৭-১৯৩১) (*বাঙ্গালার ইতিহাস* ১৩২১), নীহাররঞ্জন রায় (১৯০৩-১৯৮১), যদুনাথ সরকার (১৮৭০-১৯৫৮) (*ঢাকা হিস্টি অব বেঙ্গল*, দ্বিতীয় খণ্ড), রমেশচন্দ্র মজুমদার (১৮৮৮-১৯৮০) (*ঢাকা হিস্টি অব বেঙ্গল*, প্রথম খণ্ড), প্রাচীন ও মধ্যযুগের রাজনৈতিক, সামাজিক ইতিহাস নিয়ে বিস্তৃত আলোচনা করেছেন। এই রাজনৈতিক ইতিহাস চর্চা ও রচনা অবশ্যই পাথুরে প্রমাণের উপর নির্ভরশীল। রাজনৈতিক ইতিহাসের পর ধীরে ধীরে আমাদের দেশে ক্রমশ গুরুত্ব পেতে থাকে অর্থনৈতিক ইতিহাস। এই অর্থনৈতিক ইতিহাস রচনাও পাথুরে প্রমাণের উপর নির্ভরশীল। আমাদের দেশে ইতিহাসের একটি সংকীর্ণ সংজ্ঞা আছে (চক্রবর্তী, ২০০২)। শুধু তাই নয় ইতিহাস সম্বন্ধে কিছু ভুল ধারণাও আছে। ইতিহাসের সংকীর্ণ সংজ্ঞা মনে করে যে ইতিহাস-চর্চা ও রচনা পাথুরে প্রমাণের উপর নির্ভরশীল। আমাদের দেশের প্রাচীনযুগের ইতিহাসচর্চায় পাথুরে প্রমাণ বলতে আমরা বুঝেছি শিলালিপি, স্তম্ভলিপি, মুদ্রা, ভূমিদানপত্র প্রভৃতি। আবার মধ্যযুগের ইতিহাস আলোচনায় প্রাধান্য পেয়েছে বিবিধ ফারসি দলিল দস্তাবেজ অথবা *আইন-ই-আকবরী*র মতো গ্রন্থ। বঙ্গদেশের ইতিহাস রচনাতেও এইসব সাক্ষ্য, গ্রন্থ ইত্যাদি প্রাধান্য পেয়েছে।

সুকুমার সেন তো পেশাদার ঐতিহাসিক ছিলেন না। তিনি ছিলেন একাধারে ভাষাতাত্ত্বিক আবার তিনিই রচনা করেছেন বাংলা সাহিত্যের ইতিহাস। আমাদের দেশে যে ঘরানার ভাষাতত্ত্ব চর্চার প্রায় শেষ প্রতিভু ছিলেন সুকুমার সেন, সেই তুলনামূলক-ঐতিহাসিক ভাষাতত্ত্ব আদর্শে ছিল এক ধরনের ইতিহাস-সন্ধান। এই ভাষাতত্ত্ব চর্চার সূত্রে তিনি বিবিধ ভাষার সংস্পর্শে এসেছিলেন, বিশেষ করে আমাদের দেশের প্রাচীন ভাষাগুলির; সংস্কৃত, প্রাকৃত, পালি, অবহট্ট প্রভৃতি, যার মধ্যে সংস্কৃতে তাঁর গভীর ব্যুৎপত্তি ছিল। এইসব বিবিধ ভাষার বিপুল সাহিত্যের সংস্পর্শেও তিনি এসেছিলেন, যার ফলস্বরূপ সেইসব রচিত সাহিত্য থেকে তিনি

ঐতিহাসিক তথ্য সংগ্রহ করেছিলেন। এই তথ্য আহরণের অনুসন্ধিৎসা তাঁকে ইতিহাসধর্মী আলোচনার দিকে অনুপ্রাণিত করেছিল। এর ফলে সাহিত্যের ইতিহাসের পাশাপাশি তিনি লিখেছিলেন ‘বঙ্গভূমিকার মতো গ্রন্থ। বাঙালির সামাজিক বা রাজনৈতিক ইতিহাস রচনার ক্ষেত্রেও তিনি মনে করেছিলেন যে ইতিহাস রচনা শুধুমাত্র পাথুরে প্রমাণের উপর নির্ভর করে না। সাহিত্যের ভিতর থেকেও ইতিহাসের তথ্য মিলতে পারে। তাই তাঁর অনুমান ছিল পাথুরে প্রমাণের পাশাপাশি বাঙালির ইতিহাস রচনার ক্ষেত্রে বিবিধ বৈষম্য গ্রন্থ, ইসলামি সাহিত্য, সহজিয়া পুথি, সংস্কৃত পুথি, এদেরও অপরিসীম গুরুত্ব আছে। এখানেই পেশাদার ঐতিহাসিকদের সঙ্গে তাঁর ইতিহাস চেতনার মূল তফাৎ। পেশাদার ঐতিহাসিকেরা মনে করতেন সাহিত্যিক প্রমাণ সঠিক অর্থে ঠিক পাথুরে প্রমাণ নয়। সেইজন্য তাঁরা সাহিত্যিক প্রমাণের ব্যবহার সম্বন্ধে কিঞ্চিৎ সন্দিহান ছিলেন। কিন্তু সুকুমার সেন দেখিয়েছেন সাহিত্য থেকেও কীভাবে ঐতিহাসিক সূত্র আহরণ করা সম্ভব। একথা সহজেই অনুমান করা যায় যে ‘বাঙ্গালা সাহিত্যের ইতিহাস’ রচনা করতে গিয়ে নিশ্চয় তাঁর মনে হয়েছিল যে মধ্যযুগের বিপুল সাহিত্য সম্ভারের সঙ্গে সম্যক পরিচয় না থাকলে বঙ্গদেশে ইতিহাস চর্চা পরিপূর্ণ হবে না। পেশাদার ঐতিহাসিকদের সাহিত্যিক প্রমাণ সম্বন্ধে একসময় যে মানসিক সংকীর্ণতা ছিল তা হয়তো অনেকাংশেই দূর করতে সক্ষম হয়েছিলেন সুকুমার সেনের মতন অন্যান্য বাংলা সাহিত্যের রচয়িতারা। বঙ্গদেশের রাজনৈতিক ও সামাজিক ইতিহাস নিয়ে তিনি যে বইগুলি লিখেছেন সেখানে তাঁর কোন কোন সিদ্ধান্ত যে অনেকটাই অনুমান নির্ভর তা মনে করতেই পারেন পেশাদার ঐতিহাসিকেরা। যেমন তিনি দেখাবার চেষ্টা করেছেন যে শশাঙ্ক ততটা বৌদ্ধবিদ্বেষী ছিলেন না যতটা ইতিহাস প্রমাণ করার চেষ্টা করে। অথবা ধরা যাক অষ্টাদশ সৈন্য নিয়ে বখতিয়ার খিলজির নদীয়া আক্রমণ ও কালক্রমে বঙ্গবিজয়। সুকুমার সেন লিখেছেন যে এই ঘটনা মোটেই বাঙালির কাছে অগৌরবের নয়। বরং যুদ্ধবিগ্রহে বাঙালির অনভিজ্ঞতাই অনেকাংশে দায়ী। সেইজন্য বহিরাক্রমণ প্রতিহত করার মতন দৃঢ়তা, ক্ষমতা, অভিজ্ঞতা কোনোটিই বাঙালির ছিল না। তদুপরি ছিল ব্রাহ্মণ্য ও অব্রাহ্মণ্য কৃষ্টির পরস্পর সংহতির বিশেষ অভাববোধ। যদিও খিলজির বঙ্গবিজয় রাষ্ট্রব্যবস্থার দুর্বলতার বহিঃপ্রকাশ তা অস্বীকার করার উপায় নেই।

প্রশ্ন হল এমন অনুমান নির্ভর মন্তব্য কতটাই বা ঐতিহাসিক আর কতটাই বা কাল্পনিক? অর্থাৎ পাথুরে প্রমাণের বাইরে অনুমান নির্ভর ইতিহাস রচনা কি আদৌ সম্ভব? ঐতিহাসিকের পক্ষে কল্পনাকে কি একেবারে বর্জন করা সম্ভব? খৃস্টপূর্ব চতুর্থ শতাব্দীতে থুকিদিদাস (খৃ.পূ ৪৬০-৮০০) তাঁর ‘পেলপোনেশিয়ান ওয়ার গ্রন্থ’ রচনার সময় কিন্তু প্রত্যক্ষ জ্ঞান, অনুসন্ধান ছাড়াও অনুমানকে একেবারে বাদ দিতে চাননি। বিখ্যাত ইংরেজি ঐতিহাসিক, দার্শনিক রবিন জর্জ কলিংউড (১৮৮৯-১৯৪৩) তো বলেই ছিলেন যে যথার্থ ইতিহাস রচনা তখনই সম্ভব যখন মানুষের জীবনযাপন মনন, ধ্যান, অনুভূতির সঙ্গে এক হওয়া যাবে। এগুলি কি সাহিত্যপাঠ থেকে সম্ভব নয়? অবশ্যই সম্ভব। যেমন সম্ভব সাহিত্যের পাতা থেকে লোকায়ত তথ্যগুলির অনুসন্ধান। ফরাসি ঐতিহাসিক এমানুয়েল লাদুরি (১৯২৯-২০০৩) দেখিয়েছিলেন যে, গীর্জায় রক্ষিত বিভিন্ন পুথি ও গ্রন্থ থেকে কীভাবে তৈরি হতে পারে অজানা নিম্নবর্গের ইতিহাস (দত্ত, ২০০২)। এমনকি আধুনিককালে অশীন দাশগুপ্ত (দাশগুপ্ত, ১৯৮৯) দেখেছেন ইতিহাস ও সাহিত্যের অতি ঘনিষ্ঠ সম্পর্কটি। ইতিহাস রচনার আছে বিভিন্ন ধারা, আবার আছে বিভিন্ন দৃষ্টিভঙ্গি। কেউ ইতিহাস লেখেন রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে, কেউ লেখেন ধর্মীয় দৃষ্টিকোণ থেকে, কেউবা নিম্নবর্গের ইতিহাস লিখেছেন, আবার আবুল ফজল লিখেছেন রাজরাজাদের ইতিহাস। এই বিবিধ ইতিহাসের মালমশলাও বিবিধ রকম হতে পারে। তা যেমন পাথুরে প্রমাণ হতে পারে আবার সাহিত্যিক প্রমাণও হতে পারে। এই বিশ্বাস থেকেই আমরা পাই সুকুমার সেনের, প্রধানত সাহিত্য নির্ভর ইতিহাসচর্চার এক নিজস্ব ধারার; যে ধারা প্রথাগত ঐতিহাসিকদের সঙ্গে মেলে না। আবার একথাও ঠিক প্রথাগত ঐতিহাসিক চর্চার সঙ্গেও এ ধারার আপাত কোনো বিরোধও নেই। বরং বলা যেতে পারে একে অপরের পরিপূরক। প্রসঙ্গক্রমে উল্লেখ করা যায় যে ঐতিহাসিক রমেশচন্দ্র মজুমদার সুকুমার সেনের ‘বঙ্গভূমিকা’ গ্রন্থের প্রশংসা করেছিলেন (সেন, ২০০১)। পেশাদার ঐতিহাসিকেরা যখন বঙ্গের রাজনৈতিক, অর্থনৈতিক ইতিহাস নিয়ে গবেষণা করছেন তখন সুকুমার সেন প্রাচীন ও মধ্যযুগের বাংলার জীবন ও মননকেই গবেষণার বিষয়বস্তু করেছেন; রাজনৈতিক, সামাজিক ইতিহাসের থেকে বেশি গুরুত্ব দিয়েছেন সাংস্কৃতিক ইতিহাসের প্রতি। ১৯৭৬ সালে তিনি লিখেছিলেন একটি প্রবন্ধ (সেন, ২০১৬)। প্রবন্ধটির শিরোনাম খুবই চিত্তাকর্ষক

– ‘সাহিত্য-ইতিহাসের দাঁড়া’। ‘দাঁড়া’ শব্দটি উৎপত্তি সংস্কৃত ‘দণ্ড’ থেকে। অর্থ ‘ভিত’। যে ভিতের উপর দাঁড়িয়ে তিনি রচনা করেছেন বাংলা সাহিত্যের ইতিহাস ঠিক সেই ভিতের উপর দাঁড়িয়েই তিনি দেখাতে চেয়েছেন যে বাঙালির সামাজিক ও সাংস্কৃতিক ইতিহাস রচনা করাও সম্ভব। এই চেতনা তাঁর একান্ত নিজস্ব এক বৈশিষ্ট্য। সুকুমার সেন ইচ্ছে করলে বাঙালির পূর্ণাঙ্গ সামাজিক ইতিহাস লিখতে পারতেন। কিন্তু তিনি তা করেননি (রায়, ২০০৩)।

নিজের গবেষণা ও তদ্ব্যজাত চিন্তা-ভাবনার প্রতি ছিল গভীর আস্থা। যা তাঁর কাছে সত্য বলে প্রতিভাত হত তা তিনি নির্দিধায় বলতেন। এর প্রকৃষ্ট প্রমাণ আমরা পাই রামকথা নিয়ে তাঁর গবেষণায়। সুকুমার সেন তাঁর নিজের লেখার মধ্যে পরিষ্কার বলেছেন যে রামচন্দ্র কোনো অবতার নন। তিনি রক্ত-মাংসে গড়া একজন প্রজা-বৎসল রাজা। বাল্মীকির রামায়ণের অনেক আগে থেকেই আমাদের দেশে রামকথা প্রচলিত ছিল। এই প্রজা-রঞ্জক রাজা রামচন্দ্র ভারত বা তার বাইরেও থেকে থাকতে পারেন। তাই রামচন্দ্র অযোধ্যার না পারস্যের সে বিতর্ক ইতিহাস, পুরাতত্ত্বের হতে পারে রামকথা গবেষণার বিষয় নয়। তিনি আরও বলেছেন যে বাল্মীকি রামকথার জনক ছিলেন একথা মনে করার কোনো তথ্যনির্ভর উপযুক্ত প্রমাণ নেই। তথ্য প্রমাণ দিয়ে তিনি তাঁর গ্রন্থ ‘রাম-কথার প্রাক-ইতিহাস’ (১৯৭৮) দেখাবার চেষ্টা করেছেন যে হরিবংশ, বিষ্ণুপুরাণ, মহাভারত, ভাগবত পুরাণ, জৈন রামায়ণ, বৌদ্ধ রামায়ণ কোথাও বাল্মীকির উল্লেখ নেই (সেন, ২০১৮)।

কোনও রকম ধর্মীয় গোঁড়ামিকে অথবা সাম্প্রদায়িকতাকে নিজের লেখার মধ্যে স্থান দেননি। সেই জন্যই সাহিত্যের ইতিহাস লেখতে গিয়ে হিন্দুসমাজের পাশাপাশি বৌদ্ধসমাজকে গুরুত্ব দিয়েছেন। বাংলা সাহিত্যের সঠিক ইতিহাস লিখতে গেলে যে ভারতীয়ত্বকে (Indianness) অস্বীকার করা যায় না। সুকুমার সেন বুঝেছিলেন যে বাংলা সাহিত্যের উপরে আছে অখণ্ড ভারতীয় দর্শনের প্রভাব। আর ভারতীয় দর্শন মানে শুধু হিন্দু-দর্শন নয়। ভারতীয়-দর্শনের মূলে আছে সাংখ্য, যোগ, বৌদ্ধ-দর্শন। এই প্রসঙ্গে আরও একটি বিষয়ে পাঠকের দৃষ্টি আকর্ষণ করতে চাই। রোম্যান্টিক কাহিনি-কাব্যে মুসলমান কবিদের একচ্ছত্রতা ছিল ও তার একটি দীর্ঘ ইতিহাস আছে। সাহিত্যের ইতিহাস রচনা করতে গিয়ে এই দিকটি তিনি গুরুত্ব দিয়ে বিচার

করেননি। সে ক্রটি স্বীকার করে তিনি পরবর্তীকালে লিখেছিলেন ‘ইসলামি বাংলা সাহিত্য’ (১৯৫১)। গ্রন্থটির নামকরণ নিয়ে যে বিতর্ক আছে তা স্বয়ং লেখক বুঝেছিলেন। স্বীকার করেছিলেন যে বিষয় ও ভাবে রচনাগুলি সর্বদা ইসলামি নয় ও সর্বদা ফারসি সাহিত্যের অনুগত ছিল না (সেন, ১৯৯৪)। ধর্মীয় গোঁড়ামি, সাম্প্রদায়িকতা ইতিহাস রচনায় স্থান দিলে প্রকৃত ইতিহাস রচনা সম্ভব নয়, ইতিহাসকারকে নিরপেক্ষ হতে হবে। এই কাজে সুকুমার সেন যথাসম্ভব সতর্ক থেকেছেন। তাই তাঁর সাহিত্যের ইতিহাসে আমরা পাই সমাজের উচ্চশ্রেণীর মানুষের কথার পাশাপাশি সমাজের নিম্নশ্রেণীর ইতিহাস। সেই কারণে বাংলাদেশের সাধারণ জনগণের মধ্যে নাথপত্নী ও বৌদ্ধসহজিয়া মতের যে প্রভাব ছিল তার ইতিহাস সুকুমার সেনের চোখ এড়িয়ে যায়নি (সেন, ২০১৪)।

৫.০ সম্পাদনা ও সুকুমার সেন

সম্পাদক সুকুমার সেনের পরিচয় না দিলে তাঁর সম্বন্ধে আলোচনা অসম্পূর্ণ থেকে যায়। বহু গ্রন্থ তিনি সম্পাদনা করেছেন, বিশেষত মধ্য বাংলার বিবিধ পাঠ। এর মধ্যে বিশেষ উল্লেখযোগ্য হল, *সেকশুভোদয়া* (১৯২৭), রূপরামের *ধর্মঙ্গল* (১৯৪৩), *ভদ্রার্জুন নাটক* (১৯৪৯), বিপ্রদাসের *মনসা-বিজয়* (১৯৫৩), *কাঞ্চী-কাবেরী* (১৯৫৮), *চর্যাগীতিপদাবলী* (১৯৬৬), বিষ্ণু পালের *মনসা-মঙ্গল* (১৯৬৮), বৃন্দাবনদাসের *চৈতন্যভাগবত* (১৯৮২), কৃষ্ণদাস কবিরাজের *চৈতন্যচরিতামৃত* (লঘু সংস্করণ, ১৯৬৩), কৃষ্ণদাস কবিরাজের *চৈতন্যচরিতামৃত* (পূর্ণাঙ্গ সংস্করণ, ১৯৮৬), মুকুন্দ চক্রবর্তীর *চণ্ডীমঙ্গল* (১৯৭৫), কালিদাসের *মেঘদূত* (১৯৭৫), কীর্ত্তিবীলাস নাটক (১৯৬২), রামগোপাল দাস বিরচিত *রসকল্পবল্লী*, উইলিয়াম কেরির *ইতিহাসমালা* (১৯৭৭), *বাঁকাউল্লার দণ্ডর* (১৯৮২), *কবিতাসমুচ্চয়* (১৯৯০), *শরৎসাহিত্যসমগ্র* (১৯৮৬)। প্রায় প্রতিটি সম্পাদিত গ্রন্থের দীর্ঘ বা নাতিদীর্ঘ ভূমিকা লিখেছেন। ভূমিকাগুলি খুব গুরুত্বপূর্ণ। বৃন্দাবনদাসের *চৈতন্যভাগবত*, কৃষ্ণদাস কবিরাজের *চৈতন্যচরিতামৃত*, মুকুন্দ চক্রবর্তীর *চণ্ডীমঙ্গল*ের সুদীর্ঘ ভূমিকাগুলির কথা বিশেষ উল্লেখযোগ্য। এই ভূমিকাগুলি এক একটি স্বয়ং সম্পূর্ণ প্রবন্ধ। এই বইগুলি দেখলে বোঝা যায় যে কত বিচিত্র বিষয় নিয়ে তিনি আগ্রহী ছিলেন। তবে সম্পাদক সুকুমার সেনের সব থেকে গুরুত্বপূর্ণ অবদান অন্য জায়গায়। ১৯২৮ সালে লাহোরে প্রতিষ্ঠিত

হয় “Linguistic Society of India”। অল্প কিছুদিন পর এই সোসাইটির পক্ষ থেকে একটি পত্রিকা প্রকাশিত হয়, ‘Indian Linguistics’ (প্রথম প্রকাশ ১৯৩১)। কয়েক বছর পরে এই প্রতিষ্ঠানটি লাহোর থেকে কলকাতায় স্থানান্তরিত হয় (১৯৩৮)। ইতিমধ্যে কলকাতায় স্থাপিত হয়েছে ‘Philological Society of India’ (১৯৩১)। এই ‘Philological Society of India’-র উদ্যোক্তারা ছিলেন সুনীতি কুমার চট্টোপাধ্যায়, প্রবোধ চন্দ্র বাগচী (১৮৯৮-১৯৫৬), সুকুমার সেন ও ফ্রিটিশ চন্দ্র চট্টোপাধ্যায় (১৮৯৬-১৯৭৪)। “Linguistic Society of India” কলকাতায় চলে আসার পর এই দুই সোসাইটির অধিবেশন কিছুদিন যৌথভাবে হয়েছিল। সুকুমার সেন “Linguistic Society of India”-র সেক্রেটারি ও প্রবোধ চন্দ্র বাগচী ট্রেজারার হন, আর সভাপতি হন সুনীতি কুমার চট্টোপাধ্যায়। এরপর তাঁদের উদ্যোগেই ‘Indian Linguistics’ প্রকাশিত হতে থাকে। দীর্ঘদিন তিনি এই পত্রিকা সম্পাদনা করেছিলেন (১৯৩৯-১৯৫৪)। কিন্তু প্রবল অর্থাভাব ছিল। কিছু টাকা দিয়েছিলেন বিমলাচরণ লাহা। সুকুমার সেন (সেন, ২০০১) লিখেছেন যে শুধু টাকার অভাব নয়, ছিল মৌলিক প্রবন্ধের অভাব। সেই সমস্যা দূর করতে এগিয়ে এসেছিলেন তিনি নিজে। শুধু সম্পাদনা নয় এই পত্রিকার জন্য এক সময় নিয়মিত প্রবন্ধ লিখতে হয়েছে তাঁকে। ওই সময় তাঁর লেখা কিছু গুরুত্বপূর্ণ প্রবন্ধ এখানে উল্লেখ করে যেতে পারে, Indo-Iranica (1939), Post-positive and Periphrasis of Cases in MIA (1939), Non-finite Verbs and Periphrasis of Tenses and Moods in MIA (1939), Niya-Prakrit and Bengali (1944), The Use of the Genitive in MIA (1945), Comparative Grammar of MIA (1950), The Historical Syntax of MIA (1952), The Caste dialects of the Mucis in South Western Burdwan (1955), Reciprocal Instrumental in Bengali (1957), Syncopated Aspirations in Bengali (1957)। ১৯৩৮ থেকে ১৯৫৫-৫৬ পর্যন্ত তিনি নিয়মিত লিখতেন ‘Indian Linguistics’-এ। এই উদ্যোগ তিনি না নিলে হয়ত বহু আগেই ‘Indian Linguistics’ ছাপা বন্ধ হয়ে যেত। আজও সর্গৌরবে প্রকাশিত হচ্ছে ‘Indian Linguistics’। ১৯৫৫ সালে “Linguistic Society of India” কলকাতা থেকে পুনায় পাকাপাকিভাবে স্থানান্তরিত হয়।

৬.০ উপসংহার

যে কোনো বিষয়কে যথাসম্ভব সংক্ষেপে ব্যাখ্যা করা ছিল সুকুমার সেনের অন্যতম পারদর্শিতা। এই পারদর্শিতা তিনি যেমন ভাষাবিজ্ঞানের আলোচনাতেও দেখিয়েছেন, ঠিক তেমনি দেখিয়েছেন সাহিত্যের ইতিহাসের গ্রন্থে। এই স্বল্পে ব্যাখ্যা করার অনুপ্রেরণা সম্ভবত তিনি পেয়েছিলেন তুলনামূলক ঐতিহাসিক ভাষাবিজ্ঞানের ফরাসি ঘরানা থেকে। সুকুমার সেনের ইংরেজি, বাংলা রচনা রীতি ওই ফরাসি রীতির অনুকরণ। ভাষা কি? এই সংজ্ঞা দিতে গিয়ে তিনি লিখেছেন ‘মানুষের উচ্চারিত, বহুজনবোধ্য অর্থবহ ধ্বনিসমষ্টিই ভাষা’। মাত্র ছটি শব্দের এই বাক্যে মানুষের ভাষার সব লক্ষণগুলিকেই অত্যন্ত সরলভাবে ব্যাখ্যা করেছেন (সেন সুভদ্র কুমার, ২০০২)। তবে অনেকক্ষেত্রেই তাঁর এই স্বল্প কথায় বলার প্রবণতা বিশেষ করে সাহিত্যের ইতিহাসের ক্ষেত্রে অনেকসময় ভুলভাবে ব্যাখ্যা করেছেন সমালোচকেরা। সাহিত্যের ইতিহাসে কোনো কোনো ব্যক্তিবিশেষ সম্বন্ধে (তারশঙ্কর, বিভূতি, মানিক) তাঁর স্বল্প বিশ্লেষণ দেখে অনেকেরই মনে হয়েছে লেখক হয়তো সেই ব্যক্তিবিশেষের প্রাপ্য সম্মান দেননি। তিন পাতার বিশ্লেষণকে যদি সুকুমার সেন একটি বা দুটি অনুচ্ছেদে বলেন তবে তা উদ্দিষ্টের প্রতি অসম্মান জ্ঞাপন নয়। তা বরং লেখকেরই রচনার কৌশল। আসলে তিনি কোনোদিন-ই ফেনিয়ে ফেনিয়ে কিছু লিখতে চাননি। তিনি যে সবসময় নিজের লেখায় নতুন তথ্য বা উপাদান উপস্থিত করেছেন তা নয়। তবে প্রচলিত বা জানা উপাদানের বিশ্লেষণ করেছেন নতুনভাবে। সবসময় চেয়েছেন অতীতের সঙ্গে বর্তমানের সংযোগ স্থাপন। সেই কারণে ঐতিহাসিক না হয়েও সারাজীবন আসলে করেছেন ইতিহাসের-ই চর্চা। এই ইতিহাস চর্চা কখনো বাংলা সাহিত্যের, কখনো ভারতীয় সাহিত্যের, কখনো বা শব্দের ইতিহাসের, কখনো আবার গোয়েন্দাকাহিনির। জন্মের শতাব্দের-পঞ্চবিংশতি বর্ষে এসে আজ সুকুমার সেনের পাণ্ডিত্য ও বিদ্যাচর্চার বিশালত্ব পরিমাপ করতে গেলে মনে হয় এ এক দুরূহ কাজ। কারণ তিনি নিজেই যে এক ইতিহাস। ইতিহাসকে ছোঁয়া যে বড় কঠিন। বরং সহজ কাজ হল পূর্বজন্মের ঋণ স্বীকার করে নিয়ে নতুন দৃষ্টিতে আধুনিকতার সঙ্গে ভাল মিলিয়ে নিজ নিজ পথে এগিয়ে যাওয়া। আমরা যদি এ কাজে সং থাকি তবে সুকুমার সেনের প্রতি প্রকৃত শ্রদ্ধা জানানো হবে। সুকুমার সেন তাঁর পরবর্তী প্রজন্মের কাছে এই প্রত্যাশাই তো করেছিলেন।

সূত্র

দত্ত বিজিত কুমার (২০০২), 'সুকুমার সেনের 'সাহিত্য ইতিহাসের দাঁড়া', সাহিত্য-পরিষৎ-পত্রিকা, (১-৪ সংখ্যা, ১০৬ বর্ষ, শ্রাবণ ১৪০৯) ।

চক্রবর্তী, রমাকান্ত (২০০২), 'প্রাচীন ও মধ্যযুগের বঙ্গসংস্কৃতি চর্চায় সুকুমার সেন', সাহিত্য-পরিষৎ-পত্রিকা, (১-৪ সংখ্যা, ১০৬ বর্ষ, শ্রাবণ ১৪০৯) ।

মজুমদার, উজ্জ্বল কুমার (২০০২), 'আধুনিক সাহিত্য ও সুকুমার সেন', সাহিত্য-পরিষৎ-পত্রিকা, (১-৪ সংখ্যা, ১০৬ বর্ষ, শ্রাবণ ১৪০৯) ।

মিত্র গজেন্দ্র কুমার ও সুমথ নাথ ঘোষ (সম্পাদিত), (১৯৮০), কথা সাহিত্য পত্রিকা, সুকুমার সেন সংবর্ধনা সংখ্যা ।

দাশগুপ্ত অশীন (১৯৮৯), ইতিহাস ও সাহিত্য । কলকাতা । আনন্দ পাবলিশার্স ।

রায়, অলোক (২০০৩), সুকুমার সেন । কলকাতা । পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি ।

রায়চৌধুরী, তপন (২০০৯), প্রবন্ধ সংগ্রহ । কলকাতা । আনন্দ পাবলিশার্স ।

সরকার পবিত্র (১৯৯২), ভাষা-মনন বাঙালি মনীষা । কলকাতা । পুনশ্চ ।

সেন, সুকুমার (১৯৯৩), ভাষার ইতিবৃত্ত । কলকাতা । আনন্দ পাবলিশার্স ।

সেন, সুকুমার (১৯৯৪), ইসলামি বাংলা সাহিত্য । কলকাতা । আনন্দ পাবলিশার্স ।

সেন, সুকুমার (১৯৯৯), বাঙ্গালা সাহিত্যের ইতিহাস (৫ম খণ্ড), কলকাতা, আনন্দ পাবলিশার্স ।

সেন, সুকুমার (২০০১), দিনের পরে দিন যে গেল (অখণ্ড), কলকাতা, আনন্দ পাবলিশার্স ।

সেন, সুকুমার (২০১৪), প্রবন্ধ সংকলন (১ম খণ্ড), (সম্পাদনা সুভদ্র কুমার সেন ও সুনন্দন কুমার সেন), আনন্দ পাবলিশার্স ।

সুকুমার সেন; ভাষা ও সাহিত্যের ইতিহাসকার

সেন, সুকুমার (২০১৬), প্রবন্ধ সংকলন (২য় খণ্ড), (সম্পাদনা সুভদ্রা কুমার সেন ও সুনন্দন কুমার সেন), আনন্দ পাবলিশার্স।

সেন, সুকুমার (২০১৭), প্রবন্ধ সংকলন (৩য় খণ্ড), (সম্পাদনা সুভদ্রা কুমার সেন ও সুনন্দন কুমার সেন), আনন্দ পাবলিশার্স।

সেন, সুকুমার (২০১৮), প্রবন্ধ সংকলন (৪র্থ খণ্ড), (সম্পাদনা সুভদ্রা কুমার সেন ও সুনন্দন কুমার সেন), আনন্দ পাবলিশার্স।

সেন, সুভদ্রা কুমার (২০০২), 'ঐতিহাসিক ও তুলনামূলক ভাষাতত্ত্ব ও সুকুমার সেন', সাহিত্য-পরিষৎ-পত্রিকা, (১-৪ সংখ্যা, ১০৬ বর্ষ, শ্রাবণ ১৪০৯)।

উত্তরসূরী পত্রিকা (১৯৯২), সুকুমার সেন স্মরণ সংখ্যা।

[বি. দ্র. পূর্ব প্রকাশিত দুটি প্রবন্ধের পরিবর্ধিত রূপ]

সুকুমার সেন: ঐতিহ্যে অস্মিতার ব্যতিক্রমী সাধক

মহীদাস ভট্টাচার্য্য

mahidas.bhattacharya@jadavpuruniversity.in

সারসংক্ষেপ:

প্রায় শতবর্ষব্যাপী সারস্বত সাধনায় জীবন অতিবাহিত করেছেন আচার্য সুকুমার সেন। কখনো কখনো 'জ্ঞানের জন্য জ্ঞান' সাধক তিনি, এই ব্যাপারটা আমাদের মধ্যে কাজ করে। ভাষাচার্য সুনীতিকুমারকে দেখে হয়তো এটা দিয়েই তাঁর যাত্রা শুরু। কিন্তু ক্রমাগতই তিনি অনুশীলনের জগতে প্রবেশ করেছেন, শব্দ বিদ্যার মৌলিক আকাঙ্ক্ষা 'ঐতিহ্য ও বর্তমান' উভয়ের ভারসাম্য রক্ষা করে, বিদ্যা-সাধনায় নিজের জগৎ তৈরি করে নিয়েছেন। ভাষা, সাহিত্য ও সংস্কৃতি সবই শব্দবিদ্যার উপনেত্র দিয়ে দেখার চেষ্টা করেছেন। সবকিছুই সমানভাবে সক্রিয় রেখেছিল তাঁকে। সচেতনেই হোক বা সময়ের আবেদনেই হোক তিনি ঠিকই বলেছেন তাঁর মধ্যে দিয়ে তাঁর কালটি প্রতিভাত হয়েছে। তিনি দাবি করেছেন তিনি 'অরাজনৈতিক' ব্যক্তি। কিন্তু কালের সমাজ, সংস্কৃতির মতো রাজনৈতিক প্রয়োজনবোধও তাঁর মনন জগতকে প্রভাবিত করেছে অসচেতনে। বিশুদ্ধ অরাজনৈতিকতা খুব কমই রয়েছে তার সৃষ্টিতে। বিশ্লেষণ করে দেখলে, রাজনৈতিক প্রয়োজন বোধের মধ্যেই ছিল তার অধিকাংশ সৃষ্টি। তবে প্রত্যক্ষ রাজনীতির সংকীর্ণতার বাইরে, হয়তো নিজের অজান্তেই জাতীয় অস্মিতার প্রাক্ স্বাধীনতার কালে, বাঙালি অস্মিতাকে পাঠকের সামনে তুলে ধরেছেন, যা ভারতীয় অস্মিতাকেই সমৃদ্ধ করেছে। এটি করেছেন আক্ষরিক অর্থে 'আমৃত্যু'। তারই কিছু অংশ এই প্রবন্ধে রয়েছে কোলাজের মতো।

সূচক শব্দ:

শব্দবিদ্যা, তৌলন শব্দবিদ্যা; রাউল বেল; সুতনুকা; প্রত্ন লিপি; ব্রজবুলি; ভারতীয় অস্মিতা; বাংলা ও বাঙালি

মাছি মারা কেরানি

‘কেরানির কর্তব্য কপি করা । তাই বলে মাছি মারা নয়।’ (প্রবন্ধ সংকলন, তৃতীয়, পৃ.৪১৩) । আচার্য সুকুমার সেনের ১২৫ বছর পালন করবো, শুধু মাছিমারাই বা হতে চায় কে? সুতরাং এমনভাবে কিছু কর যা দিয়ে মাছি মারা বিশেষণের আরোপ অন্যে করতে না পারে। তারই একটা অপচেষ্টা এখানে। ১৯৯১ নাগাদ ঘটনাটা। লাল বেহারী দে-র Peasant Bengali Life থেকে দুটো লাইন অনুবাদ করে শুনিয়েছি। সংশোধন করে দিয়েছেন। বাংলায় লিখতে একটু দেরি। ‘ছ্যা ছ্যা ছ্যা, একেবারে মাছি মারা কেরাণি সব’। এই বিশেষণ আগে পেয়েছি। আবারও জুটবে জেনেই লিখছি। সেদিন রাগ হয়েছিল বেশ। কিন্তু পরে ঠাণ্ডা হয়ে বললেন – ‘আমি কি আপনাকে বকেছি? তা নয়। আপনাদের এই কালটাকে বকেছি। সবাই যেন কেমন।’

বহু লেখাতেই বা বলি কেন, প্রায় অধিকাংশ রচনার সময় অপরিচিত শব্দ পেলেই, নিরুক্ত-নিঘণ্টুর তত্ত্বের পথ ধরেছেন। গল্পের মাঝে একটি প্রথম বন্ধনী আর কিছু কথা। ‘কন্ম’ পেতেই বন্ধনীতে (Konow) Sten Konow-র কথা মনে পড়ে গেল। দেবী ষষ্ঠীর নাম পেতেই মানুষের ষাট বছরের আকাঙ্ক্ষায় যে দেবীর পূজো সে কথা তুলে আনলেন। এ যেন শব্দের এলিস ইন ওয়াণ্ডার ল্যাণ্ড। শব্দের মধ্যে যেই পেলেন পুকুর (তনুপুকুর), দীঘি (লালদীঘি), হাট-হাটা (গরাণহাটা), বাজার (বৌবাজার), টোলা (কলুটোলা), টুলি (কুমুরটুলি), ঘাট (পাথুরিয়াঘাটা), ডাঙা (পটলডাঙা), বাগান (হাতিবাগান), তলা (নেবুতলা), পাড়া (মুচিপাড়া) আরো কতো কি । প্রত্যেকটার একটা তালিকা পাওয়া গেল। ব্যস, উনিশ শতকের শিশু কলিকাতার নগরজীবনের পেশাভিত্তিক জনবিন্যাসের হারিয়ে যাওয়া মানচিত্র আর জমিজিরেতের প্রভুতত্ত্ব তৈরি হয়ে গেল। যদিও এই হিসেবটা বেশ খানিকটা বয়সে এসে। তবে কম বয়সেই শুরু করেছিলেন এসব। ১৯২৫ সালে এম এ পাশ করলেন। লিখে ফেলেছেন Women’s Dialect in Indo Aryan । ১৯২৭ সালে ছেপে বেরুল বাঙলায় নারীর ভাষা। শব্দবিদ্যাই সেখানে প্রধান । ‘হেঁজি-পেঁজি’ দিয়ে ‘রান্না-বান্না’, তারপর ‘ফস্টি-নস্টি’তে ডুবিয়ে দিলেন ‘পোড়ার মুখী’-দের। ‘ঠেস দিয়ে কথা’ বলতে শেখানো, ‘সোনা-দানা’, ‘কানবালা’, ‘নাকের নথ’ এর ‘সাত-সতীনের ঘর’ করতে বাধ্য করলেন

শব্দবিদ্যা দিয়ে। আড়াআড়ি ভাগ করে দিলেন নারী-পুরুষের মধ্যে। আর এ ব্যাপারে শব্দবিদদের তালিকায় বিশ্বের দরবারে তিনিই হলেন প্রথম। এই ভাগের আঁতিপুঁতি পাওয়া গেল আর্ষ-অনার্য, ভারতীয়-ইউরোপীয় সবার সমাজে। ল্যাটিনে, অথর্ববেদে, কালিদাসে। এক ধরনের নতুন বিদ্যা-রসের জন্ম হল, শব্দের খেলায়। হবে নাই বা কেন। ১৯২১ সালে এসে ভর্তি হলেন কলকাতা বিশ্ববিদ্যালয়ে এম-এ পড়তে তৌলন-শব্দবিদ্যা বিভাগে, আর সেই বছরই সুনীতিবাবু লণ্ডন বিশ্ববিদ্যালয়ে শব্দকে বাঙালির ভাষাকে ভেঙেচুরে বঙ্গভাষীর পরিচিতির অস্মিতার ওজন বাড়িয়ে দিলেন - The Origin and Development of the Bengali Language এর D. Lit থিসিস জমা দিয়ে। ১৯২৬ সালে ছেপে বেরুল। নিজের ওজনও সর্বজনগ্রাহ্য করে নিলেন বিশ্বের দরবারে। ১৯২২ সালে তিনিই মাস্টারমশাই হয়ে বিলেত থেকে এলেন বিভাগে। রবিঠাকুরও মেনে নিলেন তাঁর কাজ, অবশ্য পরে, শেষের কবিতাতে। সবাইকে সঙ্গে নিয়ে, গোটা ভারতভূখণ্ডের মাঝে শব্দবিদ্যার চর্চায় কেমন নীতি নিতে হবে সেই পথও বাংলে দিলেন। গুণী ছাত্রছাত্রীরা এসব ব্যাপারে সবসময় লোভী, মাস্টারমশাই-এর পথে হাঁটতে চান। সাধারণত অনুকরণ করে নয়, অনুসরণ করে নিজের বিমূর্ত-বিশ্ব রচনা করতে করতে। আচার্য সেন তারই সার্থক উত্তরসূরী।

কিন্তু তাঁর এমএ পাশের পর তো একশ বছর পেরিয়ে এসেছি। অনেক কিছু বদলেছে। তাছাড়া শব্দবিদ্যা এমন একটি বিষয়, সেখানে না আছে শিল্প, না আছে শিল্পী, শিল্পরসিকের উপস্থিতির সম্ভাবনাও নেই বললে চলে। ভাষাবিদ্যার কারবারের মধ্যে আসে না, শব্দের পর শব্দ, বাক্যের পর বাক্য বসিয়ে সাহিত্যের নান্দনিক শিল্প। কারবার হল ওই শিল্পের ইট-কাঠ-বালি নিয়ে। ঠিক যেমন রঙ, তুলি, কাগজ শিল্পীর কাছে, শিল্পসৃষ্টির উপকরণ। ধাতু-বিভক্তি-প্রত্যয়, কারক-সমাস, বাক্য: প্রসারক-পরিপূরক, সৃজনশীল মনন (power of creativity) এইসব। সাহিত্য-শিল্পসৃষ্টিতে, প্রাণের সঙ্গে প্রাণের দেওয়া-নেওয়ায় মাধ্যমে এগুলো অনুঘটকের কাজ করে। নিজের তো কিছুই নেই। অথচ আচার্য সুকুমার সেনের অবদানের একটা বিরাট অংশ মূলত এই শব্দবিদ্যাকে কেন্দ্র করে। তাঁর প্রয়াণের পর ৩৩ বছর পেরিয়ে এসেছে। এখন নতুন প্রযুক্তির যুগ। ভাষার কারবারীরা অন্য পথে হাঁটছেন। এখন তাঁকে স্মরণ করতে কোন পথে এগোবো?

বিদ্যাচর্চায় আরও একটা ঘটনা ঘটে। কোনো বিষয়ের নতুন ভাষ্য এলে পুরানো বিষয়গুলো পেছনে চলে যায়, স্মৃতিতেও ধূসর হয়ে পড়ে। পাণিনি যখন এলেন যাক্স খানিকটা চাপা পড়ে গেলেন। পাণিনিও পেছনে গেলেন যখন বোপদেবদের মতো নতুন সম্প্রদায় এলো। শব্দবিদ্যায় ইউরোপে Philology দাপিয়ে বেড়ালো, Grammar এলো, সব ছাড়িয়ে এগিয়ে গেলো Comparative Philology; বিশেষ করে ভাষার সঙ্গে ভাষার সংযোগের পেছনে ক্ষমতা পাহারাদার হলো। আগের বিষয়গুলোর ভার কমে গেল। সোস্যুর এসে কম্পারেটিভ ফিলোলজিকে আত্মসাৎ করে সাধারণ ভাষাবিজ্ঞানের অর্থাৎ linguistics-এর জন্ম দিলেন। তিনিও ম্লান হলেন এলেন যখন চমস্কি। এই সবকিছুকে খানিকটা ম্লান করে দিতে শুরু করেছে নতুন প্রযুক্তির প্রয়োজন বোধ। ১০টা ব্যাকরণের শব্দের বর্গকে ১৪৫ টায় ভেঙে ফেলাছে। কৃত্রিমবুদ্ধি আজ আবার নানা মুক্ত-সম্ভাবনা নিয়ে হাজির। এখন বিশুদ্ধ ভাষাবিজ্ঞানের প্রয়োগের যুগ চলছে। ফলে উনিশ-বিশ শতকের তুলনামূলক ভাষাবিজ্ঞানের অবদান, ফিলোলজি অর্থাৎ ধ্রুপদী শব্দবিদ্যা বা classical philology-র পিছিয়ে পড়াটাই স্বাভাবিক। কখনও কখনও সময়ের অপচয় বলে বিবেচিত হচ্ছে। একেবারে উপেক্ষিত বলা যাবে না, কারণ নতুন প্রজন্মের ভাষাবিজ্ঞানীরা এখনও সেই দুঃসাহস অর্জন করতে পারেননি। সুতরাং কোথায় ফেলা যাবে আচার্য সেনকে?

ব্যাকরণ, শব্দবিদ্যা, তুলনামূলক ভাষাতত্ত্ব সবেই পৃথক ভূমিকা রয়েছে, আবার সাধারণ বিষয়ও রয়েছে। ভাষার উদ্ভব, বিকাশ, কাঠামো, ভাষিক সম্প্রদায় তাদের সমাজ, সমাজ ও সংস্কৃতির পারস্পরিক সংযোগের ইতিহাস এসবেরও একটা ধারণা দেয়। এই বিদ্যার সাধকেরা কখনও বিশেষ গোষ্ঠীর ভাষা নিয়ে, আবার কখনও একাধিক ভাষাগোষ্ঠী, কখনও বা আরও বৃহৎ পরিসরে এই বিষয়গুলির কৌতূহল অবসান ঘটাতে চেষ্টা করেন। ভেঙে দেন বিশেষ ভাষার একদেশদর্শিতাকে। ঠিক যেমন শব্দবিদ্যার বিস্তৃত পরিসরে বাংলাভাষায় ভাষাচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায় বা আচার্য সুকুমার সেন পুঞ্জানুপুঞ্জভাবে তুলে দিয়েছেন বহুভাষিকতার প্রেক্ষাপটে। ভারতের মতো বহুভাষিক দেশে কেবল ভাষাগুলির পারস্পরিক সম্পর্ক নির্ধারণে নয়, বা কেবল মাতৃভাষার কাঠামো নিয়ে নয়, গোটা ভূখণ্ডের সাধারণ সাহিত্য-সমাজ-সংস্কৃতি ও নৃতত্ত্বের ইতিহাস রচনায় পথপ্রদর্শকের কাজ করেছে।

স্মৃতি-শ্রুতির মূলচ্ছেদ

শব্দবিদ্যায় আপন দেশ

সংস্কৃতের ছাত্র ছিলেন বিএ-তে। কিন্তু তখনকার উচ্চশিক্ষার যে অভিমুখ, তার প্রবেশ-দ্বার সংস্কৃত অনুসারী ছিল না। তবে সংস্কৃতের ব্যুৎপত্তি সিদ্ধার্থ রীতি, যাকে আশ্রয় করে পশ্চিমের ধ্রুপদী শব্দবিদ্যা, তৌলন শব্দবিদ্যা বা কম্পারেটিভ ফিলোলজির জন্ম তৈরি হল, তিনি তারই মধ্যে প্রবেশ করলেন ১৯২১-এ। সংস্কৃতের পদসাধনের মধ্যে যে যৌক্তিক কাঠামো ছিল সেই যৌক্তিক কাঠামোটিকে আশ্রয় করে তৌলন-শব্দবিদ্যার জগতে যুক্তির অনুশীলনের ব্যাপারটি তাঁকে প্রভাবিত করেছিল ভিন্নভাবে। কৈশোর থেকেই গণিতশাস্ত্রের প্রতি আকর্ষণ ছিল তাঁর। এই সব মিলিয়ে ঐতিহ্যবাহী সংস্কৃত-শিক্ষার স্মৃতি ও শ্রুতির জগত থেকে, তৌলন-শব্দবিদ্যার প্রাঙ্গণে যেতে উৎসাহী হয়েছিলেন। ইতিমধ্যে সুনীতিবাবু ইউরোপ থেকে ফিরে এলেন ১৯২২ সালে। নিজের মাতৃভাষাকে দেখার নতুন পদ্ধতির সাফল্যের সংবাদ এসে পৌঁছেছে বিশ্ববিদ্যালয়ের বিদ্বৎসমাজে। নতুন এই শব্দবিদ্যার রীতি, সংস্কৃত, ইংরেজি, ফার্সি, কোনো ভাষার প্রথাগত নির্দেশমূলক ব্যাকরণের অনুসারী যে নয়, সেটি বুঝেছিলেন। তাই এই নতুন বিদ্যাটি গবেষকদের নতুন এক অনুসন্ধানী-উপনেষ্ট্রের সামর্থ্য গড়ে দিতে পেরেছিল স্বল্পসময়েই। বুদ্ধির গতানুগতিক ব্যবহারিক রীতিকে ভেঙে পরিবর্তন এনে দিয়েছিল। ব্যাকরণ-জিজ্ঞাসুদের যুক্তিবোধের যে algorithm বা যুক্তির ক্রম ও কৌশল, সেখানেই পরিবর্তন ঘটিয়ে দিল। ভাষার নির্দেশমূলক ব্যাকরণের মধ্যে ঘুরপাক না খেয়ে, কার্য-কারণ সম্পর্কের ভিত্তিতে অতীতের উৎস মুখে যাওয়ার পথ দেখাল তুলনামূলক পদ্ধতির মাত্রাগুলো দিয়ে। সংশয়, ও অনিশ্চয়তার সেই পথে যাওয়ার রসবোধ তৈরি হল।

দেশে তখন স্বদেশাভিমানের সংঘাতের যুগ। নতুন রাজনৈতিক জাতিবোধ অতীতের পরিচিতির গৌরবে উদ্বেলিত, বর্তমানের দৃষ্টিতে দেখার যে রীতি জন্ম নিয়েছিল উনিশ শতকে, সেটি প্রতিষ্ঠিত পদ্ধতির রূপ ধারণ করেছে। পরোক্ষ তখন স্বদেশাভিমান তুলনামূলক শব্দবিদ্যার পেছনে এসে অতীতকে দেখতে হয়তো উৎসাহ জুগিয়েছিল। বাহ্যিক ও আভ্যন্তরীণ পুনর্গঠন কেবল তো ভাষার নয় বহুভাষিক জনসমাজের। তাদের আপন আপন পরিচিতি ও আপেক্ষিক পরিচিতির সঠিক চিত্রটি

প্রয়োজন হয়ে দেখা দিয়েছিল। চঞ্চল চিএ পইঠো কাল – এতে পৌঁছানোর রাস্তাও দেখাল আবার সেই উৎস থেকে কিভাবে সহোদরী ভাষাগুলি জন্ম নিল সে কাহিনীও সামনে নিয়ে এল। ভাষার বিবর্তনকে কার্যকারণ ভিতের উপর দাঁড় করাতে চেষ্টা করলেন। যে কোনো বিজ্ঞানসম্মত বিষয়ের অনুশীলনের নিয়মই হল বিজ্ঞানী কতোখানি নিজেকে পরিবর্তিত করেছেন, সেই বিজ্ঞানের দার্শনিক যুক্তিবোধে। আচার্য সেন শব্দবিদ্যা, ব্যুৎপত্তিসিদ্ধার্থ বিদ্যার যৌক্তিক আবহে অবগাহন করলেন। বিশ্ববিদ্যালয়ের বিদ্যাচর্চার আবহেই বিশেষভাবে পরিশীলিত হতে থাকলেন গুণী সারস্বত সাধকদের সান্নিধ্যে। গড়ে উঠল বিশেষ বিদ্যার বিশেষ-উপনৈত্র। সেটি দিয়ে জ্ঞানজগতকে সমৃদ্ধ করে যেতে থাকলেন আমৃত্যু।

নাইবা মনে রাখলে

নিঃসঙ্গের পারাগি

গোড়াতেই শেষের কথা উল্লেখ করি। এখানে ‘ব্যক্তি আমি’ খানিকটা থেকে যাবে। পাঠকের কাছে মাফ চেয়ে নিয়ে তবুও লিখি। শেষের সে দিনগুলোতে তাঁর পাশে থাকার অনুভূতি কেমন হয়েছিল, টুকরো টুকরো দু-একটি কথা।

৪ঠা মার্চ, ১৯৯২। শব্দেহ এলো কলিকাতা বিশ্ববিদ্যালয় চত্বরে ভর দুপুরে, এল নিঃশব্দে। যেখানে প্রায় অর্ধশত বৎসর কাটিয়েছেন সারস্বত সাধনায়, যাঁর গ্রন্থের স্পর্শ ব্যতিরেকে কোনো ছাত্র ও অধ্যাপক বাংলাভাষা ও সাহিত্যের বৈতরণী পার হননি তাঁরই শব্দেহ। এমন একজন সারস্বত সাধকের, অস্তিমযাত্রা! শবাধার গাড়ি। কিছুক্ষণের জন্য লিপিব্যচস্পতির মূর্তির পাদদেশে এসে দাঁড়াল। পেছনে একটি ট্রাকে জনাকয়েক পরিবারের সদস্য ও প্রতিবেশী। স্বল্প সময়ের মধ্যেই বিশ্ববিদ্যালয় ও ভাষাবিজ্ঞান বিভাগের শেষ শ্রদ্ধানিবেদনের পালাও শেষ হল। আশুতোষ বিন্দিতং, বলা ভালো ভাষাচার্যের (আচার্যের হিসেবে ব্যবহার করেছেন কেউ কেউ) মাধবদত্তের বাজার ও অতীতের সেনেট হলের জায়গায় আজকের দেশলাই বাক্সের মতো শতবার্ষিকী ভবনের মাঝে, বিশ্ববিদ্যালয়ের সিংদরজা, সেখান দিয়ে বেরিয়ে গেল গাড়ি দুটো নিমতলার দিকে। ঘাটে দেহ নামিয়ে ঘিরে বসে শ্মশানযাত্রীরা। শব্দেহের অনুমতি লাভের বিষয়গুলো মেটাতে খানিকটা সময় গেল। এরই মাঝে কোথা থেকে একমুখ খোঁচা খোঁচা দাড়ি নিয়ে ভবঘুরে যুবক হাজির। সেই রকম মনে হয়েছিল

দেখে, তবে কোনো গুণীজন তো বটেই। আমার কাছে কোনো পরিচিতি ছিল না। খানিষ্কণ উঁকি দিয়ে দাঁড়ালো, শবদেহের পায়ের দিকে। ‘একটা গান গাইতে পারি?’ অনুমতি মিলে গেল। কণ্ঠ থেকে বেরিয়ে এল নিস্তব্ধ শ্মশানের চুল্লীর থেকে একটু দূরে

“ যখন...

বাইব না মোর খেয়াতরী এই ঘাটে,

চুকিয়ে দেব বেচা কেনা,

মিটিয়ে দেব গো,

মিটিয়ে দেব লেনা দেনা,

বন্ধ হবে আনাগোনা এই হাটে--

তখন আমায় নাইবা মনে রাখলে, ...” ।

কোন জীবনদেবতার কথা ভেবে গাইলে কে জানে? তবে আচার্য সেনকে ‘মনে না রাখা’র সচেতন পালা বোধ হয় অনেক আগেই শুরু হয়েছিল । সে কাহিনী বহু পুরনো। বিধান রায়ের আমল বা তার বহুপূর্ব থেকেই। গোটা বিশ শতকে বিশ্ববিদ্যালয়ে নানা ঘটনা প্রবাহের বর্ণনায় তার চিত্র মিলবে। তাই একথাই ঠিক কোনো কিছুই কিন্তু ঘটনা মাত্র নয়। Everything has politics। নিঃসঙ্গতাও কি তাই?

পঞ্চভূতে বিলীন হল দেহ। দিনান্তের পড়ন্ত বেলায় ম্লান আলোকে ভাটার স্রোতে নিচে গড়িয়ে যাওয়া গঙ্গার ঘাট থেকে মাথা নীচু করে উঠে এলেন বাবুসাহেব - শব্দবিদ্যার হাটে, জ্ঞানঋদ্ধ পিতার বন্ধ-আনাগোনার স্মৃতিকে চিহ্নিত করে। পথের পাঁচালিতে পিসীর মৃত্যুর মধ্যে একটা তাৎপর্য ফুটে উঠেছিল। যেন একটা কিছুর সমাপ্তি। ঠিক তেমনি নিঃসঙ্গতার মধ্য দিয়ে শব্দবিদ্যার একটা যুগেরও সমাপ্তি ঘটল। সেটি বুঝেছি আরও অনেক পরে। ভাষাচার্যের শ্মশানযাত্রার নিঃসঙ্গতার দৃশ্যটি তাই

ব্যতিক্রমী; সেদিনও যেমন মনে হয়েছিল আজও মনে হয়। তবে আজ সেসবের পেছনে কার্যকারণ প্রেক্ষাপটটি অনুভব করতে পারা যায়।

১৯৯০ এর ফেব্রুয়ারি নাগাদ ১০ নং রাজারাজকৃষ্ণ স্ট্রীটের বাড়িতে প্রথম যাওয়া। সুযোগ হয়েছিল শব্দবিদ্যার ছাত্র হওয়ার সুবাদে। অকাল-প্রয়াত আমার মাস্টারমশাই শ্রদ্ধেয় সুভদ্রকুমার সেন, বাবুসাহেব, সে সুযোগ করে দিয়েছিলেন। Etymological Dictionary-র বঙ্গানুবাদের কাজ চলছে। পরে যেটি ‘ব্যুৎপত্তি সিদ্ধার্থ অভিধান’ হিসেবে বাংলা একাডেমি থেকে বেরিয়েছে। অধ্যাপক উপল সেন, আমার প্রিয় সহপাঠীও একই কাজে যেতেন তখন। ঠাঁই হলো সেখানে। কিছুদিন পর উপল চলে গেলেন। কাজ চলতে লাগল বেশ কিছু দিন। যোগ্যতা তেমন কিছু আমার ছিল না। সংস্কৃতের একটু প্রাথমিক ধারণা সঙ্গে তৌলন-শব্দবিদ্যায় দীক্ষালাভের মামুলি একটা পাশপোর্ট। পাশপোর্ট শব্দটি আচার্য সেনের। লেখাপড়ায় আত্মবিশ্বাসের একটা গণ্ডী টানা যায় কীভাবে এই শব্দ দিয়ে সেটি সহজভাষায় বুঝিয়ে দিয়েছিলেন। জ্ঞানচর্চাকে পেশা করার ক্ষেত্রে সংশয়াপন্ন হলে তাঁর পাশপোর্টের এই ভাবনা, দৃষ্টিভঙ্গী বদলে দিতে পারে।

নিত্য আনাগোনায তখন শব্দবিদ্যা নিয়ে হাজারো প্রশ্ন। আবার এম.এ তো হলো কিন্তু জানা তো কিছুই হলো না। শব্দবিদ্যার ব্যাপারটাই যে থেকে গেল অনেক দূরে। অসম্পূর্ণতার এই কথা একদিন তাঁর কানে পড়তেই খানিক চুপ থেকে, ডেকে বললেন - ‘শুনুন, এম.এ পাশ করে কেউ কিছু শেখে না। আপনিও না, আমিও না। এম.এ পাশ করলে একটা সার্টিফিকেট দেয় - ওটা কিছু নয়, ওটা একটা পাশপোর্ট, জ্ঞানজগতের পাশপোর্ট মাত্র। ওটি হাতে দিয়ে বলে, এবার আপনি জ্ঞানজগতে প্রবেশ করুন’। যুক্তি-যষ্টি দিয়ে বিদ্যা-তিরস্কার বলে মনে হয়েছিল মুহূর্তে এবং তা সঠিক। উচ্চশিক্ষায় যে-কোনো শিক্ষার্থীর আত্মবিশ্বাসহীনতা, দোদুল্যমানতা ও সংশয় দূর করার পক্ষে যথেষ্ট, এবং তা আজও। এ কথা আগেও লিখেছি, আবার লিখলাম।

নিঃসঙ্গ অস্তিমযাত্রার দুচারদিন পরে আজকাল-এর প্রথম পাতার বাঁদিকে ডোরিক কলমের উপরে ভাষাচার্যের এই নিঃশব্দ বিদ্যার কথা বেরিয়েছিল। তখন বাজারে মুঠোফোন নেই। আরো দু-একটি দৈনিকেও ছিল সংবাদটা। বঙ্গভাষীদের কেউ কেউ জেনেছেন সে সুবাদেই। দুচারদিন পর বিদ্যাসাগর ভবনে সামনের বসবার ঘরে

বসেছি। ভেতর থেকে এলেন বাবুসাহেব, বিষণ্ণ সুভদ্রাবাবু। বেদনা-বিমর্ষ সুরে জিজ্ঞাসু হয়ে বললেন “সুকুমার সেনের বিস্মৃতির কথা জানেন কতটুকু?” হকচকিয়ে গেলাম, ভয়ও হয়েছিল। ওই টুকুই। ঠিক ধরেছেন তিনি। কয়েকদিন তো আসা-যাওয়া করি, তাও তাঁরই প্রয়োজনে, নিজের উদ্যোগে জেনেছি কতটুকুই। পড়েছি তো ভাষার ইতিবৃত্তের ভারতীয় আর্থের বিবর্তনের কিছু প্রশ্নোত্তর। এর বাইরে যাওয়ার প্রয়োজনই তো হয়নি। সংবাদটা তো পাঠিয়েছিলাম নিজেই। মনটা খারাপ হয়ে গেল। তারপর দীর্ঘ সময় কেটেছে সুভদ্রাবাবুর সঙ্গে। কখনো ওঠেনি আর এই প্রসঙ্গ। একটু একটু করে জানতে চেষ্টা করেছি। নিজের সীমাবদ্ধতার বিষয়টি সকল সময় খেয়াল রাখতে হত গুণীজনের আসরে, সেটি বুঝতে পেরেছিলাম।

আচার্য সেন নিজেকে মনে করতেন ইউনিভার্সিটি ম্যান। ১৯১৯ থেকে ১৯৬৪ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ে ৪৫ বছর ধরে তিনি ‘পটলডাঙ্গার পাট’ ‘সরস্বতীর হাট’, আর্টস ‘ফ্যাকাল্টির টোলে’ শব্দবিদ্যাতেই ঋদ্ধ হয়েছেন, ঋদ্ধ করেছেন অগণিত ছাত্রছাত্রীকে। “আমার কাছে ৯৭/৯৮ জন পি-এইচ ডি করেছে।” (দিপদিগে, পৃ.৩৭৯)। কম্পারেটিভ ফিলোলজি বিভাগে পড়াতেন। প্রথম পাঁচ বছর শুধু সেই বিভাগে পড়িয়েছেন। এরপর কাজের পরিধি ক্রমাগত বেড়েছে। পড়িয়েছেন সংস্কৃত, বাংলা, ইসলামিক হিস্ট্রি এ্যাণ্ড কালচার, পালি, হিন্দি, ফরাসী ও ইংরেজি বি-গ্রুপে। দিনের কাজ সেরে, বিকেলে আবার বিভিন্ন ভাষার সার্টিফিকেট কোর্সে ফোনেটিকসের পেপারটি পড়িয়েছেন। (দিপদিগে, পৃ.৭৭)। বহু স্বনামধন্য ছাত্রছাত্রী পাঠ নিয়েছে। গবেষণাধর্মী ছাত্রছাত্রী পেয়েছেন ঢাকা, গৌহাটি, পাটনা, ভাগলপুর, রাঁচী, উৎকল, বারাণসী, দিল্লি, জয়পুর থেকে। ‘এখানে-ওখানে’ দেওয়ার পাট চুকিয়েছেন, দেশের নানা প্রান্তে মর্যাদার আমন্ত্রণ পেয়ে।

বিদ্যাচর্চায় বিদেশের পাশপোর্টের তখন যে হিড়িক চলছে দেশে, সেই বিদ্যা-অলঙ্কারের আকাঙ্ক্ষা একেবারেই তাঁর যে ছিল না তা নয়। তবে সে ব্যাপারটি চুকে যায় যখন তাঁর থিসিসের পরীক্ষক হিসেবে নির্বাচিত হন তিন প্রখ্যাত বিদেশি শব্দবিদ। এরপর যতই জ্ঞানঋদ্ধ হয়েছেন, দেশের মধ্যেই তৌলন-শব্দবিদ্যার নতুন হাটে দেশ ও বিশ্বকে দেখার জন্য পরিচ্ছন্ন উপনৈত্র দিয়ে নিজেকে অলংকৃত করে ফেলেছিলেন। শুধু কি তাই, ১৯৬৪-তে অবসর গ্রহণের পরও প্রাতিষ্ঠানিক নিয়মের

বাইরে কাটিয়েছেন আরও ২৮ বছর, অর্থাৎ তেসরা মার্চ, ১৯৯২, নিঃসঙ্গ শ্মশান যাত্রা পর্যন্ত। ভারতীয় প্রেক্ষাপটে বাঙলা ও বাঙালিকে নিরলস ভাবে ঐতিহ্যের কাঠামোর নির্মাণ-বিনির্মাণ, ও নতুন করে পুনর্গঠনের রসে সিক্ত করেছেন। বঙ্গভাষী মাত্রই ঋণী সেখানে। ১৯৪৫ থেকে কলকাতার বাইরেও যাওয়া শুরু। ভারতীয় প্রেক্ষাপটে সারস্বত সাধনায় তাঁর অবদানের অনেক কিছুই ছড়িয়ে রয়েছে দেশের নানা প্রান্তে। নিয়মের গেরো কাটিয়ে সরস্বতীর হাট ছেড়ে, বিদ্যাসাগর ভবনের উঠোনে যখন আটকে গেলেন প্রকৃতির নিয়মে, মেনে নিলেন। কষ্ট হয়েছিল তবে সেখানেও চলেছে অবিচ্ছিন্নভাবে বিদ্যাসাধনা। জরা-যন্ত্রণা যত গ্রাস করতে থাকল শারীরিক শক্তি ও দৃষ্টিশক্তিকে, ততই হাতের কাছে কোলের কাছ'-এর উপকরণগুলোর ওপর নির্ভরশীল হয়ে পড়লেন, সেগুলিকেই পরিমার্জিত ও পরিশীলিত করার উৎসাহে ডুবে যেতে চাইতেন। তাতেও নিয়মিত অবদানের কর্মকাণ্ড অব্যাহত ছিল। দ্বি-নবতি বয়সেও জরা, স্মৃতি ও বুদ্ধির ওপর প্রভাব ফেলতে পারেনি তেমন করে। প্রতিদিন সকাল সাড়ে আটটা থেকে বেলা সাড়ে-বারোটা-একটা পর্যন্ত, বিরামহীন মতামত দিয়ে যেতেন। ক্লান্তিও নেই, স্মৃতিতেও টান পড়ে না। মৃত্যুর ঠিক দুদিন আগে পর্যন্ত থেকেছেন আপন গৌরবে, প্রথাগতভাবে কারো কাছে ঋণী থাকেননি। কর্মচঞ্চলতা ছিল অপরিমেয়। 'যা লিখেছি নিজের স্মৃতি থেকেই লিখেছি। কারও কোনও সাহায্য নিইনি। বিস্মৃতি আমার হয় না।' (দিপদিগে, পৃ.৩৫৯)। কারও কৃপাপ্রার্থী হননি, প্রচারধর্মী ন্যাকামি ও কৌশলের লেশ মাত্র চেষ্টা তাঁর চরিত্রে ছিল না। অন্যদের মধ্যে বিন্দুমাত্র এসব দেখলে রুক্ষ হয়ে যেতেন। হ্যাঁ, হয়তো কেউ রুক্ষ শব্দটির সঙ্গে অতি- যোগ করে দিতে পারেন। সেটিই স্বাভাবিক। বিদ্যাচর্চায় তাঁর অভিজ্ঞতা ও ঋদ্ধতার পাশে বেশির ভাগের অবস্থান-দূরত্ব এতোটাই বেশি, এতোটাই কেরাণি-সুলভ যে সেগুলিই অধৈর্যের জন্ম দিত। নিজেদের পাণ্ডিত্যের অভিমানের আত্মসমালোচনা করলে ধরা পড়বে। জীবনদর্শনে বিদ্যাসাগর ও রবীন্দ্রনাথের অনুগামী ছিলেন। একদল প্রবাসী বাঙালী কর্মকর্তাদের বলেছিলেন বিদ্যাসাগর সম্পর্কে - পৃথিবীর ইতিহাসে এমন কাণ্ডজ্ঞান সম্পন্ন মানুষ খুব কম রয়েছে। তাঁকে বাদ দিয়ে বাঙালি চর্চা। আমি এতে একমত নই।'

তাঁর চরিত্রের আরেক বৈশিষ্ট্য হল সারস্বত সমাজের কৃপা প্রার্থী ছিলেন না তিনি। সে কৌশল অবলম্বনও করেননি। এমনকি মাস্টারমশাই সুনীতিবাবুর কাছ থেকেও

না। তবে কি একটা সাধারণ ব্যাপারে বড়ো কর্তার দৃষ্টি আকর্ষণ করতে একটা কৌশল নিয়েছিলেন। ক্ষমতাসীনদের আধিপত্য আটকে দিতে। সে কথা লিখেছেন আত্মকাহিনীতে। বিদ্যার আসরে সারস্বত সমাজকে বাধ্য করেছেন স্বীকৃতি জানাতে। বাধ্য করেন আজও। একুশ শতকেও, আদায় করে নেন সেটি, তবে তা কেবল বিদ্যা-বিষয়ানুশীলনের ফসল দিয়েই। অন্য কিছু বিনিময়ে নয়।

কর্মজীবনের ওই যে দুটো অধ্যায়, ওকে মেলালে সবমিলিয়ে প্রায় ৭০ বছরেরও বেশি তিনি ছিলেন কর্মক্ষম। শব্দবিদ্যার পথ বেয়ে সাহিত্য, ইতিহাস, অতীতের অলিখিত ও উপেক্ষিত মানুষের সৃষ্ট নুড়ি-পাথর-সিকতাণুর প্রত্যাশায় সচেতন থেকেছেন প্রতিমুহূর্তে। সৃজনশীল সাহিত্যে, বাংলা, সংস্কৃত, প্রাকৃতের পুঁথি, শিলালিপি, প্রাচীন সাহিত্য, কাব্য-কবিতা, ইতিহাস, নৃতত্ত্ব, সমাজবিদ্যা, সংস্কৃতি সব বিষয়ে তথ্য ও যুক্তির অলিগলি দিয়ে ছিল তাঁর স্বচ্ছন্দ গতায়। অনুপ্রবেশ সেখানে সহজসাধ্য ছিল না সব সময়। আবার নিজের সৃজনশীলতায় গোয়েন্দা গল্প, ভূতের গল্প ইত্যাদিতে ও পাঠকের হাতে তুলে দিয়েছেন। আধুনিক কালে শব্দবিদ্যায় যাঁরা বিচরণ করেন, বা করতে আগ্রহী তাঁদের বেশির ভাগের মধ্যেই সৃজনশীল সাহিত্যের ব্যাপারটা পাঠক হিসেবেও চোখে পড়ে না। সেখানে সাহিত্যে অনুপ্রবেশের চলটা নেই বললেই চলে। অথচ তিনি ছিলেন এর থেকে সম্পূর্ণ মুক্ত।

দুর্ভাগ্যের বিষয় হলো বিশ্ববিদ্যালয়ের প্রাতিষ্ঠানিক উপেক্ষা তিনি পেয়েছেন নিন্দনীয় ভাবে। এটি খুব কষ্ট দিয়েছিল তাঁকে। সত্যজিৎ চৌধুরী লিখেছেন যে আচার্য সেন মাঝে মাঝে বলতেন এতদিনের সম্পর্ক কিন্তু বিশ্ববিদ্যালয় তাঁকে মনে রাখেনি'। আরও অনেকেই বলেছেন। সম্ভবত প্রমথনাথ বিশীর কোনো লেখা থেকেও এই রকম একটি মন্তব্য উঠে আসে। যে বিশ্ববিদ্যালয়ে তার সারস্বত সাধনার পীঠস্থান, সেই বিশ্ববিদ্যালয় তাকে গৌরবের মনে করত কি? কারণ তার কোন প্রমাণ মিলবে না। দীর্ঘকাল কৃতিত্বের সঙ্গে কাজ করলে, অবসর গ্রহণের সময় তাঁদের মধ্যে যোগ্যতম ব্যক্তিকে প্রফেসর এমিরিটাস পদ দেওয়া। এর বোধ হয় বেতনের বালাই থাকে না। কখনো কখনো অনারারি ডিলিটও দেওয়া হয়। তাঁর মৃত্যুর পূর্বে ডিলিট প্রাপকদের তালিকা দেখলে এটি স্পষ্ট হবে। এগুলিই হল কৃতিত্ব স্বীকারের চিহ্ন। এ ছাড়া ছিল আরও বহু বিষয়, যেখানে তাঁকে সম্মান জানানো যেত। বিশ্ববিদ্যালয়ের

সর্বোচ্চ সরস্বতী জগত্তারিণী পদক । এর কোনোটাই সুকুমার সেনের ভাগ্যে জোটেনি । কেন? খুব সম্ভবত তিনি বিশ্ববিদ্যালয়ের মেজ, সেজ, কোনো ছোট কর্তাকে খোশামোদ করেননি । শুধু তাই নয় প্রয়োজন কালে অনেক অপ্রিয় কথা শুনিয়েছেন স্পষ্টভাবে । এছাড়া আর কি কোনো কারণ থাকতে পারে এইসব পদ-পদবি তার ভাগ্যে না জোটায় । (সুকুমার সম্মাননা, কথাসাহিত্য আষাঢ়-শ্রাবণ, ১৩৮৯) । বিধান রায় থেকে সবাই এই ব্যাপারে সতর্ক থাকতেন । একবার পেনশান জাতীয় আর্থিক সহায়তা যাঁরা পান না, তাঁদের জন্য পাঁচহাজার টাকা করে দেওয়ার প্রস্তাব এসেছিল তাঁর কাছে । সঙ্গে সঙ্গে উত্তরে লিখেছিলেন “তোমরা প্রাক্তন অধ্যাপকদের সম্মান জানিয়ে যে দক্ষিণা পাঠিয়েছ আমি ধন্যবাদ জানিয়ে সেটি ফেরৎ দিয়েছি । টাকা নিতে প্রবৃত্তি হল না ।” (সত্যজিৎ চৌধুরী, পৃ.৪৬)

এদেশের শিক্ষাপ্রতিষ্ঠানগুলি কখনোই তাদের দলীয় বা ব্যক্তিগত সঙ্কীর্ণতার উর্দে উঠতে পারেনি, কি অতীতে, কি বর্তমানে । কলিকাতা বিশ্ববিদ্যালয়কে ঔপনিবেশিক আমলে গোলামখানা বলা হত । স্বাধীনোত্তর কালে ক্ষমতাসীন রাজনৈতিক দলগুলোর প্রত্যক্ষ আধিপত্যে সেই গোলামির ধারা আজও বহন করে চলছে সারস্বত সমাজ, স্বাধীনতার ৭৮ বছর পরেও । নিঃসঙ্গ অস্তিমযাত্রার মধ্যেই যেন সেন-পরিবারের আত্মমর্যাদার বিষয়টি সুরক্ষিত ছিল, আবার এটিও বুঝিয়ে দিয়েছিল যে, কোনো কিছুই রাজনীতি, ও তার সঙ্কীর্ণতা মুক্ত নয় । আত্মমর্যাদা-সিদ্ধ অভিমানই হয়তো আহত করেছিল সেন-পরিবারকে । তাই সংবাদ পাঠানো, এক অর্থে ভুলই ।

শব্দবিদের ছেনি-হাতুড়ি

ব্যাকরণের জারিজুরি

খোদিত, লিখিত বা চিত্রিত বিষয়বস্তুর খোলসের আড়ালে শাঁসের মধ্যে আপতিক বিশ্বটি কী, সেটি খুঁজে নেওয়াই মুখ্য বিষয় হয়ে ওঠে এখানে । এগুলোর অধিকাংশই ইতিহাসের উপেক্ষিত অধ্যায়ের মধ্যে পড়ে । তাই নতুন বা প্রান্তিকজনের ইতিহাস রচনায় (historiography) ঐতিহাসিককে তথ্য যোগাবে, উপকরণ সরবরাহ করতেও পারে । পুঁথি থেকে, পাথর দেওয়াল থেকে শব্দকে এনে, খেরোর খাতায় ফেলে কালের ক্রম অনুসারে মেলে ধরা, বিবর্তনের অভিমুখ তৈরির ব্যাপারে নজর ছিল আচার্য সেনের তীক্ষ্ণ দৃষ্টি । নির্দিষ্ট অভিমত ছিল তথ্যের ব্যাপারে, তথ্য সংগ্রহ

ও বিশ্লেষণের ব্যাপারে। শব্দের (চিহ্নকের) সিংদরজা দিয়ে পা বাড়িয়েই সামনে শাঁসের (চিহ্নিতের), ‘এলিস ইন ওয়াগ্‌র ল্যাগু’। বিমূর্ত, অজানা ঐতিহাসিক বিশ্বের সম্ভাবনা। এভাবে বললে দোষারোপ করা হবে। কারণ এলিসে ছিল *fantasy*, *absurdity*, সেগুলোকেই *logic* দিয়ে অসম্ভবের বিশ্ব তৈরি করা হয়েছে সেখানে, শিশুর মনোরঞ্জনই ছিল মুখ্য। এখানে তো তা নয়। যুক্তির ছেনি-হাতুড়ির আঘাতে ঘনীভূত অজানা বিশ্বের বাঁধনকে আলাগা করে দেওয়া। সহজভাবে প্রবেশের রাস্তা তৈরি করে নেওয়া। যেমন এক একটি ব্যক্তি, প্রত্যেকের এক একটা আলাদা মনন-বিশ্ব রয়েছে। যার মধ্যেই রয়েছে তার গড়ে ওঠার নানান কথা ও কাহিনী, অভিজ্ঞতা। সেটি সেই কেবল জানে। সবার মাঝে, সেই বিশ্বের বিচারে কিন্তু বিচ্ছিন্ন দ্বীপের মতো। শব্দের ক্ষেত্রটিও ঠিক সেই রকম। তার ভেতরের জগতটি ইতিহাস, পদবন্ধ ও অস্থয়ের বৈচিত্রের পরিসরে নিজের আকাঙ্ক্ষা ও যোগ্যতার আদানপ্রদানে গড়ে উঠে। বক্তা-লেখক-কবিদ্রষ্টার কখন কি প্রয়োজন মেটাতে মেটাতে শব্দের সেই বিশ্বটি গড়ে ওঠে ধারাবাহিকভাবে, সেটিই হল শব্দের বিমূর্ত আপাতিক বিশ্ব। ধ্বনির লিপির খোলসে জমে থাকে। শব্দবিদ্যার হাতুড়ির আঘাতে খোলসের (*expression*) কাঠামো যায় ভেঙে, শাঁসের জগত থেকে বিষয়বস্তুর (*content*) উপকরণগুলো খুঁজে নিতে হয়। এখানে শব্দবিদ্যাবিদের বাস্তবতাহীন কল্পনার কোনো খেলা চলে না। কেননা ঢাল হয়ে দাঁড়িয়ে থাকে ইতিহাস, নৃতত্ত্ব, সমাজবিজ্ঞানের মতো বিষয়গুলো। তাই শব্দের বিমূর্ত বিশ্বে ‘ওয়াগ্‌রল্যাগু’এর *absurdity*-কে প্রশয় দেওয়ার সুযোগ থাকে না।

“সব সৃষ্টিকাজেই দুটো দিক, দুটোই সমান দরকারী, দুটো দিক হল যোগ ও ক্ষেম, ইংরেজিতে বললে *supply and maintenance*। প্রথম দিকে যোগ হল গবেষণার বস্তু সংগ্রহ, দ্বিতীয় দিক হল ক্ষেম অর্থাৎ যোগাড় করা বস্তুকে বাছাই করে সাজিয়ে দেওয়া অথবা তার থেকে নিষ্কর্ষ বার করা। অর্থাৎ কলুর পক্ষে সরষে যোগাড় করা আর তা মাড়াই করে তেল-খইল প্রস্তুত করা।” (দিপদিগে, অখণ্ড, ২০০১, আনন্দ, পৃষ্ঠা ২০৮, দ্বিতীয় খণ্ড ১৩৯৩, পৃষ্ঠা ৪৪, আনন্দ।) শব্দবিদ্যায় এই দুই দিকে খেয়াল রাখতে শব্দের বাস্তবতার কথা ভেবে।

ডি ডি কোসম্বি, ঐতিহাসিক, অমরকোষের মধ্যে সমাজের চিত্র অঙ্কন করতে চান। শব্দবিদ্যারই অনুগামী হয়ে পড়লেন একটু অন্যভাবে। একটি আলোচনায় রামকৃষ্ণ ভট্টাচার্য উল্লেখ করেছেন। কিন্তু “প্রাচীন ভারতের খেটে-খাওয়া লোকেদের খবর কোথায় পাওয়া যাবে?” কোসম্বি এ নিয়ে সমস্যায় পড়েছেন। কারণ সমস্যাটা ভাষার বিষয়। কারণ - “লিখিত ইতিহাসের প্রধান সব উৎসই সংস্কৃত ভাষায় লেখা। সে ভাষা জানতেন মূলত উপরতলার লোকে। এর সর্বাপেক্ষে পুরোহিত তন্ত্রের ছাপ - শুধু আশীর্বাদ করার জন্য লিঙ্ বলে ক্রিয়ার একটা আলাদা রূপ আছে। (এনশেন্ট ইন্ডিয়া, পৃষ্ঠা ১৬৮)।” ভাষার কাঠামোতেই সাংস্কৃতিক আধিপত্যের সংস্কৃতি মিলে মিশে একাকার হয়ে আছে, এ তারই ইঙ্গিত। ব্যাকরণের কাঠামোয় এরকম আরও অনেক নিদর্শন টেনে বের করা যেতে পারে। আশীর্বাণ্ডের মতো সম্প্রদান কারকের উপস্থিতিতেও সেই আধিপত্যের কৌশল। ‘যস্মৈ দানং সম্প্রদানম্’ - সম্প্রদান কারকের সংজ্ঞা। দান ক্রিয়ার মধ্যে ‘স্বত্বত্যাগের’ এক বিশেষ সংস্কৃতি প্রতিফলিত। তারই ইঙ্গিত এখানে। সম্প্রদান-এর পরিবর্তে বাংলায় গৌণকর্ম কেন? সে কি কেবল -কে বিভক্তির কারণেই? না এর পেছনেও সমাজবিজ্ঞানের কোনো বিষয় থাকতে পারে। সম্প্রদান শব্দের অর্থ হল নিজের স্বত্ব ত্যাগ করে দান। কন্যা সম্প্রদানের মতো। বিবাহের সংস্কৃতিতে সে চিত্র ধরা রয়েছে আজও। ব্রাহ্মণকে দান সেও স্বত্বত্যাগ পূর্বক দান হতে হবে। এটিই ছিল সংস্কৃতি। বলা হয়েছে দান ক্রিয়ার একটি অর্থ হল ‘স্বত্বনিবৃত্তিপূর্বক পরস্বত্ব উৎপাদন’। ‘বিপ্রায় বস্ত্রং দদাতি, ব্রাহ্মণকে বস্ত্র দান করছে’। বিপ্রায় সম্প্রদান কারক। কারণ দান এখানে স্বত্বত্যাগপূর্বক। কিন্তু যদি রজককে অর্থাৎ ধোপাকে ধোয়ার জন্য বস্ত্র দেওয়া হয় তাহলে তা সম্প্রদান হবে না। সেখানে হবে ‘রজকস্য বস্ত্রং দদাতি’। রজককে কাপড় ধোয়ার জন্য দিচ্ছে। স্বত্বত্যাগ পূর্বক দান নয়।

ব্রাহ্মণকে স্বত্বত্যাগপূর্বক দানের সংস্কৃতি সম্ভবত বাংলা নতুন কারক নির্মাণের কালে লোকায়ত ভাবনায় সংশয়ের মধ্যে পড়ে গেল। দ্বিকর্ম দা- ধাতুর স্বত্বত্যাগপূর্বক দানের বিষয়টি বাংলা ব্যাকরণের কালের গর্ভে হারিয়ে গেল। গৌণকর্মের উদ্ভব হল। অন্যভাষাতেও রয়েছে। নানা ভাবে। ইংরেজি মধ্যমপুরুষে VOS থেকে একবচন ও বহুবচনে you-র ব্যবহারে রোমসাম্রাজ্যের দ্বিধাভিত্তক হওয়ার কাহিনী একটা প্রাসঙ্গিক বিষয়। সেটি শব্দের বিবর্তনের আলোচনা দিয়ে পুনর্গঠিত করা যেতে

পারে। ইউরোপের শব্দবিদ্যাবিদেরা ব্যাখ্যা করে দেখিয়েছেন। বাংলাভাষায় ‘আপনি’ শব্দের মধ্যেও সামাজিক স্তরভেদের কাহিনীর ছবিটি বেশ স্পষ্ট। কারণ বাংলাভাষার প্রাচীন বা আদিমধ্যযুগের প্রায় শেষ পর্যন্ত এর ব্যবহার নেই। “অষ্টাদশ শতকের শেষভাগের আগে এই শব্দের প্রয়োগ পাই না” (ভা.ই, সেন, ২৭১)। এর পেছনে ওই রকমই নানা ইতিহাস রয়েছে। সুতরাং সংস্কৃত ভাষার কাঠামোর ভেতর থেকে সমাজের খবর কীভাবে মিলবে? ব্যাপারটা তো গুলিয়ে যাবে। এইখানে ছিল কোসম্বির সংশয়। “অমরকোষ এক বিখ্যাত সংস্কৃত অভিধান। এক-এক ধরনের শব্দ এক-একটা বর্গে সাজানো। কৌসম্বি প্রথম লক্ষ্য করলেন : তার শূদ্রবর্গে বিভিন্ন পেশার নাম বেশ ধাপে ধাপে (ওপর থেকে নীচে) দেওয়া আছে: মালাকার, কুমোর, রাজমিস্ত্রি, তাঁতি, সূচিশিল্পী, চিত্রকর, অস্ত্রশানদার, মুচি চামার, কামার, সেকরা, শাঁখারি ইত্যাদি। অমর সিংহ যেন গ্রামের চোখ দিয়ে দেশটা দেখছেন।” সেখানে কোনো কোনো পদবির উপস্থিতিই নেই অর্থাৎ কোনো পেশা তখনও শুরু হয়নি সমাজের মধ্যে। গ্রামের কেরানি বা ‘করণ’ কায়েতের নাম নেই। কোসম্বী সিদ্ধান্ত করলেন : তার মানে অমরের সময় গ্রামে করের ভার ছিল কম, ব্যক্তিগত জোত খুব একটা গড়ে ওঠেনি। এর সঙ্গে তুলনা করলেন ষষ্ঠ শতকে পূর্ববাংলার একটি প্রমাণ সূত্র। (দ ওয়ার্কিং ক্লাস ইন দ অমরকোষ, জার্ণাল অব ওরিয়েন্টাল রিসার্চ, খণ্ড ২৪, অংশ ৪, ১৯৫৪-৫৫, পৃ ৫৭-৬৯)।”

আচার্য সেন তো ইতিহাসের ছাত্র ছিলেন না। শব্দবিদ্যায় ইতিহাস ও ঐতিহাসিকতা মিলেমিশে একাকার হয়ে আছে। শব্দের গভীরে কোন তথ্যের কেন নির্বাচন করবেন, ইতিহাস চর্চায় তা কোনো কাজে লাগতে পারে কিনা, এ নিয়ে কোনো পূর্ব পরিকল্পনাও ছিল না তাঁর। নিজেই লিখেছেন “আমি কবি নই, পেশাদার লেখকও নই। সব চেপ্টায় আমি সত্যকে খুঁজি।” (দিপদিগে, ভূমিকা)। সেই সত্য খুঁজেছেন মৃত্যুর পূর্ব মুহূর্ত পর্যন্ত। এই খোঁজায় যা মিলেছে সেগুলিই পাঠকের হাতে তুলে দিয়েছেন। পাঠক পেয়েছে যেমন একদিকে বৃহৎ ভারতের নানা ছোটো ছোটো কথা, উপকথা, ভারতীয় হিসেবে যা গৌরবের, অস্মিতার। একই সঙ্গে নিজের মাতৃভাষার গৌরবের বিষয়েও নতুন করে বিশ শতককে অতীতের উপকরণে সমৃদ্ধ করেছেন। বহুভাষিক দেশে সভ্যতার বিকাশের চরিত্রটি বাঁধা পড়ে তাঁর বহুধা বিস্তৃত সাধনার জগতে।

সুতনুকায় মগধবাসী

বিবর্তনের দেবদাসী

বহুল পরিচিত সুতনুকা প্রত্নলিপি। এটি ভাষার বিবর্তনের ইঙ্গিত যেমন দেয়, একই সঙ্গে বৃহত্তর ভারতের খোঁজ দেয়। ভাষার ইতিবৃত্তে ৯-১০ লাইনে ব্যাখ্যা করেছেন। এর প্রথম সংস্করণে ১৯৩৯ সালে। পরে জগজ্জাতি পত্রিকায় ১৯৫৩ সালে ছেপে বেরিয়েছে। সেখানেও কয়েকটি লাইনে। আলোচনাটি আকারে ক্ষুদ্রতম বলা যেতে পারে। কিন্তু লিপিটি একটি শব্দের মতোই যেন 'ওয়াগার ল্যাগু'। এর কাঠামো থেকে শুরু করে খোলসের আড়ালের সবকিছুই কিছু না কিছু ইঙ্গিত দিতে থাকে। এর থেকে পাওয়া যাবে অজ্ঞাত রচয়িতার চিন্তের প্রতিবিস্মিত বা চিহ্নিত (signified) বিশ্ব এবং তাইর উৎসানুসঙ্গ (referent) বাস্তব জগত। অনেক কিছুই।

পাঠটির বিশ্লেষণ ভারতের বহুত্বের পেছনে যে সমন্বয়ী জীবনের যোগসূত্র রয়েছে তার খোঁজ পাওয়া যাবে। এতে ধর্মশাস্ত্রের বিষয় নেই, ধর্মও নেই। রয়েছে লোকায়ত জীবনের আশা আকাঙ্ক্ষার কথা। সেখান থেকেই উঠে এসেছে। রচনাকাল খৃষ্টপূর্ব প্রথম শতক বা তারও আগে, কারণ এর ভাষা প্রথম স্তরের মধ্য ভারতীয় আর্বের মধ্যে পড়ে। সেটির সময়কাল মোটামুটি ৬০০ খৃ.পূ থেকে ১ম খৃষ্টাব্দ। লিপিটিকে প্রত্নলিপি বলেছেন। কারণ এর উত্তরকালের নতুন স্তরের ভাষার বীজ অঙ্কুরিত হচ্ছে এখানে। আর্যভাষা তার প্রাচীন স্তর থেকে মধ্যভারতীয় স্তরে প্রবেশের সময় যে সকল পরিবর্তন জন্ম নিচ্ছিল তার প্রথম দিককার উপকরণ রয়েছে এখানে। পাওয়া গিয়েছে উত্তরপ্রদেশের রামগড় পাহাড়ের একটি গুহায়। গুহাটির নাম যোগীমারা ব্রাহ্মী লিপিতে লেখা। এরই পাশে আরেকটি গুহা থেকে অন্য একটি শিলালিপি পাওয়া গিয়েছিল। সে গুহাটির নাম ছিল সীতাবেঙ্গ। তবে শিলালিপিটি তত গুরুত্বপূর্ণ নয়। অশোকের ভাষার বৈচিত্র অনুসারে এই সুতনুকার ভাষার সঙ্গে অশোকের প্রাচ্যর ভাষার কিছু সাদৃশ্য রয়েছে। আবার পার্থক্যও রয়েছে।

মূল	সংস্কৃত (পুনর্গঠিত)	বাংলা
শুতনুক নাম	সুতনুকা নাম	সুতনুকা নামে দেবদাসী
দেবদশিক্যি। তং	দেবদাসিকা। তাম্	তাকে ভালোবেসেছিল
কময়িত্ব বলন শেয়ে	অকাময়িষ্ট। বারাণসেয়ঃ	কাশীবাসী দেওদীন নামে
দেবদিনে নম লুপদখে।	দেবদত্তঃ নাম।	মুদ্রাবিদ্।
	রূপদক্ষঃ।	

(প্র. সং, ১ম, পৃ. ১০৭)

শব্দবিদ্যার ছেনি দিয়ে দশটি পদের ভাষ্য নির্মাণে প্রথমে নজরে আসে ধ্বনি পরিবর্তন। ভাষার সহজাত বাক-ঘটনা। অনুকরণে ধ্বনির বিচ্যুতি সহজাত। বিচ্যুতির মধ্যে থাকে পরিবর্তনের অভিমুখ, প্রেক্ষাপট। ধারাবাহিক বিচ্যুতি নতুনের জন্ম দেয়। ছোটো ছোটো ধারাবাহিক পরিবর্তনের প্রবাহেই একটি মৌল পরিবর্তন ঘটে যায়। অদ্য>আজ্ , দ্য>জ্জ>জ তো এরই পরিণতি। সেটি যখন গ্রহণযোগ্যতা পেয়ে যায়, নতুন সম্পদ হিসেবে বিবেচিত হয়। আমূল পরিবর্তনের এটাই নীতি, নতুনের জন্ম হয় এভাবেই। একে বলে ধ্বনির প্যারাডিম শিফট। ভাষার স্তরে স্তরে এই পরিবর্তনের গ্রহণযোগ্যতা দিয়ে langue-র, নতুন ভাষার কাঠামো তৈরি হয়। এই শিলালিপির ভাষা পরিবর্তনের সেই অভিমুখের ইঙ্গিত দেয়।

বলন শেয়ে পদটির সংস্কৃত পুনর্গঠিত পদটি হল বারাণসেয়ঃ, বারাণসী শব্দ জাত। এর থেকে বলন শেয়ে-তে রূপান্তরিত হতে গেলে যে সকল সম্ভাব্য ধ্বনি পরিবর্তনের ইঙ্গিত উঠে আসে সেগুলি প্রাচীন ভারতীয় আর্য থেকে মধ্য ভারতীয় আর্যে যাওয়ার নিয়মে খুঁজে দেখেছেন শব্দবিদেরা, তার সাথে মিলে যায় এই বদল।

পরিবর্তনগুলি হল সং. র্ > ল্, সং. স্ > শ্ এবং সং. ণ্ > ন্ ইত্যাদি। এগুলি মধ্য ভারতীয় আর্য বা প্রাকৃতের-এর বৈশিষ্ট্য। কিন্তু অশোকের প্রাচ্যা, অর্থাৎ পূর্বভারতের দিকে যেসকল তথ্য রয়েছে, তাতে স্, ষ > শ্ এই ঘটনাটি দেখা যায় না। (ভা.ই, পৃ-১০০)। কিন্তু এখানে তো রয়েছে। তাহলে কি অন্য কোনো স্তরের ইঙ্গিত রয়েছে এখানে? সেটি নিশ্চিত করেছেন পরবর্তী মাগধী প্রাকৃতের বৈশিষ্ট্য দিয়ে। যুক্তিকে আশ্রয় করে এই যে সংশয়হীনতা, এর মধ্যে ‘এলিস ইন ওয়াগার ল্যাগু’-এর মতো কোনো absurdity-র ঠাই নেই। পদের গঠনে একইভাবে প্রথমা বিভক্তির ‘এ/ে’

ব্যবহার। পাওয়া যায় (দেবদন্তঃ >) দেবদিনে, (রূপদক্ষঃ >) লুপদখে, এবং (বারাণসেয়ঃ >) বলন শেষে, তিনটি শব্দেই। কারণ এ তিনটিই কর্তা দেবদিনে পদের প্রসারক adjunct এর ভূমিকায়, বিশেষণের মতো। প্রাচীন ভারতীয় আর্যে তাই হতো। সুতনুকার কালে টিকে রয়েছে। এখানেও ধ্বনির পরিবর্তন - সংস্কৃতের পদান্ত -অঃ প্রাকৃতের স্তরে পূর্বাঞ্চলে -এ তে রূপান্তরিত হয়। (ভাষার ইতিবৃত্ত পৃষ্ঠা ৯৯)। বিশেষ্যের পদগঠনের এই রূপতাত্ত্বিক পরিবর্তন, কেবল ভাষার পরিবর্তনের ইঙ্গিত দেয় না, পরিবর্তনের তরঙ্গের দুই-দিকের সীমানাকে নির্দিষ্ট করে দেয়। একদিকে প্রাচীন ভারতীয় আর্য এবং অন্যদিকে প্রাচ্যমধ্য ও প্রাচ্যার ভৌগোলিক অঞ্চলে গড়ে ওঠা মধ্য ভারতীয় আর্যের নতুন স্তরের সম্ভাবনা পরম্পরার যোগসূত্রকে প্রতিষ্ঠিত করে। সেটিই তো গড়িয়ে এসেছে আধুনিক মাগধীয় ভাষাগুলির কাল পর্যন্ত। -এ বিভক্তি (আধুনিক বাংলাতেও মেলে, যদিও তা সীমিত পাগলে কি না বলে)। এতো ধ্বনি বা রূপতত্ত্বের বিষয় নয়, এর একটা জাতীয় চরিত্র রয়েছে প্রাচ্যে। সুতনুকা তরঙ্গ এখানেও মেলে। অর্থাৎ তরঙ্গের বিস্তৃতি যতদূর ছড়িয়ে রয়েছে, তাদের একটি অতীত রয়েছে, তাদের মধ্যে একটা ঐতিহ্যের সংহতি অস্বীকার করা যায় না। আধুনিক মাগধী ভাষাগুলির মধ্যে নানা ভেদ রয়েছে সহোদরার মতো। সেই ভেদের বহুত্বের ওপর রয়েছে সুতনুকার দাবি। ধ্বনি ও বিভক্তির শেকড় ধরে পেছন দিকে গড়িয়ে গেলে - অবহট্ট, অপভ্রংশ, সাহিত্যিক প্রাকৃত, ধ্রুপদী সংস্কৃত ছাড়িয়ে ঋগবেদ পর্যন্ত কতো ভাষার কুলুজি বের হয়ে আসতে পারে কে জানে। তাই ক্ষুদ্র শিলালিপিটি শুধু যে নীরস ধ্বনি-পরিবর্তনের উদাহরণ নয়, এর সঙ্গে খোলসের ভেতর রয়েছে লোকায়ত জীবনের চালচিত্র। দেবদাসী প্রথা, প্রণয়-প্রীতি, রূপে-দক্ষ হওয়ার মতো পেশা, ঐতিহ্যের বারাণসী। ভারতীয় প্রাচীন সাহিত্য কেবল ধর্মানুশীলনের বিষয় নয়, লোকায়ত জীবনের বহুমুখী ধারা। গোটা বিষয়টি কোনো বিশেষ ভাষার নয়, সংযোগে সমন্বয়ী যোগাযোগের প্রাণধারা। 'সুতনুকা' প্রত্নলিপি তারই প্রমাণ পত্র।

রাউলবেলে মেয়েহাটা

নানা ভাষায় নানা কথা

১৩৭৪ সালে আনন্দবাজার পত্রিকার বার্ষিক সংখ্যায় একটি প্রবন্ধ বেরিয়েছিল ‘একটি বিচিত্র শিলালেখ’ এই শিরোনামে। বাস্তবে শুধু বিচিত্রই নয়, গুরুত্বপূর্ণও বটে। এতে প্রাচীন ভারতের মেয়েহাটা-র কাহিনী রয়েছে। এই শিলালেখটি পাওয়া গিয়েছিল মালবের ধার অঞ্চলে। (প্র.সং ১ম খন্ড পৃষ্ঠা ১২২) এবং এর নাম হল রাউল-বেল (Rāula-vela of Rodā)। রাউলবেল এটির রচয়িতা। এর বিষয়বস্তু ইংরেজিতে পাওয়া যায়। এইচ. ভি. ভায়ানি বলে একজন এই শিলালেখটি অনুবাদ করেছেন। রয়েল এশিয়াটিক সোসাইটির বোম্বাই শাখার খন্ডিত এই শিলালেখটি এখন প্রিন্স অব ওয়েলস মিউজিয়ামে রয়েছে। অনেকে বিষয়টি নিয়ে আলোচনা করেছেন। এটি একটি দীর্ঘ কবিতা। রচনাকাল একাদশ শতক। ভাষাতাত্ত্বিক ও ব্যাকরণগত আলোচনাও হয়েছে।

এর প্রধান বৈশিষ্ট্য হল একই শিলালিপিতে সাতটি ভাষার সাতজনের উক্তি কবিতার আকারে রয়েছে। এই সাতজন আবার ভারতের সাতটি অঞ্চল থেকে এসেছিল। বিষয়বস্তু অনুসারে এরা সবাই এসেছে সুবেশী তরুণী-পণ্য নিয়ে ‘মেয়েহাটা’তে, মেয়ে কেনা-বেচার হাটে। এসেছে বহুদূর থেকে। গোন্ধ অর্থাৎ গোলা গোদাবরী অঞ্চল থেকে, কানোড়, কর্ণাট থেকে, টেল্ল ভাষীর গুজরাট-রাজস্থানের, টাক ভাষী ডোগরি-পাঞ্জাবি থেকে আর গৌড় থেকে যে এসেছে তার ভাষায় বাংলা অঞ্চলের সঙ্গে মিল, তথ্যও রয়েছে। ষষ্ঠ বক্তা কবি নিজে। সপ্তম বক্তার ভাষার সঙ্গে ব্রজভাষার মিল আছে। সবাই মেয়ে বিক্রোতা। এ ওকে বলছে নিজের পণ্য –এর বিষয়ে।

কথোপকথনে বিতর্ক হচ্ছে। “যেন তরুণীকে আনা হয়েছে কোনো মেয়ে-বেচার-হাটে। বড়লোক খরিদারের দৃষ্টি আকর্ষণ করবার জন্য বক্তারা নিজের নিজের দেশের মেয়েদের সাজপোষাকের প্রশংসা করছে এবং যথাসম্ভব পূর্ববর্তী বক্তার দাবি খর্ব করার চেষ্টা করছে।” (প্র.সং. ১ম, পৃ.১৩৩)। কার মেয়েটি সবচেয়ে সুন্দর।

পঞ্চম বক্তাকে গৌড়ের প্রতিনিধি হিসেবে সম্বোধন করে বলতে শুরু করেছে আরেকজন। অর্থাৎ পঞ্চম বক্তার ভাষাই গৌড়ের ভাষা। সেই ইঙ্গিত মিলছে বিষয়বস্তুতেও। অনুবাদ করেছেন আচার্য সেন বাংলাতে।

“মূর্খ টাক, কি ভুল বকছিস,

“রাহু” আগে ভুল বর্ণনা করছিস।

তুই কিরকম, কত, দেখেছিস “বেশ”?

যার তার বর্ণনা করছিস, ধৃষ্ট।

গৌড়ের সুমানুষ (?) তুই কত দেখেছিস?

তা দেখে কী (আর সব) “বেশ” মিষ্ট লাগে?

তেড়া বাঁধা কেশ যা সুন্দর, --

খোঁপায় বাঁধা এক

খোঁপার উপরে থোপনা কেমন?

রাহুর গ্রাসে রবি যেমন।

কর্পদের (? “অস্থার”) মধ্যে নজর লাগা (? “দিঠহল”) ফুল,

তা দেখে তরুণ সবাই বিহ্বল।”

.....

.....

“রূপ দেখে তার সব জন খেদ করে

ধবল কাপড় ওড়না হয়েছে কেমন?

মুখশশী যেন জ্যোৎস্না বিস্তার করেছে।

এমন যেন বেশ গৌড়নারীদের (“গউডিল্ছ কেরা”)

সুকুমার সেন: ঐতিহ্যে অস্মিতার ব্যতিক্রমী সাধক

তা ছেড়ে প্রশংসা করলে (সে) সব দৃষ্টিই খণ্ডিত।

যার যেমন রোচে তার (তেমনি) বোল,

এর বেশের কি মূল্য আছে?

এমন গৌড়তরুণী যে বড়মানুষের ঘরে পশে,

লক্ষ্মীর মণ্ডপ (মতো তা) দেখায়।”

(রেখা চিহ্নিতটি এই লেখকের দেওয়া। প্র. সংকলন। প্রথম খণ্ড। পৃ. ১২৮-১৩০)

তর্কবিতর্কের মধ্যে এটি উঠে এল এই সব মেয়েদের ষড়লোকের সংসারে পরিচারিকা-ভোগ্যা রূপে বিক্রয়ের জন্য এনেছে এবং তাদের রূপের নয়, তাদের বেশভূষার, বড়াই করছে। সেই সঙ্গে অপরের পণ্যের নিন্দাও আছে।’ (প্র,সং. ১ম, পৃ.১৩৪)

গৌড় শব্দটি বার বার উল্লেখ করে ভাষার যে ব্যয়, সেটি গৌড়বাসীর। ভাষিক উপস্থাপনায় তাদের চরিত্র যে দাম্পিকতায় পরিপূর্ণ তাও বেশ স্পষ্ট। আচার্য সেন লিখেছেন

“সেকালে গৌড়ের অর্থাৎ বাংলাদেশের লোকের বিদেশে বদনাম ছিল দাম্পিক বদরাগী ও তর্কিক বলে....। মালবের লোকটি তাকে ভয়ে ভয়ে স্পষ্ট কথাই বলেছে, “গউড়, তুহঁ এক কোপণু অউক বর্ব[রু]। কো তহঁ সহঁ উই বোলই।”

বাঙালির এই দাম্পিক চরিত্রের সমর্থন পাওয়া যায় নানা তথ্যে ও সাহিত্যে। প্রবোধচন্দ্রোদয় নাটকের বেটো কুলীন বামুনের প্রসঙ্গ উল্লেখ করেছেন আচার্য সেন। এই প্রসঙ্গে জৈনধর্মের প্রচারকের পেছনে কুকুর ছেড়ে দেওয়ার কথাও তো রয়েছে। নিন্দনীয় এই দাম্পিকতা আজও বাঙালি অস্মিতায় মিলেমিশে রয়েছে, সেটি ভারতভ্রমণে গিয়েছেন তাঁদের অধিকাংশের কাছে স্পষ্ট।

এরকম একটি বহুভাষিক নিদর্শন ভারতে খুব কম রয়েছে। কারণও ভিন্ন। প্রথমত, ‘সুতনুকা’ ছিল একটি প্রত্নলিপি’। ঐতিহাসিক বিচারে প্রাচীন ভারতীয় আর্ষ থেকে মধ্যভারতীয় আর্ষে প্রবেশের কালের প্রত্ন-স্তরের মতো। আর এই লিপির ঐতিহাসিক

দিক তো রয়েছে কিন্তু সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়টি হল এককালিক বহুভাষিক চিত্র। মধ্যভারতীয় আর্থের স্তর থেকে নব্যভারতীয় আর্থে প্রবেশের সময়েরও একটি প্রত্নস্তর হিসেবেও ধরা যেতে পারে এটিকে। আবার একই সঙ্গে সমকালের একাধিক ভাষা/উপভাষার বেশ কয়েকটি নিদর্শন রয়েছে। আচার্য সেনের ভাষায় এই দুটোই সুন্দরভাবে প্রকাশ পেয়েছে।

“... শিলালেখটির ভাষা প্রত্ননব্যভারতীয় অর্থাৎ বাংলা ওড়িয়া মৈথিলী হিন্দি ব্রজভাষা পাঞ্জাবী গুজরাটী মারাঠী ইত্যাদি আধুনিক ভারতীয় আর্থভাষার শৈশবকালে একান্নবর্তী অবস্থার ভাষা বা সাহিত্যে ব্যবহৃত হয়েছে। কেননা সমসাময়িক লৌকিক সাহিত্য ভাষা অপভ্রষ্টের এ অত্যন্ত কাছাকাছি...” - এককালিক বহুত্বের উপস্থিতি।

পরের অংশে রয়েছে ঐতিহাসিক গুরুত্বের বিষয় “... - অথচ এতে আঞ্চলিক বিশিষ্টতার লক্ষণ প্রকট হতে শুরু হয়েছে, অর্থাৎ এর মধ্যে নব্যভারতীয় আর্থভাষাসমূহের অঙ্কুর উদ্ভিন্ন হয়েছে।” (প্র.সং ১ম খণ্ড, পৃ.১২২)।

প্রাচীন ভারতের এককালিক বহুভাষিকতার নিদর্শন হিসেবে রয়েছে কেবল অশোকের শিলালিপি। এ ছাড়া একত্রে সংকলিত বা রচিত অন্য কোনো উপকরণ নেই যেখানে এতোখানি সুসংগঠিত তথ্যের ভাঙর একত্রে। এই কাব্য শিলালিপি অশোকের অনুশাসনের বহুভাষিক প্রতিনিধিত্বের পাশে শুধু যে কেবল নতুন তা নয়, অন্যতম সংযোজন। সাতটি আঞ্চলিক মাতৃভাষার একত্র উপস্থিতি। “সমসাময়িক কথ্য উপভাষার ঐতিহাসিক নিদর্শন হিসাবে এই শিলালেখটির মূল্য ও মর্যাদা প্রায় অশোকলিপির পরেই।” (সেন সুকুমার, ঐ)

সাম্প্রতিক এক গবেষক এটি উল্লেখ করেছেন যে যখন ফারসি এদেশের ভাষার ওপর তাদের আধিপত্য নিয়ে মাথা ঘামালো না, তখন সংস্কৃতের বাইরে আঞ্চলিক মাতৃভাষাগুলো মাথা তুলতে শুরু করেছিল। অর্থাৎ ভারতের মাতৃভাষাগুলি লোকায়ত জীবনে যা অনুশীলিত হতো সেগুলো প্রাধান্য পেতে শুরু করল। সেদিনের অপ্রধান ভাষাগুলির অনুশীলনের নতুন মাত্রা পেয়ে নিজেদের জীবনধারা নিঃসন্দেহে কোনো না কোনো রাজছত্রের ছায়াতেই বহাল করে আসছিল একটু একটু করে, অসচেতনে জীবনের প্রয়োজনে। এবং তা নব্যরূপে স্বীকৃতি অর্জনের আগেই।

প্রাচীন ভারতের সাংস্কৃতিক জীবনে নারীহাটার এই চিত্রের ঐতিহাসিক সত্যতা তা নিয়ে অনুসন্ধান করা যেতে পারে। তবে এর বিষয়বস্তু তপোবনের অন্তরালে অন্য এক লোকায়ত ভারতের সন্ধান দেয়। প্রাচীনতা রয়েছে আমাদের, কিন্তু তা যে কেবল বিশেষ কারুর অবদানের অঞ্চল গৌরবের অস্মিতায় সমৃদ্ধ নয়, বহুমুখী প্রান্তিক জীবনেও অলংকৃত সেটির উপলব্ধি প্রয়োজন। ভাষিক সহনশীলতা ও ভূখণ্ডের লোকায়ত বহুভাষিকতাকে তা দৃঢ়ভাবে প্রতিষ্ঠা করে। শতশত সাম্রাজ্যের ধ্বংসের পরে ওরা কাজ করে – এটি স্পষ্ট হয়েছে। তা বয়ে এসেছে নানা রাজশক্তির উত্থানপতনের অন্তরালে, প্রান্তিক জনের প্রয়োজনীয়তার পথ বেয়ে।

রামকথায় বহুজন

প্রাক-ইতিহাসের আলাপন

কেবল এই ভূখণ্ডেই নয়, অতীতে সমগ্র বিশ্বেই মানুষের স্রোত এ প্রান্ত থেকে অপরপ্রান্তে গিয়ে বহুধা বিভক্ত হয়েছে। ইন্দো-ইউরোপীয় তত্ত্বে কেন, ভারতের আর্যভাষী, অস্ট্রো-এশিয়াটিক, দ্রাবিড় জনগোষ্ঠীর ভৌগোলিক বিন্যাসেও তা স্পষ্ট। তাদের মতো করে থিতু হয়েছে, বিবর্তনের নানা ছন্দে গড়ে তুলেছে নতুন জীবনধারা, কিন্তু সমগ্র অতীতকে তারা মুছে দিতে পারেনি, চায়ওনি। নতুন প্রাকৃতিক পরিবেশে, ভাষিক ও সাংস্কৃতিক সংযোগে নতুনের জন্ম হয়েছে, স্থান ও সময়ের দূরত্ব তাতে পরিবর্তনের সহজাত মাত্রা জুগিয়েছে। প্রবাসী বাঙালির নতুন প্রজন্ম যেমন কিছু হারিয়ে ফেলে চীন দেশে গিয়ে, তেমনি কিছু বয়ে নিয়ে চলে সংস্কৃতির অঙ্গ হিসেবে রসের সঙ্গে। ভাষায়, কথায়, লোককথায়, লোককথা থেকে ধ্রুপদী সাহিত্যে সেগুলো নতুন রূপে চিত্রিত হয়ে থাকে। কোলকাতা শহরে বটতলা থানা আছে, বটতলার ছাপাখানার কথা রয়েছে, ছবি রয়েছে, গল্পে গাথায় নানা জনের রচনায়।

সভ্যতার ইতিকথা শুধু তো ইতিহাস দিয়ে ধরা যায় না। তার পূর্বেরও ইতিহাস প্রাক-ইতিহাসের পর্বও রয়েছে তার মধ্যে। সেইটি হল প্রত্ন স্তর। বহুর মধ্যে ছড়িয়ে থাকে। আহরণ করতে হয় সচেতনে। এর প্রমাণ মেলে আচার্য সেনের "একটি গল্পগুচ্ছের কলুজি" এই অংশে। সেখানে একাধিক গল্পের বিষয়বস্তুর মধ্যে

তুলনামূলক আলোচনা করে গল্পগুলির সম্ভাব্য প্রত্নস্তরের স্কেচ বা রেখাচিত্র তৈরি করেছেন। তাঁর বিশ্বাস

“ইতিহাসের ওপারেও ইতিহাস আছে এবং তার ওপারেও ইতিহাস ছিল - প্রাক ইতিহাস ও প্রত্ন ইতিহাস। এবং সেখানেও ইতিহাসের শেষ নয় যদিও সেই ইতিহাসের প্রায় সবটাই অনুমান গম্য। কিন্তু আধুনিককালে পণ্ডিতদের আলোচনার ফলে সেই প্রাক প্রত্ন-ইতিহাসের বাষ্পাস্থির মধ্যেও প্রমাণের পা ফেলবার মতো একটু-আধটু ঠাঁই মিলেছে ও মিলছে। এ ব্যাপার সম্ভব হয়েছে প্রাচীন মিথলজির (আমাদের প্রাচীন সাহিত্যের ভাষায় ইতিহাস পুরাণের) তৌলন-আলোচনা ও বিশ্লেষণ এর দ্বারা।” (একটি গল্পগুচ্ছের কলুজি - পৃষ্ঠা 73, প্র. সং 3)

পুরাণকথা, গল্প, কাহিনী, কাব্য, মহাকাব্য, এসব থেকেই ইতিহাসের প্রত্নস্তরের অনুসন্ধান ছিল তাঁর সহজাত। দুই মহাকাব্য নিয়েও রয়েছে সেই প্রয়াস। বীজ-কাহিনীর বৈচিত্র বৃহৎ ভারতকে বহুত্বের মাঝে প্রতিষ্ঠিত করে। রামকথার প্রাক-ইতিহাস এবং ভারতকথার গ্রন্থিমোচন হল শব্দবিদ্যার আলোকে ভারতকথায় বীজকাহিনীর বিশেষ সংযোজন।

রাম-এর কথা, রাম-এর মতো কথা কেমন করে ভারতের প্রান্তে প্রান্তে বা বাইরে দেশান্তরে কীভাবে ছড়িয়ে রয়েছে সেগুলোর একটা তুলনামূলক আলোচনা। তুলনামূলক পদ্ধতির দুটো ধারার দিকে নজর দিলে - ভূখণ্ডের অভ্যন্তরে ও বাইরের বিশ্বের সংযোগে কোনো প্রত্নস্তর পাওয়া যাবে কি?

১৯৯২ সালে রামকথা নিয়ে যে সংঘাত শুরু হলো তার কিছু আগে কাজের অবসরের আলাপচারিতায় কয়েকটি বাক্য উল্লেখ করেছিলেন আফসোসের সঙ্গে। “সারাজীবন ধরে নানা তথ্য অনুসন্ধান করে যেগুলো আমি পাঠকের হাতে তুলে দিলুম, দুঃখের ও পরিতাপের বিষয় হলো দেশের মানুষ তা অনুসরণ করলো না সংঘাতে জড়িয়ে পড়ল। বড্ড আফসোস হয়।” তাঁর গবেষণার পেছনে অনুসন্ধানের জন্য অনুসন্ধান এই ব্যাপারটি ছিল না বললেই চলে। নিজের অতীত খুঁড়ে নিজের আসল পরিচিতি ও মঙ্গলসাধন ছিল উদ্দেশ্য।

ভারতীয়দের মধ্যে রামায়ণের রসবোধ নিয়ে কোনো বিরোধ নেই। কিন্তু সেই কাহিনী বাস্তব প্রেক্ষাপট এবং রাম কথার ঐতিহাসিক তথ্য এ নিয়ে বিতর্ক আছে। সেটি তিনি অনুভব করেছিলেন। আবার এই অনুভবও করেছিলেন যারা রামকে ঈশ্বরের অবতার মনে করে না তারাও রামায়ণের কথা শুনতে খুব ভালোবাসে। আবার যাদের ধর্ম বিশ্বাসে ‘রাম’ ঈশ্বরের নামান্তর সে আরেক ধরনের ভাবনা। কিন্তু কারও ধর্ম-বিশ্বাসের রাম, সে তো তাঁর নিজের ভাবনায় গড়া। তাকে ইতিহাসের ছবি করি কি করে? এ প্রশ্ন তিনি গভীর আবেগের সঙ্গে তুলে ধরেছিলেন। রামকে যারা ইতিহাসের ব্যক্তি মনে করেন, তারা রাবণকেও ঐতিহাসিক ব্যক্তি বলেই মনে করেন বা মনে করতে বাধ্য। “কিন্তু দশগ্রীব, বিংশতি ভুজ জীবকে হাইড্রা মনে করতে বাধা নেই, মানুষ মনে করতে বাধা আছে।” (রামকথার প্রাক-ইতিহাস। ৪র্থ খণ্ড। পৃ.২৪৭)

তিনি রামের ঐতিহাসিক চরিত্রের বাস্তবতা কতোখানি এবং কোথায় লুকিয়ে আছে, আদৌ আছে কি না সেগুলিকে শব্দবিদ্যনিষ্ঠ পুরাতাত্ত্বিক দৃষ্টিভঙ্গি থেকে একের পর এক তুলে আনার চেষ্টা করে দেখিয়েছেন – যে এই কাহিনী মিশে আছে আধুনিক মানব সমাজের নানা অংশে। অতি প্রাচীন স্তরেই কোথাও এর বীজ উগ্ধ হয়েছে। কেননা বিশ্বের বিভিন্ন দেশে দেশে ছড়িয়ে রয়েছে নানা ভাবে।

কোথায় রয়েছে এই রামকথার বৈচিত্রের বীজ? রয়েছে ঋগ্বেদ, বুদ্ধ জাতক, জৈন কবিদের রামকথা কাব্য, ইরানি খোটানী ভাষায় রামকথা কাব্য, বহির ভারতের ভাষায় রাম কথা, সংস্কৃতে রাম কথা, পুরাণে রামকথার স্তর, অশ্বঘোষ ও রামকথা, কালিদাস ও রামকথা, ভট্টিকাব্যে রাম কথা, অভিনন্দের রামচরিত, ঈক্ষাকু বংশে রামকথা, প্রাচীন সাহিত্যে বানর গাথা, রামকথা ও বালটোল্লাব মিথ, রামকথা ও আইরীশ মিথ, বালটোল্লাবের দেশীয় রূপ, ইরানি ঐতিহ্যে রাম, রাম কথায় মিথের খন্ড ও গ্রন্থি, রাম কথার তন্ত্র সিদ্ধু সভ্যতার উপকরণে, তার শিলালিপিতে ইত্যাদি বহু ক্ষেত্রেই। যেমন এই সব কাহিনীর মধ্যে রয়েছে বিষয়বস্তুর বৈচিত্র, তেমন রয়েছে চরিত্রগুলোর মধ্যে সম্পর্করীতির ভিন্নতা। তবে পারিবারিক পরিসর, সংঘাত ও পরিণতির মধ্যে একটা প্রত্ন-বীজের অনুসন্ধান মিলে। তাই রামকথা কেবল বাল্মীকির কাহিনীতে পরমসত্য ধরে নিই কী করে? তাই নিজের উপলব্ধিকে তিনি স্পষ্ট করে জানিয়েছেন পাঠককে।

“সাধারণ পাঠকদের প্রথমেই জানিয়ে রাখি যে আমার এই আলোচনা চলেছে ইতিহাস নিষ্ঠার হাঁটাপথে ধর্মবিশ্বাসের বেগম যানে নয়। ইতিহাসনিষ্ঠ ও ধর্মবিশ্বাসের যাত্রাপথ ভিন্নমুখী। ইতিহাসের পথে এগোতে হলে তথ্যের পাথেয় চাই, যুক্তির যষ্টি অবলম্বন চাই। ইতিহাস পথিক কোন স্বতঃসিদ্ধান্ত নিয়ে যাত্রা শুরু করে না। ধর্মের পথে ধাবমান হলে চাই শুধু সুদৃঢ় বিশ্বাস। ইতিহাসের সিদ্ধান্ত প্রমাণ নির্ভর, আর সে প্রমাণ স্বাধীন অর্থাৎ ব্যক্তিগত ভাবনা ও ধারণার বাইরে থেকে পাওয়া গুরুমুখ নিঃসৃত মস্তিষ্কের মতো অথবা শাস্ত্র বাক্যের মতো স্বতঃপ্রমাণ নয়। ইতিহাসের প্রতিষ্ঠিত তথ্যের এবং যুক্তির উপর, ধর্মের প্রতিষ্ঠিত বিশ্বাসের এবং আচরণ নিষ্ঠার উপর। ইতিহাসের প্রাণ প্রমাণের মধ্যে, ধর্মের প্রাণ প্রমাণের বাইরে। তাই ইতিহাস পন্থীর সঙ্গে ধর্মগ্রন্থের কোনো ঝগড়া-বিবাদ নেই। ইতিহাস বিশ্বাস ও ধর্ম বিশ্বাস দুইই সত্য, তবে তা একই চিন্তার স্তরে অবস্থান করে না এবং যুগপৎ সত্য নয়। ” (রাম কথার প্রাক ইতিহাস , প্র. সং ৪র্থ খন্ড, পৃ. ৪৩৭)।

ভাষাতত্ত্ব চর্চা হোক বা যেভাবেই ভাষা নিয়ে চর্চা হোক তা কেবল নিছক ভাষার উপরিকাঠামো বিশ্লেষণ নয়, তার সঙ্গে একটা সামাজিক দায়বদ্ধতা থাকে। সববিদ্যাতেই তাই। এই সম্পর্কে আরো একটি তাঁর মন্তব্য উল্লেখ করা প্রয়োজন

“ইতিহাস শব্দটিকে ইংরেজি *history* শব্দের অনুবাদ হিসেবে ব্যবহার করতে গেলে সমসাময়িক বিবরণ অথবা লিপিবদ্ধ তথ্য সাম্প্রতিক প্রমাণের উপর তাকে খাড়া করতে হয়। কিংবদন্তির ধারাবাহিক গল্পকথার অথবা ধর্ম কাহিনীর মূলে কোনো তথ্য আছে কিনা যাচাই করে সত্যের নির্যাসটুকু সেখান থেকে বার করে নিলে তবেই সে নিষ্কাশিত সত্যটুকু ইতিহাসের উপাদান হতে পারে কোনো সুনির্দিষ্ট লিপিবদ্ধ উক্তি অথবা ইঙ্গিত দ্বারা সমর্থিত না হলে ইতিহাসে ব্যবহারযোগ্য হয় না।” (প্র. সং., ২য় খণ্ড, পৃ.২৬২); (সুকুমার সেন, অলোক রায়, পৃ. 43।)

গীতিকবিতায় বঙ্গবাসী

বাঙালি অস্মিতায় ভারতবাসী

সালটা ১৯৩৫। বাবার হাতে তুলে দিলেন একটা সুন্দর বাঁধানো বই। তিনি বইটার এদিক সেদিকের পাতা উল্টে দেখলেন, বেশ সুন্দর হয়েছে, সুন্দর বাঁধানো, ছাপাও বেশ ভালো। তারপর পুত্রের হাতে ফেরৎ দিয়ে বললেন ‘চৈতন্যকে নিয়ে ব্যবসা করো না’। এই বইটিই ছিল তাঁর History of Brajabuli Literature। পিতার মতামতে আহত হননি।

সাহিত্যের ইতিহাস রচনার তাঁর কোনো পরিকল্পনা ছিল না। শব্দের ইতিহাস রচনায় ডুবে ছিলেন। ১৯২৪ সালে প্রেমচাঁদ রায়চাঁদ বৃত্তির থিসিসের বিষয় ছিল Historical syntax of Middle and Indo-Aryan (Bengali)। সেখানে আধুনিক (বাংলা) আর্থ ভাষার ঐতিহাসিক পদ-বিচার শুরু করলেন। শব্দের ইতিহাস রচনায় তুলনামূলক শব্দবিদ্যার ফলিত প্রয়োগের সুযোগ হলো। সেটিই ছিল ধ্যানজ্ঞান। কিন্তু বিশ্ববিদ্যালয়ে প্রবেশের পর গুণীজন সংসর্গে অধ্যাপনা, অধ্যয়ন ও সৃষ্টির আকাঙ্ক্ষা নানা খাতে বয়ে গেল।

যে তিনটি গ্রন্থ আচার্য সুকুমার সেনকে সবচেয়ে বেশি পরিচিতি দিয়েছে তা হল ইংরেজিতে এই ব্রজবুলি সাহিত্যের ইতিহাস, আর পরবর্তী কালের বাংলা সাহিত্যের ইতিহাস ও ভাষার ইতিবৃত্ত। বাংলার ভাষা ও সাহিত্যের কুলুজী জানার এমন তিন আকর গ্রন্থ সহজে মিলবে না। ওডিবিএল-এর বাইরে ভাষা ও সাহিত্যের অস্মিতার পুঞ্জানুপুঞ্জ বর্ণনা রয়েছে এগুলিতে। তবে এগুলি তৈরি হয়েছে প্রয়োজনের তাগিদে। আত্মকথায় বলেছেন বাংলা সাহিত্যের ইতিহাস ও ভাষার ইতিবৃত্তের পেছনের কথা। লিখেছেন - সুনীতিবাবু বিদেশে যাওয়ায় বাংলা বিভাগে পড়ানোর সুযোগ এসেছিল তাঁর। বাংলা ক্লাসে বাংলা শব্দবিদ্যা পড়াবার সুযোগই ‘ভাষার ইতিবৃত্ত’ রচনার ভাবনা জন্ম নেয়। সেই সময়ে সেক্রেটারি শৈলেনবাবুর ভূমিকা ছিল জরুরি। বাংলায় শব্দবিদ্যা এই বই লেখার প্রস্তাব তিনি সমর্থন করেন। একটি ছোট বাংলা সাহিত্যের ইতিহাস লেখবার কথা তিনিই বললেন। এই হল ‘ভাষার ইতিবৃত্ত’ ও ‘বাংলা

সাহিত্যের কথা’ রচনার পেছনের কাহিনি। বই দুটো বেরুলো ১৯৩৯ সালে। (দিপদিগে, পৃ. ২২৮)।

কিন্তু ব্রজবুলি সাহিত্যের ইতিহাসের কারণ কি? সেটি তো এরও আগে ১৯৩৫ সালে। তার উৎস কি? ছোটো ছোটো বৈষ্ণবীয় ভাবনাই সম্ভবত এর পেছনে কাজ করেছিল। সেনেরা শাক্ত হলেও পারিবারিকভাবে বৈষ্ণবভাবাপন্ন। শৈশব থেকে এর প্রভাব ছিল মনে। আত্মজীবনীর নানা কথায় তা উঠে এসেছে। শধু তাই নয় তাঁর প্রবন্ধগুলিতে বৈষ্ণব-ভাবনা প্রভাবিত বিষয়ও যথেষ্ট প্রাধান্য পেয়েছে। পরিবারে কারও চরিত্রের মধ্যে কোনো গুণ দেখলে তুলনা করতেন বৈষ্ণব-ভাবনা দিয়ে। চৈতন্যদেবের মত আমার দাদা খুব আমপ্রিয় ছিলেন।’ (দিপদিগে, পৃ. ১২)। লিখেছেন বাবা ‘মাকে মাঝেই চৈতন্যভাগবতের শ্লোক উচ্চারণ করতেন – ‘অনায়াসেন মরণং বিনা দৈন্যেন জীবনং’।

কিন্তু বিশ্ববিদ্যালয়ে তো এ সুযোগ ছিল না। আবার নিজেরও এমন কোনো পরিকল্পনাও ছিল না। বাংলা গদ্য ও প্রাচীন বাংলা সাহিত্যের ইতিহাস নিয়েই ভাবছেন। এখানেও সেই সুনীতিবাবুই হলেন কারণ। তিনিই তাঁকে বৈষ্ণব সাহিত্যের আলোচনার দিকে ঠেলে দিয়েছিলেন। লিখেছেন – “সুনীতি বাবু আমাকে গোবিন্দদাস কবিরাজ সম্বন্ধে লিখতে বলে বৈষ্ণব সাহিত্যের আলোচনায় ঠেলে দিয়েছিলেন। শব্দবিদ্যাকে পাশ কাটিয়ে বিশুদ্ধ সাহিত্যের আলোচনায় কখনো যে আমি নামব এমন চিন্তা কখনো আমার মাথায় আসেনি।” (দিপদিগে, পৃ. ২২৮)। আরও একটি ঘটনা বৈষ্ণব-সাহিত্যের দিকে এসে নতুন মাত্রা যোগাল। সেটি হল অধ্যাপক সুশীল কুমার দেব সঙ্গে ছোটো একটি দ্বন্দ্ব। তিনি তখন বৈষ্ণব সাহিত্য চর্চা করছেন। চৈতন্যভাগবতের রচনাকারের নাম নিয়ে এই মতদ্বৈততা হয়। সুশীলবাবুর মতের বিপরীতে ছোট একটি প্রবন্ধ লিখে ফেলেন। “তিনি (সুশীল কুমার দে) একটি প্রবন্ধে লিখেছিলেন যে বৃন্দাবনদাস চৈতন্যভাগবত লিখেছিলেন নিত্যানন্দ ও স্বরূপ দামোদরের আঞ্জায়। আমি সুশীলবাবুর ভ্রম দেখিয়ে বলেছিলুম যে বৃন্দাবন দাস বই লিখেছিলেন “নিত্যানন্দ-স্বরূপের” আঞ্জায়। তা দুই ব্যক্তি নন, একই ব্যক্তি। নিত্যানন্দের পুরো নামই ছিল নিত্যানন্দ-স্বরূপ। (দিপদিগে পৃ. ২২৩)।

শব্দের ও তার ব্যবহারের পরিচয়ের খোঁজ করতে গিয়ে যে সংশয় ও সমাধান জন্ম নিয়েছিল, তার কারণ হল এই শব্দবিদ্যা। সুনীতিবাবু আর নাম বিতর্ক দিয়েই বৈষ্ণব সাহিত্যে অনুপ্রবেশ। এর সঙ্গে ছিল 'বিশ্ববিদ্যালয়ের আশুতোষ মেডেল বা গ্রিফথ প্রাইজের' (দিপদিগে, পৃ.২১৫) অনুপ্রেরণা। ব্রজবুলি সাহিত্যের ইতিহাস রচনার পেছনে ছিল এইসব ছোটো ছোটো ঘটনা।

বৈষ্ণবদর্শন বাংলায় প্রাক-আধুনিক যুগে কতখানি বিস্তার লাভ করেছিল সেটি নিয়ে তাঁর কৌতূহল জাগে। এরই একটা সামগ্রিক ধারণা দিতে চেয়েছেন এখানে। মজুমদার এবং জানা কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে যে বৈষ্ণব পদাবলীর অনুক্রমণিকা বের করেছেন, সেখানে লিখেছেন যে প্রায় ৫২৫ জন পদকর্তা ১১০০০ হাজারের মতো কবিতা রচনা করেছিলেন। তবে সেগুলি সব ব্রজবুলিতে নয়। লোকায়ত বাংলাতেও ছিল। আচার্য সেন এগুলির মধ্যে প্রায় ৩০০ কবির রচনা নির্বাচন করেছেন। ষোড়শ শতক থেকে ঊনবিংশ শতকের মধ্যে রচনা। উদ্দেশ্য গঙ্গাজলে গঙ্গা পূজো। কবিতা দিয়ে ইতিহাস রচনা। একটা সময় বৈষ্ণব ভাবনা গোটা বাংলার লোকায়ত জীবনকে প্রবলভাবে আন্দোলিত করেছিল, এ তারই চিত্র। উদ্দেশ্য যেহেতু ইতিহাস রচনা তাই বহুমাত্রিক হতে হবে, অর্থাৎ যার থাকবে কালানুক্রমিক উপস্থাপনা, ভৌগোলিক বিন্যাস, বিষয়বস্তুর বৈচিত্র্য, সাংস্কৃতিক প্রেক্ষাপট, কবি ও তাঁর জীবন ও সমাজ ইত্যাদি। শব্দবিদ্যার সেই অধ্যায়ে শব্দবিদের কবিতার সঙ্কলন দিয়ে ইতিহাস তৈরির এই উদ্যোগ, ব্যতিক্রমী ব্যাপার। করেছেন নিখুঁতভাবে।

সবচেয়ে বড়ো কথা হলো ইসলামি-শাসন ও ব্রাহ্মণ্য-আধিপত্যের সেই যুগে, যখন বাঙালি অস্মিতার কোনো কিছুই যখন দানা বাঁধেনি তখন বৈষ্ণব সাহিত্যের চর্চা চলছে প্রান্তিক জীবনে। অথচ তাদের ভাষার কোনো নামকরণই হয়নি। 'বাংলা' নামে চিহ্নিতই হয়নি তাদের ভাষা। বাংলা সাহিত্যের ইতিহাসে বলেছেন তিনি।

অষ্টাদশ শতাব্দীর আগে বাঙ্গালা ভাষার বিশেষ কোনো নাম ছিল না। সাধারণ শিক্ষিত লোকেরা দুইটি দেশীয় ভাষার নাম জানিতেন। এক, সংস্কৃত - শাস্ত্রের ও পাণ্ডিত্যের ভাষা; আর - মাতৃভাষা অর্থাৎ বাঙ্গালা। দ্বিতীয় ভাষাকে তখন উল্লেখ করা হইত "দেশি", "লৌকিক", "প্রাকৃত" (বা "পরাকৃত") ভাষা, অথবা শুধু "ভাষা" বলিয়া।" (বাংলা সাহিত্যের ইতিহাস, ১ম খন্ড, পৃষ্ঠা ৫)।

ব্রজবুলিতে পদের চর্চা শুরু হয়েছে সেই সময়ে। মিথিলা ও বাংলার বিদ্যাচর্চার সংযোগের পরিণতিতে বিদ্যাপতির ভাষা বাংলায় এসে হাজির হয়। তারই মধ্যে চৈতন্যদেব তাঁর দার্শনিক মনোভাবের পরিপূরক উপাদান পান। চৈতন্যোত্তর যুগে তাই বৈষ্ণবসাধকদের ব্রজবুলিতে পদরচনা প্রবলভাবে প্রভাবিত করেছিল।

নতুন চিন্তার আলোকে ফিরে দেখার প্রবণতা ইউরোপেই রেনেসাঁসের সময় জন্ম নিয়েছিল। আত্মপরিচিতির উত্থানের শক্তি হিসেবে। সম্ভবত এগুলো কালান্তরের সহজাত প্রেষণা। যেখানে যেখানে সেই অবস্থার উদ্ভব হয়েছে সেখানে এই ঘটনা ঘটেছে। বাংলায় জাতীয় আলোড়নের কালে সচেতন রাজনৈতিক সংসর্গ ছাড়াই স্বদেশ-অভিমানের বিষয়গুলি সাধারণের মধ্যে তাই সক্রিয় ছিল। আচার্য সেন এর বাইরে ছিলেন না। নিজের বিদ্যাসাধনায় সেগুলির হয়তো মনে রেখেছিলেন।

হিন্দু-মুসলিম শাসক-শাসিতের প্রাথমিক সংঘাতের তীব্রতা কমতে শুরু করেছিল ত্রয়োদশ থেকে। শাসকের আধিপত্যের দুরাচার যে লাঘব হয়েছিল তা নয়। ওদিকে ব্রাহ্মণ্যবাদী-সংস্কৃতিতে অস্থির লোকায়ত জীবন। যন্ত্রণামুক্তির পথ খুঁজছিল মানুষ। চৈতন্য সেখানে নতুন মাত্রা নিয়ে এলেন। ঈশ্বরের কাছে দুঃসাহসী হয়ে ওঠার আত্ম-সচেতন লোকায়ত চেতনা। জন্ম নিল Devotion-এ Democracy-র মতো নতুন প্রতিবাদের পরিসর। সামনে শ্রীচৈতন্যদেব।

তাঁর প্রভাব মুসলিম জীবনকেও আন্দোলিত করেছিল পৃথক ভাবে। গীতিকবিতা রচনায় সেটি ধরা পড়ে। আচার্য সেন তাঁর এই গ্রন্থে একটি অধ্যায়ে তার চিত্র এঁকেছেন ব্রজবুলি -

.....

প্রিয় শ্রীদাম সুদাম মেলি

তরণীতনয়া-তীরে কেলি

ধবলি শাঙ্গলী আও রি আও রি

ফুকরি চলত কান রি ॥

বয়েস কিশোর মোহন ভাতি

বদন ইন্দু জলত-কাঁতি

চারু-চন্দরি গুঞ্জা-হার

বদনে মদন-ভান রি ॥

.....

(ব্রজবুলি লিটারেচার পেজ ৫৮৬, ৪৬২, কল্পতরু ১৩২৯) ।

এই পদের রচয়িতা এক মুসলিম কবি। নাম নাসির আহমেদ । এটি আবার বৈষ্ণবকবিতার আকর গ্রন্থ পদকল্পতরুতে ঠাঁই পেয়েছে। নাসির ছিলেন চট্টগ্রাম অঞ্চলের লোক । একটি ওড়িয়া বৈষ্ণব কবিতাও এবং ব্রজবুলিতেও পদ রচনা করেছেন। এমনি আরেক কবির নাম সালা-বেগ। এই সালা-বেগের বাবা ছিলেন মুসলমান, মা ছিলেন হিন্দু। ভারতীয় সংস্কৃতিতে এই নর-নারী সম্পর্কের পেছনে সংঘাতও থাকতে পারে। ভারতের ইতিহাসে এই চিত্র সর্বত্র ছড়িয়ে রয়েছে। আর্য-অনার্য, বৌদ্ধ-অবৌদ্ধ, বর্ণসঙ্কর দ্বন্দ্ব, মিলন-সংঘাতের এই ইতিহাস পরিচিত সংস্কৃতিতে। বৈষ্ণব সাধকেরা ধর্ম-বর্ণ জাতিভেদ ফেলে দিতে চেয়েছিলেন। সৈয়দ মুর্তাজার নামে আরেকটি পদ (2957) পাওয়া যায়। এরা উত্তরপ্রদেশের রাইবেলি থেকে এসে জঙ্গিপুরের বালিয়াঘাটে বাসা বেঁধেছিল। সাহ-আকবরের নামের পদ সংকলনে রয়েছে। এঁদের কথা উল্লেখ করেছেন অনেকেই। মনিমোহন মল্লিক মুসলিম কবিদের হিসেবে দিয়েছেন। সালবেগ, ফাতানা শেখ, শাহ আকবর, ফকির হাবিব, কবি মোহাম্মদ শেখ, প্রমুখদের নাম উল্লেখ করেছেন ব্রজসুন্দর সান্যাল । মুগ্ধি আব্দুল করিমের পুঁথির তালিকায় রয়েছে মিলবে মুসলমান কবিদের নাম। সবই উল্লেখ করেছেন আচার্য সেন এই গ্রন্থে। রয়েছে নাসির মোহাম্মদ, আলি-রাজা, সৈয়দ আইনাদিন, সৈয়দ মরতুজা, নাসিরদিন, গএরাজ, আলাওল, আমান, শের চাঁদ, বদিউদ্দিন, আফজাল আলি, আব্বাস , মহম্মদ হানিফ, আব্দুল মালী, এবাদুল্লাহ , মহম্মদ হাসিম, লাল-বেগ, মির্জা কাঙালি মির্জা ফায়াজুল্লা, শাহ কেয়ামুদ্দিন, মহম্মদ আলি, হাসমত আলি, চম্পা গাজী, বকসা আলি, আলিমিনা ফকির ওহাব , দুলা মিঞা , শামসের, পীর মোহাম্মদ , সৈয়দ সুলতান প্রমুখ পদকর্তার নাম । (হিস্ট্রি অব

ব্রজবুলি লিটারেচার, পৃ. ৪৬৪)। ধর্মনিরপেক্ষ আন্দোলনের আগেই বা ধর্ম-কেন্দ্রিক জল-অচল ভেদ ভাঙতে শুরু করেছিল মধ্যযুগেই। বাংলায় ধর্মনিরপেক্ষতা ছিল বলা যাবে না, তবে ভিন্ন ভিন্ন ধর্মের মধ্যে একটা ভারসাম্য বোধ হয় তৈরি হচ্ছিল সমাজ জীবনে, উনিশের আগেই। সম্ভবত ক্ষমতার কেন্দ্রে স্থিতিশীলতার কারণে। অর্থ এই নয় যে সংঘাত সেখানে ছিল না। প্রাকৃতিক শর্তের মতোই সংঘাত ও সমন্বয় বয়ে চলছিল, তারই মাঝে স্থিতিশীলতার আকাঙ্ক্ষায় বৈষ্ণব সাধনা।

আগেই উল্লেখ করেছি ব্রজবুলির সাহিত্যের ইতিহাসের মধ্যে মূল ব্যাপারটা হল গীতিকবিতার সংকলন, কিন্তু ইতিহাস তৈরি তার লক্ষ্য। এটি একটি বিশেষ উদ্যোগ। সাহিত্যের ইতিহাস তৈরির জমি তৈরি করে দিয়েছিল। কারণ সেখানেও আলোচিত গ্রন্থগুলো থেকে পরিমিত উদাহরণ দিয়ে লেখক ও লিখিত বিষয়ের মধ্যে ইতিহাসের প্রেক্ষাপট তৈরি করেছেন। রবীন্দ্রনাথ সম্ভবত সেই কারণে বাংলা সাহিত্যের ইতিহাসের চিঠিতে লিখেছিলেন - “গ্রন্থকার তাঁর বিবৃতির সঙ্গে সঙ্গে আলোচিত পুস্তকগুলি থেকে যে দীর্ঘ অংশ সকল উদ্ধৃত করে দিয়েছেন তাতে করে তাঁর গ্রন্থ এক সঙ্গে ও সঙ্কলন সম্পূর্ণ হয়েছে।” (বাংলা সাহিত্যের ইতিহাস, ১ম খণ্ড, ভূমিকা)

ব্রজবুলি নিয়ে এই গ্রন্থটি ভারতে খুব সমাদৃত হয়েছিল। অ-বাঙালি পাঠকদের কাছে গৃহীত হয়েছিল। সফলতা এনে দিয়েছিল আচার্য সেনের বিদ্যাসাধনায়। পরিচিতই দিয়েছিল তাঁকে বহির্বাংলায়। এ তিনি নিজেই উল্লেখ করেছেন “এই বইটি আমার নাম ভারতবর্ষে ও ভারতবর্ষের বাইরে পন্ডিত মণ্ডলীর কাছে কিঞ্চিৎ পরিচিতি করেছিল।.....। আমার গ্রন্থাবলীর মধ্যে এইটি বোধ হয় সর্বাপেক্ষা সমাদৃত তার কারণ বিষয়বস্তুর গৌরব ও আমার সংকলন দক্ষতা।” (দিপদিগে, পৃ.২১৪)। ভারতের বাইরে জুলস্ ব্লুথ এই গ্রন্থের গৌরবের বিষয়গুলি Journal Asiatique -এ ছেপে ইউরোপেও তাঁর পরিচিতি পৌঁছে দিয়েছিলেন।

জাতীয় প্রেক্ষাপটে বাঙালি অস্মিতাও গৌরবের সঙ্গে স্বীকৃতি পেল। বিশ শতকের জাতীয় রাজনৈতিক সত্তায় সমন্বয়ী-সংস্কৃতির পরিপূরক বার্তাও গেল সবার কাছে। বহুত্বের বৈচিত্রের মধ্যে বৈষম্যের সম্ভাবনার বিপরীতে সাধারণের জীবনদর্শনের অনুশীলন যে ঘটেছে এবং তা প্রান্তিক জনেরাই জন্ম দিয়েছিলেন, সে বার্তাও পৌঁছেছিল আধুনিক সমাজে।

বিনির্মাণের খেয়োর খাতা

পথের ধন পথেরে যাই দিয়া

আচার্য সুকুমার সেনের ব্যাপ্তির এই যে বিষয়গুলো হাতের কাছে এসেছে তা দেখে এটি উঠে আসে সমাজে নির্মাণ-বিনির্মাণের ঘটনাপ্রবাহের মাঝে স্থিতিশীলতার অধ্যায় অনেক কিছু লুকিয়ে রাখে, সেগুলির বিনির্মাণ, নতুন করে প্রয়োজন হয় নতুনের প্রেক্ষাপটে বারে বারে। তুলনামূলক শব্দবিদ্যা চর্চার সহজাত পরিণতি এটি।

আচার্য সেনের আক্ষরিক অর্থে আমৃত্যু অবদানের এই বিপুল সম্ভার দেখে মাঝে মাঝে প্রশ্ন ওঠে তিনি কি ক্ষণজন্মা ছিলেন? স্বীকার করি বা না করি, সবার মননশৈলি তৈরি হয় তারই সমাজ ও সংস্কৃতির সাপেক্ষে। প্রতিভাবানদেরও। চারাপাশে যে ঘটনা প্রবাহ বয়ে চলে, তারই রসধারা ফল্গু ধারার মতো সিক্ত করে চলে আপন খেয়ালে। আচার্য সেনও তার ব্যতিক্রম নন এবং নিজেও তা বিশ্বাস করতেন।

“... যে কাল আর পরিবেশকে আমি তুলে ধরতে চেয়েছি সেই কাল আর পরিবেশ আমাতে প্রতিফলিত হয়েছে।” (দিপদিগে-৩৫৯)। আরও বলেছেন “.... আমি কবি নই, পেশাদার লেখকও নই। তবে এই আশা করি, আমার এই রচনায় আত্মপ্রকাশ মাত্রা ছাড়িয়ে যায়নি। নিতান্ত সাধারণ মানুষ আমি, কিন্তু অ-মানুষ নই। আমার মধ্যে যেমন সব মানুষের মধ্যেই থাকে – যে অসাধারণত্বের গুঁড়োটুকু আছে তা ভেসে উঠেছে অপরের স্নেহে প্রীতিতে ভালোবাসা ও অনুগ্রহে। আপনাকে ভুলে যেতে চেষ্টা করেছি বার বার যাতে স্মৃতিপটে ধুলো না পড়ে, ভাপ না লাগে। জীবন দর্শনে রবীন্দ্রনাথ - ‘পথিক আমি, পথের ধন পথেরে যাই দিয়া। ‘(ভূমিকা দিপদিগ)।

কৃতজ্ঞতার শেষ দুটো লাইন

মানুষের তৈরি শব্দের ভাঙারে মানুষই যে কতো কি জমিয়ে চলেছে সেই সুদীর্ঘ অতীত থেকে, সেগুলির কৃতজ্ঞতা স্বীকার করতে হবে নতুন প্রজন্মকে, কিন্তু কোন পথে? তার একটা আঁচ দিতে পারে আচার্য সেনের বিনির্মাণের এইসব খেয়োর খাতার ছিন্ন ছিন্ন পাতাগুলি।

সহায়ক গ্রন্থ

বাংলা

- ঘোষ, বিনয়। ২০১১। বিদ্যাসাগর ও বাঙ্গালী সমাজ। ওরিয়েন্ট ব্ল্যাকসোয়ান।
- চৌধুরী, সত্যজিৎ। ২০০৪। সুকুমার সেন সঙ্গ-অনুসঙ্গ, কপোতাক্ষ।
- ভট্টাচার্য, রামকৃষ্ণ। ২০২৩। 'ভারতবিদ্যা ও মার্কসবাদ – রাহুল সাংকৃত্যায়ন ও দামোদর কোসম্বী', ঠিকঠিকানা।
- রায়, অলোক। ২০১৬। সুকুমার সেন (১৯০০-১৯৯২)। প্রথম প্রকাশ: ২০০৩। কলকাতা: পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি।
- সরকার, পবিত্র। ২০০৩। শ্রদ্ধালেখমালা। পশ্চিমবঙ্গ বাংলা একাডেমী।
- সেন, সুকুমার। ১৯৮৩। ভাষার ইতিবৃত্ত, ইস্টার্ন পাবলিশার্স।
- সেন, সুকুমার। ২০০১। দিনের পরে দিন যে গেল, আনন্দ।
- সেন, সুকুমার। ২০১৫। বাংলা সাহিত্যের ইতিহাস ১ম খণ্ড, আনন্দ।
- সেন, সুভদ্র, (সম্পা)। ১৯৮৪। বটতলার ছাপা ও ছবি – সুকুমার সেন। আনন্দ।
- সেন, সুভদ্র, সুনন্দন সেন (সম্পা)। ২০১৪। প্রবন্ধ সংকলন ১ম, আনন্দ।
- সেন, সুভদ্র, সুনন্দন সেন (সম্পা)। ২০১৬। প্রবন্ধ সংকলন ২য়, আনন্দ।
- সেন, সুভদ্র, সুনন্দন সেন (সম্পা)। ২০১৭। প্রবন্ধ সংকলন ৩য়, আনন্দ।
- সেন, সুভদ্র, সুনন্দন সেন (সম্পা)। ২০১৮। প্রবন্ধ সংকলন ৪র্থ, আনন্দ।

ইংরেজি

Bhattacharya, Mahidas, 2006. Linguistic Study of Brajabuli, DLA

Chatterji, Sunitikumar. 1979. The Origin and Development of the Bengali Language, Rupa & Co.

Sen, Sukumar. 1935. History of Brajabuli Literature, Calcutta University.

প্রাগাধুনিক সাহিত্যের ইতিহাসকার সুকুমার সেন

সনৎকুমার নস্কর

sknbeng.cu@gmail.com

সারসংক্ষেপ:

অধ্যাপক সুকুমার সেন। উনিশ শতকের সমাপ্তিলগ্নের জাতক। তাঁর খ্যাতি মূলত প্রথিতযশা ভাষাতত্ত্ববিদ, অসামান্য সাহিত্য-ঐতিহাসিক, বঙ্গসংস্কৃতির বিচিত্র বিষয়ের প্রগাঢ় পাণ্ডিত্য, গোয়েন্দা সাহিত্যের নিপুণ বিশ্লেষক হিসেবে। বিপুল মেধার অধিকারী তিনি, যার প্রমাণ মিলবে তাঁর ছাত্রজীবনে, শিক্ষক-সভায় ও বৈদগ্ধ্যপূর্ণ গবেষণা কর্মে। সংস্কৃত সাহিত্যের ছাত্র ছিলেন যৌবনে, পরে প্রবেশ করেন ভাষাবিদ্যার প্রশস্ত জগতে। আরো পরে সুবিশাল বঙ্গসাহিত্যলোকে। অভ্রান্ত তথ্য, প্রাসঙ্গিক বিশ্লেষণ, রাষ্ট্রিক ও সামাজিক প্রেক্ষাপটে সাহিত্যের মূল্যবিচারের কাজ তাঁর হাতেই পূর্ণতা পেয়েছে। প্রাগাধুনিক বঙ্গ ও ওই সময়কালের সাহিত্যসৃষ্টি নিয়ে তাঁর যাবতীয় অনুসন্ধানের প্রয়াসকে স্বল্প পরিসরে ধরা তাই দুঃসাধ্য। সুতরাং তাঁর রচিত ‘বাঙ্গলা সাহিত্যের ইতিহাস’ গ্রন্থের প্রথম দুই খণ্ডে উপস্থাপিত বিষয়বস্তু ও তাদের নিবিড় আলোচনার মধ্য দিয়ে অধ্যাপক সেনকে খোঁজা অন্ধের হস্তিদর্শনের শামিল। এই নিবন্ধে প্রাগাধুনিক বাংলা সাহিত্যের ইতিহাসকার হিসেবে অধ্যাপক সেনের মূল্যায়ন তাই অসম্পূর্ণ ও অকিঞ্চিৎকর।

সূচক শব্দ:

তুলনামূলক ভাষাতত্ত্ব, ইতিহাসের গ্রন্থিমোচন, ইতিহাস-দর্শন, ইতিহাসবিদ্যা, উপনিবেশবাদ ও জাতীয়তাবাদ, ইতিহাস-বিজ্ঞানী, সামাজিক ও সাংস্কৃতিক ভূগোল

হতে চেয়েছিলেন গণিতজ্ঞ, হয়ে গেলেন ভাষাতত্ত্ববিদ ও সাহিত্যজ্ঞ। গণিতচর্চা তাঁকে নিশ্চয়ই অনেক কিছু দিত, কিন্তু সারাজীবন ধরে তিনি যতগুলি পুরস্কারে সম্মানিত হয়েছেন ততগুলি তকমা কি গণিতচর্চায় মিলত? বাংলা ভাষা ও সাহিত্যের বিদ্যায়তনিক চর্চায় তাঁর যে অসামান্য খ্যাতি সম্ভবত তাঁকে কেউ এখনও অতিক্রম করতে পারেননি। তাঁর শিষ্যবর্গ তো বটেই, এমনকি গুরুরাও।

তিনি সুকুমার সেন। অসামান্য পাণ্ডিত্যের অধিকারী, কিংবদন্তি তুল্য অধ্যাপক, অতন্ত্র নিরলস গবেষক এবং বঙ্গ সংস্কৃতি চর্চার অন্যতম পথিকৃৎ। প্রথমেই তাঁর মেধার কথা বলি। সতেরো বছর বয়সে প্রথম বিভাগে এন্ট্রান্স পরীক্ষায় উত্তীর্ণ হন তরুণ সুকুমার। বর্ধমানের মিউনিসিপ্যাল হাই ইংলিশ স্কুল থেকে স্কুলের মধ্যে সেরা হওয়ার দরুন লাভ করেন মোহিনীমোহন মিশ্র মেডেল। এরপর আইএ পড়তে এলেন বর্ধমান রাজ কলেজে। বাংলা, অঙ্ক আর সংস্কৃত— তিনটেতেই পেলেন লেটার মার্কস। এবার শিক্ষার জন্য গেলেন কলকাতায়। প্রথমে ভর্তি হলেন সংস্কৃতে অনার্স নিয়ে সংস্কৃত কলেজে। অনার্সে হলেন প্রথম শ্রেণিতে দ্বিতীয়। এ পরীক্ষা পাশের পর ঢুকলেন কলিকাতা বিশ্ববিদ্যালয়ে। বিষয় তুলনামূলক ভাষাতত্ত্ব। এখানে অন্যান্য দিকপাল পাণ্ডিতদের পাশাপাশি পেলেন শ্রেষ্ঠগুরু ভাষাচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায়কে। এমএ-তে রেজাল্ট হল দুর্দান্ত। প্রথম শ্রেণিতে প্রথম স্থান। বিশ্ববিদ্যালয় তাঁকে স্বর্ণপদকে ভূষিত করল। পরের বছর ‘Syntax of Vedic Prose’ বিষয়ে গবেষণাপত্র জমা দিয়ে পেলেন প্রেমচাঁদ রায়চাঁদ বৃত্তি (১৯২৪)। এটাও হয়ে উঠল একটা দৃষ্টান্ত। কেননা এমএ পাশের এক বছরের মধ্যেই পিআরএস প্রাপ্তির আর কোনো অতীত নিদর্শন ছিল না। ১৯২৬-এ ভূষিত হলেন মোয়াট মেডেলে। পরের পাঁচ বছরে তিনি লাভ করলেন তিনবার গ্রিফিথ মেমোরিয়াল প্রাইজ ও দু’বার আশুতোষ মুখোপাধ্যায় স্মৃতি স্বর্ণপদক। এই অসাধারণ মেধার মানুষটি তুলনামূলক ভাষাতত্ত্ব বিভাগের সব শিক্ষকেরই নজর কাড়লেন। পিআরএস হওয়ার পরে পরেই তিনি নিযুক্ত হলেন ওই বিভাগের অবৈতনিক শিক্ষক রূপে এবং ১৯৩০ সাল থেকে যুক্ত হয়ে গেলেন পুরোদস্তুর অধ্যাপনার কাজে। অধ্যাপক সেন গবেষণা করেছিলেন মধ্য ভারতীয় আর্যভাষা নিয়ে এবং ১৯৩৭ সালে ডক্টরেট ডিগ্রি করায়ত্ত হয় তাঁর।

ইতিমধ্যেই তিনি লেখালেখির জগতে নিজের স্বাতন্ত্র্য প্রতিষ্ঠিত করতে সক্ষম হয়েছিলেন। গোটা জীবনে প্রায় চল্লিশটিরও বেশি মৌলিক গ্রন্থ রচনা করেছিলেন, যার প্রতিটি নানা বিশিষ্টতায় ভরা। প্রত্যেকটিতে প্রকাশ পেয়েছে তাঁর অসামান্য পাণ্ডিত্য, বিশ্লেষণী দক্ষতা ও শ্রমসাধ্য তথ্যান্বেষণ। তিনি ছিলেন বহুভোক্তা পাঠক ও নিরপেক্ষ বিশ্লেষক। তাঁর লেখা অধিকাংশ ক্ষেত্রেই বীজগভী, যা উত্তর-প্রজন্মকে নতুন চিন্তার প্রভূত খোরাক জুগিয়েছে। নানা বিষয়েই ছিল তাঁর আগ্রহ ও সুনিবিড় চর্চা। সংস্কৃত ভাষা ও সাহিত্যের শিক্ষার্থী ছিলেন তিনি। তাই তাঁর মূল মনোযোগ ছিল এই দুটি বিষয়ের দিকেই। তাঁর প্রথম দিকের কাজকর্মের মধ্যে ভাষার প্রতি আকর্ষণ বিশেষভাবে লক্ষণীয়। স্নাতকোত্তরে ২০০ নম্বরের একটি ডিসার্টেশন জমা দিতে হয় এবং সেটা তিনি করেছিলেন ‘Noun Syntax in Vedic Prose’ নিয়ে। পিআরএস-এ তাঁর চর্চার বিষয় হয়ে ওঠে বৈদিক গদ্যের পদাঙ্ক। আর পিএইচডি গবেষণার বিষয় হিসেবে বেছে নিয়েছিলেন মধ্য ভারতীয় আর্যভাষার স্বরূপ, বিবর্তন ও পরিণতি। তুলনামূলক ভাষাতত্ত্ব পড়াতে গিয়ে তাঁর জ্ঞান যে বিরাট ব্যাপ্তি লাভ করেছিল তার প্রমাণ রেখে গেছেন ‘A Comparative Grammar of the Middle Indo-Aryan’ (1960) ও ‘Historical Syntax of Middle Indo-Aryan’ (1953) গ্রন্থ দুটিতে। এর অন্তত দু’যুগ আগে লেখেন ‘Outline of Syntax in Buddhistic Sanskrit’ (1927), ‘Women's Dialect in Indo-Aryan’ (1928) এবং ‘The Use of Cases in Vedic Prose’ (1929)। এর পাশাপাশি বাংলা ভাষাতে ভাষাতত্ত্বের চর্চাও চলছিল। ‘শনিবারের চিঠি’র সম্পাদক সজনীকান্ত দাসের দ্বারা উদ্বুদ্ধ হয়ে লেখেন ‘বাংলা সাহিত্যে গদ্য’ (১৯৩৪) এবং এর পাঁচ বছর পর বের হয় তাঁর ‘ভাষার ইতিবৃত্ত’ (১৯৩৯) গ্রন্থটি। এই শেষোক্ত বইটি তাঁর শিক্ষক আই. জে. এস. তারাপোরওয়ালার ভাবাদর্শ দ্বারা সমৃদ্ধ। মধ্যযুগের বাংলা ভাষা নিয়ে তাঁর গুরুত্বপূর্ণ কাজ হিসেবে বিবেচিত হতে পারে দুই খণ্ডে লেখা ‘An Etymological Dictionary of Bengali’(1971)। ভাষা বিষয়ক এইসব কাজকর্ম তাঁকে নিপুণ এক ভাষাতাত্ত্বিক হিসেবে নিঃসন্দেহে প্রতিষ্ঠিত করেছে। তিনি নিজেকে বলতেন ‘শব্দবৈদ্য’, কারণ বৈদ্য যেমন মানব শরীরের নাড়ি-নক্ষত্র সম্পর্কে সচেতন

থাকেন, হন গভীর শারীর-জ্ঞানের অধিকারী, তেমনি সুকুমার সেন ছিলেন সংস্কৃত ও বাংলা ভাষার জহুরি বিশেষ। ধ্বনিতত্ত্ব, রূপতত্ত্ব, শব্দতত্ত্ব, বাক্যতত্ত্ব— সবকিছু বিষয়েই তাঁর গবেষক-সুলভ নৈপুণ্য যেন সহজাত ছিল। কেবল ভাষার বাহ্য উপাদানের তিনি নিরীক্ষকই ছিলেন না, ছিলেন ভাষার সঙ্গে সমাজ-মনস্তত্ত্বের অভীক্ষকও। অনেক দিক থেকেই ভাষার শ্রেণিবিচারে লিপ্ত হয়েছিলেন তিনি, যাতে ধরা পড়েছে শব্দের অভিজাত-অনভিজাত ভেদ, লিঙ্গভেদ, সুভাষণ-দুর্ভাষণ রীতি ও ঔপভাষিক বৈচিত্র। আমাদের স্বরাঘাত ও স্বরভঙ্গি যে শব্দার্থের গতিপথকে নিয়ন্ত্রণ করে সেসব তত্ত্ব দৃষ্টান্ত দিয়ে তিনি বুঝিয়ে দিয়েছেন এবং ভাষা, উপভাষা, বিভাষা ও নিভাষার মধ্যে যুক্তিসঙ্গত ভেদ দেখিয়েছেন। একটি ঐতিহাসিক বিবর্তনের দীর্ঘ পরম্পরার মধ্য দিয়ে যে ভাষা বিকশিত হয়ে ওঠে তা স্পষ্ট করে তুলেছেন সংস্কৃত ও বাংলা ভাষার ক্রমবিকাশময় ইতিহাসের যথাযথ উপস্থাপনার মধ্য দিয়ে। প্রাচীন ভাষার নিদর্শন সবচেয়ে অবিকৃতভাবে পাওয়া যায় শিলালিপি, স্তম্ভলিপি, তাম্রলিপি, তৎকালীন দলিল-দস্তাবেজ বা অন্যান্য পাথুরে প্রমাণে। সুকুমার সেনের কাছে এগুলিই ছিল প্রধান আকর। ভাষার ইতিহাস চর্চা করতে গিয়ে তিনি মনগড়া কোনো কল্পনার আশ্রয় নেননি, কারণ তিনি প্রথম থেকেই জানতেন ঐতিহাসিকের একমাত্র দায়বদ্ধতা সত্যের কাছে— সে তিনি ভাষার ইতিহাস রচয়িতা হন, কিংবা সাহিত্যের ইতিবৃত্তকার। দেখা যাচ্ছে ১৯৩৯ সালে ‘ভাষার ইতিবৃত্ত’ গ্রন্থটি প্রকাশিত হওয়ার পর এক দশক ভাষা নিয়ে আর তিনি ভাবছেন না। তখন তাঁর ভাবনার মোড় ফিরেছে সাহিত্যের দিকে, বিশেষত বাংলা সাহিত্যের দিকে। এই সময়পর্বেই তিনি বাংলা সাহিত্যের ইতিহাস চর্চায় মগ্ন হচ্ছেন এবং একাদিক্রমে রচনা করছেন ‘বাঙ্গলা সাহিত্যের ইতিহাস’, যা তাঁকে বাংলা সাহিত্যের ইতিহাস-চর্চার ধারায় বিশেষ পদে অধিষ্ঠিত করে দিয়েছে। আমাদের পরবর্তী আলোচনা অগ্রসর হবে এ পথ ধরেই। আমাদের লক্ষ্য হবে বাংলা সাহিত্যের ইতিহাস নির্মাণের, বিশেষত প্রাগাধুনিক পর্বের ক্রমপরম্পরায়, অধ্যাপক সেনের প্রাতিস্বিকতা নিরূপণ করা। অবশ্য আমরা তাঁর প্রথম দুটি খণ্ডের আলোচনাতেই সীমাবদ্ধ থাকব, যেখানে তিনি উল্লিখিত পর্বের বাংলা সাহিত্যের ইতিহাসের গ্রন্থিমোচন করেছেন।

প্রথমেই এ ব্যাপারে মনে রাখতে হবে যে, অধ্যাপক সেন ছিলেন সংস্কৃত ভাষা ও সাহিত্যের ছাত্র। সে দিক থেকে তাঁর শিক্ষার্থী-জীবনে বাংলা সাহিত্যের সঙ্গে তাঁর তেমন পাঠক্রমজনিত কোনো যোগ না থাকবারই কথা। একজন কৌতূহলী পাঠক হিসেবে নিজ মাতৃভাষায় লেখা নানাবিধ সাহিত্য যে তিনি গভীর মনোযোগ সহকারে পড়েছিলেন এটা ধরে নেওয়া যেতে পারে। কিন্তু বিদ্যায়তনিক পরিসরে বাংলা সাহিত্যের নিবিড় পাঠ তিনি নিতে শুরু করলেন তখনই যখন তাঁকে বাংলা বিদ্যাশৃঙ্খলার স্নাতকোত্তর শ্রেণিতে পাঠদানের সুযোগ এসে উপস্থিত হল। ১৯৭৮ সালের নভেম্বর মাসে অধ্যাপক সেন একটি সাক্ষাৎকার দিয়েছিলেন তাঁরই এক ছাত্র অধ্যাপক নির্মল দাসকে। ড. সেনের কাছে প্রশ্ন করা হয়েছিল যে, তাঁর সাহিত্যের ইতিহাস রচনার পিছনে প্রেরণা কী ছিল? তার প্রত্যুত্তরে তিনি বলেছিলেন, ‘আমার সাহিত্যের ইতিহাস লেখার প্রেরণা বলতে তেমন কিছু নেই। বর্ধমানে আমাদের দেশের বাড়িতে বাবার বড় লাইব্রেরী ছিল, তাতে নানা বিষয়ের প্রচুর বই ছিল। ছোটদের বই পড়ার ব্যাপারে অনেক পরিবারের অভিভাবকেরা ছোটদের ওপর অনেক রকম বিধিনিষেধ আরোপ করে থাকেন, কিন্তু আমার বাবা তা করতেন না। ফলে ১৯১২ সাল পর্যন্ত বাংলায় ভদ্র এবং বটতলার বই যত ছাপা হয়েছিল তার খুব কমই আমার অপঠিত ছিল। এই এত বই পড়ার ফলে ছোটবেলা থেকেই আমার মনের মধ্যে বাংলা সাহিত্যের ধারা সম্পর্কে একটা অস্পষ্ট বোধ দানা বেঁধে উঠেছিল। পরে বড় হয়ে সাহিত্যের ইতিহাস লেখার প্রেরণা পাই একটি ঘটনায়।’ ঘটনাটি ছিল একজন মধ্যযুগীয় বিশিষ্ট কবির পদ সংকলন বিষয়ক একটি গ্রন্থকে ঘিরে। গোবিন্দদাস কবিরাজ ছিলেন অতি সুপরিচিত চৈতন্যোত্তর যুগের বৈষ্ণব পদকর্তা। তাঁর অধিকাংশ পদ ব্রজবুলি ভাষাতে লেখা। তিনি যে বাঙালি ছিলেন তাতে কোনো সন্দেহ নেই। কিন্তু একজন মধ্যযুগ-অনুরাগী ব্যক্তি, নগেন্দ্রনাথ গুপ্ত, তিনি একদিন এমন একটি প্রাচীন পদাবলি সংকলন এনে সুনীতিকুমার চট্টোপাধ্যায়কে দেখালেন যাতে গোবিন্দদাসের পরিচিত পদগুলির ক্রিয়াপদ আর কোনো কোনো সর্বনাম পদকে মৈথিলীতে রূপান্তরিত করে কোনো এক গোবিন্দদাস ঝা-র পদ সংকলন নামে ছাপিয়ে সেই নতুন কবির আবিষ্কারক হিসেবে নিজেকে দাবি করলেন। কিন্তু

সুকুমার সেনের তো জহুরির চোখ। তিনি সেই জালিয়াতি ধরে ফেলে সুনীতিকুমারকে বললেন। তখন ভাষাচার্য তাঁর শিষ্যকে নগেন্দ্র গুপ্তের প্রতিবাদ করে একটা প্রবন্ধ লিখতে উৎসাহিত করলেন। আর এই সূত্রেই ১৩৩১ বঙ্গাব্দে সাহিত্য পরিষৎ পত্রিকায় প্রকাশিত হল তাঁর ‘গোবিন্দদাস কবিরাজ’ প্রবন্ধটি, যার কোনো প্রত্যুত্তর লিখিতভাবে আসেনি গুপ্ত মহাশয়ের কাছ থেকে। এই ঘটনার কথা উল্লেখ করে অধ্যাপক সেন জানান, ‘এখান থেকেই আমার বৈষ্ণব সাহিত্য— শুধু বৈষ্ণব সাহিত্য কেন সাধারণভাবে বাংলা সাহিত্যেরই আলোচনার সূচনা হলো বলতে পারো।’ এরপর সাক্ষাৎকার গ্রহণকারীকে তিনি বলেছিলেন, ‘এই সময় (অর্থাৎ ১৯২৭-২৮) সুনীতি বাবু একবার বিলেতে গেলেন। তিনি বাংলার এমএ ক্লাসে যে বিষয় পড়াতেন, যাবার সময় তিনি সেই বিষয়ে পড়বার ভার আমাকে দিয়ে গেলেন। এমএ ক্লাসে বাংলা সাহিত্যের পঠন-পাঠনের সঙ্গে সেই আমার প্রথম পরিচয়।’ এই ‘প্রথম পরিচয়’ পরবর্তীকালে পরিণত হয় প্রগাঢ় পরিচিতিতে এবং এক দশকের বেশি সময় ধরে বাংলা সাহিত্য নিয়ে তাঁর নিরলস চর্চা তাঁকে ইতিহাস রচনার ক্ষেত্রে আত্মবিশ্বাসী করে তোলে। সবাই জানেন প্রাচীন ও মধ্যযুগের সাহিত্য অনুশীলনের ক্ষেত্রে হাতে-লেখা পুথির ভূমিকা অসামান্য। কেননা মুদ্রণ-পূর্ববর্তী সময়ে পুথিই ছিল বিদ্যাচর্চার একমাত্র অবলম্বন। প্রাচীন বঙ্গাক্ষর সম্পর্কে অধ্যাপক সেনের প্রভূত জ্ঞান ছিল। লিপি ও পুস্তিকা নিয়ে প্রবন্ধও লিখেছেন। কারণ মধ্যযুগের পুথি পড়তে তিনি ছিলেন সিদ্ধহস্ত। তাঁর সাহিত্যের ইতিহাস, বিশেষত প্রথম দুটি খণ্ড, দাঁড়িয়ে আছে এই পুথিপাঠের অভিজ্ঞতার ওপর। তাঁর পূর্ববর্তী সাহিত্য-ঐতিহাসিক আচার্য দীনেশচন্দ্র সেনও ছিলেন পুথি বিশারদ। এঁদের দ্বারা তাই প্রাগাধুনিক বাংলা সাহিত্যের ইতিহাস যতখানি মৌলিকতা-সমৃদ্ধ ও নির্ভুল হতে পেরেছে তা বাকিদের দ্বারা সম্ভব হয়নি। বাকিদের আলোচনা এঁদের ওপরে বেশি নির্ভর করেই এগিয়েছে।

সাহিত্যের ইতিবৃত্ত রচনায় অধ্যাপক সেনের নিজস্ব একটি ইতিহাস-দর্শন ছিল। তিনি ঐতিহাসিকের ‘যথার্থ আদর্শ’ বলতে বুঝতেন যা সত্য তাকে তথ্য দিয়ে ফুটিয়ে তোলা। কোনোরকম মতান্বিতা কিংবা গোঁড়ামি না দেখিয়ে কেবল নির্ভেজাল সত্যকে অনুসরণ করা। সেক্ষেত্রে নিখুঁত ও নিখাদ অনুসন্ধানটা অত্যন্ত জরুরি। এজন্য তিনি

তাঁর পূর্বোক্ত সাক্ষাৎকারে দাবি করেছিলেন, ‘আমার সাহিত্যের ইতিহাসে যেখানেই দরকার হয়েছে সেখানেই আমি আমার আগেকার মত revise করেছি।’ আরো একটি ব্যাপার লক্ষ করা যায় তাঁর ইতিহাস-চেতনায়, যা তাঁর পূর্ববর্তী আলোচকদের মধ্যে দুর্লভ ছিল। সেটি হল বঙ্গদেশের প্রাগাধুনিক পর্বের ধর্ম-সংস্কৃতির প্রেক্ষাপটে সাহিত্যের বিচার। বাঙালির তৎকালীন জীবনযাপন, তার আহার-বিহার-বিনোদন, ধর্ম-কর্ম-শিল্পচর্চা— সবকিছুর তিনি হৃদয় দিয়ে তার পটভূমিতে সাহিত্যের পরিচয় বিবৃত করেছেন। এটা সাহিত্যের ইতিহাসকার রামগতি ন্যায়রত্ন, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, রমেশচন্দ্র দত্ত, হরপ্রসাদ শাস্ত্রী এমনকি দীনেশচন্দ্র সেনের ইতিহাসচর্চায় তেমন ভাবে দেখা যায়নি। যে কারণে রবীন্দ্রনাথ যখন একজন মেধাবী পাঠক হিসেবে পড়লেন অধ্যাপক সেনের সাহিত্যের ইতিহাস, তিনি পুলকিত হয়ে উঠলেন এর এই দৃষ্টিকোণগত বৈশিষ্ট্যে। বয়োবৃদ্ধ ক্ষীণদৃষ্টি রবীন্দ্রনাথের ঔৎসুক্য জাগরুক রেখেছিল কেবল সাহিত্য-পরিচিতির সমগ্রতা নয়, সেই সঙ্গে তিনি অকপটে স্বীকার করেছিলেন, ‘এই গ্রন্থে সাহিত্যের ইতিহাস বাংলাদেশের রাষ্ট্রিক ও সামাজিক ইতিহাসের পটভূমিকায় বর্ণিত হওয়াতে রচনার মূল্যবৃদ্ধি করেছে।’ আর সেই কারণেই তিনি তাঁর তুলনায় চল্লিশ বছরের বয়ঃকনিষ্ঠ একজন জ্ঞানদীপ্ত প্রাজ্ঞ গ্রন্থকারকে জানিয়েছিলেন ‘সকৃতজ্ঞ অভিনন্দন’। এমন উষ্ণ অভ্যর্থনা-প্রাপ্তি খুব কম সাহিত্য-ঐতিহাসিকের ভাগ্যে ঘটেছে।

আসলে রাজনৈতিক ইতিহাসের তুলনায় সাহিত্যের ইতিহাসের পার্থক্য এখানেই। ইতিহাস মূলত অতীত ঘটনাপুঞ্জের কালানুক্রমিক নথির সংকলন। সাহিত্যের ইতিহাসও বাহ্যত তাই। কিন্তু সাধারণ ইতিহাসের তুলনায় সাহিত্যের ইতিহাসের বিশিষ্টতা এইখানে যে, তথ্যের নথিকরণের মধ্যে মধ্যে রাখতে হয় কোনো নির্দিষ্ট সময়ের কাল পটভূমির ব্যাখ্যা, যে ব্যাখ্যায় উপস্থাপিত হয় তৎকালীন সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক প্রতিবেশ, যাকে মার্কসীয় পরিভাষায় বলা যেতে পারে সাহিত্যের base structure-এর বিশ্লেষণ। এখন, ইতিহাসের সঙ্গে যেমন জড়িয়ে আছে কাল-চেতনা তেমনি সাহিত্যের যে-দুটি মুখ্য অবধারক আছে তার মধ্যে একটি হল সময়-চেতনা। এই দুইই কি অভিন্ন? এ প্রশ্নের উত্তর পাওয়া যায় গ্রিক মনীষী

অ্যারিস্টটলের চিন্তায়। তিনি ইতিহাসের উপজীব্য সময়কে অতীত বলেই নির্দেশ করেছেন, যেখানে সবকিছু পূর্বে ঘটে গেছে (what has happened)। আর সাহিত্যের কারবার বিষয়ে মন্তব্য করেছেন, সমস্ত সম্ভাব্য ঘটনাবলি (what would be happen) নিয়েই সাহিত্যিকের পথ চলা। এই দিক থেকে দেখলে ইতিহাস কেবল বন্দি হয়ে আছে অতীতের ঘটনায়, আর সাহিত্য হেঁটে চলেছে স্মৃতি-সত্তা-ভবিষ্যতের পথ মাড়িয়ে। সাহিত্যিক তাই কথিত হন ‘ত্রিকালদর্শী’ হিসেবে।

এইসব পর্যবেক্ষণ করে সাহিত্যের সঙ্গে ইতিহাসের তথা সাহিত্যিকের সঙ্গে ঐতিহাসিকের প্রকৃতিগত পার্থক্যের কথা বলেছেন অনেকে। কিন্তু সেটা বোধহয় আপাত। কেননা এই দুইয়ের মিল কিংবা সমঝোতাও কম নেই। মাঝে মাঝে তাঁরা হয়ে ওঠেন একে অন্যের পরিপূরকও। সাহিত্যিক ইতিহাস থেকে যেমন তাঁর রচনার রসদ প্রয়োজন মতো সংগ্রহ করেন, তেমনি কোনো ঐতিহাসিকও অতি পুরোনো সাহিত্যের মধ্যেও চকিতে পেতে পারেন অনথিবদ্ধ ইতিহাসের চূর্ণাংশ। এর ফলে ইতিহাসকারের পক্ষে ‘মিসিং লিংক’ প্রাপ্ত হয়ে অজানা ইতিহাসের পুনর্গঠন করা সম্ভব হয়ে উঠতে পারে। তাছাড়া, সাহিত্যের বিচার-বিশ্লেষণের উদ্দেশ্যে যেমন সাহিত্যতত্ত্ব গড়ে উঠেছে তেমনি ইতিহাসবিদ্যার (Historiography) সৃষ্টি হয়েছে ইতিহাস নির্মাণের নানা পদ্ধতি ব্যাখ্যা করার জন্য। ইতিহাসবিদ্যা হল সেই শাস্ত্র যেখানে ইতিহাসের স্বরূপকে স্পষ্ট করে তোলা হয়। ইতিহাস পাঠের বিভিন্ন পদ্ধতি, ইতিহাস নির্মাণের নানান দৃষ্টিভঙ্গি এবং সর্বোপরি ইতিহাসের দর্শন এ শাস্ত্রের অবিচ্ছেদ্য অঙ্গ। ‘A Textbook of Historiography’ গ্রন্থে ই. শ্রীধরন ইতিহাসবিদ্যার স্বরূপ নির্দেশ করতে গিয়ে লিখেছেন: ‘Historiography literary means the art of writing history of history, or the history of historical writings.’ বাংলা সাহিত্যের ইতিহাসের যে-ধারাভাষ্য বিগত প্রায় দুশো বছর ধরে চলে আসছে তার হাল-হকিকত জানার জন্য এই ইতিহাসবিদ্যার শরণ নেওয়া আবশ্যিক। কেননা ইতিহাসবিদ্যায় আলোচিত হয় নানাবিধ তত্ত্ব, ঘটনা বিশ্লেষণের বিবিধ দৃষ্টিভঙ্গি। একথা অবিসংবাদিত সত্য যে, দেশ ও কালের প্রেক্ষাপটে ঘটে চলা সমস্ত ঘটনাই হল ইতিহাস বা ইতিহাসের উপাদান। বস্তুত তার

নিজের কোনো তত্ত্ব নেই। কারণ নিরেট সত্যকে বিবৃত করাই ইতিহাস ধর্ম। কিন্তু সেই সত্য ঘটনাকে এক এক জন এক এক ভাবে দেখে ও রং লাগায়। এই দর্শনটাই তত্ত্ব, এই রঙটাই স্বাতন্ত্র্য নির্দেশক। যে তত্ত্ব যত যুক্তি আশ্রয় করে তার সমকালকে বোঝাতে পারে সে তত্ত্ব তত বিশ্বাস্য ও বলীয়ান হয়ে ওঠে। অধ্যাপক সুকুমার সেন সেই তত্ত্বকে কীভাবে প্রয়োগ করেছেন, ইতিহাস-দর্শনের কোন নতুন মাত্রা সৃষ্টি করতে সক্ষম হয়েছেন, সেটাই এখন অন্যান্য সাহিত্য ঐতিহাসিকদের কাজের প্রেক্ষাপটে বিচার্য।

উনিশ শতক থেকে বাংলা সাহিত্যের ইতিহাস নির্মাণের যে-চেষ্টা শুরু হল তাতে স্পষ্টত দেখতে পাওয়া গেল দুটি স্বতন্ত্র দৃষ্টিকোণ, যেন একই মুদ্রার এপিঠ ওপিঠ। এরা চিহ্নিত হতে পারে যথাক্রমে উপনিবেশবাদী ও জাতীয়তাবাদী দৃষ্টিকোণ অভিধায়। এটা অস্বীকার করার কোনো উপায় নেই যে, পলাশির যুদ্ধের পর শুধু বাংলার নয়, গোটা ভারতের ইতিহাসে অন্য এক অধ্যায়ের সূচনা হয়েছিল। এর আগে মুসলিম প্রশাসকরা দেশ শাসন করলেও তাঁরা কোনো উপনিবেশ গড়ে তোলেননি। সুতরাং এ দেশের সম্পদ এদেশেই থেকে গিয়েছিল। কিন্তু ইস্ট ইন্ডিয়া কোম্পানি ও পরবর্তীকালে ব্রিটিশ সরকার এদেশের শাসনভার গ্রহণ করলে ভারতের বিপুল পরিমাণ সম্পদ মুদ্রায় ও দ্রব্যে ইংল্যান্ডে চালান হয়ে যায়। ভারতে ব্রিটিশ শাসন নিয়ে ঔপনিবেশিক কালেই দু'দুটি মত তৈরি হয়েছিল। এদের মধ্যে একটি ধারণা হল এই রকম যে, ইংরেজরা ভারতে এসে এই দেশের ভালোই করেছিল। সে যে মধ্যযুগীয় অন্ধকারে পড়েছিল তার থেকে উদ্ধার করে তাকে আধুনিক পৃথিবীর উপযুক্ত করে তুলেছিল ইংরেজরা। এদেশে পাশ্চাত্যের জ্ঞান-বিজ্ঞান, সাহিত্য-সংস্কৃতি, শিক্ষা-প্রযুক্তি প্রবেশ করেছিল তাঁদেরই হাত ধরে তাঁদেরই বদান্যতায়। আর অন্য ভাবনাটি ছিল এরই বিপরীত। ব্রিটিশরা এসে ধ্বংস করেছিল এ দেশের সাবেকি সবকিছু, ভুলিয়ে দিয়েছিল আমাদের ধর্ম ও সংস্কৃতির ঐতিহ্য, রাজনৈতিক ও অর্থনৈতিকভাবে আমাদেরকে দাস করে তুলেছিল, শাসন-শোষণ-অত্যাচারে জেরবার করে ছেড়েছিল এদেশবাসীর জীবন। অর্থাৎ প্রথম ধারণাটি

উপনিবেশবাদের পক্ষে রায় দেয়, যেখানে দ্বিতীয় ধারণাটি ধারণ করে থাকে জাতীয়তাবাদী ভাবনাকে।

বাংলা সাহিত্যের ইতিহাস রচনার প্রচেষ্টাও এই দুই দৃষ্টিভঙ্গির দ্বারা প্রভাবিত। একদম গোড়াতে সে হয়েছে উপনিবেশবাদের দ্বারা গ্রস্ত। হিন্দু কলেজে পাশ্চাত্য শিক্ষার প্রভাবে যে ইউরোপীয় মতাদর্শের বীজ উগ্ঠ হয়েছিল তার সূত্রে কাশীপ্রসাদ ঘোষ কিংবা হরচন্দ্র দত্তরা যেভাবে প্রাগাধুনিক বাংলা সাহিত্যের আদ্যশ্রদ্ধ করে ছেড়েছিলেন তা কহতব্য নয়। তাঁদের ধারণায়, এতকাল বাংলা সাহিত্য বলে যা-কিছু লেখা হয়ে এসেছে তা আদৌ প্রকৃত শিক্ষিত মানুষের উপভোগ্য ছিল না। কেননা এতে আছে আদিরসের উতরোল, যা ভব্য রুচির প্রতিবন্ধক। আসলে এই অনুচিন্তনের পিছনে কাজ করেছিল তৎকালীন ইংরেজি-শিক্ষিত বাঙালি যুবকদের ভিত্তোরীয় সাহিত্যরুচি। তাই তাঁদের কাছে এদেশের সাবেকি সাহিত্যিক ঐতিহ্য অতি নগণ্য, কোথাও কোথাও রীতিমতো জঘন্য বলেও মনে হয়েছিল।

এবার জাতীয়তাবাদী চেতনার কথা বলি। এর শুরু কবি রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের ‘বাঙ্গালা কবিতা বিষয়ক প্রবন্ধ’ দিয়ে। তিনি ঐতিহাসিক দৃষ্টিভঙ্গির প্রয়োগ ঘটিয়ে প্রথমে বাংলা ভাষার উৎপত্তির বিবরণকে তুলে ধরেছেন, পরে বিরুদ্ধ মতকে খণ্ডন করতে প্রয়াসী হয়েছেন। আর রয়েছে তাঁর রচনায় সুস্পষ্ট কালচেতনা ও ইতিহাসবোধ। দেশগৌরবী জাতীয়তাবাদী দৃষ্টিভঙ্গির এই যে বীজবপন তা পরবর্তীকালে আরো পল্লবিত হয়ে উঠেছে দীনেশচন্দ্র সেনের যুগান্তকারী গ্রন্থ ‘বঙ্গভাষা ও সাহিত্য’-এ। আর এই দুই সময়পর্বের মাঝখানে প্রায় সাড়ে চার দশক জুড়ে লেখা হতে থাকবে অনেকগুলি পূর্ণাঙ্গ ও খণ্ডিত সাহিত্যের ইতিহাস, যাদের মধ্যে বিশিষ্টতার গৌরব দাবি করতে পারে রামগতি ন্যায়রত্নের ‘বাঙ্গালা ভাষা ও বাঙ্গালা সাহিত্য বিষয়ক প্রস্তাব’ (প্রথম খণ্ড - ১৮৭২, দ্বিতীয় খণ্ড - ১৮৭৩)। কারণ আগের সমস্ত প্রচেষ্টাই যেখানে আংশিকতা দোষদুষ্ট সেখানে তিনিই প্রথম তাকে সম্পূর্ণতা দান করে ইতিহাস রচনার একটি দাঁড়া গড়ে তুলতে সমর্থ হয়েছিলেন। দ্বিতীয়ত, সাহিত্যের ইতিহাসের সুস্পষ্ট যুগ বিভাজন তাঁর গ্রন্থেই প্রথম দেখা গেল।

এই বিভাজনে তিনি বাংলা ভাষার অবস্থাভেদকে গুরুত্ব দিয়ে তিনটি যুগকে নামাঙ্কিত করলেন এভাবে— আদ্য, মধ্য ও ইদানীন্তন।

রামগতি ন্যায়রত্নের পর সাহিত্যের ইতিহাস রচনায় এগিয়ে আসেন রমেশচন্দ্র দত্ত, রাজনারায়ণ বসু, গঙ্গাচরণ সরকার ও হরপ্রসাদ শাস্ত্রী। রমেশচন্দ্রের লেখাটি ছিল ইংরেজিতে, যার শিরোনাম ‘The Literature of Bengal’ (1877)। লেখাটিতে উপনিবেশবাদী চিন্তার সামান্য ছোঁয়া আছে। রামগতির মতো রমেশচন্দ্রও যুগ বিভাজন করেছেন, কিন্তু অগ্রগামীদের শ্রেণিবিভাগ মেনে নেননি। তাঁর কল্পিত যুগগুলি হল : গীতি কবিতার যুগ, ধ্রুপদী সাহিত্যের প্রভাবের যুগ, বৈদেশিক প্রভাবের যুগ। তবে এই ইনি তথ্যের ওপর খুব বেশি জোর না দিয়ে সাহিত্যের রসোপলক্ষিকেই বেশি গুরুত্ব দিয়েছিলেন। অন্যদিকে রাজনারায়ণ বসুর ‘বাঙ্গলা ভাষা ও সাহিত্য বিষয়ক বক্তৃত্য’ (১৮৭৮) লক্ষ্য করা গেছে জাতীয়তাবাদী ভাবনার স্ফুরণ। আধুনিক বাংলা সাহিত্য যে ইউরোপীয় ভাবনার দ্বারা গ্রস্ত এবং তার ফলে সেটি জাতীয় চরিত্র হারাচ্ছে এমনটাই মনে করতেন তিনি। আবার উপনিবেশবাদী দৃষ্টিভঙ্গির স্পর্শ-লাগা সাহিত্য-ইতিহাসের আরেকটি দৃষ্টান্ত হতে পারে হরপ্রসাদ শাস্ত্রীর ‘বাঙ্গলা সাহিত্য (বর্তমান শতাব্দীর)’ বইটি। তবে তাঁর স্পষ্ট কথা : ‘বাঙ্গলা সাহিত্যের অবস্থা শোচনীয় নহে’, এবং সাহিত্যক্ষেত্রে উন্নতি করতে গেলে তাঁর পরামর্শ : ‘সাহিত্য একটা ব্যবসা হওয়া চাই’। শাস্ত্রী মহাশয়ের এই শেষোক্ত কথাটিতে বাণিজ্যিক বুদ্ধির পরিচয় পাওয়া যায়, যা উপনিবেশিক বণিক জাতির চরিত্র-লক্ষণ।

এইবার আমাদের আলোচ্য সুকুমার সেন-পূর্ববর্তী প্রখ্যাত সাহিত্য-ঐতিহাসিক আচার্য দীনেশচন্দ্র সেনের প্রসঙ্গে আসি। দীনেশচন্দ্র থেকেই কলিকাতা বিশ্ববিদ্যালয়ে বাংলা ভাষা ও সাহিত্যবিদ্যার প্রাতিষ্ঠানিক পঠন-পাঠনের সূচনা। সাহিত্যের ইতিহাসকার হিসেবে তাঁর দায়বদ্ধতা ছিল প্রভূত। ইংরেজি সাহিত্যের ছাত্র হলেও তাঁর মনের গড়নটাই ছিল এমনই যে তিনি উগ্র বিদেশিয়ানার দ্বারা সম্মোহিত না হয়ে জাতীয়তাবাদী চিন্তার ধারক ও বাহক হয়ে উঠেছিলেন। এই প্রাচ্যাভিমান অবশ্য তাঁর

ইতিহাস চর্চায় এক ধরনের সীমাবদ্ধতা সৃষ্টি করেছিল। পাশ্চাত্য-প্রভাবিত সাহিত্যের সৃষ্টিকার্য শুরু হতেই আধুনিক যুগের সূচনায় এসে তাঁর ঐতিহাসিকের কলম খেমে গিয়েছিল। তাই ১৮৯৬ সালে যখন তাঁর ‘বঙ্গভাষা ও সাহিত্য’ গ্রন্থটি প্রকাশিত হচ্ছে তখন রামমোহন, বিদ্যাসাগর, বঙ্কিমচন্দ্র প্রমুখ বিশিষ্ট লেখক-ব্যক্তিত্বের প্রয়াণ ঘটে গেলেও তাঁদের সাহিত্যকৃতি বিষয়ে তিনি নীরব। আসলে তাঁর মনের প্রবৃত্তিটাই ছিল এমন যেখানে উপনিবেশ-পূর্ব লিখিত ও মৌখিক সাহিত্য বেশি স্থান দখল করে নিয়েছিল। তিনি আজীবন রত ছিলেন অতীতের লুপ্তরত্ন উদ্ধারে। তাই বাংলার প্রাচীন সাহিত্যের জন্য জেগে-ওঠা পিপাসা মেটাতে তিনি তুলোট ও তালপাতার পুথির সন্ধানে দীর্ঘদিন রত ছিলেন। পুথিপাঠ ও তজ্জনিত অজ্ঞাত তথ্যের আকর হিসেবে ‘বঙ্গভাষা ও সাহিত্য’ গ্রন্থটি খুবই মূল্যবান। তাছাড়া তাঁর রসচেতনা শুধু বৈষ্ণব মহাজন আর মঙ্গলকাব্যের চরিত্র সমূহের মধ্যে আবদ্ধ থাকেনি, তাঁর দৃষ্টি কেড়ে নিয়েছিল মহুয়া-মলুয়া-চন্দ্রাবতী-সোনাই প্রমুখ পল্লীগীতিকার রক্তে-মাংসে গড়া নারীরাও। দীনেশচন্দ্র সাহিত্য-বিচারে ছিলেন আবেগপ্রবণ। এর প্রমাণ মেলে বৈষ্ণব সাহিত্য ও পল্লীগীতিকার আলোচনায়। সাহিত্যের ইতিহাস যে কেবল গ্রন্থ আর গ্রন্থকারের শুষ্ক বিবরণ মাত্র নয়, তার সঙ্গে মিশে থাকতে পারে ধর্ম-সংস্কৃতির নানা চূর্ণ উপাদান— দীনেশচন্দ্র ইতিহাস বিশ্লেষণের এই পদ্ধতিটি আমাদের সামনে উন্মোচিত করেছিলেন। তবে সাহিত্যের ইতিহাস রচনায় দীনেশচন্দ্র যে হিন্দু জাতীয়তাবাদের দ্বারা কিছুটা হলেও গ্রস্ত হয়েছিলেন সে বিষয়ে কোনো সন্দেহ নেই। নইলে তাঁর লেখায় বাঙালি মুসলিম কবিরা এত উপেক্ষিত হলেন কেন? এই উপেক্ষা সম্ভবত মুসলিম বুদ্ধিজীবীদের মধ্যে এক ধরনের সারস্বত অস্মিতার জন্ম দেয় এবং তাঁরা আত্মনিয়ন্ত্রণের অধিকার সম্পর্কে সচেতন হয়ে ওঠেন। রাজনৈতিক ক্ষেত্রে সেই অধিকার সচেতনতার সবচেয়ে বড়ো প্রমাণ ১৯০৬ সালের শেষ দিকে ‘অল ইন্ডিয়া মুসলিম লিগ’-এর প্রতিষ্ঠা এবং এর এক যুগ পরে প্রথম মুসলিম সাহিত্য-ঐতিহাসিক আহসান উল্লাহ আবির্ভাব। ১৯১৮ সালে প্রকাশিত তাঁর ‘বঙ্গভাষা ও মুসলমান সাহিত্য’ যেন দীনেশচন্দ্রের গ্রন্থটির ‘কাউন্টার পার্ট’ তথা পাল্টা প্রতিক্রিয়া,

যেখানে হিন্দু সাহিত্য-ঐতিহাসিকদের দ্বারা অবহেলিত অবজ্ঞাত মুসলিম সাহিত্যিকরাই হয়ে ওঠেন তাঁর গ্রন্থের প্রধান উপজীব্য।

বাংলা সাহিত্যের এ হেন পূর্ণাঙ্গ ইতিহাস চর্চার পাশাপাশি তার আংশিক ইতিহাস রচনার প্রয়াস উনিশ শতকেই শুরু হয়ে গিয়েছিল। হরপ্রসাদ শাস্ত্রী, হারাণচন্দ্র রক্ষিতের প্রচেষ্টার পর অধ্যাপক সুশীলকুমার দে'র আয়াসটি প্রধানযোগ্য। তিনি উনিশ শতকের বাংলা সাহিত্য নিয়ে একটি চমৎকার গবেষণাধর্মী কাজ করেন ১৯১৯ সালে। প্রকাশিত হয় 'Bengali Literature in the 19th Century' নামে। এখানে উঠে এল বাংলা গদ্যের পূর্বাপর ইতিহাস এবং ইউরোপীয় শিক্ষাপদ্ধতি প্রবর্তনের সূত্রে আধুনিকতার কথা। তাঁর মতে আধুনিকতার ভিত্তিবর্ষ ১৮০০ সাল, যখন ইংরেজ সিভিলিয়ানদের জন্য ফোর্ট উইলিয়াম কলেজের প্রতিষ্ঠা ঘটছে। আরো লক্ষণীয় যে, তিনি আঠারো শতকের দ্বিতীয়ার্ধকে 'barren years' হিসেবে নির্দেশ করছেন এবং রামমোহনকে অভিহিত করেছেন 'Father of Bengali Prose' নামে, যা পরবর্তীকালের সাহিত্য-ঐতিহাসিকরা প্রায় বিনা তর্কে মেনে নিয়েছেন— যদিও বিষয়টা একেবারেই অবিতর্কিত নয়। এরপর ১৯৩৫ সালে যৌথভাবে রচিত হয়ে প্রকাশিত হল সাহিত্যের আংশিক ইতিহাসধর্মী এক গ্রন্থ— 'আরকান রাজসভায় বাঙ্গালা সাহিত্য'। এর লেখক ছিলেন মুহম্মদ এনামুল হক ও আব্দুল করিম সাহিত্য বিশারদ। এ একেবারেই বঙ্গের বাইরে বিশেষ এক অঞ্চলের রাজসভায় চর্চিত সাহিত্যের ইতিকথা, যা উপজীব্যের নিরিখে ধর্মমূলক সাহিত্যধারার একটি প্রতিস্রোত হিসেবে গণ্য হতে পারে।

সাহিত্যের ইতিহাস চর্চার এই পটভূমিতেই অধ্যাপক সুকুমার সেনের চোখ-ধাঁধানো আবির্ভাব। ইতিহাসবেত্তা হিসেবে তিনি জানতেন ইতিহাস রচনার পদ্ধতি একটি গতিশীল পদ্ধতি এবং নিয়মিত সংশোধনের মধ্য দিয়ে কেবল তার শুদ্ধতর বয়ান নির্মিত হতে পারে। ইতিহাস মাত্রই তথ্যাশ্রয়ী, কিন্তু তথ্যের সেই জড়স্তূপ থেকে সত্যের তত্ত্ব নির্ধারণ করা প্রকৃত ঐতিহাসিকের কৃত্য। সেইটাই ইতিহাসের দর্শন। তথ্য সংকলনের ক্ষেত্রে তিনি কালানুক্রম ভঙ্গ করেননি এবং সাহিত্যের যুক্তিনিষ্ঠ

বৈজ্ঞানিক বিশ্লেষণ উপস্থাপন করেছেন। এইজন্য কেউ কেউ তাঁকে নিছক ঐতিহাসিক বলে চিহ্নিত না করে বলেছেন তিনি ‘ইতিহাস-বিজ্ঞানী’। তাঁর হাতেই আমরা পেলাম প্রথম পূর্ণাঙ্গ, বিস্তারিত, সন-তারিখের ক্রমানুসারী ও যথার্থ ইতিহাস-চেতনায় সমৃদ্ধ বাংলা সাহিত্যের ইতিহাস। এই ইতিহাস নির্মাণে তাঁর দৃষ্টি ছিল নিরপেক্ষ ও বস্তুমুখী। নির্দিষ্ট সামাজিক পরিকাঠামো ও রাষ্ট্রিক পটভূমিতে যে সাহিত্য দেহ ও প্রাণ লাভ করে, এ বিশ্বাসে তিনি স্থিতিবান ছিলেন। পরিশীলিত রুচিবোধ ও ঈর্ষণীয় রসজ্ঞান তাঁর সাহিত্যপাঠ ও বিশ্লেষণকে বিশেষ মাত্রা দিয়েছিল। এর ফলে বিশ শতকে আবির্ভূত সকল সাহিত্য-ঐতিহাসিকদের মধ্যে তাঁর আসন অনেক উঁচুতে অবস্থিত। রামগতিতে যে-ইতিহাস চর্চার বীজ যথার্থত উগ্ঠ হয়েছিল দীনেশচন্দ্রের হাতে তা পরিচর্যা পেয়ে তরুণ বৃক্ষে পরিণত হয়। এরপর সুকুমার সেন মহাশয় সেই তরুকে পরিণত করলেন মহীরুহে। দীনেশচন্দ্রের সংগ্রহ, সঞ্চয় আরো বর্ধিত হল অধ্যাপক সেনের হাতে এবং একইসঙ্গে সাহিত্যের সঠিক বিশ্লেষণের ভিতর দিয়ে তিনি বাংলা সাহিত্যের ইতিহাসচর্চাকে বৈজ্ঞানিক ভিত্তির ওপর সুপ্রতিষ্ঠিত করলেন। ১৯৪০ সালে প্রকাশিত হল তাঁর যুগান্তকারী গ্রন্থ ‘বাংলা সাহিত্যের ইতিহাস’-এর প্রথম খণ্ড, যেখানে প্রাচীন ও মধ্যযুগের কবি ও তাঁদের কাব্য প্রসঙ্গ আলোচিত। সাহিত্য রচনার পটভূমি হিসেবে সমাজ ও রাষ্ট্রের পূর্ণাঙ্গ পরিচয়দানের সূত্রে অধ্যাপক সেনের এই গ্রন্থটি খুবই মূল্যবান বলে বিবেচিত হতে পারে, যেমনটা মনে করেছিলেন রবীন্দ্রনাথ। এক্ষেত্রে ‘উপক্রমণিকা’ শীর্ষক প্রথম পরিচ্ছেদটি খুবই গুরুত্বপূর্ণ। এখানে আছে দেশ ও দেশনাম, ভাষানাম, ভাষা সংস্থান, আর্থ ও ব্রাত্য প্রসঙ্গ, গ্রামদেবতা ও সমাজ সংস্থা, সমাজ ও সংস্কৃতি এবং উৎসবদির বিচিত্র প্রসঙ্গ। আরোহী ও অবরোহী দুই পদ্ধতির প্রয়োগ ঘটিয়ে বঙ্গদেশের নামকরণ থেকে শুরু করে তার সাংস্কৃতিক পরিসরের সংক্ষিপ্ত পরিচয় দেওয়ার চেষ্টা করেছেন অধ্যাপক সেন। ‘বঙ্গ’ নামটি কত প্রাচীন তা প্রমাণ করতে প্রাচীন সাহিত্যের দৃষ্টান্ত উদ্ধার করেছেন। সুবৃহৎ বঙ্গভূমি তখন নানা অংশে বিভক্ত ছিল। যেমন— রাঢ়, বঙ্গ, সমতট, হরিকেল, বরেন্দ্র, কর্ণসুবর্ণ, তাম্রলিপ্ত ইত্যাদি। ইনি বঙ্গ নামের জড় খুঁজে পেয়েছেন ঐতরেয় আরণ্যকে। ভাষা থেকে দেশনাম, নাকি জাতিনাম থেকে

দেশনাম— এর সঙ্গত সিদ্ধান্ত দিতে গিয়ে বলেছেন, ‘বঙ্গজাতির অধ্যুষিত অঞ্চল বঙ্গদেশ’। বঙ্গ শব্দ থেকে ‘বঙ্গাল’-এর উৎপত্তি, যার নিদর্শন মেলে একাদশ-দ্বাদশ শতক থেকে। উত্তরবঙ্গে এক জাতির অস্তিত্ব ছিল প্রাচীন যুগে যারা পুণ্ড্র জাতি নামে পরিচিত ছিল। এদেরই অধিষ্ঠিত ভূমি পুণ্ড্রবর্ধন নামে খ্যাত, যার পূর্বনাম পুণ্ড্রনগর ছিল বলে অধ্যাপক সেন অনুমান করেছেন। এই পুণ্ড্রনগরেই পাওয়া গিয়েছিল মহাস্থানগড় লিপি, যা বাংলায় লিপিলেখনের আদিতম দৃষ্টান্ত। লিপিটি ছিল ব্রাহ্মী অক্ষরে উৎকীর্ণ। প্রাচীন বঙ্গভূমির একটি অংশ আবার গৌড় নামে চিহ্নিত ছিল। সপ্তম শতকের হিন্দু রাজা শশাঙ্ক ছিলেন এই গৌড়ের অধিপতি। এই সময়ে যেসব সাহিত্যরীতি গড়ে ওঠে তাদের মধ্যে অন্যতম হল গৌড়ী রীতি, যার শ্রেষ্ঠ নিদর্শন মেলে বাণভট্টের হর্ষচরিত ও কাদম্বরীতে। ভাষাতাত্ত্বিক পণ্ডিত হিসেবে সুকুমার সেন উপক্রমণিকার অনেকটা অংশজুড়ে ভাষার সূত্রে বঙ্গভূমির পুরোনো ইতিহাস উদ্ধারে যত্নবান হয়েছেন। এখানে বিভিন্ন নৃগোষ্ঠীর দীর্ঘকালীন বসবাস। অস্ট্রিক ও ড্রাবিড় গোষ্ঠীর মানুষদের মুখের ভাষা কীভাবে বাংলা ভাষাভাণ্ডারকে সমৃদ্ধ করেছে তার কিছু দৃষ্টান্ত দিয়েছেন। আর্য ভাষাভাষীগোষ্ঠীর মানুষ পূর্ব ভারতের বঙ্গভূমিতে অনেক পরে প্রবেশ করে। তার আগে বিভিন্ন কোমের বসবাস, যারা বেদবাহ্য ছিল এবং আর্য রীতি-নীতির সঙ্গে পরিচিত ছিল না, এরাই আর্যদের চোখে ব্রাত্য বা অস্পৃশ্য। আর্যরা বঙ্গভূমিতে প্রবেশ করার আগে এ অঞ্চলের অধিবাসীরা জৈন ও বৌদ্ধ ধর্মাবলম্বী ছিল বলে জানতে পারা গেছে। তাই বঙ্গদেশে অনেক বৌদ্ধ বিহারের ধ্বংসাবশেষ মিলেছে। বাংলা নাকি তন্ত্রের উত্থানভূমি। আর্য-পূর্ব বাঙালির নিজস্ব ধর্ম ছিল এই তন্ত্র। এর সূত্র ধরে তান্ত্রিক দেবীদের অধিষ্ঠান ভূমি এই বঙ্গদেশ। বৌদ্ধধর্মের অনুশাসন ক্রমশ শিথিল হলে তাতে তন্ত্রের প্রভাব পড়তে শুরু করে, যার ফলে বাংলার মাটিতে তান্ত্রিক সহজিয়া বৌদ্ধধর্মের গ্রন্থ চর্যাগীতি পদাবলির সৃষ্টি। বাংলার গ্রামসমাজ যে পূর্বকালাগত ধর্মানুষ্ঠান রীতিকে বজায় রাখতে পেরেছিল তার কারণ রাষ্ট্র-বিপর্যয় থেকে সে অনেকটা রেহাই পেয়ে গিয়েছিল ‘আর্যাবর্তের সদর রাস্তা হইতে অনেক দূরে’ থাকার দরুন। অথচ উত্তরপ্রদেশ ও বিহারে পুরোনো গ্রাম-রীতি ধ্বংস হয়ে গিয়েছিল বারংবার রাষ্ট্রিক বিপর্যয়ে। অধ্যাপক সেনের এই

পর্যবেক্ষণটি খুব যুক্তিপূর্ণ ও গুরুত্ববহ। স্বয়ংসম্পূর্ণ গ্রাম, গ্রামের মঙ্গলার্থে গ্রামদেবতা, দেবতার অধিষ্ঠানভূমি দেবালয়, লৌকিক দেবদেবীর সাধারণ পূজোপকরণ, তাঁদের তুষ্ট করার জন্য ব্রত-পাঁচালি পাঠ, নানাবিধ উপাচার ইত্যাদির উল্লেখ করে বঙ্গের লোকসংস্কৃতির একটি রূপরেখা এঁকে দিয়েছেন অধ্যাপক সেন, যা লৌকিক দেবদেবী সংক্রান্ত কাব্যালোচনার ভিত্তি হিসেবে পরিগণিত হতে পারে। আর এরই সঙ্গে আলোচনা করেছেন তিনি নানা লোকায়ত উৎসব, অনুষ্ঠান, পার্বণ, ক্রীড়া ও আমোদ-প্রমোদের। এই গ্রন্থ প্রকাশের সাড়ে তিন দশক পরে অধ্যাপক সেন লিখবেন ‘বঙ্গভূমিকা’ যাতে এই বিষয়গুলি আরও তথ্যবহুল হয়ে বিশদে উপস্থাপিত হবে। ১৩৫০ ও ১৩৫২ বঙ্গাব্দে প্রকাশিত তাঁর আরো দুটি ক্ষুদ্র পুস্তিকা যথাক্রমে ‘প্রাচীন বাংলা ও বাঙালী’ এবং ‘মধ্যযুগের বাংলা ও বাঙালী’-র উপক্রম হিসেবে বিরাজ করবে এই অংশ, যা তাঁকে প্রাগাধুনিক বঙ্গ, বাঙালি ও বঙ্গ সংস্কৃতি-বিশারদ করে তুলবে সকল ইতিহাস-জিজ্ঞাসুর কাছে।

বাংলা সাহিত্যের ইতিহাস লিখতে গিয়ে প্রাচীন বাঙালির অনুসন্ধান সুকুমার সেন বাঙালি রচিত সংস্কৃত সাহিত্যের অভ্যন্তর ভাগে প্রবেশ করেছেন। কারণ ভাষাতত্ত্ববিদ হিসেবে তিনি জানেন কীভাবে বৈদিক ছন্দস ভেঙে তৈরি হয়েছিল পাণিনীয় সংস্কৃত, পরে তা থেকে প্রাকৃত, অপভ্রংশ, অবহট্ট হয়ে বিভিন্ন প্রাদেশিক নব্য ভারতীয় ভাষাগুলির জন্ম হয়েছিল। সংস্কৃত ছিল প্রথমাবধি সমগ্র দেশের শাস্ত্র ও সাহিত্যের ভাষা। বঙ্গ খ্রিস্টপূর্ব তৃতীয় শতক থেকে সংস্কৃত অনুশীলনকারী আর্যগোষ্ঠীর আগমন ঘটতে থাকে। সুতরাং তাঁরা সংস্কৃতেই যাবতীয় ভাবনা-চিন্তাগুলি লিপিবদ্ধ করতে থাকেন। তাই ‘বাঙ্গালা সাহিত্যের ইতিহাস’-এর দ্বিতীয় পরিচ্ছেদে অধ্যাপক সেন নজর দিয়েছেন যাবতীয় সংস্কৃতে রচনার প্রতি। সেখানে চর্চিত হয়েছে গুপ্ত আমলের প্রতুলিপি, গুপ্ত-পরবর্তী সময়ের অনুশাসন, প্রতুলিপিতে লেখা প্রশস্তিকাব্য, রাজসভায় কবি-সংবর্ধনা, সংস্কৃতে লেখা কাব্য ও নাটক, প্রকীর্ত্ত কবিতার দুটি অনবদ্য সংকলন, টুকরো গীতিকবিতা এবং সবশেষে প্রাচীন যুগের সমাপ্তিলগ্নে সবচেয়ে খ্যাতিমান কবি জয়দেব ও তাঁর অবিস্মরণীয় কাব্য গীতগোবিন্দের প্রসঙ্গ। প্রথম চারটি উপ-পরিচ্ছেদ বঙ্গের রাজনৈতিক ইতিহাসকে উন্মোচিত করেছে। বাংলায় আর্যায়নের

সূচনা মৌর্য যুগ থেকে শুরু হলেও এদের অভিবাসন প্রধানত সম্পূর্ণ হয় গুপ্তযুগে এসে, অর্থাৎ প্রায় সাতশো বছর ধরে প্রাগার্য বঙ্গের আর্ষীকরণ ঘটেছে— এমন ধারণা ঐতিহাসিকদের। পূর্বে উল্লেখিত মহাস্থানগড় লিপি খোদিত হয়েছিল সম্ভবত মৌর্যযুগে যখন প্রাকৃত ভাষাগুলি বিকশিত হতে শুরু করেছিল। এই শিলাচক্রলিপিটি প্রাকৃতে লেখা। অন্যদিকে সংস্কৃতের প্রথম নিদর্শন শুশুনিয়া পাহাড়ের গায়ে বিষ্ণুচক্রের নিচে ও পাশে খোদিত কয়েকটি চরণ, যা থেকে মহারাজ চন্দ্রবর্মার নাম পাওয়া যাচ্ছে। গুপ্ত রাজাদের আমলের আট-দশটি ভূমিদানপত্রের হৃদিশ মিলেছে তাম্রশাসনে। গুপ্ত-পরবর্তীকালের অনুশাসনের মধ্য দিয়ে বঙ্গদেশে প্রসারিত ব্রাহ্মণ্য ধর্মের চেহারা কিছুটা অনুমান করা যায়। আর প্রশস্তিধর্মী রচনায় ধরা পড়েছে তৎকালীন রাজন্যবৃন্দের প্রতি রাজ-প্রতিপালিত উপজীবীদের চাটুকারিতা। কবিরায়ও সম্বর্ধিত হতেন রাজন্যকুল কর্তৃক। এই সব দৃষ্টান্ত সরবরাহ করে সাহিত্য-ঐতিহাসিক তৎকালীন রাজনৈতিক ইতিহাসের চূর্ণসূত্র ধরিয়ে দিয়েছেন আমাদের এবং একই সঙ্গে কীভাবে পরবর্তী সাহিত্যের অবতরণিকা নির্মিত হল তা তিনি দেখিয়েছেন ‘সদুক্তিকর্ণামৃত’, ‘কবীন্দ্রবচন সমুচ্চয়’ প্রভৃতির সংক্ষিপ্ত অথচ মূল্যবান আলোচনায়। মানুষের মুখের ভাষা যে ক্রমশ এগিয়ে চলছিল এবং তাতে সাহিত্য লেখালেখির কাজ শুরু হয়ে গিয়েছিল তা অবহর্ষ্ট কবিতা-কেন্দ্রিক তৃতীয় পরিচ্ছেদটিতে বিস্তৃতভাবে জানিয়েছেন অধ্যাপক সেন। এই ভাষা কেবল সিদ্ধাচার্যরাই ব্যবহার করেননি, তাকে প্রয়োগ করা হয়েছে শিলালিপিতে, প্রহেলিকা রচনায়। চতুর্দশ শতকে বঙ্গদেশে সংকলিত বলে অনুমিত ছন্দোনিবদ্ধ ‘প্রাকৃতপৈঙ্গল’ কেবল ছন্দোচিত্তার বিবর্তনের দিক থেকেই মূল্যবান নয়, সাহিত্যের বিষয়বস্তুর দিক থেকেও একটি গুরুত্বপূর্ণ সারস্বত নিদর্শন। বাঙালির সমাজ ও গৃহজীবনের টুকরো টুকরো ছবি এতে সংকলিত। এমনকি কৃষ্ণকেন্দ্রিক নৌকালীলার পদের প্রথম দেখা মেলা এখানেই। পরবর্তী বাংলা সাহিত্যের আঙুটপাত হিসেবে এই সংকলনটির মূল্য প্রভূত।

‘বাঙ্গালা সাহিত্যের ইতিহাস’ গ্রন্থের চতুর্থ পরিচ্ছেদ থেকে গ্রন্থকার শুরু করেছেন বাংলা ভাষায় লেখা সাহিত্যের ইতিবৃত্ত-কথন। চর্যাগীতি থেকেই বাংলা সাহিত্যের

সূচনা। তবে সে বাংলা প্রাচীন যুগের ধ্বনিতত্ত্ব, রূপতত্ত্ব, বাক্যতত্ত্ব-নির্ভর, যাকে বর্তমান কালের ভাষারূপের প্রত্ন-পর্যায় বলে নির্দেশ করা যেতে পারে। এই পর্যায়ের প্রাচ্য মাগধীর অন্তর্ভুক্ত অনেকগুলি প্রাদেশিক ভাষার সঙ্গে তৎকালীন বাংলার বিভিন্ন দিক থেকে সাযুজ্য দেখা যায়। এর দরুন চর্যাগীতির ওপর হিন্দি, মৈথিলি, অসমীয়া ও ওড়িয়া ভাষাভাষীদের দাবি নিতান্ত কম নয়। কিন্তু সেইসব দাবিকে নস্যাৎ করে দিয়েছিল ভাষাচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের বিখ্যাত গবেষণাগ্রন্থ ‘The Origin and Development of the Bengali Language’(1926)। চর্যাগীতির স্বরূপ নির্ধারণ করতে গিয়ে অধ্যাপক সেন ধর্মের দিক থেকে একে চিহ্নিত করেছেন, যাতে বৌদ্ধ সিদ্ধাচার্যদের তত্ত্ব-সাধনঘটিত পারিভাষিক শব্দ প্রচুর পরিমাণে ব্যবহৃত হয়েছে। বাঙালি শিষ্ট কবি পণ্ডিতদের চর্চিত সংস্কৃতকে ত্যাগ করে কেন দেশি ভাষায় এমন ধর্মপুস্তক লেখা হল সে বিষয়ে বলতে গিয়ে সুকুমার সেন লিখেছেন, ‘যাঁহারা শিক্ষিত ও অভিজাত সমাজের ধার ধারিতেন না তাঁহারা সংস্কৃত-না-জানা জনসাধারণের বোধগম্য ভাষা’-তে গল্প-গান-ছড়া রচনা করিতেন। এই সূত্রেই বৌদ্ধ ও শৈব সিদ্ধাচার্যদের দ্বারা বাংলাভাষা সাহিত্যে প্রথম অনুশীলিত হইয়াছিল।’ তবে এইক্ষেত্রে গৌতম বুদ্ধের ভাষাদর্শের কথাও মনে রাখা বাঞ্ছনীয়। ব্রাহ্মণ্য ধর্ম ছিল সংস্কৃত ভাষা-নির্ভর। আর গৌতম বুদ্ধ সেই ধর্মের বিপরীত প্রান্তবাসী। তাই তিনি পাণ্ডিত্যপূর্ণ সংস্কৃত ভাষা পরিত্যাগ করে দেশজ পালি ভাষাকেই আশ্রয় করেছিলেন এবং শিষ্যদের নির্দেশ দিয়েছিলেন যাবতীয় ধর্মোপদেশনা লৌকিক ভাষাতেই দিতে। এমনই একটি দেশজ ভাষা ছিল বাংলা। তাই বোধহয় পরবর্তীকালে বৌদ্ধসিদ্ধাচার্যরা ধর্মগুরুর নির্দেশ স্মরণ করে নিজেদের মাতৃভাষাতেই তাঁদের ধর্ম-দর্শনকে লিপিবদ্ধ করেছিলেন। যাইহোক, এরপর এ পরিচ্ছেদে একে একে চর্যাগীতির কবিকুল সম্পর্কে, তাঁদের পদের বিস্তৃত উদ্ধারসহ নানা দিক থেকে পদগুলির মূল্য বিচার করেছেন তিনি। যে বিশেষ সামাজিক ও সাংস্কৃতিক ভূগোল চর্যাগানগুলির সৃষ্টির মূলে সক্রিয় ছিল, সেটি এই নিবিড় আলোচনার মধ্য দিয়ে পরিস্ফুট হয়ে উঠেছে। ‘চর্যাগীতির নূতন কবি’ শীর্ষক উপ-পরিচ্ছেদে অধ্যাপক সেন দৃষ্টিপাত করেছেন ‘চর্যাশ্রয়বিনিশ্চয়ে উদ্ধৃত কবিদের পরবর্তী’ পর্যায়ের যাঁরা পদ রচনায় অগ্রসর

হয়েছিলেন তাঁদের ওপর। এই নতুন পদগুলির আবিষ্কর্তা ছিলেন রাহুল সংকৃত্যায়ন। এগুলিকে গান না বলে ডক্টর সেন বলেছেন ‘প্রাচীন চর্যাগানের মকশ’। যে তিনজন সিদ্ধাচার্যের পদ পরে আবিষ্কৃত হয়েছিল তাঁরা হলেন বিনয়শ্রী, সরুঅ এবং অবধু। পরবর্তীকালে কোনো সাহিত্য-ঐতিহাসিক এ বিষয়ে যে কেন কৌতূহল প্রকাশ করলেন না, সেটা বেশ আশ্চর্যের। চর্যার অনুবৃত্তি স্বরূপ যে পরবর্তীকালে রাগাঙ্ঘিকা পদগুলির আবির্ভাব হল সেই সিদ্ধান্তে পৌঁছেছেন লেখক এবং কোনো কোনো বৈষ্ণব সাধকের গানে যে চর্যাগীতির অভ্রান্ত অনুবৃত্তি লক্ষ করা যায় তা উদাহরণসহ প্রমাণ করেছেন। ডোমনি-কাপালিকের প্রেম অনুষ্টিই কি বাহিত হয়েছে পরবর্তীকালের রামী-চণ্ডীদাসের রূপকল্পে? এমন একটা সম্ভাবনার দ্বার কিন্তু উন্মুক্ত করে দেন অধ্যাপক সুকুমার সেন।

বঙ্গদেশের ইতিহাসে ত্রয়োদশ শতকের সূচনায় তুর্কি আক্রমণ সবচেয়ে গুরুত্বপূর্ণ একটি রাজনৈতিক ঘটনা হিসেবে বিবেচিত। এই ঘটনাই মোড় ফেরালো একটি যুগের। এর প্রতিক্রিয়ায় একটা বন্ধা সময় এসে উপস্থিত হল সাহিত্যসৃষ্টির ক্ষেত্রে, যাকে কম-বেশি সব ইতিহাসকার ‘অন্ধকারময় যুগ’ বলে চিহ্নিত করেছেন। কিন্তু অধ্যাপক সেন আদৌ সে পথ ধরে এগোননি। কারণ তিনি বুঝতে পেরেছিলেন ইতিহাসের অন্তহীন কালপ্রবাহে কখনো কখনো ক্ষণিক ছেদ পড়ে, মননশীলতায় দেখা দেয় ভাটার টান। জাতির দীর্ঘজাগরণের ক্লাস্তি ধুয়ে মুছে যায় এমনই নীরব সুষ্টিগির কোলে। ত্রয়োদশ থেকে চতুর্দশ শতকের মাঝামাঝি পর্যন্ত বাঙালি সেই চেতনা-সুষ্টির কাল অতিবাহিত করেছিল, যাতে তার পরবর্তী জাগরণের কাল সৃষ্টি-ঐশ্বর্যে ভরপুর হয়ে ওঠে। বাস্তবে হয়েছেও তাই। পূর্বের সাহিত্য ছিল কেবল বৌদ্ধধর্মকেন্দ্রিক। এবার নবজাগ্রত বাঙালি ইসলাম ধর্মের সংস্পর্শে এসে সংঘাতে ও সমন্বয়ে গড়ে তুলল অনেকগুলি ধারা, যেখানে পৌরাণিক ব্রাহ্মণ্যধর্মের মধ্যে বৈষ্ণব, শাক্ত, শৈব প্রভৃতি উপমতগুলির আশ্রয়ে স্বতন্ত্র কাব্যপ্রবাহ সৃষ্টি হতে পারল। ইসলামি তমদ্দুনের সংযোগে পাওয়া গেল সুফিবাদ, বাউল মত, নাথপন্থা এবং বিশুদ্ধ ইসলামি শাস্ত্র বিষয়ক রচনা এবং অবশ্যই ধর্মনিরপেক্ষ বলিষ্ঠ মানবতাবাদের কাব্য প্রণয়োপাখ্যান সমূহ। অধ্যাপক সেন তাঁর গ্রন্থের পঞ্চম পরিচ্ছেদটিতে তুর্কি

আক্রমণের ফলাফল অত্যন্ত যুক্তিনিষ্ঠ ভাবে ব্যাখ্যা করেছেন। তুর্কি বিজয়ের সূচনাতে যে অনিশ্চয়তা ও অরাজকতার ঝড় বয়ে যায় বঙ্গপ্রদেশের ওপর দিয়ে এবং তার ফলে প্রাচীন যুগের ধর্ম, সমাজ-সংস্থিতি, রাজনৈতিক স্থিতাবস্থা চূর্ণ-বিচূর্ণ হয় সে বিষয়ে তাঁর সুধীর পর্যবেক্ষণ উপস্থাপন করেছেন। এই ঘটনা থেকেই সূচিত হয় বাংলার রাজনৈতিক ও সাংস্কৃতিক ইতিহাসের মধ্যযুগ। এই প্রাচীন ও মধ্যযুগ নিয়ে অধ্যাপক সেনের আরো যে-দুটি পুস্তিকা রয়েছে (যা পূর্বে উল্লেখিত) তাতে বিশদে তিনি অনেক খবরই জানিয়েছেন, যা সাহিত্যের ইতিহাস বিবৃতির সূত্রে ফাঁক রয়ে গিয়েছিল। ওই দুই ক্ষুদ্র পুস্তিকাকেই ‘বাঙ্গালা সাহিত্যের ইতিহাস’-এর প্রথম খণ্ডের যোগ্য পরিপূরক হিসেবে ধরতে হবে। এতে লেখকের ইতিহাস অনুশীলনের ব্যাপ্তি ও গভীরতা টের পাওয়া যায়। এই পর্বের অনুশীলনে তিনি এটাও অনুধাবন করেছিলেন যে, তুর্কি আক্রমণ হিন্দু ধর্মের ক্ষেত্রে বিনাশকের ভূমিকা নিয়ে উপস্থিত হলেও সদ্যোজাত বাংলা ভাষার ক্ষেত্রে সে হয়ে ওঠে আশীর্বাদক। ধর্মের গোঁড়ামির কারণে মুসলিম প্রশাসকগণ দেবদেউল ভেঙে দেববিগ্রহকে লাঞ্ছিত করেছিলেন, একইভাবে দেবভাষা সংস্কৃতকে করেছিলেন অবজ্ঞা। বরং তাঁদের কাছে অনেক বেশি গ্রহণীয় হয়ে উঠেছিল নবসৃজ্যমান বাংলা ভাষা। মৌখিক চলমানতার মধ্য দিয়ে এই ভাষা তখন তার শৈশবকাল অতিক্রম করে বাল্য ও তারুণ্যে উপস্থিত। রাজসভায় পৃষ্ঠপোষিত কিংবা জনসভায় আদৃত কবিরা নির্ভর করতে শুরু করলেন কিঞ্চিৎ বয়ঃপ্রাপ্ত বাংলা ভাষাকে, তথা নিজেদের মাতৃভাষাকে। রাজশক্তির আনুকূলে ইলিয়াস শাহী বংশের রাজত্বকাল থেকেই যে আবার বঙ্গদেশে জ্ঞানচর্চা ও সাহিত্যানুশীলনের পুনরারম্ভ হল ড. সেন এই যুক্তিসিদ্ধ ও প্রমাণ-দর্শিত সিদ্ধান্তে পৌঁছেছেন। তেমনি হিন্দুর ধর্মচিন্তায় আবির্ভূত হল কিছু নতুন দেবতা ও তজ্জাত নবীন সংস্কৃতি। এই পরিচ্ছেদের শেষে ড. সেন এমন একটি বিষয়ের আলোচনার সূত্রপাত করেছেন যা তাঁর পূর্ববর্তী ঐতিহাসিকগণের লেখায় দুর্লভ। সেটি হল ‘ভারতীয় আর্থ ভাষায় সমসাময়িক সাহিত্য’। এটি একটি তৌলনধর্মী বিচার এবং সেই সূত্রে বাঙালির সৃষ্টি-ক্ষমতা ও বঙ্গ সাহিত্যের আপেক্ষিক মূল্যায়ন। এই পদ্ধতিটি

তাঁর পরবর্তী খ্যাতিমান সাহিত্য-ঐতিহাসিক অধ্যাপক অসিতকুমার বন্দ্যোপাধ্যায় অবশ্য সুচারুভাবে প্রয়োগ করেছিলেন।

এখানে একটি কথা বলে নেওয়া প্রয়োজন। সেটি হল এই যে, অধ্যাপক সেনের অগ্রজ সাহিত্যের ইতিহাস লেখকগণ নানা দৃষ্টিকোণে যুগ বিভাজনের পরিকল্পনা করেছিলেন। দীনেশচন্দ্র সেন তো বঙ্গ সাহিত্যের সূচনাকাল থেকে ভারতচন্দ্র পর্যন্ত মোট পাঁচটি যুগের কল্পনা করেছিলেন, যেগুলি হিন্দু ও বৌদ্ধ যুগ, গৌড়ীয় যুগ, নবদ্বীপের প্রথম যুগ, সংস্কার যুগ ও কৃষ্ণচন্দ্র বা নবদ্বীপের দ্বিতীয় যুগ নামে তাঁর গ্রন্থে চিহ্নিত। অধ্যাপক সেন এ ব্যাপারে একেবারেই ভিন্নপথগামী। গোড়ায় রাজনৈতিক ইতিহাসের সঙ্গে মিলিয়ে যুগবিভাগের কথা ভাবলেও পরে যেকোনো কারণেই হোক সেটা পরিত্যাগ করেন। দেখা যাচ্ছে, গ্রন্থটির তৃতীয় সংস্করণ থেকে এক একটি শতাব্দী ধরে তিনি গ্রন্থের অধ্যায় বিভাজন করেছেন। মোট পাঁচ খণ্ডে সমাপ্ত এই গ্রন্থটিতে সময়ের বিভাজন করা হয়েছে এভাবে : চর্যাপদ থেকে ষোড়শ শতক পর্যন্ত প্রথম খণ্ডের অন্তর্গত, দ্বিতীয় খণ্ডে আছে সপ্তদশ ও অষ্টাদশ শতকের সাহিত্য-বিবরণী, তৃতীয় খণ্ডের উপজীব্য উনিশ শতক, একা রবীন্দ্রনাথকে নিয়ে রচিত হয়েছে চতুর্থ খণ্ডটি এবং সর্বশেষ খণ্ডটিতে আছে বিদ্যাসাগরের প্রয়াণ থেকে রবীন্দ্রনাথের প্রয়াণ পর্যন্ত পঞ্চাশ বছরের সাহিত্যসৃষ্টির বিবরণ। সন-তারিখের দিক থেকে ক্রটিমুক্ততায় সুকুমার সেন এখনো পর্যন্ত অপ্রতিদ্বন্দ্বী।

প্রায় ১৪০ বছর ধরে তুর্কি-অধিকৃত বাংলায় রাজনৈতিক বিশৃংখলার একটি পর্ব চলেছিল। এই সময়ে অন্তত কুড়িজন প্রশাসকের বদল ঘটে। এঁরা দিল্লির প্রশাসকদের দ্বারা নির্বাচিত কিংবা প্রেরিত হয়ে আসতেন। সিংহাসন দখলের জন্য যুদ্ধ, গুপ্তহত্যা, সশস্ত্র বিদ্রোহ ইত্যাদিও দেখা গিয়েছিল এই সময়টায়। যখন শামসুদ্দিন ইলিয়াস শাহ বসলেন বাংলার শাহীতক্তে, তখন থেকে ধীরে ধীরে অরাজকতা দূর হয়ে সমাজজীবনে সুস্থিতি ফিরে আসতে থাকে। এঁরা ছিলেন স্বাধীন সুলতান এবং কয়েকটি রাজবংশ পরপর রাজত্ব করে গেলেও ১৫৩৮ খ্রিস্টাব্দ পর্যন্ত এঁরা ছিলেন সবাই দিল্লির নিয়ন্ত্রণ-মুক্ত। অধ্যাপক সুকুমার সেন তাঁর গ্রন্থের ষষ্ঠ

পরিচ্ছেদে এই ইলিয়াসশাহী আমলের রাজনৈতিক ঘটনাবলির কিঞ্চিৎ পরিচয় দিয়েছেন। এই সময়টায় নেপাল ও মিথিলার পরিস্থিতি কী ছিল সেটিও উল্লেখ করেছেন। গৌড়ের সঙ্গে মিথিলার যে একটি সাংস্কৃতিক আদান-প্রদান চলছিল তার প্রমাণ স্বরূপ তিনি কৃষ্ণলীলাকেন্দ্রিক পদাবলি সাহিত্যের দিকে অঙ্গুলি সংকেত করেছেন। তাঁর মতে, বাংলার অধ্যাত্ম-ভাবনায় নতুন মাত্রা যোজিত হয় ভাগবত পুরাণের প্রভাবে, যা নাকি এসেছিল তীরহৃত থেকে। তাঁর বক্তব্য — ‘পঞ্চদশ শতাব্দীর আগে বাঙ্গলাদেশে ভাগবত-পুরাণ জানা ছিল বলিয়া কোন প্রমাণ নাই।’ বরং বিপরীত প্রমাণ এই যে, অমরকোষের ‘পদচন্দ্রিকা’ নামে যে-টীকা লিখেছিলেন রায়মুকুট বৃহস্পতি মিশ্র সেখানে অন্য অনেক গ্রন্থের নাম ও উদ্ধৃতি থাকলেও এই বিষ্ণু-উপাসক ভাগবতের কোনো উল্লেখ করেননি। সুতরাং অধ্যাপক সেনের উপরিউক্ত কথা যদি মেনে নিতে হয় তাহলে জয়দেবের কাব্য ভাগবত প্রভাবের বাইরে অবস্থান করে। অবশ্য ভাগবতে রাধা অনুপস্থিত। কিন্তু জয়দেবের রাধাই হয়ে উঠেছেন ওই কাব্যের প্রধান বিষয়বস্তু। গোবিন্দের গীতে গোবিন্দ-প্রেয়সীই নজর কাড়েন সবচেয়ে বেশি। ইলিয়াস শাহী বংশ দুই পর্যায়ে রাজত্ব করার পর মসনদে বসলেন আলাউদ্দিন হোসেন শাহ। অত্যন্ত প্রভাবশালী সুলতান এবং ঐর আমলেই শ্রীচৈতন্যদেবের ধর্মপ্রচার। মহাপ্রভুর অন্তর্ধানের পরই পরিসমাপ্তি লাভ করে হোসেনশাহী বংশ। তত দিনে দিল্লির রাজতন্ত্রে মোগল সম্রাটদের আনাগোনা শুরু হয়ে গেছে। সুকুমার সেন অবশ্য রাজনৈতিক ইতিহাসের বিশদ বিবরণে যাননি। তিনি পঞ্চদশ শতকের ধর্মনির্ভর সাহিত্য-সংস্কৃতির পরিচয় লিপিবদ্ধ করেছেন এবং গৌড়ের সুলতানের কাছে জৌনপুরের শাসক হোসেন শাহ শর্কী যে আশ্রয়প্রাপ্ত হয়েছিলেন সেকথা জানিয়েছেন। ঐরই পৃষ্ঠপোষিত ছিলেন সুফি সাধক কবি কুতবন যিনি ‘মৃগাবতী’ কাব্য লিখে বিখ্যাত হন। এ কাব্য বাংলায় বসেই লেখা হয়েছিল বলে উল্লেখ করেছেন অধ্যাপক সেন, যার সুনিশ্চিত প্রমাণ কাব্যের সূচনায় বাংলার সুলতান হোসেন শাহার প্রভূত প্রশংসা। এই সময় বাঙালি পদকর্তা হিসেবে আবির্ভূত হন যশোরাজ খান, যিনি চৈতন্য সমসাময়িক কালে পদাবলির ধারাপত্তন করেছিলেন বলে মনে হয়। এই পরিচ্ছেদেই লেখক ব্রজবুলি ভাষায় লেখা গীতিকবিতার ইতিহাস

কিঞ্চিৎ বিবৃত করেছেন এবং জানিয়েছেন যে, ব্রজবুলি আসলে দুটি ভাষার মিশ্ররূপ। একটি আবশ্যিকভাবে অবহর্ষ ও অন্যটি স্থানীয় কোনো ভাষার শিষ্ট রূপ। স্থানীয় ভাষার মধ্যে থাকতে পারে বাংলা, ওড়িয়া, অসমীয়া কিংবা মৈথিলি। এখানে উল্লেখ্য যে, বাংলা সাহিত্যের ইতিহাস রচনায় হাত দেওয়ার আগে অধ্যাপক সেন বিপুল পাণ্ডিত্যের পরিচয় দিয়ে লিখেছিলেন ‘A History of Brajabuli Literature’, যা প্রকাশিত হয় ১৯৩৫ খ্রিস্টাব্দে কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে। আমরা জানি যে, মধ্যযুগে বৈষ্ণব পদে ব্রজবুলির বিপুল ব্যবহার ও রসিক বাঙালির আস্থাদন এই বহির্বিদ্যমান ভাষাকে বাঙালি সংস্কৃতির অচ্ছেদ্য উপকরণে পরিণত করেছিল। অধ্যাপক সেন ব্রজবুলি সাহিত্যের ইতিহাস রচনা করতে গিয়ে বৈষ্ণব গীতিকবিতা বিষয়ে যে পূর্ণাঙ্গ আলোচনা উপস্থাপন করেছিলেন তা তাঁর বাংলা সাহিত্যের ইতিহাস চর্চার ক্ষেত্রে, বিশেষত পদাবলি সংক্রান্ত ভাবনায়, ভিত্তি স্বরূপ কাজ করেছিল বলে মনে হয়।

এই প্রথম খণ্ডেই অধ্যাপক সেন পর্যায়ক্রমে নিয়ে এসেছেন রামায়ণ পাঁচালির কথা, সেই সূত্রে কৃত্তিবাস-সমস্যাও আলোচিত। বাংলার পাশাপাশি আসামেও রাম-সংস্কৃতি বিস্তার লাভ করেছিল। সেখানকার পঞ্চদশ শতকের কবি মাধব কন্দলী রামায়ণ অনুবাদ করেছিলেন নিজ মাতৃভাষায়। চৈতন্যদেবের আবির্ভাবের আগে রামোপাসনার ধারা যে পূর্বভারতে বেশ প্রসার লাভ করেছিল সে তথ্য সন্নিবিষ্ট হয়েছে এখানে। বিষ্ণুর আর এক অবতার কৃষ্ণকে নিয়ে ভক্তির স্রোত প্রবাহিত হতে থাকে চৈতন্য-পূর্বকাল থেকেই। এর প্রমাণ যেমন জয়দেবের কাব্য, তেমনি মালাধর বসুর ভাগবত অনুবাদ। শ্রীকৃষ্ণকীর্তনে কৃষ্ণকথা থাকলেও তাতে কৃষ্ণের যে-রূপ প্রকটিত হয়েছে সেটি পুরাণ-পুরুষের মহিমা-বর্জিত রক্ত-মাংসের কামবাসনা-জর্জরিত ভোগী মানুষের। বড় চণ্ডীদাসের এই লেখা বিষয়বস্তুর দিক থেকে যেমন প্রাতিস্মিক তেমনি আঙ্গিকের দিক থেকেও অভিনব। এটি কাব্যের আকারে লেখা হলেও এতে প্রভূত পরিমাণে নাট্যধর্ম বিদ্যমান। তাই অধ্যাপক সেন একে চিহ্নিত করেছেন ‘নাট্যগীত পাঞ্চালিকা’ নামে। এতে সন্নিবিষ্ট বিবিধ পরিভাষা বিশ্লেষণ করে অন্যত্র (‘নট নাট্য নাটক’ নামে তাঁরই লেখা একটি গ্রন্থে) তিনি দেখিয়েছেন কীভাবে দ্বিরালাপ, চেষ্টিত

ও নিছক বর্ণনাধর্মিতার মধ্য দিয়ে এর কাহিনি অগ্রসর হয়েছে পরিণতির দিকে। চণ্ডীদাস এক না বহু এ প্রশ্ন অনেক দিনের। তাকে আরো জটিল করে তোলে ‘শ্রীকৃষ্ণকীর্তন’ গ্রন্থের আবিষ্কার। চণ্ডীদাস-সমস্যার জট খোলার চেষ্টা আছে অষ্টম পরিচ্ছেদে। পরে কাব্যের প্রকৃতি, গঠন ও পরিচয় দেওয়া হয়েছে বিস্তৃতভাবে। লেখকের এই আলোচনা পরবর্তী কালে শ্রীকৃষ্ণকীর্তন গ্রন্থের সম্পাদকবর্গকে নানাভাবে প্রভাবিত করেছে।

তুর্কি আক্রমণের ফলে বাংলায় পৌরাণিক সংস্কৃতির যেমন পুনরুজ্জীবন হয়েছিল, তেমনি অপৌরাণিক তথা গ্রাম্য লৌকিক দেবদেবীরও আবির্ভাব ঘটেছিল। এদের মধ্যে মনসা, মঙ্গল চন্ডী ও ধর্ম ঠাকুর প্রধান। অধ্যাপক সেন এইসব দেবদেবীর লোকসংস্কৃতিক উৎসের পরিচয় অন্বেষণ করেছেন। আবার কোথাও কোথাও এর জড় খুঁজতে গিয়ে বেদ, উপনিষদ, পুরাণ ইত্যাদিকে আশ্রয় করেছেন। তখন মধ্যযুগে মঙ্গলকাব্য রচনার হিড়িক চলছিল। এক একটি ধারাতে অনেকজন কবির আবির্ভাব লক্ষ করা গিয়েছিল। অবশ্য কাব্য রচনায় তাঁদের অভিনবত্ব সামান্যই। ড. সেন প্রতিটি মঙ্গলকাব্যের ধারায় আবির্ভূত বিশিষ্ট কবিদের যথাসম্ভব বিস্তারিত পরিচয় দিয়ে তাঁদের মৌলিকতা নির্দেশ করতে তৎপর হয়েছেন।

মধ্যযুগের বাংলা সাহিত্যের বিকাশ ও প্রকাশক্ষেত্র ছিল তিনটি : রাজসভা, ধর্ম প্রতিষ্ঠান ও জনপরিসর। এই ব্যাপারটা কম-বেশি দেখা গেছে প্রাচীন যুগ থেকে। অবশ্য তখন জনসভার এত বেশি কদর ছিল না। যাইহোক, সাহিত্যের এই তিন অধিক্ষেত্র তিনটি ভিন্ন প্রকৃতির। সুতরাং সেখানে জন্ম নেওয়া সাহিত্য যে আলাদা আলাদা আঙ্গাদ-বিশিষ্ট হয়ে উঠবে তাতে আর বিস্ময়ের কী। এদের মধ্যে রাজসভা ছিল একেবারেই শিক্ষিত, অভিজাতবর্গে ঠাসা। শিল্পনিপুণ বহুশাস্ত্র বিশারদ পণ্ডিতেরা ঠাই পেতেন সেখানে। অধ্যাপক সেন ষোড়শ শতকে আবির্ভূত রাজসভা সংশ্লিষ্ট কবিদের আলোচনা করেছেন স্বতন্ত্র একটি অধ্যায়ে। মহাভারতের দুটি অনুবাদ যা চট্টগ্রামের এক সামন্ত প্রভুর দরবারে বসে লেখা হয়েছিল, সে সম্পর্কে তিনি আলোচনা করেছেন। এরই সূত্রে পর্যালোচিত হয়েছে রামচন্দ্র খানের ‘অশ্বমেধ পর্ব’

ও দ্বিজ রঘুনাথের ‘অশ্বমেধ পর্ব’। এঁরা অবশ্য কোন রাজসভা অলংকৃত করেছিলেন জানা যায়নি। এই সূত্রে এসেছে কামতা কোচবিহার রাজসভার প্রসঙ্গ ও সেখানকার কবি পীতাম্বরের দুটি পৌরাণিক রচনার কথা। পরবর্তী সময়ে এই রাজসভাতেই মহাভারতের পর্বভিত্তিক প্রচুর অনুবাদ হয়েছে। এদের প্রায় প্রত্যেকের উল্লেখ করেছেন লেখক। অবশ্য এইসব রচনা সম্পাদিত হয়ে প্রকাশিত হয়নি আজও। তাই পুথি পাঠ করেই ড. সেন সাহিত্যের ইতিহাসকে সমৃদ্ধ করতে সচেষ্ট হয়েছেন এখানে এবং প্রতিটি ক্ষেত্রে সংক্ষিপ্ত হলেও পুথি সম্পর্কে তথ্য প্রদান করেছেন। পরবর্তীকালে যাঁরা এগুলি নিয়ে গবেষণা করতে ইচ্ছুক এইসব তথ্য যে সেইসব অনুসন্ধিৎসু গবেষকদের কাছে কত মূল্যবান হয়ে উঠবে তা সহজেই অনুমেয়।

এভাবে ‘বাঙ্গালা সাহিত্যের ইতিহাস’ গ্রন্থের পরিচ্ছেদ ভিত্তিক বিশ্লেষণের মধ্য দিয়ে এই গ্রন্থকারের বিপুল পাণ্ডিত্যের, ভূয়োদর্শী পাঠাভিজ্ঞতার, নতুন নতুন সিদ্ধান্তের নানা দিক উঠে আসবে। তার জন্য আলোচনার দীর্ঘ পরিসর প্রয়োজন, যা একটি টুকরো নিবন্ধে ধারণ করা অসম্ভব। তাই সংক্ষেপে অধ্যাপক সুকুমার সেনের সামগ্রিক মূল্যায়নে এখন অগ্রসর হওয়া যাক। তার আগে এখানে অতিরিক্ত তথ্য হিসেবে উল্লেখ্য যে, এই বইটির প্রকাশের আগের বছরে ড. সেনের লেখা আরেকটি সাহিত্যের ইতিহাস প্রকাশিত হয়েছিল। বইটির নাম ‘বাঙ্গালা সাহিত্যের কথা’। সেটিও পূর্ণাঙ্গ ইতিহাস, তবে খুবই সংক্ষিপ্ত। একেবারেই ছাত্রপাঠ্য রচনা। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে সে সময় যে প্রবেশিকা পরীক্ষা অনুষ্ঠিত হত সেই পাঠ্যসূচিতে দ্রুত পঠন হিসেবে এটি অন্তর্ভুক্ত ছিল। ফলে বহুদিন পর্যন্ত এটি ছিল ‘বেস্ট সেলার’ এবং লেখকের স্বীকারোক্তি অনুযায়ী এতে তাঁর কিঞ্চিৎ লক্ষ্মীলাভও হয়েছিল। পরবর্তীকালে এর অনেকগুলি সংস্করণ প্রকাশিত হয়। এই বইটিকে লেখক চিহ্নিত করেছিলেন ‘সর্বজনপাঠ্য প্রামাণ্য ধারাবাহিক ইতিহাস’ হিসেবে, যেখানে খুঁটিনাটি বিবরণ বাদ দিয়ে কেবল প্রয়োজনীয় তথ্য ও তত্ত্বের প্রসঙ্গ উপস্থাপিত। এ গ্রন্থে সময়সীমা ধরা হয়েছে চর্যাপদ থেকে উনিশ শতক পর্যন্ত। এখানে লক্ষণীয় বিষয় এই যে, শ্রীকৃষ্ণকীর্তনকে কৃষ্ণবাস ও মালাধরের পরে রেখে আলোচনা করা হয়েছে। বিদ্যাপতি স্থান পেয়েছেন কৃষ্ণবাসের পর। তবে সৈয়দ আলাওল একা নন, মুসলিম

কবি হিসেবে দৌলত কাজীও সেখানে আলোচিত হয়েছিলেন। উনিশ শতকের আলোচনায় জোড়াসাঁকো ঠাকুরবাড়ি আলাদা গুরুত্ব পেয়েছিল। এই প্রসঙ্গে অধ্যাপক সেনের আরও একটি বই বিশেষভাবে উল্লেখ্য। বইটির নাম ‘ইসলামী বাংলা সাহিত্য’। লক্ষ করলে দেখা যাবে বাংলা সাহিত্যের ইতিহাসের প্রথম খণ্ডে প্রাচীন ও মধ্যযুগের সাহিত্যালোচনায় তিনি মুসলিম কবিদের লেখা রচনা সম্ভারের প্রতি বিশেষ দৃষ্টিপাত করেননি। কেবল দ্বিতীয় খণ্ডের নবম ও বিংশ পরিচ্ছেদে এ বিষয়ে খুবই সংক্ষিপ্ত আলোচনা পেশ করেছিলেন। আলোচনার সেই খামতিকে পূরণ করতে পরে হাত দেন ইসলামি সাহিত্যের বিস্তারিত আলোচনায়। যার ফলশ্রুতি হল ১৩৫৮ বঙ্গাব্দে প্রকাশিত ‘ইসলামী বাংলা সাহিত্য’ বইটি। এটি যে পূর্বের ত্রুটি সংশোধনের সূত্র ধরে আবির্ভূত সেটি তাঁর গ্রন্থ-ভূমিকায় স্পষ্ট করে উল্লেখিত। ওই বইটিতে তুর্কি বিজয়, পরবর্তী বাংলায় মুসলমানদের অভিবাসন, তাদের সামাজিক ও ধর্মীয় স্তরভেদ স্বল্পাকারে আলোচিত। বাকি অংশে পর্যায়ক্রমে রয়েছে দৌলত কাজী ও সৈয়দ আলাওলের কাব্য বিবরণ, অন্যান্য প্রণয়কাব্যের আলোচনা। এছাড়া নবীবংশ, জঙ্গনামার মতো ইসলাম ধর্মের বিষয় নিয়ে যেসব আখ্যান লেখা হয়েছে তাদেরও কিঞ্চিৎ পরিচয় দেওয়া হয়েছে। লৌকিক মঙ্গলকাব্যের মতো মুসলমান কবির পীরের মাহাত্ম্য-কথা কিংবা বনবিবির জহুরানামা লিখেছিলেন। সেগুলির সংক্ষিপ্ত কাহিনি এখানে উপস্থাপিত হয়েছে এবং কবিদের স্বাক্ষর পরিচয় উদ্ধার করা হয়েছে। অধ্যাপক সেন তাঁর আলোচনাকে এই গ্রন্থে টেনে এনেছেন উনিশ শতক পর্যন্ত। সেখানে আলোচিত হয়েছে মুসলমান কবি রচিত গ্রাম্যগাথা, সারি, জারি ও নাটগীত। সুফি খান্দানগুলির মধ্যে বাংলায় চিশতিয়া ও সুহরওয়াদিয়ার পাশাপাশি মদারিয়া ও কলন্দরিয়ারা বেশ প্রাধান্য বিস্তার করেছিল। ওইসব মতাদর্শের সাহিত্য সম্পর্কিত আলোচনাও এখানে আছে। সবশেষে এনেছেন তিনি ইসলামি বাংলার প্রসঙ্গ। ইসলামি বাংলা হল এক জগাখিচুড়ি ভাষা, যার সঙ্গে মিশে আছে বাংলা, হিন্দি, আরবি ও ফারসি। ব্রজবুলির মতো এটিও একটি কৃত্রিম সাহিত্য-ভাষা। এই ভাষাতে রচিত দোভাষী পুথিগুলি তাঁর মনোযোগ আকর্ষণ করেছিল। মুসলিম কবিদের রচিত যাবতীয় গ্রন্থের ও ইসলামি বিষয় সম্বলিত প্রভূত রচনাটির মোটামুটি সামগ্রিক

পরিচয় লিপিবদ্ধ করা হয়েছিল এই গ্রন্থটিতে, যা পরবর্তীকালে অনেক গবেষণাপত্রের উৎস হিসেবে ভূমিকা পালন করেছে।

যাইহোক, প্রাগাধুনিক সাহিত্যের ইতিহাস রচনায় সুকুমার সেন যে গভীর পাণ্ডিত্যের পরিচয় দিয়েছিলেন সে বিষয়ে কোনো সন্দেহ নেই। ‘বাঙ্গালা সাহিত্যের ইতিহাস’-এর প্রথম খণ্ডে মোট ষোলোটি পরিচ্ছেদ ও দ্বিতীয় খণ্ডে মোট একুশটি পরিচ্ছেদ রচনা করে দীর্ঘ আটশো-ন’শো বছরের সাহিত্যসৃষ্টির বিবরণকে তুলে ধরতে সচেষ্ট হয়েছিলেন। তা থেকে দেখা যাচ্ছে, প্রথম খণ্ডে একাদশ থেকে চতুর্দশ পরিচ্ছেদ পর্যন্ত আলোচনায় একটা বড়ো অংশ জুড়ে বিরাজ করছেন বাংলার মধ্যযুগের সবচেয়ে গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব শ্রীচৈতন্যদেব, যাঁকে ঘিরে লেখা হয়েছে জীবনী সাহিত্য ও পদাবলি সাহিত্য। চৈতন্যজীবনী কাব্যের ধারা আবার আহ্বান করে এনেছে অনেকগুলি মহান্ত জীবনীকে। মহাপ্রভুর প্রভাব ব্যাপকভাবে পড়েছিল ভক্তিদর্শনে, যা থেকে স্বতন্ত্র ভাবে নির্মিত হয় গৌড়ীয় বৈষ্ণব দর্শন ও সাধনপন্থা। প্রচলিত পদাবলিতে তাঁর ব্যক্তিত্বের ব্যাপক প্রভাব পড়ে। চৈতন্যোত্তর কালে ভাগবতের যেসব অনুবাদ হয়েছে অথবা অন্যভাবে কৃষ্ণকথা চর্চিত হয়েছে সেখানেও চৈতন্যের অনপনেয় প্রভাব বিরাজমান। সংশ্লিষ্ট কবিদের কাব্য ও পদ বিচার করে ড. সেন এই প্রভাবগুলি দেখাতে সচেষ্ট ও সফল হয়েছেন। পূর্বে পদাবলি গীত হলেও সপ্তদশ শতক থেকে আসরে পেশাদারি কীর্তন গান পরিবেশিত হতে থাকে। তার ফলে বৈষ্ণব পদ সংকলনের প্রয়োজনীয়তা দেখা দেয়। চৈতন্য প্রয়াণের পর বৈষ্ণবমণ্ডলীতে নানা বিভেদ দেখা দেয়। ভিন্ন ভিন্ন বৈষ্ণব গুরুকে কেন্দ্র করে গড়ে ওঠে অনেকগুলি শ্রীপাট। তাদের প্রসঙ্গও ক্ষুদ্রাকারে আলোচিত। শ্রীচৈতন্যের পূত জীবনকে আশ্রয় করে চৈতন্যলীলার মতো নাট্যাভিনয়েরও আয়োজন হয়েছিল। প্রথম খণ্ডের পরিসমাপ্তি ঘটেছে চণ্ডীমঙ্গল পাঁচালির আলোচনায়, যেখানে মানিক দত্ত, কবিকঙ্কণ মুকুন্দ চন্দ্রবর্তী ও দ্বিজ মাধব আলোচিত।

‘বাঙ্গালা সাহিত্যের ইতিহাস’-এর দ্বিতীয় খণ্ডটি নির্মিত হয়েছে সপ্তদশ ও অষ্টাদশ শতকের সাহিত্য বিবরণীর ওপর নির্ভর করে। গ্রন্থকার মনে করেন, ‘ষোড়শ ও

সপ্তদশ শতাব্দীর মধ্যে বাঙ্গালা সাহিত্যে সঠিক স্তরভেদ করা যায় না তবে সপ্তদশ ও অষ্টাদশ শতাব্দীর মধ্যে অবশ্যই করা যায়।' এই খণ্ডের সূচনায় রাজনৈতিক প্রসঙ্গ উপস্থাপিত। বঙ্গদেশে ততদিনে মুঘল শাসন সুপ্রতিষ্ঠিত। চৈতন্যদেবের প্রয়াণের পর বৈষ্ণবতার ক্ষেত্রে ক্রমশ বৈচিত্র্য দেখা দিচ্ছিল। প্রভাব পড়েছিল অন্যান্য ভাষারও। আসলে ততদিনে কীর্তন পরিবেশনের রীতি প্রচলিত হয়ে গেছে। যার সূত্র ধরে রেনেটি, গরানহাটি, মান্দারগী প্রভৃতি কীর্তন গানের ঘরানা গড়ে উঠেছে। সপ্তদশ শতকে পদাবলি সাহিত্য ও কৃষ্ণলীলা-কেন্দ্রিক কাব্যের বৈচিত্র্য বিষয়ে আলোচনা করেছেন গ্রন্থকার। এ সময়েই দেখা দেয় বিবিধ বৈষ্ণবীয় নিবন্ধ, যাদের সঙ্গে গৌড়ীয় বৈষ্ণব দর্শন ও ভক্তিতত্ত্বের সংযোগ বিদ্যমান। সপ্তদশ শতকে সহজিয়া বৈষ্ণববাদেরও সূচনা। সে সংক্রান্ত বইপত্র কম লেখা হয়নি। আবার অন্যদিকে রামায়ণ ও মহাভারতের অনুবাদ পাওয়া যাচ্ছে অন্যান্য কবির লেখনীতে। প্রধান মঙ্গলকাব্যের ধারায় নতুন সংযোজন হল ধর্মমঙ্গল। লেখক একটি স্বতন্ত্র পরিচ্ছেদ ব্যয় করেছেন ধর্ম ঠাকুরের স্বরূপ নির্ণয়ে ও তাঁকে নিয়ে কাব্য রচয়িতাদের মূল্যায়নে।

ভারতীয় অধ্যাত্ম সাধনায় জ্ঞানমার্গ ও ভক্তিমার্গের মধ্যবর্তী স্তরে বিরাজমান যোগমার্গ। মহামুনি পতঞ্জলি থেকে যোগদর্শনের সূচনা। যোগ প্রক্রিয়ায় ঈশ্বর সাধনা করেন সর্বভাগী সন্ন্যাসী যোগীরা। যোগধর্মের আদিগুরু শিব। শিবের শিষ্য মীননাথ, মীননাথের শিষ্য গোরক্ষনাথ। এই গুরু-শিষ্য পরম্পরা তথা যোগ সাধনা সংক্রান্ত যাবতীয় তত্ত্বাদি ও তা প্রচারের পন্থাস্বরূপ কাহিনীর আয়োজন বহু পূর্বকালাগত। একে ঘিরে যে দুইটি আখ্যানবৃত্ত রচিত হয়েছে (গোরক্ষবৃত্ত ও গোপীচন্দ্রবৃত্ত) তার প্রসঙ্গ ষষ্ঠ পরিচ্ছেদে চর্চিত। এছাড়া পূর্বের মনসামঙ্গল, চণ্ডী বা অভয়ামঙ্গলের পাশাপাশি রায়মঙ্গল, কমলামঙ্গল, ষষ্ঠীমঙ্গল, কালিকামঙ্গল তথা সমস্ত ধরনের মঙ্গলকাব্য সম্পর্কে নিঃশেষে আলোচনা করেছেন লেখক। সপ্তদশ শতকের আলোচনা শেষ হয়েছে মুসলমান কবিদের রচিত রোমান্টিক প্রণয়োপাখ্যানকে ঘিরে। অষ্টাদশ শতক সম্পর্কিত আলোচনা যা কিছু রাখা হয়েছে সবই অনুবৃত্তি স্বরূপ। সেখানে যেমন বৈষ্ণব নিবন্ধ, মহান্ত জীবনী, পদাবলি সংহিতা ও কীর্তন গান এসেছে তেমনি লেখক নজর দিয়েছেন রামায়ণ, মহাভারত, ভাগবত ও অন্যান্য পুরাণের

অনুবাদের প্রতি, তুলে ধরেছেন স্বল্প পরিচিত দেবীদের ব্রতকথাধর্মী রচনা। এ ছাড়া হিন্দু-মুসলমানের যৌথ ধর্মাচার হিসেবে পাওয়া যায় পীরমাহাত্ম্য মূলক কাব্যগুলির কথা। এমনকি বাদ যায়নি দোম আন্তোনিও ও মানোএল দ্য অসুস্পসামের লেখা খ্রিস্টীয় সাহিত্য। কালিকামঙ্গলের সূত্রে বিদ্যাসুন্দরের কাহিনি সপ্তদশ-অষ্টাদশ শতকের বিশিষ্ট সাহিত্য-প্রকাশ। প্রচলিত ধারা থেকে একটু দূরে অবস্থিত দুই নতুন দৃষ্টিমান কবির কাব্য স্বতন্ত্র একটি পরিচ্ছেদে আলোচিত। প্রশ্ন উত্থাপিত হয়েছে যে, এই দুই কবি, রামানন্দ ঘোষ ও রামানন্দ যতী, অভিন্ন ব্যক্তি কিনা। আঠারো শতকের শেষ দিকটায় বিভিন্ন ধরনের আখ্যায়িকা ও গাথাকাব্যের জন্ম হয়। এদের মধ্যে অতি বিশিষ্ট গঙ্গারাম দত্তের প্রতিবেদনধর্মী রচনা ‘মহারাত্রি পুরাণ’, যা আলিবর্দি-শাসিত বিশৃংখলময় বাংলার চাক্ষুষ পুঙ্খানুপুঙ্খ বিবরণ। এ সময়ে ইসলামি বাংলার রমরমা। সেই সূত্রে অনেকগুলি রচনার সন্ধান পাওয়া যায়। নসরুল্লাহ খোন্দকার, ফকির গরীবুল্লাহ, সৈয়দ হামজা, জৈনুদ্দিন, ইউসুফ খান, শেখ চান্দ, সৈয়দ মর্তুজা, মর্দন প্রভৃতি কবির কৃতিত্ব এই সূত্রে আলোচিত। হিন্দু কবি রাধাচরণ গোপও একটি ইসলামি কাব্য ‘ইমামএনের কেচ্ছা’ লিখেছিলেন, আর লেখা হয়েছিল কিছু বন্দনাধর্মী গীত ও আধ্যাত্মিক-রোমান্টিক কাহিনি। ড. সেন এগুলি সম্পর্কে যথাসম্ভব তথ্যমূলক আলোচনা করে মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাসের পরিসমাপ্তি টেনেছিলেন।

আলোচনার অন্তিমে এসে এ কথা বলা যায় যে, সুকুমার সেন ছিলেন একজন সমাজ সচেতন ইতিহাসবিদ। ইতিহাস বিশ্লেষণের ক্ষেত্রে তথ্য ও যুক্তি ছিল তাঁর সবচেয়ে বড়ো অবলম্বন। অস্থিমজ্জায় ‘পিওর অ্যাকাডেমিশিয়ান’ হওয়ায় তাঁর লেখায় অতীতমুগ্ধ মানসিকতার কোনো ঠাঁই ছিল না, যা দেখা গেছে আচার্য দীনেশচন্দ্র সেনের রচনায়। সত্যনিষ্ঠার এই দুস্তর সাধনাই তাঁকে রাংতা জড়ানো ইতিহাস চর্চার দুর্গতি থেকে মুক্ত রেখেছে। বহু ধাত্রীজ্ঞানের সহজ অধিকার তাঁর ছিল বলে তিনি পাণ্ডিত্যের দেদীপ্যমান আদর্শ হয়ে উঠেছিলেন। ব্যক্তি-চরিত্রে তিনি ছিলেন গম্ভীর বাক্, ছাত্রদের সঙ্গেও সম্ভ্রামাত্মক সর্বনামে দূরত্ব বজায় রেখে চলতেন। এই নৈর্ব্যক্তিক মানসিকতাই তাঁর ইতিহাস চর্চারও সঙ্গী। আর সেজন্যই তিনি বিবেচিত হয়ে থাকেন

বিশ শতকের বাংলা সাহিত্যের ইতিহাসকারদের মধ্যে সবচেয়ে নির্ভুল তথ্যের ও
ভূয়োদর্শী পাণ্ডিত্যের এক আদর্শস্থানীয় ঐতিহাসিক।

ARTICLE

‘খাঁটি’ বাংলা ব্যাকরণের সন্ধানে আচার্য সুকুমার সেন

শ্যামাশ্যাম কৃষ্ণপূজারি চট্টোপাধ্যায়

sskpc@gauhati.ac.in

সারসংক্ষেপ:

This article offers a critical exploration of Acharya Sukumar Sen's rigorous attempt to formulate a descriptive grammar of colloquial Bangla. Professor Sen approached Bangla as an autonomous linguistic system, systematically analysing its segmental and suprasegmental features, including vowel-height assimilation, bimorism, context-sensitive elision etc. His treatment of morphosyntactic structures such as gender agreement, case marking, and nominal compounding reflects an active effort to understand Bangla grammar on its own terms, rather than a mere extension of Sanskrit grammar. Although, Sukumar Sen did not get a chance to produce an extensive and comprehensive grammar of colloquial Bangla, his dispersed essays and marginalia collectively constitute a sketch of a grammar that invites further scholarly elaboration. By juxtaposing Sen's framework with later codified grammars, such as the Pramita Bāṃlā Vyākaraṇa by Bangla Academy (Dhaka), this study foregrounds his foundational role in moving Bangla grammatical studies beyond inherited classical models. Ultimately, Sen is presented as both a historical linguist and an early descriptive grammarian whose insights remain indispensable for understanding the internal structure and social embeddedness of modern Bangla language.

সূচক শব্দ:

Colloquial Bangla, Sukumar Sen, Descriptive grammar, Sanskrit, Historical linguistics

১.০ উপক্রমণিকা

বাংলা ভাষার বর্ণনামূলক ব্যাকরণ লেখার কাজটি অদ্যাবধি শেষ হয়নি। কিছু গুরুত্বপূর্ণ প্রচেষ্টা হয়েছে অবশ্যই। কিন্তু বিক্ষিপ্ত উদ্যোগের সীমানা পেরিয়ে চলিত বাংলা ভাষার যথাযথ ব্যাকরণ লেখার কাজটি অসমাপ্তই রয়ে গেছে। বাঙালি ভাষাবিজ্ঞানীদের মধ্যে যাঁরা ঐতিহাসিক-তুলনামূলক ঘরানায় ভাষাবিজ্ঞানের চর্চা করেছেন— আচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায়, আচার্য সুকুমার সেন প্রমুখ— অনেক সময়তেই তাঁদের বিরুদ্ধে সংস্কৃত-নির্ভরতার মৃদু অভিযোগ শোনা যায়। এই বিষয়টি সম্পর্কে আচার্য সেন নিজেও অবগত ছিলেন। *ভাষার ইতিবৃত্ত গ্রন্থের* দ্বাদশ সংস্করণের মুখবন্ধে তিনি লিখেছিলেন—

কিছু দিন যাবৎ বাংলা ব্যাকরণিয়া মহলে চাপা গুঞ্জনধ্বনি শোনা যাইতেছে যে “বাংলার খাঁটি ব্যাকরণ” (অথবা “খাঁটি বাংলা ব্যাকরণ”) আজ পর্যন্ত লেখা হয় নাই। সে কথা ঠিক যদি খাঁটি বাংলা বলিতে চলিত (অর্থাৎ শিষ্ট কথ্য) বাংলা বুঝি।¹ (সেন, ২০১১, পৃ. ৭)

এর বিপরীত প্রবণতাও অবশ্য রয়েছে। কোনো কোনো ভাষাবিজ্ঞানী বাংলা ভাষার মূল কাঠামোটিকেই অ-সংস্কৃতজ বলে প্রমাণ করতে তৎপর। এই দুই বিপক্ষ দলের মধ্যস্থতা করে বাঙালির কথ্যভাষার স্বকীয় বৈশিষ্ট্য অনুসন্ধানে প্রয়াসী হয়েছিলেন আচার্য সুকুমার সেন। এই প্রয়াসের কিছু অংশ তাঁর *ভাষার ইতিবৃত্ত গ্রন্থের* পরিশিষ্ট অংশে লিপিবদ্ধ রয়েছে। অবশিষ্ট চিন্তাভাবনা বিবিধ প্রবন্ধ-নিবন্ধে বিক্ষিপ্ত অবস্থায় খুঁজে পাওয়া যায়। যেমন- *বাঙ্গালা ভাষার পরিণাম*, *বাংলা ভাষার ব্যাকরণ কেমনটি হওয়া উচিত*, *বাঙলায় নারীর ভাষা*, *বাংলা শব্দবিদ্যার শিশুবোধক* ইত্যাদি।

আমাদের বর্তমান প্রবন্ধের লক্ষ্য, সুকুমার সেনের দৃষ্টিতে চলিত বাংলা ভাষার কাঠামো কেমন ছিল, তার একটি রূপরেখা নির্মাণ। এর ফলে অন্তত দুটি ক্ষেত্রে সুবিধা হবে বলে আমাদের অনুমান। প্রথমত, ভবিষ্যতের বৈয়াকরণগণ আচার্য সেনের চিন্তাকাঠামোর ওপর অবলম্বন করে কথ্য বাংলার বৈশিষ্ট্য অনুসন্ধানের পূর্ণাঙ্গ প্রয়াস শুরু করতে পারবেন। দ্বিতীয়ত, অশীতিপর এক জ্ঞানতাপস ঐতিহাসিক

¹ বন্ধনীভুক্ত উদ্ধৃতিটি ‘প্রথম আনন্দ সংস্করণ, ত্রয়োদশ মুদ্রণ’-এর সাপেক্ষে সামান্য সংশোধিত হয়েছে।

ভাষাবিজ্ঞানের পস্থা স্বেচ্ছায় বিস্মৃত হয়ে বর্ণনামূলক ব্যাকরণচর্চায় কীভাবে আত্মনিয়োগ করেছিলেন, তা-ও ভাষাবিজ্ঞানের যে-কোনো ছাত্রের কাছে শিক্ষণীয় দৃষ্টান্ত হিসাবে আলোচ্য।

২.১ বাংলা স্বরধ্বনি

সাংগঠনিক ভাষাবিজ্ঞানের (structural linguistics) প্রথা মেনে ধ্বনিতত্ত্ব থেকে আলোচনা শুরু করা যেতে পারে। আধুনিক ভাষাবিজ্ঞানীরা বাংলা ভাষায় সাতটি স্বরস্বনিমের অস্তিত্ব স্বীকার করেন (সরকার, ২০০৬, পৃ. ১৫)। অধ্যাপক সেন প্রচলিত সাতটির সঙ্গে একটি অতিরিক্ত স্বরস্বনিমের অস্তিত্ব মেনে নিয়েছেন। ‘স্বনিম’ পরিভাষাটি তিনি উল্লেখ করেননি। তবে, তাঁর মতে বাংলা স্বরধ্বনির তালিকা— অ, অ২, আ, ই(ঈ), উ(উ), এ, এ২ (অ্যা), ও^২ বর্তমানকালে, বাংলা ধ্বনিবিজ্ঞানীরা ‘বেশি সংবৃত’ অ (অ২) এবং /ও/ ধ্বনির পার্থক্য স্বীকার করেন না। ফলে এরা আলাদা স্বরস্বনিম বলে গৃহীত নয়। আচার্য সেনের সিদ্ধান্ত সম্ভবত বাংলা বর্ণের দৃশ্যমান রূপ দ্বারা প্রভাবিত হয়ে থাকবে।^৩ তাই তিনি অ২ এবং ও-কে আলাদা স্বরধ্বনি বলে নথিভুক্ত করেছিলেন।

এই প্রসঙ্গে উল্লেখ্য, আনুনাসিক স্বরধ্বনিকে আলাদাভাবে স্বীকৃতি দেওয়া হয়নি। তবে আনুনাসিকতার উপস্থিতি যে ন্যূনতম শব্দজোড়ের মধ্যে অর্থের পার্থক্য সৃষ্টি করতে পারে, অধ্যাপক সেন তা পরোক্ষভাবে উল্লেখ করেছেন (সেন, ২০১৪ঘ, পৃ. ১৬৬; সেন, ২০১১, পৃ. ৩০১)। যেমন- বাট (পথ), বাঁট (হাতল); কাটা (কর্তন করা), কাঁটা (কণ্টক); টাক (ইন্দ্রলুপ্ত), টাঁক (লক্ষ্য) ইত্যাদি।

^২ বর্তমান নিবন্ধে অ২ হিসাবে যা লিখিত হয়েছে, *ভাষার ইতিবৃত্ত* গ্রন্থে তা অ^২রূপে লিখিত। অন্ত্যটীকার সঙ্গে বিক্রান্তি এড়ানোর জন্য এখানে সুপারস্ক্রিপ্ট পরিত্যাগ করা হল। অ২ বা ‘বেশি সংবৃত’ অ স্বরোচ্চতাসাম্য (স্বরসংগতি) এবং পদান্তে যুক্তব্যঞ্জনের প্রভাবে এসে থাকে। যেমন- অতি, অপু, মন্দ, নিকুঞ্জ ইত্যাদি।

^৩ /æ/ ধ্বনিকেও অধ্যাপক সেন এ^২রূপে প্রকাশ করেছেন (সেন, ২০১১, পৃ. ৩০১)। অথচ, একই গ্রন্থে অন্যত্র তিনি ‘এ্যা’ বানান লিখেছেন (সেন, ২০১১, পৃ. ৩৬)। এর থেকে অনুমান করা যায়, চলিত বাংলা ভাষার প্রমিত ব্যাকরণ রচনা করার সময় তিনি বর্ণের দৃশ্যরূপকে অধিকতর গুরুত্ব দিয়েছিলেন। কোনো নিরীক্ষামূলক বানান থেকে দূরে থাকতে চেয়েছিলেন। এই দৃশ্যরূপের পার্থক্যের কারণেই আচার্য সেনের বিচারে অ২ এবং ও আলাদা ধ্বনি বলে বিবেচিত হয়।

২.২ বাংলা ব্যঞ্জনধ্বনি

সুকুমার সেন বাংলা ব্যঞ্জনধ্বনির যে তালিকা প্রস্তুত করেছেন, তা অনেকাংশেই প্রথানুগ। তবু দুটি বিষয় আলাদাভাবে নজর কাড়ে। প্রথমত, ব্যঞ্জনধ্বনির তালিকায় ঢ এবং য নেই। প্রথমটিকে সম্ভবত ড এবং হ ধ্বনির সমন্বয় হিসাবে তিনি বিবেচনা করেছিলেন। আর, য হল বস্তুত এ (/e/)। তাই এটি বর্ণমালায় থাকলেও আলাদা ধ্বনি হিসাবে স্বীকৃতি না পাওয়াই প্রত্যাশিত। দ্বিতীয়ত, বিসর্গকে তিনি আলাদাভাবে ব্যঞ্জনধ্বনি হিসাবে মেনে নিয়েছেন। এই প্রসঙ্গে তিনি জানিয়েছেন—

বিসর্গ ধ্বনি অঘোষ হ-কার। কয়েকটি বিশেষ শব্দের শেষেই পাওয়া যায়। সাধুভাষার বানানে শব্দের মধ্যে বিসর্গ থাকিলে তাহা পরবর্তী ব্যঞ্জন ধ্বনির দ্বিত্ব সাধন করে। যেমন নিঃশ্বাস (সাধু) > নিশ্শেষ (চলিত)। (সেন, ২০১১, পৃ. ৩০১)

এই বক্তব্যের সত্যতা স্বীকার করে নিয়েও বলা যায়, সঘোষ বা ঘোষবৎ ধ্বনি বিশেষ পরিস্থিতিতে ঘোষবত্তা পরিত্যাগ করে অঘোষরূপে উচ্চারিত হতেই পারে। যেমন-ফিসফিস করে কথা বলার সময় স্বরধ্বনিগুলি অঘোষরূপে উচ্চারিত হয় (সেন, ২০১১, পৃ. ৩৪)। কিন্তু নিছক সেই কারণে তাদের আলাদা ধ্বনি হিসাবে স্বীকৃতি দেওয়া হয় না। একই যুক্তিতে, বিসর্গ হ-এর থেকে আলাদা ধ্বনি হিসাবে স্বীকৃতি পাওয়া উচিত নয়।

৩.০ চলিত বাংলায় ধ্বনিতাত্ত্বিক প্রক্রিয়া

ভাষার ইতিবৃত্ত গ্রন্থের অন্তর্গত চলিত ভাষার ব্যাকরণ-কাঠামো নামক রচনাংশে সংস্কৃত ব্যাকরণের ছায়া থেকে সরে এসে সুকুমার সেন অন্তত তিনটি ধ্বনিতাত্ত্বিক প্রক্রিয়ার উল্লেখ করেছেন, যা কথ্য বাংলার নিতান্ত নিজস্ব বৈশিষ্ট্য। এগুলি হল—স্বরসংগতি, দ্বিমাত্রিকতা, এবং বাংলা সন্ধি। স্বাভাবিকভাবেই, এর বাইরেও বাঙালির প্রমিত উচ্চারণ অজস্র রকমের ধ্বনিতাত্ত্বিক প্রক্রিয়া দ্বারা প্রভাবিত। যেমন-অপিনিহিতি, অভিশ্রুতি, পদান্তে অল্পপ্রাণতা, বাক্যের শুরুতে প্রস্বর (accent) প্রয়োগ

ইত্যাদি।⁴ তবে যে বৈশিষ্ট্যগুলি চলিত বাংলার নিজস্ব সম্পদ, সেগুলি ব্যতিরেকে অন্যগুলি বাহুল্যবোধে এখানে অনালোচিত থাকল।

৩.১ স্বরসংগতি বা স্বরোচ্চতা-সাম্য

চলিত বাংলা ভাষার একটি উল্লেখযোগ্য ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য হল স্বরসংগতি। এই ধ্বনিতাত্ত্বিক প্রক্রিয়া যে জিহ্বার উচ্চতা পরিবর্তনের কারণে ঘটে থাকে, অধ্যাপক সেন তা স্পষ্টভাবেই উল্লেখ করেছেন:

এখানে এক স্বরধ্বনির প্রভাবে অপর স্বরধ্বনি বদলাইয়া যায়, উচ্চাবস্থিত স্বরধ্বনি নিম্নাবস্থিত স্বরধ্বনিকে উচ্ছে টানিয়া লয়। ... স্বরধ্বনির পরিবর্তন হয় জিহ্বার উঁচু-নীচু অবস্থানে। (সেন, ২০১১, পৃ. ৪৬)

অপেক্ষাকৃত আধুনিককালের কোনো কোনো ভাষাবিজ্ঞানী স্বরসংগতিকে দু’ভাগে ভাগ করেছেন— অনুভূমিক এবং উল্লম্ব। তুর্কি, জার্মান ইত্যাদি ভাষায় অনুভূমিক স্বরসংগতি লক্ষ করা যায়। অর্থাৎ, ধ্বনি পরিবর্তনের সময় জিহ্বা পশ্চাৎ অবস্থান থেকে সম্মুখে অগ্রসর হয়, কিংবা তদ্বিপরীত। বাংলায় অবশ্য জিহ্বার উচ্চতা পরিবর্তিত হয় বলে উল্লম্ব স্বরসংগতির বিকল্প পরিভাষা হিসাবে ‘স্বরোচ্চতা-সাম্য’ (vowel height assimilation) শব্দবন্ধটি প্রস্তাবিত হয়েছে (সরকার, ২০০৬, পৃ. ১০৩-১০৪)।

৩.২ দ্বিমাত্রিকতা বা দ্ব্যক্ষরতা

দ্বিমাত্রিকতা নামক ধ্বনিতাত্ত্বিক প্রক্রিয়াটির কথা প্রথম বলেছিলেন আচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায়। তবে এটিকে তিনি উচ্চারণকালের হ্রাসবৃদ্ধির সঙ্গে সংশ্লিষ্ট বলে মনে করেছিলেন—

Spoken Bengali has also a characteristic habit which I have called bimorism or dimetrism (*dvi-mātrika-tā*). Isolated words tend to take up a standardized time-beat or mora (space of time). ... In

⁴ অধ্যাপক পবিত্র সরকার কথা বাংলার আরও কয়েকটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য নির্দেশ করেছেন— ব্যঞ্জনধ্বনির দ্বিত্ব (ছোটো-ছোটো), কৃত-ঋণ শব্দে স্বরধ্বনি যোগে যুক্তব্যঞ্জনের সরলীকরণ (ব্রেন > বেরেন, লিটল > লিটিল), বিবৃতিবাচক এবং প্রশ্নবাচক বাক্যে যথাক্রমে নিম্নগামী এবং উর্ধ্বগামী সুর ইত্যাদি (সরকার, ২০০৬, পৃ. ১৫)।

case of monosyllabic words, there is a lengthening of the syllable; and polysyllables are cut short or divided into groups of syllables which take each the normalized length of time. (Chatterji, 1921, p. 18)

আচার্য সুকুমার সেন মোটামুটিভাবে দ্বিমাত্রিকতার এই সংজ্ঞাকেই মেনে নিয়েছেন। (সেন, ২০১১, পৃ. ৩৯-৪০, ৩০২)। তবে স্মর্তব্য, ‘মাত্রা’ (unit of measure) এবং ‘কলা’ (mora) ছন্দতত্ত্বের পরিভাষা।^৫ সাধারণত, ভাষাবিজ্ঞানের আলোচনায় এদের ব্যবহার সীমিত। পরিবর্তে তথাকথিত ‘দ্বিমাত্রিকতা’-কে বিশুদ্ধ ধ্বনিতাত্ত্বিক দৃষ্টিকোণ থেকে ব্যাখ্যা করা যেতে পারে। অধ্যাপক পবিত্র সরকারের (২০০৬, পৃ. ৯৮) মতে, এখানে বস্তুত শব্দের দ্বিতীয় দলে অবস্থিত স্বরধ্বনির বিলোপ ঘটে। এই বিলোপ প্রতিবেশ-সাপেক্ষ (context sensitive)। যেমন- পাগল > পাগ্লা। এখানে দ্বিতীয় দলের /অ/ লুপ্ত হয়েছে। একইভাবে, চাকুরি > চাকরি, কাতর + আনো > কাতরানো, বাঁদর + আমো = বাঁদরামো ইত্যাদি। শেষের উদাহরণদুটি থেকে বোঝা যায়, তিন দলের শব্দও বাংলা স্বাভাবিক উচ্চারণের সঙ্গে মানানসই। সেক্ষেত্রে, প্রত্যেকটি শব্দাংশ হবে দ্বিমাত্রিক— এবম্বিধ চিন্তার বদলে একে স্বরধ্বনিলোপ হিসাবে ব্যাখ্যা করাই শ্রেয়।

৩.৩ বাংলা সন্ধি

সংস্কৃত ব্যাকরণের সন্ধির নিয়মাবলি চলিত বাংলা ভাষার ব্যাকরণে আলোচিতব্য নয়। অধ্যাপক সেনের মতে, “সংস্কৃত ব্যাকরণ অনুযায়ী সন্ধি খাঁটি বাংলা ব্যাকরণে সম্পূর্ণ বর্জনীয়” (সেন, ২০১৪, পৃ. ১৬৬)। খাঁটি বাংলা সন্ধির একটি স্বকীয়তা হল উচ্চারণের বেগ এবং অমনোযোগের কারণে পদসীমা-লঙ্ঘক সন্ধি। অর্থাৎ, বাক্যের দুটি পদের মধ্যে সন্ধি-স্থাপন। যেমন- কোজ্জাচ্ (<কোথা যাচ্ছ), ভাঙ্লাগে (< ভালো

^৫ সংস্কৃত ব্যাকরণে মাত্রাকেই ‘mora’ (কলা) বলে অভিহিত করা হয়। *অভ্যঙ্করব্যাকরণকোষঃ* ‘মাত্রা’-কে সংজ্ঞায়িত করেছেন এইভাবে—“mora, prosodial unit of one instant i.e. the length of time required to pronounce a short vowel” (Abhyankar, 1961, p. 283)। মনিয়ের উইলিয়ামসের অভিধানেও একই সংজ্ঞা পাওয়া যায়। তবে, আচার্য প্রবোধচন্দ্র সেনের লেখায় ‘মাত্রা’ শব্দটির ব্যাখ্যা অপেক্ষাকৃত পরিচ্ছন্নভাবে পাওয়া যায়। তাঁর মতে, মাত্রা হল পরিমাপের একক। পঙ্ক্তির পরিমাপের একক পদ; আবার পদ পরিমাপের একক পর্ব। আর, পর্ব পরিমাপের একক (পর্বের মাত্রা) হতে পারে দল, কিংবা কলা। তাহলে সকল ক্ষেত্রে মাত্রা ও কলা সমার্থক নয়। (সেন, ২০২০, *পঞ্চম অধ্যায়: বাংলা ছন্দ-পরিভাষা*)

লাগে), দুচ্ছাই (<দূর ছাই), ঘথেকে (< ঘর থেকে), অ্যাকেপঁর্যাক (< একের পর এক) ইত্যাদি।⁶ পূর্বোক্ত উদাহরণগুলির কোনোটিই সংস্কৃত সন্ধির নিয়মানুসারে সিদ্ধ নয়। এমনকি, প্রমিত বাংলা বানানেও এদের স্বীকৃতি নেই। তবু কথ্য বাংলার দ্রুত উচ্চারণে এদের অস্তিত্ব শ্রুতিতে ধরা দেয়।

8.0 বাংলা রূপতত্ত্বের সন্ধানে আচার্য সুকুমার সেন

কথ্য বাংলার ব্যাকরণ বিষয়ে সুকুমার সেনের চিন্তাভাবনার পরিধি এতই বিস্তৃত এবং সুগভীর যে, সীমাবদ্ধ আয়তনের একটি লেখায় তার সামূহিক হৃদিস দেওয়া অসম্ভব-প্রায়। তদুপরি আচার্য সেনের এই বিষয়ে চিন্তাভাবনা বিবিধ প্রবন্ধে বিক্ষিপ্তভাবে ছড়িয়ে রয়েছে। অনেক ক্ষেত্রে প্রবন্ধের মূল বিষয় হয়তো অন্য কিছু। কিন্তু কথাপ্রসঙ্গে চলিত বাংলার নিবিড় কোনো বৈশিষ্ট্যের ওপর তিনি আলোকপাত করেছেন। একটিমাত্র উদাহরণ দেওয়া যাক। *বাঙলায় নারীর ভাষা* নামক বিখ্যাত প্রবন্ধটিতে তিনি পর্যবেক্ষণ করেছিলেন, নারীর ভাষায় ক্ষেত্রবিশেষে ল>ন ধ্বনিপরিবর্তন হয়ে থাকে (সেন, ২০১৪গ, পৃ. ৫)। যেমন- লুচি > নুচি। কেবল নারী নয়, এককালে এই উচ্চারণবৈশিষ্ট্য সর্বসাধারণ্যে প্রচলিত ছিল। একই সূত্র ধরে, অর্গলিকা > আগুলি > আগুলি হতে পারে (সেন, ২০১৪চ, পৃ. ৪৩)। এই ব্যাখ্যা যদি সত্য হয়, তাহলে জ্ঞানদাসের বিখ্যাত পঙ্ক্তি “লাজ ঘরে ভেজাই আগুলি”-র অর্থ পালটে যেতে পারে।⁷ আচার্য সেনের মতে এই পঙ্ক্তির অর্থ— লজ্জায় ঘরে আগল (খিল) দিলাম। এই অভিমতের যাথার্থ্য বিচার বর্তমান নিবন্ধে অপ্রাসঙ্গিক। কিন্তু লক্ষণীয়, পূর্বোক্ত দুটি প্রবন্ধের কোনোটিরই মূল আলোচ্য বিষয় বাংলা কথ্যভাষার ব্যাকরণ ছিল না। অথচ নিবিড় পাঠে বোঝা যায়, কথ্য বাংলার একটি বিশেষ উচ্চারণবৈশিষ্ট্য বৈষ্ণব পদাবলির অর্থ নির্ণয়ে সহায়তা করেছে।

পরবর্তী অংশে আচার্য সুকুমার সেনের বিবিধ প্রবন্ধ থেকে সংগৃহীত বাংলা রূপতত্ত্বের কতিপয় মূল ধারণা সম্পর্কে আলোচনা করা হবে। বাংলার যে-সব রূপতাত্ত্বিক

⁶ শেষের উদাহরণটি বর্তমান প্রবন্ধকারের মৌলিক সংযোজন। এখানে তিনটি পদ একত্রে সন্ধিযুক্ত হয়ে তাদের দলের গঠন পালটে যাচ্ছে— অ্যা(V)-কের(CVC)+ পর (CVC) + অ্যাক (VC) > অ্যা (V)-কের(CVC)-প(CV)-র্যাক(CVC)। তিনটি পদের একত্রিত হওয়ার উদাহরণ দুস্ত্রাপ্য। এতদ্-বিবেচনায় বক্ষ্যমাণ উদাহরণটি আলাদাভাবে সংযোজিত হয়েছে।

⁷ কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে প্রকাশিত *বৈষ্ণব পদাবলী (চয়ন)* গ্রন্থানুসারে এই পঙ্ক্তির অর্থ— “লজ্জা ও গৃহের মুখে আগুল (আগুলি) জ্বালাইয়া দিলাম (ভেজাই)” (মিত্র প্রমুখ, ১৯৫২, পৃ. ৪১)।

বৈশিষ্ট্য সাধুভাষাতেও অভিন্ন, সেগুলি প্রধানত অনালোচিত থেকেছে। বর্তমান নিবন্ধে কেবল চলিত বাংলার স্বকীয় ও মৌলিক বৈশিষ্ট্যের ওপর গুরুত্ব আরোপ করা হয়েছে।

৪.১ বাংলায় লিঙ্গ-প্রকরণ

বাংলা ভাষায় লিঙ্গ-সামঞ্জস্য নেই। অর্থাৎ, স্ত্রীলিঙ্গ বিশেষ্যের ক্ষেত্রে বিশেষণ তদুচিতভাবে পরিবর্তিত হয় না। সংস্কৃতের মতো ‘সরলা বালিকা’ বা ‘নিপুণা বুদ্ধি’ বাংলা ভাষায় লেখা হয় না। তা ছাড়া, কর্তার লিঙ্গপরিচয়ের ওপর ভিত্তি করে ক্রিয়াপদেরও কোনো পরিবর্তন হয় না। প্রাচীন বাংলায় মত্বর্ষ বিশেষণ এবং ল-কারান্ত কৃদন্ত বিশেষণে লিঙ্গ-সামঞ্জস্য ছিল। উদাহরণ: ‘লাগেলী ডালী’ (চর্যাগীতি ২৮); ‘মেলিলি কাছি’ (চর্যাগীতি ৮); ‘টুটি গেলি কংখা’ (চর্যাগীতি ৩৭) ইত্যাদি (সেন, ১৯৫৬, পৃ. ৫৬, ৮৪, ৯৪)। মধ্যযুগেও কিয়ৎকাল পর্যন্ত এই সামঞ্জস্য বজায় ছিল। তবে আধুনিক বাংলায় পরিত্যক্ত হয়েছে।

আচার্য সেন পর্যবেক্ষণ করেছেন, সংস্কৃত ভাষায় -আ প্রত্যয় স্ত্রীবাচক হলেও বাংলায় ক্ষেত্রবিশেষে এটি পুরুষবাচক প্রত্যয় হিসাবে ব্যবহৃত।^৪ যেমন- ভেড়া, ভেড়ী; বগা, বগী ইত্যাদি। -আ প্রত্যয়ের এই বিশেষ ব্যবহার চর্যাগীতির আমল থেকেই প্রচলিত ছিল। স্মর্তব্য, ‘অপণা মাংসেঁ হরিণা বৈরী’ (চর্যাগীতি ৬)— এই বিখ্যাত পঙ্ক্তিতে ‘হরিণা’ হল পুরুষ হরিণ। আর, স্ত্রী হরিণ হল ‘হরিণী’। সমতুল্য অনুমুখে -আ প্রত্যয় বৃহদত্বসূচকও বটে। যেমন- হাঁড়া; হাঁড়ি; বড়া, বড়ি ইত্যাদি।

৪.২ বাংলা বচনের স্বকীয়তা

খাঁটি বাংলা বচনও, ঠিক লিঙ্গ-প্রকরণের মতোই, সংস্কৃত ব্যাকরণ দ্বারা ব্যাখ্যা করা যায় না। সুকুমার সেনের মতে, বাংলায় বিশেষ্যপদের বচন রয়েছে তিন প্রকার— একবচন (নির্দেশক প্রত্যয় দ্বারা চিহ্নিত, যেমন- ছেলেটি, বইখানি), বহুবচন (বহুবচনবোধক প্রত্যয় দ্বারা চিহ্নিত, যেমন- ছেলেরা, বইগুলি) এবং সাধারণ বচন

^৪ এর কারণ অন্যত্র ব্যাখ্যাত হয়েছে (সেন, ২০১১, পৃ. ১৯০)। মধ্যভারতীয় আর্যভাষার স্তর থেকেই স্ত্রীবাচক প্রত্যয় হিসাবে - আ গুরুত্ব হারাতে থাকে। উপরন্তু, আ-কারান্ত শব্দগুলি ধ্বনি পরিবর্তনের ফলে অ-কারান্ত শব্দে পরিণত হতে থাকে। যেমন- অগ্নিকা > অগ্নিঅ। এমতাবস্থায়, বাংলায় এই -আ প্রত্যয় পুরুষবাচক প্রত্যয় হিসাবে কোনো কোনো শব্দে আত্মপ্রকাশ করেছে।

(ছেলে, গোরু)। তাহলে বাংলায় সাধারণ বচন হল অচিহ্নিত (unmarked) এবং তা এক বা বহুবচন বোঝাতে পারে। সর্বনামের ক্ষেত্রে অবশ্য সাধারণ বচন হয় না। সর্বনাম হয় স্পষ্টভাবে একবচন (আমি, তুমি ইত্যাদি), নচেৎ বহুবচন (আমরা, তোমরা ইত্যাদি)।

৪.৩ কারক-বিভক্তি

অধ্যাপক সেন সংস্কৃত ব্যাকরণ থেকে সবচেয়ে বেশি দূরে সরে গেছেন বোধহয় বাংলা কারকের আলোচনায়। একদা তিনি লিখেছিলেন—

“ব্যাকরণে কারকের আলোচনা হওয়া উচিত বিভক্তি ধ’রে। অর্থাৎ বিভক্তির বিবরণই দেওয়া উচিত। বিভক্তির ইডিয়ম হিসেবে কারকের আলোচনা, কারক হিসেবে বিভক্তির নয়। পাণিনিও তাই করেছেন...” (সেন, ২০১৪ঙ, পৃ. ১৪৪)

এই প্রবন্ধ লেখা হয়েছিল ১৯৭৮ সালে। তার অন্তত দুই দশক আগে থেকেই অবশ্য সুকুমার সেন বিভক্তির নিরিখে চার প্রকার বাংলা কারকের তত্ত্ব প্রচার করে আসছেন। বর্ধমান সাহিত্যসভা থেকে প্রকাশিত *ভাষার ইতিবৃত্ত গ্রন্থের* পঞ্চম সংস্করণে (১৯৫৭ খ্রি.) আচার্য সেন লিখেছেন—

বিভক্তি ধরিয়া পুরানো বাঙ্গলায় কারক ছয়টি— কর্তা, কর্ম, করণ, অধিকরণ, অপাদান ও সম্বন্ধ; আধুনিক বাঙ্গলায় চারিটি— কর্তা, কর্ম, করণ-অধিকরণ ও সম্বন্ধ। (সেন, ১৯৫৭, পৃ. ১৫১)

প্রাচীন বাংলা ভাষায় কারক সম্পর্কে এই অভিমত অবশ্য অচিরেই পরিবর্তিত হবে। ‘ইস্টার্ন পাবলিশার্স’ থেকে প্রকাশিত *ভাষার ইতিবৃত্ত গ্রন্থের* অষ্টম সংস্করণে (১৯৬৪) প্রাচীন বাংলায় কারকের সংখ্যা কমে দাঁড়িয়েছে তিন— কর্তা-কর্ম, করণ-অধিকরণ এবং সম্বন্ধ (সেন, ১৯৬৪, পৃ. ১৬৯)।^১ তবে আধুনিক বাংলা ভাষায় কারকের সংখ্যায় কোনো পরিবর্তন হয়নি। কারক প্রসঙ্গে আচার্য সেনের আরেকটি ব্যতিক্রমী সিদ্ধান্ত লক্ষণীয়। তথাকথিত সম্বন্ধ ‘পদ’-কে তিনি কারক বলে বিবেচনা করেছেন। এই

^১ প্রাচীন বাংলায় গৌণ কর্ম ও অপাদান কারকের বিক্ষিপ্ত কিছু পদের অস্তিত্ব অধ্যাপক সেন স্বীকার করেছেন। যেমন- নাশক খাতী (চর্যাগীতি ২১), রঅণহুঁ (< রভূাৎ, চর্যাগীতি ২৭) ইত্যাদি। তবে আলাদা কারকের শ্রেণি হিসাবে পরিগণিত হওয়ার জন্য এইসব উদাহরণের সংখ্যা যথেষ্ট নয়।

সিদ্ধান্ত ঐতিহাসিক ভাষাবিজ্ঞানের ভিত্তিতে গৃহীতব্য। আচার্য সেনের অভিমত (সেন, ২০১৪৬, পৃ. ১৪৩), বৈদিক সাহিত্যে সম্বন্ধ ‘পদ’ ক্রিয়ার সঙ্গে অস্থিত থাকত এবং বাগর্থের দিক থেকে ক্রিয়ার খণ্ডিত ব্যাপ্তি প্রকাশ করত। যেমন- অন্নস্য ভুঙ্ক্বে মানে কিছু ভাত খাচ্ছে (সমস্ত ভাত নয়)। উত্তর-বৈদিক কালের ধ্রুপদি সংস্কৃত সাহিত্যেও এই ধরনের ক্রিয়াস্থিত সম্বন্ধ পদের কিছু উদাহরণ রয়ে গেছে। সুকুমার সেন পতঞ্জলির *মহাভাষ্যম্* থেকে উদাহরণ দিয়েছেন, “স্মরতি বনগুন্মস্য কোকিলঃ”—কোকিল বনকুঞ্জের কিছু স্মৃতি মনে করছে, সম্পূর্ণটি নয়।

পাণিনীয় সূত্রের (১।৩।৬৭) এই ব্যাখ্যা প্রসঙ্গে প্রতিপ্রশ্ন অবশ্যই তোলা যায়।¹⁰ শ্রীশচন্দ্র বসু এই বাক্যের অনুবাদ করেছেন, “The dove remembers, with regret, the forest tree” (Vasu, 2017, p. 153)। এখানে গুরুত্বপূর্ণ হল বিষণ্ণ স্মৃতি (‘আধ্যান’ বা remembering with regret)। স্মৃতির খণ্ডীভবন এখানে বিচার্য নয়। আচার্য সেন নিজেও তাঁর *ভারতীয়-আর্য সাহিত্যের ইতিহাস* গ্রন্থে পতঞ্জলির এই বাক্যটি অনুবাদ করেছেন এইভাবে— ‘(পোষা) কোকিল বনকুঞ্জের কথা স্মরণ করিতেছে’ (সেন, ১৯৯২, পৃ. ৬৯)। সেখানে ‘কিছু স্মৃতি’ বিষয়ে কোনো উল্লেখ নেই। অথচ, ব্যাকরণগত আলোচনাতেই কেবল সম্বন্ধ কারক প্রতিষ্ঠা করার তাগিদে ‘কিছু স্মৃতি মনে জাগছে’ বলে উল্লেখ করা হয়েছে।

৪.৪ সমাস

খাঁটি বাংলা সমাসের সন্ধানে কর্মধারয় প্রথমেই বাদ গেছে। কিছু বিক্ষিপ্ত শব্দে মাত্র এই সমাসের প্রয়োগ পাওয়া যায়। অব্যয়ীভাব সমাসও চলিত বাংলায় প্রযোজ্য নয়। সুকুমার সেন একই সঙ্গে দ্বন্দ্ব সমাসকেও বাদ দেওয়ার পক্ষপাতী ছিলেন— “দ্বন্দ্ব সমাসও বাংলায় দেখাবার দরকার নেই” (সেন, ২০১৪৬, পৃ. ১৪২)। অথচ, চলিত বাংলা ভাষার ব্যাকরণ রচনা করতে গিয়ে তিনি যে তিন প্রকার খাঁটি বাংলা সমাসের অস্তিত্ব স্বীকার করেছেন, সেগুলি হল— দ্বন্দ্ব, তৎপুরুষ, বহুব্রীহি। *ভাষার ইতিবৃত্ত* গ্রন্থের পরিশিষ্টে সংযোজিত *চলিত ভাষার ব্যাকরণ-কাঠামো* নামক অংশে বাক্যাংশ সমাসের প্রসঙ্গ আলোচিত হয়নি। তবে বাঙালির ব্যক্তি নাম (জয়গোপাল, আন্বাকালী,

¹⁰ ‘অন্নস্য ভুঙ্ক্বে’ বাক্যটির ব্যাখ্যাও প্রশ্নাতীত নয়। অধ্যাপক সেন একটি বাংলা বাক্যের উদাহরণ দিয়েছেন— “ও বই আমার আছে”। এই বাক্যে ‘আমার’ পদটি ক্রিয়াবিশেষণের মতো ভূমিকা পালন করছে।

থাকহরি ইত্যাদি) এবং বিশেষণমূলক পদাষয়ের ক্ষেত্রে (না-বলা বাণী, মন-কেমনের হাওয়া ইত্যাদি) এই সমাস গুরুত্বপূর্ণ। বাক্যাংশ-সমাস সুনিশ্চিতভাবেই আচার্য সেনের দৃষ্টি আকর্ষণ করেছিল। কারণ, অন্যত্র তিনি এই প্রসঙ্গে আলোচনা করেছেন (সেন, ২০১১, পৃ. ২৬৩; সেন, ২০১৪গ, পৃ. ৭)। তবে চলিত বাংলার মূল আলোচনায় এই সমাস সম্ভবত স্থান-সংক্ষিপ্ততার কারণে বাদ গেছে।

বাংলা সমাসের আর একধরনের স্বকীয়তা হল সমষ্টিগত বিভক্তি। অর্থাৎ, বিভক্তিযোগ্য একাধিক পদের কেবল শেষটিতেই বিভক্তি যোগ হয়। যেমন-

ছেলে-মেয়েকে দেখে রেখো।

বাড়ির ভাত-ডাল-তরকারির স্বাদই আলাদা।

তবে সর্বনাম শব্দের ক্ষেত্রে সম্ভাব্য প্রত্যেকটি পদে বিভক্তি যোগ করতে হয়। এর কারণ সহজেই অনুমেয়। বাংলা সর্বনাম পদের প্রাতিপদিকগুলি (আমা-, তোমা-, তা- ইত্যাদি) মুক্তরূপ (free morph) নয়। ফলে সমষ্টিগত বিভক্তির নিয়ম তাদের ক্ষেত্রে প্রযোজ্য হতে পারে না।

৪.৫ ক্রিয়াপদ

বাঙ্গলা ভাষার পরিণাম নামক একটি প্রবন্ধে সুকুমার সেন লিখেছিলেন—

“পশ্চিম ও পূর্ববঙ্গের কথ্য ভাষার মধ্যে সংঘর্ষ অবশ্যম্ভাবী। এই সংঘর্ষ সুরু হইয়াছে।” (সেন, ২০১৪ঘ, পৃ. ৬৯)

সেই ‘সংঘর্ষ’-এর অন্তত একটি নমুনা চলিত বাংলার ক্রিয়াপদের গঠনে লক্ষ করা যায়। পশ্চিমবঙ্গের চলিত বাংলায় কৃদন্ত অতীতের প্রথম পুরুষে সাকর্মক ক্রিয়ায় -লে এবং অকর্মক ক্রিয়ায় -ল বিভক্তি যুক্ত হয়।¹¹ যেমন-

সাকর্মক: বীরেন্দ্র অমিতকে খুব বকলে।

¹¹ এই -ল বিভক্তির উৎস সংস্কৃত নিষ্ঠা প্রত্যয় (মজুমদার, ২০১৫, পৃ. ৩৬১)— ই (ভ) (সং)> -ই (অ) + -ইল/ -অল > *-ই (অ) + -ইল/ -এল/ -অল (মধ্য ভারতীয় আর্যভাষার অন্তর্গত)> -ইল (নব্য ভারতীয় আর্যভাষা)। উদাহরণ- চলিত (সং)> চলিঅ (প্রা) > *চলিঅ+ (-ইল, মাগধী অপভ্রংশ)> চলিল (বাং)। তাহলে -লে স্পষ্টতই সংযুক্ত বিভক্তি: -ল + -এ = -লে।

অকর্মক: বীরেন্দ্র ঘুমোল।

পক্ষান্তরে, পূর্ববঙ্গের কথ্যভাষায় কৃদন্ত অতীতে -লে বিভক্তির প্রয়োগ নেই। সক্রমক ও অক্রমক উভয় ক্ষেত্রেই -ল প্রযুক্ত হয়। ১৩৩৯ বঙ্গাব্দে প্রকাশিত পূর্বোক্ত প্রবন্ধে অধ্যাপক সেন অনুমান করেছিলেন, “...অল্পকালের মধ্যেই সক্রমক ক্রিয়ার অতীত কালে ‘-লে’ প্রত্যয় ব্যাকরণের উদাহরণ মাত্র পর্য্যবসিত হইবে” (তদেব, তত্রত্য)।¹² এই অনুমানের প্রায় ৯৪ বছর পর কথ্য বাংলা ভাষার গতিপ্রকৃতি দেখে মনে হয়, আচার্যের সেই ভবিষ্যদ্বাণী অব্যর্থভাবে মিলে গেছে।

ক্রিয়াপদ প্রসঙ্গে আরেকটি ভবিষ্যদ্বাণীর কথা স্মর্তব্য। সুকুমার সেন অনুমান করেছিলেন, ভবিষ্যতে নামধাতুর প্রয়োগ বাংলা প্রকাশভঙ্গির বৈচিত্র্যসাধন করবে— “সুতরাং চেষ্টা করিলে যে নামধাতুর চলন লেখ্য ভাষায় পুনঃ প্রবর্তিত করা যাইবে না তাহা বোধ হয় না” (সেন, ২০১৪ঘ, পৃ. ৭২)। গত এক দশকে আন্তর্জাল এবং সামাজিক-মাধ্যম ব্যবহারের ক্রমপ্রসারের ফলে *ট্যাগানো*, *আপলোডানো*, *পোস্টানো* ইত্যাদি শব্দ বাঙালি নেটিভেন মহলে জনপ্রিয় হয়ে উঠেছে।

৫.০ বাংলা বাক্যতত্ত্ব

আধুনিক ভাষাবিজ্ঞানে বাক্যতত্ত্বের আলোচনায় নোয়াম চমস্কির সঞ্জননী-সংবর্তনী ব্যাকরণ (Transformational-Generative Grammar) একটি মাইলফলক বলে স্বীকৃত। অধ্যাপক সুকুমার সেন অবশ্য প্রথাগত ব্যাকরণের দৃষ্টিভঙ্গি থেকেই বাংলা বাক্যের পদবিন্যাস সম্পর্কে আলোচনা করেছেন। কয়েকটি ক্ষেত্রে বাংলা বাক্যে গঠনের মধ্যে বৈদিক ভাষার উত্তরাধিকার নিহিত রয়েছে বলে তাঁর মনে হয়েছে। কয়েকটি উদাহরণ দেওয়া যাক।

রূপকথা প্রধানত মৌখিক সাহিত্য। লিপিবদ্ধ হয়েছে অর্বাচীনকালে। আচার্য সেনের মতে, বাংলা রূপকথায় বাক্যবিন্যাসের শৈলী বৈদিক ব্রাহ্মণ গ্রন্থগুলির বাক্যবিন্যাসের

¹² সুকুমার সেনের আরও অন্তত দুটি নিবন্ধে (সেন, ২০২৪, পৃ. ৬১৪-৬১৬; সেন, ২০১৭, পৃ. ৫৪৬-৫৪৭) কথ্য বাংলার সক্রমক ক্রিয়ায় -লে প্রত্যয় লোপ পাওয়ার বিষয়টি আলোচিত হয়েছে। এই দুটি সংক্ষিপ্ত নিবন্ধেই কলকাতার কথ্যভাষার বিভাষাসমূহ (sub-dialects) সম্পর্কে আলোকপাত করা হয়েছে।

সঙ্গে মিলে যায় (সেন, ২০১৪খ, পৃ. ১৬); উভয় ক্ষেত্রেই বাক্যগুলি হয় ছোটো ছোটো, পরস্পর অসংযুক্ত। সাধারণত বাক্যে একটি কর্তৃপদ এবং একটি ক্রিয়াপদ থাকে।

বৈদিক সাহিত্যে একটি বাক্যে একাধিক অসমাপিকা ক্রিয়ার প্রয়োগ ক্বচিৎ দেখা যায়। পক্ষান্তরে, অর্বাচীন সংস্কৃতে এই রকম প্রয়োগ প্রাধান্য পেয়েছিল। বাংলাতেও এই বৈশিষ্ট্য বজায় রয়েছে। তা ছাড়া, বহির্তলে (surface structure) অস্ত্যর্থ ক্রিয়ার অনুপস্থিতি (‘সে ভালো ছেলে’), উত্তম ও মধ্যম পুরুষ কর্তৃপদ উহ্য থাকা (‘ভালো আছি’; ‘বাড়ি যাও’), একই বাক্যে পুনরাবৃত্ত ক্রিয়াপদের বিলোপন (‘অমল ভাত এবং বিমল রুটি খাবে’), ভাববাচক অব্যয় বাক্যের শুরুতে প্রয়োগ (‘আহা! কী সুন্দর!’) ইত্যাদি বৈশিষ্ট্যসমূহ বৈদিক সাহিত্যের থেকে বাংলায় প্রবিষ্ট বলে ধরা যেতে পারে। কারক প্রসঙ্গে ইতোপূর্বে সবিস্তারে আলোচনা করা হয়েছে। তাই বাক্যতত্ত্বে বিভিন্ন কারকের বিশেষ অর্থে প্রয়োগ (idiomatic expression) সম্পর্কে এখানে আর আলোকপাত করা হল না।

৬.০ বাগর্থ, বানান, অভিধান

মূল ব্যাকরণকাঠামো রচিত হয়ে যাওয়ার পরেও অবশিষ্ট থাকে প্রাণ্ডীয় ভাষাবিজ্ঞানের কিছু বিষয়। সুকুমার সেন বাগর্থতত্ত্বে (semantics) মূল ব্যাকরণ আলোচনার অন্তর্ভুক্ত করার পক্ষপাতী নন— “অর্থবিচার ঠিক ভাষা বিশ্লেষণের আলোচনা নয়” (সেন, ২০১৪ঙ, পৃ. ১৪৪)। তবে বানানের ওপর তিনি সমধিক গুরুত্ব আরোপ করেছেন। বস্তুত, খাঁটি বাংলা ব্যাকরণ রচিত হওয়ার আগেই প্রমিত বানানের নিয়মাবলি রচিত হওয়া উচিত বলে অভিমত জানিয়েছেন। ব্যাকরণ-পরিকল্পনায় বানানের কথা থাকলেও বাস্তবে সর্বজনমান্য বানানবিধির অভাবের কারণে পূর্বেক্ত *চলিত ভাষার ব্যাকরণ-কাঠামো* নামক রচনায় তিনি বানানের আলোচনা করেননি।¹³ প্রামাণিক বাংলা অভিধান সম্পর্কে সুকুমার সেনের অভিমত অত্যন্ত চমকপ্রদ। ঐতিহাসিক-তুলনামূলক পন্থার ভাষাবিজ্ঞানীরা অনেকসময় অতিরিক্ত সংস্কৃত-নির্ভরতার অভিযোগে বিদ্ধ হন। আচার্য সেন কিন্তু স্পষ্টাক্ষরে জানাচ্ছেন—

¹³ বানান বিষয়ে একটি পূর্ণাঙ্গ প্রবন্ধ অবশ্য তিনি রচনা করেছিলেন (সেন, ২০১৭, পৃ. ৪৯৭-৫০০)। বাংলা বানানের জটিলতা যে বস্তুত অসমাপ্যে, মূলত এই সিদ্ধান্তেই তিনি উপনীত হয়েছিলেন।

আমাদের অভিধানের একটা বড়ো দোষ... উৎকট ব্যুৎপত্তিব্যসন। Etymologising অর্থাৎ ব্যুৎপত্তি নির্ণয় আমাদের দেশের বৈয়াকরণের চিরকালের occupational disease... দুঃখের বিষয় হচ্ছে, এখনো আমরা একে ব্যাধি ব'লে চিনতে পারছি না, স্বাস্থ্যের লক্ষণ ব'লেই পোষণ করছি। (সেন, ২০১৪ক, পৃ. ১৮৭)

সুকুমার সেন, স্বাভাবিকভাবেই, ব্যুৎপত্তি-সন্ধানের বিরোধী নন। তিনি নিজেই একাধিক ব্যুৎপত্তি-অভিধানের রচয়িতা (Sen, 1971; সেন, ২০১৬)। নবতিপর অধ্যাপক সেন প্রায় দৃষ্টিহীন অবস্থাতেও বাংলা শব্দের ব্যুৎপত্তি-সন্ধানে নিমগ্ন ছিলেন। সেই বিবরণ তাঁরই ছাত্রের লেখায় পাওয়া যায় (ভট্টাচার্য, ২০১৯)। কিন্তু বাংলা ভাষায় সমকালিক অভিধানের গুরুত্ব আচার্য সেন বাস্তববোধ থেকে উপলব্ধি করেছিলেন। ব্যুৎপত্তি-নির্ণয় সাধারণের ব্যবহার্য অভিধানের কাজ নয়। তাই বর্ণনামূলক দৃষ্টিকোণ থেকে কথ্য বাংলার অভিধান রচনা তিনি সমর্থন করেছিলেন।

৭.০ উপসংহার

‘খাঁটি’ বাংলা ব্যাকরণের সন্ধানে সুকুমার সেনের অভিযাত্রা যা সবচেয়ে বেশি স্পষ্ট করে তোলে, তা হল তাঁর চিন্তের জগৎমতা। মার্কিন-প্রভাবিত সাংগঠনিক ভাষাবিজ্ঞান-চর্চা ভারতে ভাষিক সংঘাত বৃদ্ধি করবে বলে একদা তিনি আশঙ্কা প্রকাশ করেছিলেন।¹⁴ অথচ, জীবনের শেষপাদে এসে তিনিই কথ্য বাংলার ব্যাকরণ রচনায় আত্মনিয়োগ করেন। তার মানে এই নয় যে ঐতিহাসিক ভাষাবিজ্ঞান এবং বাঙালীমাংসার পন্থা তিনি পরিত্যাগ করেছেন। পুত্র সুভদ্রকুমার সেনের সঙ্গে যৌথভাবে লিখিত গ্রন্থ *বাঙালীর ভাষা* যখন প্রকাশিত হয়, তখন সুকুমার সেনের বয়স প্রায় নব্বই বছর। এই গ্রন্থে ‘বাংলা ভাষার উৎপত্তি ও বিবর্তনের চলচ্চিত্র’ প্রদর্শন করার সময় আচার্য সেন আলোচনা শুরু করেছিলেন ঋগ্বেদের ঘুমপাড়ানি

¹⁴ “... তখন আমেরিকার রাজনীতির প্রধান উদ্দেশ্য ছিল ভারতের ভাষাসংখ্যা আরও বাড়িয়ে তুলে আমাদের মধ্যে অনৈক্যকে আরও স্পষ্ট করে তোলা এবং আমাদের মধ্যে আরও বিভেদ সৃষ্টি করা” — (রায়, ২০১৬, পৃ. ৩২-৩৩) থেকে পুনরুদ্ধৃত। অলোক রায়ের গ্রন্থটিতে আচার্য সেনের এই উদ্ধৃতির কোনো তথ্যসূত্র উল্লেখ করা হয়নি।

ছড়া থেকে (সেন ও সেন, ১৯৯০, পৃ. ১৭)। স্পষ্টতই, ঐতিহাসিক-সাংস্কৃতিক পন্থা এবং বর্ণনামূলক পন্থার মধ্যে কোনো অসেতুসম্ভব দূরত্ব তিনি কল্পনা করেননি।

বাংলা কথ্য ভাষার ব্যাকরণ রচনার প্রয়াস চলছে বিগত প্রায় সার্থ শতাব্দী ধরে। হালেদ তাঁর বিখ্যাত ব্যাকরণ-গ্রন্থে কথ্য বাংলার বৈশিষ্ট্য সম্যকভাবে উপলব্ধি করতে পারেননি (Qayyum, 1974, pp. 133-139)। জন বিমসের ব্যাকরণ বইটির উপশিরোনামে ‘Literary and Colloquial’ বাংলা সম্পর্কে আলোচনার প্রতিশ্রুতি থাকলেও (Beams, 1891, Title Page) কার্যক্ষেত্রে অবশ্য একজন অবাঙালির পক্ষে কথ্য বাংলার সূক্ষ্ম বৈশিষ্ট্যসমূহ পুঞ্জানুপুঞ্জভাবে বিশ্লেষণ করা সম্ভব ছিল না। সেই অভাব অনেক পরে পূর্ণ করে ঢাকার ‘বাংলা একাডেমী’ থেকে দুই খণ্ডে প্রকাশিত *প্রমিত বাংলা ভাষার ব্যাকরণ* (ইসলাম ও সরকার, ২০১২)। এই গ্রন্থ প্রকাশের খবর জানিয়ে *টাইমস অফ ইন্ডিয়া* সংবাদপত্রে শিরোনাম লেখা হয়েছিল— “‘Cholti Bangla’ finally gets a grammar guide” (Jhimli Mukherjee Pandey, 2012)। এই শিরোনাম কিঞ্চিৎ বিভ্রান্তিকর— যেন এতদিন কথ্য বাংলার ব্যাকরণ লেখার কোনো প্রচেষ্টাই হয়নি! অথচ *প্রমিত বাংলা ভাষার ব্যাকরণ* রচিত হওয়ার প্রায় অর্ধশতাব্দী আগে থেকে সুকুমার সেন কথ্য বাংলার স্বকীয়তার সুলুকসন্ধান করেছেন। অধ্যাপক অরুণ ঘোষ সামাজিক উপভাষা চর্চার ক্ষেত্রেও আচার্য সেনকে বাঙালি ভাষাবিজ্ঞানীদের মধ্যে পথিকৃৎ বলে মন্তব্য করেছেন—

নারী-পুরুষের ভাষার মধ্যে পার্থক্যের অনুসন্ধানে তিনি পথিকৃত (য.)। অন্যদিকে তিনি দক্ষিণ-পশ্চিম বর্ধমানের মুচিদের ভাষার শব্দ সংকলন করে বাংলা ভাষাচর্চায় বর্ণহিন্দুর পর্যায়ক্রমিক আলোচনা থেকে সরে গিয়ে সাধারণ মানুষের মুখের ভাষার প্রতি নজর দিয়েছেন... আচার্য সেন বাংলায় প্রথম সমাজভাষাতাত্ত্বিকের আসন দাবি করতে পারেন। (ঘোষ, ২০০৯, পৃ. ৪৭২)

আচার্য সুকুমার সেন কথ্য বাংলা ভাষার পূর্ণাঙ্গ ব্যাকরণ গ্রন্থ রচনা করেননি। কিন্তু এই বিষয়ে দীর্ঘকাল ধরে তিনি চিন্তাভাবনা করেছেন। তাঁর অজস্র প্রবন্ধে বিক্ষিপ্ত আকারে সেই চিন্তাভাবনার প্রমাণ ছড়িয়ে রয়েছে। তিনি যার গোড়াপত্তন করেছিলেন, পরবর্তীকালে অন্যান্য ভাষাবিজ্ঞানীদের কাজে তার পূর্ণাবয়ব পরিণতি লক্ষ করা যায়।

তথ্যসূত্র

[বাংলা বইয়ের ক্ষেত্রে APA Stylesheet (সপ্তম সংস্করণ) অনুসরণ করার জন্য কয়েকটি নিয়ম মেনে চলা হয়েছে— ক. et al. -এর বাংলা পরিভাষা লেখা হয়েছে 'প্রমুখ'। খ. ভারতীয় সংস্কৃতিতে পদবির তুলনায় লেখকের প্রথম নামের গুরুত্ব বিবেচনায় সম্পূর্ণ আকারে প্রথম নাম লেখা হয়েছে। আদ্যক্ষর ব্যবহার করা হয়নি। গ. গ্রন্থভুক্ত প্রবন্ধের ক্ষেত্রে গ্রন্থনাম উল্লেখ করার আগে 'in'-এর বাংলা পরিভাষা 'অন্তর্ভুক্ত' লেখা হয়েছে। ঘ. p. এবং pp. উভয়েরই বঙ্গানুবাদ করা হয়েছে প্.]

Abhyankar, K. V. (1961). *A Dictionary of Sanskrit Grammar*. Oriental Institute.

Beams, John. (1891). *Grammar of the Bengali Language: Literary and Colloquial*. Oxford University Press.

Chatterji, S. K. (1921). Bengali Phonetics. *Bulletin of the School of Oriental and African Studies*, 2(1), 1-25.

<https://doi.org/10.1017/S0041977X0010179X>

Mukherjee Pandey, J. (2012, August 8). 'Cholti Bangla' finally gets a grammar guide. *The Times of India*.

<https://timesofindia.indiatimes.com/city/kolkata/cholti-bangla-finally-gets-a-grammar-guide/articleshow/15412126.cms>

Qayyum, M. A. (1974). *A Critical Study of the Bengali Grammars of Carey, Halhed and Haughton*. [Doctoral dissertation, School of Oriental and African Studies, University of London]. SOAS Research Online.

<https://doi.org/10.25501/SOAS.00029000>

‘খাঁটি’ বাংলা ব্যাকরণের সন্মানে আচার্য সুকুমার সেন

Sen, S. (1971). *An Etymological Dictionary of Bengali: C. 1000–1800 A.D.* Eastern Publishers.

Vasu, S. C. (2017). *The Aṣṭādhyāyī of Pāṇini* (8th reprint, Vol. 1). Motilal Banarsidass.

ইসলাম, রফিকুল, ও সরকার, পবিত্র. (সম্পা.). (২০১২). *বাংলা একাডেমী প্রমিত বাংলা ভাষার ব্যাকরণ*. বাংলা একাডেমী.

ঘোষ, অরুণ. (২০০৯). সমাজভাষাতত্ত্ব ও আচার্য সুকুমার সেন. অন্তর্ভুক্ত বরুণকুমার চক্রবর্তী প্রমুখ (সম্পা.), *তোমার সৃষ্টির পথ: সুকুমার সেন স্মারক গ্রন্থ*. অপর্ণা বুক ডিস্ট্রিবিউটার্স.

ভট্টাচার্য, মহীদাস. (২০১৯, ২৮ ফেব্রুয়ারি). শব্দ ও ভাষা নিয়ে ভাবার শিক্ষা. *আনন্দবাজারপত্রিকা*.

<https://www.anandabazar.com/editorial/sukumar-sen-was-one-of-few-who-thought-about-bengali-language-1.959414>

মজুমদার, পরেশচন্দ্র. (২০১৫). *বাঙলা ভাষা পরিক্রমা* (দ্বিতীয় খণ্ড). দে'জ পাবলিশিং.

মিত্র, খগেন্দ্রনাথ, প্রমুখ (সম্পা.). (১৯৫২). *বৈষ্ণব পদাবলী (চয়ন)* (চতুর্থ সংস্করণ). কলিকাতা বিশ্ববিদ্যালয়.

রায়, অলোক. (২০১৬). *সুকুমার সেন* (পরিমার্জিত দ্বিতীয় সংস্করণ). পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি.

সরকার, পবিত্র. (২০০৬). *বাংলা ব্যাকরণ প্রসঙ্গ*. দে'জ পাবলিশিং.

সেন, প্রবোধচন্দ্র. (২০২০). *নূতন হন্দ পরিক্রমা* (প্রথম ই-বুক সংস্করণ). আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড.

সেন, সুকুমার. (১৯৫৬). *চর্যাগীতি-পদাবলী*. বর্ধমান সাহিত্যসভা.

- (১৯৫৭). *ভাষার ইতিবৃত্ত* (পরিবর্ধিত পঞ্চম সংস্করণ). বর্ধমান সাহিত্যসভা.
- (১৯৬৪). *ভাষার ইতিবৃত্ত* (অষ্টম সংস্করণ). ইস্টার্ন পাবলিশার্স.
- (১৯৯২). *ভারতীয়-আর্য সাহিত্যের ইতিহাস*. ভারবি.
- (২০১১). *ভাষার ইতিবৃত্ত* (ত্রয়োদশ মুদ্রণ). আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড.
- (২০১৪ক). অভিধান আন্দোলনের পরিপ্রেক্ষিত. অন্তর্ভুক্ত সুভদ্রকুমার সেন ও সুনন্দনকুমার সেন (সম্পা.), *প্রবন্ধ সংকলন* (প্রথম খণ্ড, পৃ. ১৮৬-১৮৮). আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড.
- (২০১৪খ). প্রাচীন ভারতীয় আর্যভাষার গদ্যের ভঙ্গি. অন্তর্ভুক্ত সুভদ্রকুমার সেন ও সুনন্দনকুমার সেন (সম্পা.), *প্রবন্ধ সংকলন* (প্রথম খণ্ড, পৃ. ১৬-২৩). আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড.
- (২০১৪গ). বাঙলায় নারীর ভাষা. অন্তর্ভুক্ত সুভদ্রকুমার সেন ও সুনন্দনকুমার সেন (সম্পা.), *প্রবন্ধ সংকলন* (প্রথম খণ্ড, পৃ. ৩-১৫). আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড.
- (২০১৪ঘ). বাঙ্গালা ভাষার পরিণাম. অন্তর্ভুক্ত সুভদ্রকুমার সেন ও সুনন্দনকুমার সেন (সম্পা.), *প্রবন্ধ সংকলন* (প্রথম খণ্ড, পৃ. ৬৫-৭২). আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড.
- (২০১৪ঙ). বাংলা ভাষার ব্যাকরণ কেমনটি হওয়া উচিত. অন্তর্ভুক্ত সুভদ্রকুমার সেন ও সুনন্দনকুমার সেন (সম্পা.), *প্রবন্ধ সংকলন* (প্রথম খণ্ড, পৃ. ১৪০-১৪৫). আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড.
- (২০১৪চ). ব্রজবুলি. অন্তর্ভুক্ত সুভদ্রকুমার সেন ও সুনন্দনকুমার সেন (সম্পা.), *প্রবন্ধ সংকলন* (প্রথম খণ্ড, পৃ. ২৪-৪৪). আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড.

‘খাঁটি’ বাংলা ব্যাকরণের সন্মানে আচার্য সুকুমার সেন

- (২০১৬). *ব্যুৎপত্তি-সিদ্ধার্থ বাংলা-কোষ* (দ্বিতীয় মুদ্রণ). পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি.
- (২০১৭). বাংলা শব্দের বানান সমস্যার জটিলতা. অন্তর্ভুক্ত সুভদ্রকুমার সেন ও সুনন্দনকুমার সেন (সম্পা.), *প্রবন্ধ সংকলন* (তৃতীয় খণ্ড, পৃ. ৪৯৭-৫০০). আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড.
- (২০১৭). বাসিন্দাদের ভাষা লোপ পাচ্ছে. অন্তর্ভুক্ত সুভদ্রকুমার সেন ও সুনন্দনকুমার সেন (সম্পা.), *প্রবন্ধ সংকলন* (তৃতীয় খণ্ড, পৃ. ৫৪৬-৫৪৭). আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড.
- (২০২৪). কলকাকলি. অন্তর্ভুক্ত সুভদ্রকুমার সেন ও সুনন্দনকুমার সেন (সম্পা.), *প্রবন্ধ সংকলন* (পঞ্চম খণ্ড, পৃ. ৬১৪-৬১৬). আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড.

সেন, সুকুমার ও সেন, সুভদ্রকুমার. (১৯৯০). *বাঙালীর ভাষা*. পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি.

প্রসঙ্গ: আচার্য সুকুমার সেনের 'হিস্ট্রি অ্যাণ্ড প্রি-হিস্ট্রি অভ স্যান্স্কৃত'

কৃষ্ণা ভট্টাচার্য

krishnabhattach@gmail.com

সংক্ষিপ্তসার:

ভারতীয় আৰ্য-ভাষাগোষ্ঠীর সর্বপ্রাচীন ভাষা হল বৃহত্তর অর্থে 'সংস্কৃত'। শব্দবৈদ্য আচার্য সুকুমার সেনের কুশলী বিশ্লেষণে সংস্কৃত-এই গুরুত্বপূর্ণ ভাষাটির প্রাক-ইতিহাস সহ ইতিহাস যথাযথভাবে রূপায়িত হয়েছে আলোচ্য গ্রন্থে। বলা বাহুল্য, সংস্কৃত ভাষার ইতিহাস ও প্রাক-ইতিহাসে আগ্রহী পাঠকের অনুসন্ধিৎসু মনে অধ্যাপক সেনের এই অসামান্য ঐতিহাসিক মাত্রায় বিবেচিত সংস্কৃত ও সংস্কৃত-পূর্ব ভাষার সুনির্দিষ্ট গাঠনিক বৈশিষ্ট্যভিত্তিক আলোচনা প্রয়োজনীয় একটি শক্ত ভিত্তি স্থাপন করবে। প্রসঙ্গত, কালগত পরিবর্তনের সঙ্গে স্থানগত বৈচিত্র্যেরও উল্লেখ করে আচার্য তাঁর অসাধারণ পর্যবেক্ষণ শক্তির পরিচয় দিয়েছেন। সেই সঙ্গে সংস্কৃতির স্তরভেদে উপভাষাগত বৈচিত্র্যের উপস্থিতির উল্লেখ তাঁর আধুনিক দৃষ্টিভঙ্গিও প্রকাশ করছে।

কুণ্ডিকা শব্দ:

হিট্রাইট ও ইন্দো-ইউরোপীয় ভাষার সম্পর্ক, ইন্দো-ইরানীয়, শিষ্ট সংস্কৃত, কথ্য সংস্কৃত, মধ্য ভারতীয় আৰ্য-ভাষার উৎস ভাষা

প্রাক-কথন:

হিন্দু অ্যাণ্ড প্রি-হিন্দু অভ স্যাক্সকুট বা বাংলায় বললে সংস্কৃতের ইতিহাস ও প্রাক-ইতিহাস বইটি সংস্কৃতে নিবেদিতপ্রাণ আচার্য সেনের সংস্কৃত বা সংস্কৃত-পূর্ব ভাষাচর্চার ক্ষেত্রে একটি ভিত্তিপ্রস্তর-গঠনমূলক অবদান বলা যায়। অন্যভাবে বললে এই ক্ষেত্রে এটি একটি মূল্যবান বুনিয়াদ গড়ে দেয়। প্রসঙ্গক্রমে বলতে হয় অল্পবয়স থেকেই অধ্যাপক সেনের সংস্কৃতে অনুরাগ ছিল। প্রবেশিকা পরীক্ষায় তিনি সংস্কৃত, বাংলা ও গণিতে লেটার পেয়ে পাস করেন। আই-এ পড়ার সময় 'আমার মন ছিল গণিতে নিবিষ্ট' (দি. প. দি. যে. গে. পৃ. ৮৬)। পরে তিনি সংস্কৃতে অনার্স ও পাসে ফিলসফি নিয়ে সংস্কৃত কলেজে ভর্তি হলেন। সুকুমারবাবুর ভাষায় 'গণিতকে ছাড়বার ব্যথা আমি অনেক দিন ভুলতে পারিনি। বেদের ভাষার পরিচয় পেয়ে ও শব্দবিদ্যার পথে পৌঁছে তবেই আমি তা ভুলতে পেরেছি' ((দি. প. দি. যে. গে. পৃ. ৮৭)। স্যার আশুতোষ মুখোপাধ্যায় যখন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য তখন এম. এ. পরীক্ষার্থী ইচ্ছে করলে ও যোগ্য বলে বিবেচিত হলে দুটি লিখিত পত্রের পরিবর্তে টাইপ করা থিসিস জমা দিতে পারত। ১৯২৩ সালে অধ্যাপক তারাপুরওয়ালার অধীনে সুকুমারবাবু 'Noun Syntax in Aitareya Brahmana' শীর্ষক থিসিসটি জমা দেন। তাঁর থিসিসের পরীক্ষক ছিলেন -অধ্যাপক ড. এস. কে. বেলভালকর, ও অধ্যাপক সুনীতিকুমার চট্টোপাধ্যায়। তারপর সুকুমারবাবু প্রেমচাঁদ রায়চাঁদ স্টুডেন্টশিপ (পি.আর. এস.) লাভের জন্য গবেষণা শুরু করেন। বিষয় ছিল -'কাঠক সংহিতায় কারকের ব্যবহার'; পরীক্ষক ছিলেন -ড. এস. কে. বেলভালকর, অধ্যাপক দেবদত্ত -রামকৃষ্ণ ভাণ্ডারকর। পরবর্তীকালে তিনি বৈদিক সংস্কৃত ও ধ্রুপদী সংস্কৃতে নানা গবেষণামূলক প্রবন্ধ লেখেন। এই সূত্রে তাঁর প্রথম দিকের কয়েকটি কাজের উল্লেখ করা যায়। সুনীতিবাবুর অনুরোধে বেদের গদ্যভাগের বাকরীতি নিয়ে তাঁর গবেষণামূলক বিশ্লেষণ 'প্রাচীন ভারতীয় আর্যভাষায় গদ্যের ভঙ্গী' শীর্ষক প্রবন্ধরূপে ১৩৩৩ সালে সাহিত্য পরিষৎ পত্রিকায় প্রকাশিত হয় (সা. প. প. ৩৩, রায়, পৃ. ১৩)। অধ্যাপক সেনের ইংরেজিতে লেখা প্রথম গবেষণা প্রবন্ধ 'Notes on the use of cases in the Kathak Samhita' শিরোনামে ১৯২৬ সালে এশিয়াটিক সোসাইটির জার্নালে প্রকাশিত হয়। সুনীতিবাবুর উপদেশে প্রবন্ধটির অফ-প্রিন্ট তিনি বিদেশের কয়েকজন ইন্দো-ইউরোপীয় ভাষা ও সংস্কৃত ভাষার বিশেষজ্ঞের কাছে

পাঠিয়েছিলেন। 'ব্রহ্মগম্যনের ছাত্র ও উত্তরাধিকারী' বিখ্যাত ইন্দো-ইউরোপীয় ভাষাতাত্ত্বিক আঁতোয়ান মেইয়ে সেটির প্রাপ্তিস্বীকার করে সুকুমারবাবুর ভাষায় "আমাকে ধন্য করেছিলেন।" (দি. প. দি. য়ে. গে, পৃ. ১৫৪)। 'প্রাচীন ভারতীয় আৰ্য-ভাষার আধুনিক পাণিনি' যাকোব ভাকেরনাগেল সুকুমারবাবুর এই লেখার প্রশংসা ও সমালোচনা করে একটি বড় চিঠি পাঠিয়েছিলেন। প্রসঙ্গত বলা দরকার, অধ্যাপক সেনের বিশেষ আগ্রহ ছিল -- ঐতিহাসিক বাক্যতত্ত্বে। ১৯২৯ সালে প্রকাশিত হয় 'The Use of the Cases in Vedic Prose' (*Annals of the Bhandarkar Oriental Research Institute*)। হাঙ্গ ওয়ের টেল' এ বিষয়ে কাজ করেছিলেন। তিনি সুকুমারবাবুর এই কাজের প্রশংসা করে স্বীকৃতি দিয়েছিলেন। তাছাড়া, আর্থার বেরীডেল কীথ^২, লুই রনু^৩, রাইনহার্ট ভাগনের^৪ প্রমুখ চিঠি লিখে তাঁদের প্রশংসামূলক ও প্রয়োজনীয় গঠনমূলক প্রতিক্রিয়া জানিয়েছিলেন। ইংরেজিতে লেখা চিঠিগুলির বাংলা অনুবাদ করেছিলেন অধ্যাপক সেন (দ্র. দি. প. দি. য়ে. গে. পৃ. ১৫৫-১৫৭) এই অনূদিত চিঠিগুলির মধ্য থেকে প্রাসঙ্গিক আবশ্যিক অংশবিশেষ টীকাতে সন্নিবিষ্ট হয়েছে।

বলা বাহুল্য, ঐতিহাসিক ভাষাতত্ত্ব, প্রাচীন ইরানীয় এবং বৈদিক ও ধ্রুপদী সংস্কৃতে আচার্য সেনের অতুলনীয় পাণ্ডিত্য পণ্ডিতমহলে বিদিত। তাঁর দুই শিক্ষক -- সুনীতিকুমার চট্টোপাধ্যায় ও ইরাক্ জাহাঙ্গির সোরাবজি তারাপুরওয়ালা -- অধ্যাপক সেনের গবেষণামূলক অবদানের বিশেষ মূল্য স্বীকার করে এসেছেন। দেশে বিদেশে স্বীকৃত ও উল্লিখিত আলোচ্য বইয়ে আচার্য সেনের সংস্কৃত বা সংস্কৃত-পূর্ব ভাষার বিশ্লেষণমূলক গবেষণার পরিচয় পাওয়া যায়। বইটি দেশী বিদেশী পণ্ডিতমহলে বিশেষ প্রশংসিত ও গৃহীত কারণ বিষয়টির পুঞ্জানুপুঞ্জ ও দৃঢ়সংবদ্ধ বিশ্লেষণ এখানে পাওয়া যায়।

এই বইটিতে সংস্কৃত ভাষার উৎপত্তি, বিকাশ ও সংস্কৃত ভাষার ভাষাতাত্ত্বিক বা গাঠনিক বৈশিষ্ট্য সম্বন্ধে একটি অন্তর্দৃষ্টিমূলক বিশ্লেষণ বিধৃত। সহজ করে বললে বিষয়টির একটি ভালো প্রাথমিক বা ভিত্তিমূলক ধারণা এই বইটি থেকে পাওয়া যায়। বইটি পড়লে সংস্কৃত ভাষার উৎপত্তি, বিকাশ ও ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য সম্পর্কে একটি শক্ত বুনিয়ে তৈরি হয়। আচার্য সেন প্রত্ন-ইন্দো-ইউরোপীয় ভাষা থেকে

ধ্রুপদী বা শিষ্ট সংস্কৃত পর্যন্ত সংস্কৃতির বিকাশ খুব দক্ষতার সঙ্গে ব্যাখ্যা করেছেন। শুধু তাই নয়, অন্য একাধিক ইন্দো-ইউরোপীয় ভাষার সঙ্গে সংস্কৃত ভাষার কী যোগসূত্র আছে, তাও বর্ণনা করেছেন। এই বইটিতে আচার্য সেন বিস্তৃতভাবে সংস্কৃত ভাষার ভাষাতাত্ত্বিক বিশ্লেষণ করেছেন। সেই সঙ্গে এই ভাষার স্তরভিত্তিক বিবর্তনের বিবরণও উপস্থিত করেছেন। বিদ্যায়তনিক পরিসরে বইটি সংস্কৃত ভাষার গঠন ও ইতিহাস আলোচনার ক্ষেত্রে ভিত্তিপ্রস্তর হিসেবে সমাদৃত।

গ্রন্থটি প্রকাশের পূর্ব ইতিহাস ও প্রাথমিক সংক্ষিপ্ত পরিচয়:

ভূমিকা থেকে জানা যায় যে এই পুস্তিকাটিতে ১৯৫৭ সালের ১৭, ১৮ ও ১৯ শে সেপ্টেম্বর -এই তিন দিন মহীশূর বিশ্ববিদ্যালয়ে আমন্ত্রিত বক্তা হিসেবে আচার্য সেন যে তিনটি প্রসারিত বক্তৃতা দিয়েছিলেন, সেই তিনটি বক্তৃতা তিনটি অধ্যায় হিসেবে সংকলিত। ১৯৫৮ সালে পুস্তিকাটি মহীশূর বিশ্ববিদ্যালয় প্রকাশ করেন। মোট পৃষ্ঠা সংখ্যা ৫৩। দাম ছিল ২.২৫। পরে ২০০১ সালে বইটির আরেকটি রিপ্রিন্ট প্রকাশিত হয় রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত বিভাগ থেকে।

আগের কথামত ভূমিকা ছাড়া তিনটি অধ্যায়ে বইটি বিভক্ত। প্রথম অধ্যায়ে 'সংস্কৃতির ইতিহাস' পর্যালোচিত। দ্বিতীয়টিতে 'সংস্কৃতির পূর্ব- ইতিহাস' বিশ্লেষিত। তৃতীয় অধ্যায়ে 'স্পোকন্ বা কথ্য সংস্কৃত'-এর স্বরূপ ব্যাখ্যাত। তার পরে রয়েছে যথাক্রমে ব্যবহৃত পরিভাষার সংক্ষিপ্ত রূপ ও গ্রন্থপঞ্জি।

অধ্যায়গুলি সম্বন্ধে বিশদ আলোচনা:

প্রথম অধ্যায়: সংস্কৃতির ইতিহাস --- এই অধ্যায়ে ওল্ড ইন্দো-এরিয়ান বা প্রাচীন ভারতীয়-আর্য-এর বিবর্তন কীভাবে প্রাচীন বৈদিক থেকে ধ্রুপদী বা শিষ্ট সংস্কৃতে ঘটেছে যথাক্রমে অর্বাচীন-বৈদিক ও প্রাচীন সংস্কৃত --- এই দুটি অন্তর্বর্তী স্তর অতিক্রম করে, তা বর্ণনা করেছেন আচার্য। ভূমিকায় অধ্যাপক সেন উল্লেখ করেছেন যে, 'সংস্কৃত' পরিভাষাটির সঙ্গে বৈয়াকরণ পাণিনির পরিচয় ছিল না। সেনই প্রথম বলেন যে তাঁর মতে কবি কালিদাসই প্রথম এই পরিভাষাটি ব্যবহার করেন (পৃ. i.) এবং এটি কালিদাসের যথার্থ চয়ন। উল্লেখযোগ্য, তাঁর মতে কালিদাস মধ্য ভারতীয়-আর্যভাষা বা প্রাকৃতের জন্য কোনও নাম ব্যবহার করেননি। কিন্তু তিনি এটিকে

'সহজ ভাষা' বলে উল্লেখ (কুমারসম্ভব vii.পৃ. i.) করেছেন। সুকুমারবাবু আরও উল্লেখ করেছেন যে অধ্যাপক শিবরাম শাস্ত্রীর কাছ থেকে তিনি জানতে পারেন, রামায়ণের 'সুন্দর-কাণ্ড'-এ 'সংস্কৃত' নামটি পাওয়া যায়। কাহিনীতে আছে, হনুমান সীতার সঙ্গে দেখা করতে গিয়ে চিন্তায় পড়লেন এই ভেবে যে তিনি কোন্ ভাষায় সীতার সঙ্গে কথা বলবেন, কারণ ব্রাহ্মণেরা সংস্কৃত ভাষায় কথা বলেন। কাজেই সংস্কৃতে কথা বললে সীতা তাঁকে ছদ্মবেশী রাবণ ভাববেন। সংস্কৃতে কথা বলার এই উল্লেখ অবশ্য কালিদাসের কালেরও আগের সময় বোঝাচ্ছে। আচার্য সেন এই ব্যাখ্যা দিয়েছেন যে সম্ভবত রামায়ণে 'সংস্কৃত'-এর এই উল্লেখ 'ব্রাহ্মণের শুদ্ধ বাচনশৈলীকে নির্দেশ করত। 'সংস্কৃত' এখানে একটি বিশেষণ (*সংস্কৃতাম্ রাকম্*) বই কিছু নয়। সুকুমারবাবুর মতে আমাদের প্রাচীন পূর্বপুরুষেরা কোনও বিদেশী ভাষাকে স্বীকার করতেন না। তাঁদের মতে ভাষা ছিল হয় শুদ্ধ বা 'সংস্কৃত' ('cultivated') অথবা 'অপভ্রংশ' ('off-standard'), অথবা 'প্রাকৃত' ('rustic')। ভাষা ছিল তাঁদের কাছে স্বর্গীয় বস্তু। ভাষা হল সেই মৃত্যুহীন প্রাণশক্তি যা দেবতাদের ধারণ করে। তাঁদের মধ্যে যা কিছু শুভ, পবিত্র, তা নিহিত আছে তাঁদের রাক্-এর মধ্যে (ভৈরব্যাং লক্ষ্মীর নিহিতাধি রাচি)। তাঁদের ধারণায় রাক্ নদী (*সরস্বতী*)-র মত প্রবহমান, সর্পিলা, উর্বরা ও প্রতিপালিকা। দেবতাদের জন্য এই শুদ্ধ ভাষাই ছিল অমৃত বা সোম রস। আর অশুদ্ধ বা অপবিত্র ভাষা ছিল অসুরদের যা তাদের অকপটতা ও প্রাধান্য থাকা সত্ত্বেও তাদের পরাজয় বা পতনের কারণ হয়ে দাঁড়িয়েছিল।

সংস্কৃতে ইতিহাস যখন এই অধ্যায়ের আলোচনার কেন্দ্রবিন্দু তখন আচার্য সেনকে উল্লেখ করে বলতে হয় যে সঠিকভাবে বললে ইন্দো-এরিয়ান বা প্রাচীন ভারতীয়-আর্য-এর যাত্রা শুরু হয়েছে অব্যবহিত পূর্বতন উৎস ভাষা ইন্দো-ইরানীয় ভাষা বা এরিয়ান বা আর্য ভাষা থেকে পৃথক হয়ে। তিনি ব্যাখ্যা করেছেন যে এই 'আর্য' ভাষা ১৪০০ খ্রিস্টপূর্বাব্দের কিছু আগে ইরান ও মেসোপটেমিয়ার কিছু অংশে ঘনিষ্ঠভাবে সংবদ্ধ যে উপভাষাগুলি প্রচলিত ছিল, তাদেরই মিলিত রূপ। ১৪০০ খ্রিস্টপূর্বাব্দকে ভারতীয়-আর্য ও ইন্দো-ইরানীয় -এর বিচ্ছিন্ন হওয়ার সময় বলে ধরা হলেও ভারতীয়-আর্য-এর ভারতে অভিপ্রয়ানের সময় নিয়ে স্থির সিদ্ধান্তে পৌঁছানো যায়নি। তবে মনে করার কোনও কারণ নেই যে ১৩০০ খ্রিস্টপূর্বের আগে ভারতীয়-আর্যভাষীদের উল্লেখযোগ্য সংখ্যায় ভারতে আগমন ঘটেছিল। মনে রাখতে হবে

ভারতীয়-আর্যদের অভিবাসন ঘটেছিল বিভিন্ন দলে বিভিন্ন সময়ে। উল্লেখযোগ্য, যে দলগুলির এইভাবে পৃথক পৃথক আগমন হয়েছিল, তারা একই গোষ্ঠীভুক্ত ছিল না এবং তাদের ভাষাও সম্পূর্ণভাবে একরকম ছিল না। ভারতীয়-আর্যভাষীদের পৃথক যাত্রা শুরু করার সময় ১৪০০ খ্রিস্টপূর্বাব্দ বলে ধরা যায় এবং তা নিশ্চিত করার পক্ষে আচার্য সেন দুটি কারণ বলেছেন --- প্রথমত, প্রত্ন-ভারতীয়-আর্যভাষার কিছু উপভাষাগত শব্দ কিছু হিট্রাইট নথিপত্রে পাওয়া গেছে। দ্বিতীয়ত, ঋগ্ বেদের ভাষার সময়ের সঙ্গে আবেস্তার গাথাগুলির ভাষার সময়ের তুলনা করেও বোঝা যায়। ঋগ্ বেদের ভাষার সময় ধরা হয় ১০০০ খ্রিস্টপূর্বাব্দ, আর আবেস্তার গাথাগুলির ভাষার সময় হল খ্রিষ্টপূর্ব ৭০০। ভারতে ভারতীয়-আর্যভাষাগুলির বিকাশ শুরু হয়েছে বলা যায় ১২০০ খ্রিস্টপূর্বাব্দ থেকে। তার আগে ছিল প্রত্ন-ভারতীয়-আর্যভাষার স্তর। বৈদিক ভাষার স্তরভেদটি সুকুমারবাবু দেখিয়েছেন এইভাবে --- (ক) প্রাচীন বৈদিক (ঋগ্ বেদের প্রাচীন অংশের ভাষা, সময়সীমা --- খ্রিস্টপূর্ব ১২০০-১০০০), (খ) অর্বাচীন বৈদিক (ঋগ্ বেদের অর্বাচীন অংশের ভাষা ও অথর্ব বেদের ভাষা, সময়সীমা -- খ্রিস্টপূর্ব ১০০০-৭০০। (গ) প্রাচীন সংস্কৃত, সময়সীমা -- খ্রিস্টপূর্ব ৭০০-৪০০। যদিও 'সংস্কৃত' নামটি তখনও ব্যবহৃত হয়নি। ব্রাহ্মণ, উপনিষদ ও সূত্রগুলির ভাষাকে এই স্তরের অন্তর্ভুক্ত করা হয়। (ঘ) পাণিনি যে ভাষা (ধ্রুপদী সংস্কৃত)-র উল্লেখ করেছেন, তা তৃতীয় স্তরেরই বিকশিত চূড়ান্ত রূপ। এই চতুর্থ স্তরটির আরম্ভ ৪০০ খ্রিস্টপূর্বাব্দ থেকে। তখন থেকে কার্যত সারা ভারতে সর্বোত্তম ভাষা হিসেবে শব্দসম্ভারকে বাদ দিয়ে স্থানগত পার্থক্যহীন এই ধ্রুপদী সংস্কৃতির ব্যবহার সাহিত্যের ভাষা হিসেবেই সীমিত হয়ে যায়।

চারটি স্তরের মধ্য দিয়ে প্রাচীন ভারতীয়-আর্য ভাষার বিবর্তনে কয়েকটি যে প্রবণতা লক্ষ করা যায়, তা আচার্যের নিখুঁত ব্যাখ্যা অনুসারে নিচে বর্ণনা করা হল। বলা বাহুল্য, সীমিত পরিসরের জন্য বর্ণনা করার সময় সব ক্ষেত্রে উদাহরণ দেওয়া সম্ভব হল না।

১. প্রাচীন শব্দের জায়গায় প্রচলিত ভাষা বা অন্য ভাষাগোষ্ঠীর ভাষার শব্দ ব্যবহার। পরবর্তী কালে মধ্য ভারতীয়-আর্য ভাষার কিছু শব্দের অনুপ্রবেশও ঘটেছে।

২. ইণ্টোনেশন বা সুরন্যাস প্রথম স্তর অর্থাৎ প্রাচীন বৈদিকে অর্থপূর্ণ হলেও তৃতীয় স্তরে পৌঁছানোর মধ্যেই এটি লুপ্ত হয়ে যায়। তার জায়গায় এক ধরনের শ্বাসাঘাত স্থান নেয় এবং তা অর্থপূর্ণ ছিল না।
৩. সমাসবদ্ধ শব্দের ব্যাপক ব্যবহার হতে শুরু হয়। শেষ পর্যন্ত ধ্রুপদী গদ্যে লক্ষ করা যায় যে সমাসে সমস্যমান পদের সংখ্যার কোনো সীমা থাকছে না।
৪. কৃৎ প্রত্যয়ের জায়গায় তদ্ধিত প্রত্যয় ব্যবহারের বহুল অভিরুচি লক্ষিত হয়।
৫. ধাতুনাং (root noun) -এর ব্যবহার সীমিত হয়ে যাচ্ছিল। ব্যঞ্জনাং মূলের স্বরাং মূলে পরিবর্তনের প্রবণতা দেখা যায়।
৬. বিশেষ্য ও ক্রিয়ার বিকল্প ও উপভাষাগত রূপগুলি ক্রমশ লোপ পেতে থাকে।
৭. করণ কারক দ্রুত হারাচ্ছিল তার প্রয়োজনীয় সহাবস্থানের রীতি। শেষ স্তরে 'সহ' ধরনের নামবাচক নিপাত বা অব্যয় ব্যতিক্রমহীনভাবে ব্যবহৃত হচ্ছিল সহাবস্থান বোঝাতে।
৮. নির্বন্ধ ভাব লুপ্ত হল দ্বিতীয় স্তরে। আর অভিপ্রায় ভাবের বিলুপ্তি ঘটল তৃতীয় স্তরে। লিট বা সম্পন্ন কাল পূর্ববর্তী স্তরের প্রাচীন মূল্য হারিয়ে ফেলল।
৯. ধাতুরূপাদর্শে ভবিষ্যৎ কাল উদ্ভূত হল, কিন্তু তেমন সক্রিয় ভূমিকা দেখা গেল না। ঋগ্ বেদে অভিপ্রায় ভাবের একটি মাত্র উদাহরণ পাওয়া যায় --- *করিষ্যাঃ* (মধ্যম পুরুষের একবচনে)। পরবর্তী কালে শুধু হেত্বর্থক ব্যবহার দেখা যায়।
১০. বাক্যে সমাপিকা ক্রিয়ার গুরুত্ব কমেতে থাকল। বাক্য সমাপিকা ক্রিয়া ব্যতীত নামবাচক হয়ে উঠতে লাগল।
১১. চতুর্থ স্তরে কর্মবাচ্যে অতীতবাচক কৃদন্ত বিশেষণ (শেষে ইত-যুক্ত) সমাপিকা অতীত কালের প্রতিস্থাপক হয়ে দাঁড়াল।
১২. বিভিন্ন তির্যক কারকে নামবাচক ক্রিয়াবিশেষণ যেমন, *krte, artha-* ইত্যাদির সহায়ক শব্দ হিসেবে ব্যবহার বৃদ্ধি পেতে লাগল।

১৩. উপসর্গ বা পুরঃসর্গের স্বাধীন ব্যবহার লোপ পেল। পরিবর্তে তা ক্রিয়াবাচক পূর্বপ্রত্যয়রূপে সমাসবদ্ধ হল।

১৪. ছন্দ-রীতি উত্তরোত্তর কাঠিন ও নিয়মবদ্ধ হল, যদিও একই সঙ্গে বহুবৈচিত্র্যময় হয়ে উঠল।

সাধারণ ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য

সংস্কৃত ভাষার অবিমিশ্র ভাষাগত বৈশিষ্ট্য দেখা যায়। সংক্ষিপ্ত সাধারণ বিবরণ নিচে দেওয়া হল।

১. ধ্বনিমূল ব্যবস্থা ছিল সরল। ধ্বনিগুলি হল --- স্বরধ্বনি: হ্রস্ব ও দীর্ঘ --*a, i, u* ; *e, o* ধ্বনিদুটি দীর্ঘ। দ্বিস্বরধ্বনি: *āi, āu* । অর্ধব্যঞ্জন- *r, ṛ* - হ্রস্ব ও দীর্ঘ এবং ! - হ্রস্ব; অর্ধস্বর -*y, v*; ব্যঞ্জনধ্বনি: স্পৃষ্টধ্বনি - *k, kh, g, gh, ; c, ch, j, jh; t, ṭh ḍ ḍh; t, th, d, dh; p, ph, b, bh* ; নাসিক্য ধ্বনি - *ñ, ṅ, ṇ, n, m* (*m*); প্রবাহী ধ্বনি - *r, l*; উষ্ম ধ্বনি - *ś, ṣ, s, ḥ* (অঘোষ), *h* (ঘোষ)

২. ধাতু বা শব্দের গায়ে প্রত্যয় লাগিয়ে নতুন শব্দ তৈরি করার ঝোঁক লক্ষ করা যায়। কখনও বা প্রত্যয় না লাগিয়ে শব্দের মূল স্বরের গুণ বা বৃদ্ধি ঘটিয়ে নতুন শব্দ গঠন করা হত।

৩. শব্দের তিনটি শ্রেণী যথাক্রমে -নামশব্দ/ মূলশব্দ, ক্রিয়া ও অব্যয়। নামশব্দের তিনটি শ্রেণী, যথা ---বিশেষ্য, বিশেষণ ও সর্বনাম। এগুলির একবচন, দ্বিবচন ও বহুবচনে শব্দরূপ হয়। কারকের সংখ্যা আটটি। আচার্যের দেওয়া বিন্যাস অনুসারে -কর্তা, সম্বোধন, কর্ম, করণ, সম্প্রদান, অপাদান, সম্বন্ধ ও অধিকরণ। অন্ত্য ধ্বনিমূল বা লিঙ্গ ভেদে বা উভয় শর্তাধীনে শব্দরূপের নানা প্যাটার্ন বা ছক পাওয়া যায়। ক্রিয়ার ক্ষেত্রে অসমাপিকা ও সমাপিকা-অসমাপিকা ক্রিয়া মূলত নামশব্দরূপে ব্যবহৃত। তবে এগুলির মধ্যে কিছু যেমন --কৃদন্ত শব্দের রূপের কালভেদ দেখা যায়। যেমন, *গচ্ছন্* (বর্তমান), *গ্মন্ / gman* (লুঙ, বা অচিরসম্পন্ন বা সামান্য কাল)। লিট বা সম্পন্ন কালে পাওয়া যায় *জুগমিরান* এবং অতীত কালে *গমিস্ম্যন্*। সমাপিকা ক্রিয়ার বিভিন্ন ধরনের রূপবৈচিত্র্য ছিল। সমাপিকা ক্রিয়ার দুটি বাচ্য --কর্তৃবাচ্য ও কর্মবাচ্য; তিনটি বচন -- একবচন, দ্বিবচন ও বহুবচন। তিনটি পুরুষ যথা--

উত্তমপুরুষ, মধ্যমপুরুষ ও প্রথম পুরুষ। কাল -- পাঁচ ধরনের, যেমন --বর্তমান, ভবিষ্যৎ, অসম্পন্ন, অচিরসম্পন্ন (অ্যাওরিস্ট) ও সম্পন্ন (পারফেক্ট)। ভাব পাঁচ প্রকারের-- নির্দেশক (indicative), অভিপ্রায় (subjunctive), সম্ভাবক (optative), অনুজ্ঞা (imperative) ও নির্বন্ধ (injunctive)। কয়েক প্রকারের সাধিত ধাতুরূপ মেলে --- প্রযোজক (causative, নামধাতু (denominative), ইচ্ছার্থক বা বিবক্ষাবাচক (desiderative), পুনরুক্তিবাচক বা আতিশয্যবাচক (frequentative)। উল্লেখযোগ্য, পুরুষবাচক বিভক্তি কাল ও ভাবে ভিন্ন।

৪. প্রাচীন ভারতীয়-আর্য ভাষা যেহেতু পুরোপুরি একটি প্রাত্যয়িক বা প্রত্যয়ান্বয়ী ভাষা, তাই বিধিবদ্ধ বাক্যতত্ত্ব বা পদবিধি (শব্দটি আচার্য গ্রহণ করেন পাণিনির ব্যবহার থেকে) মেলে না। বাক্যে প্রত্যেক শব্দের সঙ্গে যুক্ত চিহ্নই অন্য শব্দের সঙ্গে সম্পর্ক নির্দেশ করে। তবে কারক, কাল ও ভাবের ক্ষেত্রে কিছু প্রথাসিদ্ধ ব্যবহার ছিল।

এবার প্রাচীন ভারতীয়-আর্য ভাষার স্তরভিত্তিক সংক্ষিপ্ত আলোচনা করা যাক।

প্রাচীন বৈদিক: এই স্তরের নিদর্শন ঋগ্বেদের মন্ত্রগুলি। কিন্তু উল্লেখ করতে হবে যে ঋক সংহিতায় এগুলি কিছু পরিবর্তিত হয়ে সংগৃহীত হয়েছে। এই পুনর্নির্মাণ বা পরিবর্তন সম্ভব হয়েছে আভ্যন্তরীণ সাক্ষ্যপ্রমাণে যেমন -- মন্ত্রগুলির ছন্দবিচার, এ বিষয়ে প্রাচীন ধ্বনিতাত্ত্বিকদের পর্যবেক্ষণ ও পদপাঠ-এর সাহায্যে এবং বাহ্যিক/বহির্বর্তী সাক্ষ্যপ্রমাণে যেমন, প্রাচীন ইরাণীয় --- আবেস্তীয় ভাষা ও প্রাচীন পারসিক ভাষায় প্রাপ্ত কিছু শব্দের সাহায্যে, যার দ্বারা অস্পষ্ট বা দুর্বোধ্য অংশগুলির পুনরুদ্ধার করা সম্ভব হয়েছে।

১. শব্দসম্ভার: শব্দের ভাঙার ব্যাপকভাবে বিচিত্র - বিশেষ করে নামশব্দ ও ক্রিয়ার ক্ষেত্রে। এলোমেলোভাবে ঋগ্বেদের যে কোনও একটি স্তবক নির্বাচন করে বিচার করলে দেখা যাবে, শিষ্ট বা ধ্রুপদী সংস্কৃতে পুরোপুরি অজানা, এমন শব্দের ব্যবহার শতকরা পঞ্চাশ ভাগের কম নয়। এমন কি জানা শব্দের ব্যবহার হলেও তার অর্থ খুবই পৃথক।

২. সুরন্যাস: আগেই উল্লেখ করা হয়েছে যে এই স্তরে সুরন্যাস অর্থযুক্ত। শব্দে অ্যাকসেন্ট বা সুরের অবস্থানের ওপরে নির্ভর করছে শব্দের অর্থ ও ব্যাকরণগত ক্রিয়া। যেমন, *sùkṛtam* অ্যাকসেন্ট 'উ'-এর ওপরে 'well done': *sukṛtām* 'good deed'

৩. প্রাতিশাখ্যে দেখা গেছে যে --- এ ধ্বনি নিশ্চিতভাবে এবং -ও ধ্বনি সম্ভবত হ্রস্ব দ্বিস্বরধ্বনি ছিল। এ দুটি 'অই' ও 'অউ' - এভাবে উচ্চারিত হত। এদের 'সন্ধ্যক্ষর' বা 'সন্ধি-স্বর বলা হত। আভ্যন্তরীণ ও বহির্বর্তী সাক্ষ্যপ্রমাণে তারই সমর্থন পাওয়া যায়।

৪. স্বর-সংযোগ (hiatus) বর্তমান, যদিও পদপাঠে স্পষ্টভাবে দেখা যায় না। সন্ধির ক্ষেত্রে শিথিলতা দেখা যায়। এই নিয়ম প্রত্যাশিত কারণ মনে রাখতে হবে যে এই ভাষার খুব দূরে নেই কথ্য সংস্কৃতের অস্তিত্ব।

৫. বহিস্থ সন্ধির ক্ষেত্রেও দন্ত্য ধ্বনির মূর্ধন্যাভবন ঘটে।

৬. শব্দাদ্যে স্থিত ব্যঞ্জনগুচ্ছের আদ্য শিশ্বধ্বনিটির লুপ্ত হবার একটি লক্ষণীয় প্রবণতা ছিল।

৭. চ, ছ, প্রভৃতি তালব্য ধ্বনিগুলি তখনও ঘৃষ্ট ধ্বনিরূপে উচ্চারিত হত না।

৮. শব্দান্তে সংযুক্ত ধ্বনি সরলীকৃত হওয়ার প্রবণতা ছিল, যদি না পদবন্ধ বা শব্দগুচ্ছের মধ্যে ব্যবহৃত হত। উদাহরণ- গচ্ছন, কিন্তু গচ্ছৎশ্চ।

৯. ধাতু নাম-এর ব্যবহার বেশ প্রচলিত ছিল। যেমন, *vr̥dh- stu-t-* ইত্যাদি।

১০. শব্দান্তে *-man-* যুক্ত ভাববাচক বিশেষ্য ও কারকবাচক বিশেষ্য, যেমন- *mānman-*, *vidmān-* ইত্যাদির ব্যবহার প্রচুর পরিমাণে দেখা যায়।

১১. শেষে *tr̥-* যুক্ত কারকবাচক বিশেষ্যগুলি কৃদন্ত হিসেবে ব্যবহৃত হলে সাধারণত কর্মকারককে নির্দেশ করে। যেমন, *dā tr̥-*, কিন্তু *gan tr̥-* (এ ক্ষেত্রে সম্বন্ধ নির্দেশ করা হয়)।

১২. এই স্তরে শেষে *-tāti* ও *-tāt* যুক্ত নির্বস্তক বা অ্যাবস্ট্র্যাক্ট স্ত্রীলিঙ্গবাচক বিশেষ্য অপ্রচলিত হয়নি। অবশ্য পরবর্তী কালে এই প্রচলন বিরল হতে থাকে।

১৩. নির্বস্তক স্ত্রীলিঙ্গবাচক বিশেষ্যগুলি গঠিত হয় -- -ত্বন (সখিত্বন 'বন্ধুত্ব')। শেষে -য়- যোগ করে গঠিত বিশেষণ, যেমন: 'পশর্য' অর্থাৎ পশুদের উপযুক্ত। শেষে -ল যোগ করে মিলছে ক্ষুদ্রবাচক শব্দ (বৃষল 'ক্ষুদ্র মানুষ'। তাছাড়া -রৎ যুক্ত অব্যয় থেকে নির্বস্তক স্ত্রীলিঙ্গবাচক বিশেষ্য পাওয়া যায়। -রন, -রিন, -রন্ত, যোগে অধিকারবাচক বিশেষণের সুপ্রতুল ব্যবহার। যেমন: 'সমররন' ('warlike')।

১৪. সমাসে দুটি সমস্যমান পদই সাধারণত অনুমোদিত। তিনটির বেশি সমস্যমান পদ একেবারেই গ্রাহ্য নয়। পূর্বপদ-প্রধান বহুব্রীহি সমাসের ব্যবহার ('শিক্ষানর-') এই স্তরের ভাষার এক লক্ষণীয় বৈশিষ্ট্য। বহুব্রীহি সমাসের অন্তে থাকে -ঈ অথবা -ঋ (r)।

১৫. দ্বিবচনের নিয়মিত প্রয়োগ থাকলেও বাকি দুই বচনের মত এটি শব্দরূপে পুরোপুরি উপস্থিত নয়। দ্বিবচন ব্যবহৃত হয় যেখানে স্বাভাবিক জোড় বা ঘনিষ্ঠভাবে সম্বন্ধিত দ্বৈততা দেখা যায়, যেমন: *অক্ষী*, *পিতরা* ইত্যাদি। কখনও কখনও প্রত্যাশিত দ্বিবচনের স্থলে বহুবচন পাওয়া যায়।

১৬. শব্দরূপে বিকল্প রূপের বাহুল্য লক্ষণীয়। যেমন, *দেরা:দেৱেন* (তৃতীয়ার একবচন)।

১৭. উত্তম পুরুষের দ্বিবচনে *আ/র-* মূলটি অনুপস্থিত। সমাসবদ্ধ নির্দেশক সর্বনাম *ত-*, *তৎ*, *স্যা-* প্রভৃতি খুবই প্রচলিত।

১৮. ভাবের মধ্যে নির্বন্ধ ও অভিপ্রায় -এর ব্যবহার খুবই প্রচলিত। আর বিভিন্ন কালে সম্ভাব্য সকল ভাব-বৈচিত্র্যই ব্যবহৃত।

১৯. অসম্পন্ন কাল (ইমপারফেক্ট / লঙ), সম্পন্ন বা পুরাঘটিত কাল (পারফেক্ট / লিট) এবং অচিরসম্পন্ন কাল (অ্যাওরিস্ট / লুঙ) -- এই তিনটি অতীত কালের প্রথমত প্রয়োগ দেখা যায়।

২০. কখনও কখনও আগম উপসর্গের ব্যবহার পাওয়া যায় না।

২১. এই স্তরে প্রচুর সংখ্যক ল্যবর্থক অসমাপিকা (জিরাণ্ড) ও তুমর্থক অসমাপিকা (ইনফিনিটিভ)-র ব্যবহার লক্ষ করা যায়।

২২. এই স্তরের আর একটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হল পুরঃসর্গ বা উপসর্গ (প্রিপোজিশন) ক্রিয়ার অধীনতা ব্যতিরেকে বাক্যে যথেষ্ট ভাবে ব্যবহৃত হত। যেমন: প্রণ আয়ুষি তারীঃ (মজুমদার, পৃ:১৬০)।

অর্বাচীন বৈদিক: এই স্তরের বিশেষ বৈশিষ্ট্যগুলি নিম্নলিখিতরূপ:

১. প্রাচীন ঐতিহ্যবাহী শব্দগুলি অপ্রচলিত হওয়ার পথে।

২. সন্ধি বিষয়টি কঠোরভাবে নিয়মবদ্ধ।

৩. 'এ' ধ্বনিটি একক স্বরধ্বনিতে পরিণত।

৪. দন্ত্যধ্বনির মূর্ধন্যীকরণে প্রতিরোধ লক্ষ করা যায়। যেমন- প্রাচীন 'সুষ্ঠু' র জায়গায় 'সুস্থ' শব্দের প্রচলন।

৫. শেষে -তাৎ ও -তাতি যুক্ত সাধিত শব্দের লোপ। সেই সঙ্গে -মন্ ও -রন্ প্রত্যয়দুটি -মন্ত্ ও -রন্ত্ রূপে ব্যবহৃত হতে লাগল।

৬. ধাতুনাam-শব্দরূপ বিলুপ্তির পথে। ব্যঞ্জনান্ত প্রাতিপদিক বা পদমূলের স্থলে স্বরান্ত প্রাতিপদিকের ব্যবহার। যেমন, নকত্ স্থলে নক্ত 'রাত্রি'।

৭. -ই ও -উ শব্দরূপের প্রাচীন কিছু রূপ লুপ্ত হতে থাকল। যেমন, 'পশু' প্রাতিপদিকের তৃতীয়ার একবচনে পশ্বা রূপটি আর ব্যবহৃত হয় না।

৮. গৌণ নির্দেশক -ত্য- অপ্রচলিত হয়ে গেল (তুলনীয়: প্রাচীন পারসিক-ত্য-/স্য, মজুমদার, পৃ. ১৮৭)। উত্তম পুরুষের দ্বিবচনে 'আর-' রূপগুলি প্রতিষ্ঠিত হল।

৯. ক্- ধাতুর নতুন ক্রিয়ারূপ পাওয়া যায়, যেমন, 'কৃণোতি'-র স্থলে 'করোতি'।

১০. ক্রিয়ারূপের বৈচিত্র্য বেশ হ্রাস পেয়েছিল। নির্বন্ধ ভাব (লেট্) ব্যবহার বলা যায় প্রচলিত ছিল না। তবে প্রিকেটিভ বা আশীর্লিঙ্ -এর ব্যবহার প্রতিষ্ঠিত হল। ভবিষ্যৎ

কালের ক্ষেত্রে দেখা গেল ভাব বা মুডের বৈচিত্র্য। মহাকাব্যিক সংস্কৃতে ভবিষ্যৎ কালে অনুজ্ঞা ভাবের রূপ দেখা যায়।

১১. কিছু প্রাচীন ল্যবর্থক অসমাপিকা বা ক্রিয়াবিশেষ্য ও তুমর্থক অসমাপিকার লোপ। শুধু -ত্বা-, -ত্য ও-তুম্ ব্যবহৃত হতে থাকল। -তুম্ অসমাপিকার প্রয়োগ ঋগ্বেদে নিতান্তই অপ্রতুল।।

বৈদিক ভাষার দুটি স্তরের ভাষাগত পার্থক্য সম্বন্ধে আচার্য সেনের একটি মূল্যবান পর্যবেক্ষণ আছে। তাঁর মতে এই দুটি স্তরের ভাষার মধ্যে শুধু কালগত নয়, স্থানগত পার্থক্যও আছে। অন্যদিকে অর্বাচীন বৈদিক ও প্রাচীন সংস্কৃতির মধ্যে শুধু কালানুক্রমিক পার্থক্যই দেখা যায়।

প্রাচীন সংস্কৃত-এর প্রধান বৈশিষ্ট্য:

১. শব্দরূপে বিকল্প রূপগুলি বলা যায় বাদ পড়ল।

২. ধাতুরূপের সরলীকরণ ঘটল। অনেক প্যাটার্ন বা ছকের ব্যবহার লোপ পেল। লুঙ ও লিট্-এর বিভিন্ন ভাব বা মুডের রূপ বিলুপ্ত হল। অভিপ্রায় বা লেট্ ভাবও বিলুপ্তির পথে, দেখা যায়। লিট্-এর কয়েকটি কৃদন্ত বিশেষণ থেকে গেল। পাণিনির সূত্রে তার পরিচয় পাওয়া যায়। পেরিফ্রেস্টিক বা বহুপদিক/যৌগিক লিট্ (অথর্ব বেদ: গমায়াধঃকার, মজুমদার, পৃ. ১৮২) ও ভবিষ্যৎ লুট্-এর স্বাভাবিক ব্যবহার পাওয়া যায়। কর্মবাচ্যে অতীতবাচক কৃদন্ত বিশেষণ সমাপিকা ক্রিয়ার বিকল্প হিসেবে প্রতিষ্ঠিত হল।

৩. -অনীয় যুক্ত ও -তব্য যুক্ত প্রাথমিক সাধিত রূপ (অল্প দু-চারটি) অথর্ব বেদে পাওয়া যায়। যেমন, *উপজীবনীয়, হিংসিতর্য*।

৪. গৌণ সাধিত রূপ প্রচুর পরিমাণে পাওয়া যায় বংশ বা গোত্র নামে।

৫. স্বার্থিক বা অতিরিক্ত -ক বহুব্রীহি সমাসে যুক্ত হতে লাগল। যেমন: *গোমাতরঃ* স্থলে *গোমাতৃকাঃ*

৬. স্ত্রীলিঙ্গে চতুর্থীর একবচনের রূপ পঞ্চমী ও ষষ্ঠীতেও প্রচলিত হল। এই বিশেষত্বটি অর্বাচীন আবেস্তীয় ভাষাতেও মেলে।

৭. সম্পন্ন বা পুরাঘটিত কাল (পারফেক্ট / লিট) দূরবর্তী বা বর্ণনামূলক অতীতকে বোঝাতে ব্যবহৃত হতে লাগল। বলা বাহুল্য, এটি একটি প্রাচীন বৈশিষ্ট্য।

৮. আচার্য সেনের নজরে এই স্তরের ভাষার একটি আধুনিক লক্ষণ ধরা পড়েছে। সেটি হল এই স্তরে বাক্যে সমাপিকা ক্রিয়ার গুরুত্ব হ্রাস পাওয়া। পরিবর্তে নামমূলক গঠন গুরুত্ব পেতে থাকল। নামমূলক বাক্যের চরম বিকাশে পাওয়া গেল সূত্র সাহিত্যের ঘনীভূত গদ্যশৈলী, যেখানে বাক্যে সমাপিকা ক্রিয়ার স্থান বা গুরুত্ব আর রইল না।

শিষ্ট বা ধ্রুপদী সংস্কৃতের প্রধান বৈশিষ্ট্যগুলির সংক্ষিপ্ত রূপরেখা:

আচার্য সেনের অভিমত হল যে ক্রমবিকাশের ধারায় প্রাচীন সংস্কৃতের পরবর্তী স্তর শিষ্ট সংস্কৃত নয়। শিষ্ট বা ধ্রুপদী সংস্কৃত হল সাহিত্যের ভাষা –মধ্যদেশ অঞ্চলের শিক্ষিত শিষ্টজনের মুখের ভাষার ওপরে ভিত্তি করে এই ভাষার বিকাশ। সেই সঙ্গে উত্তর-পশ্চিমাঞ্চল বা উদীচ্যের উপভাষা যা পাণিনির মুখের ভাষা ছিল তার বৈশিষ্ট্যও লক্ষিত হয়। বলা বাহুল্য, পাণিনিই শিষ্ট সংস্কৃতকে নিয়মবদ্ধ করেছিলেন। তাঁর সময়ে সংস্কৃত ভাষার সাধারণ সংগঠন শৃঙ্খলাবদ্ধ ছিল। তবে শব্দভাণ্ডার ও অঙ্কনের ক্ষেত্রে কিছু উপভাষাগত বিভেদ ছিল। পাণিনি দুটি ব্যাপক স্থানীয় উপভাষার উল্লেখ করেছেন; একটি *প্রাচাম্* (পূর্বদেশীয়) ও অপরটি *উদীচাম্* অন্য ছোটো ছোটো উপভাষার কচিৎ উল্লেখ করেছেন। একটি ব্যতিক্রম হল *'ট্রাঙ্গ-বিয়াস'* উপভাষাঞ্চলের কথা উল্লেখ করা (তু. উদক চ রিপাশঃ)। পাণিনির পরে পর্যায়ক্রমে এই শিষ্টভাষায় বিদ্যমান উপভাষাগত বিভেদগুলি বিলীন হয়ে যায়। তবে প্রাচীন দেবতা-দ্বন্দ্ব সমাস ('যুগ্মধারণাবাচক' দুটি পদের সমাস, মজুমদার, পৃ.১৬৩) -- যেমন -*মাতরপিতরৌ* (পাণিনির কথামত উত্তর-পশ্চিমাঞ্চলের বৈশিষ্ট্যযুক্ত হলেও) আচার্যের মতে ভাষায় রক্ষিত হয়েছিল বৈয়াকরণদের আগ্রহে।

শিষ্ট সংস্কৃতে সন্ধির নিয়ম কঠোর। স্বরসংযোগ সাধারণত মেলে না, যদি না মধ্যস্থ ধ্বনির অন্তর্ধান হয়। কতগুলি পদের সম্মিলনে সমাসগঠন করা যাবে সে বিষয়ে

কোনও সীমা নেই। শব্দরূপে বিকল্প রূপগুলি পুরোপুরি লোপ পেল। ক্লীবলিঙ্গের ক্ষেত্রে সাদৃশ্যজাত নতুন শব্দের উদ্ভব ঘটল। অভিপ্রায় ভাবের বিলুপ্তি হল। তবে এই ভাবের উত্তম পুরুষের রূপগুলি রক্ষিত হল অনুজ্জার উত্তম পুরুষের রূপ হিসেবে। প্রিকেটিভ বা আশীর্লিঙ্-এর সীমিত ব্যবহার লক্ষ করা যায়। সম্ভাবক ও অনুজ্জা --এই দুটি ভাবের শুধু বর্তমান কালের রূপগুলি রক্ষা পেল। আগের দুটি স্তরে যেমন নির্বন্ধ (লেট) নিষেধার্থক অব্যয় মা যোগে বিকল্পে ব্যবহৃত হত, তেমনই পরে অনুজ্জার রূপের বিকল্পে প্রচলন হল। যেমন: মা কাষীঃ ; মা কুরা।

৬. কর্মবাচ্যের এবং আধিকারিক অতীতবাচক কৃদন্ত বিশেষণ গৃহীত হল সম্পন্ন কালের অর্থে।

আচার্য সেন এই প্রসঙ্গে প্রাচীন ভারতীয়-আর্যভাষার বিভিন্ন স্তরে কিছু রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যের বিকাশের আলোচনা করেছেন। প্রয়োজনে উদাহরণ হিসাবে পুনর্গঠিত বাক্য বা বাক্যাংশের সাহায্য নিয়েছেন।

দ্বিতীয় অধ্যায়: সংস্কৃতের প্রাক-ইতিহাস

প্রাচীন বৈদিক ভাষার আগেকার চূড়ান্ত স্তরে পৌঁছাতে গেলে আমাদের পর পর প্রত্ন-ভারতীয়-আর্যভাষা, ইন্দো-ইরাণীয় পূর্ববর্তী স্তর ইন্দো-ইউরোপীয় ও ইন্দো-হিটি। প্রত্ন-ভারতীয়-আর্যভাষার ব্যাপ্তি আনুমানিক দুশো বছর (১২০০-১৪০০ খ্রিষ্টাব্দ)। ইন্দো-ইরাণীয় স্তরের ব্যাপ্তি সম্ভবত পরের পাঁচশ বছর (১৪০০-১৯০০খ্রিষ্টাব্দ)। ইন্দো-ইউরোপীয় ও ইন্দো-হিটি স্তর দুটির প্রত্যেকটির বিস্তৃতি ধরা যায় পাঁচশ বছর ধরে। যথাক্রমে ১৯০০ -২৪০০ খ্রিষ্টাব্দ ও ২৪০০-২৯০০ খ্রিষ্টাব্দ। প্রত্ন-ভারতীয়-আর্যভাষা স্তরটির স্বরূপ বুঝতে ইন্দো-ইরাণীয় স্তরটির চিত্র বোঝা দরকার। ইন্দো-ইউরোপীয় ভাষাগোষ্ঠীর একটি স্বতন্ত্র শাখা হিসেবে ইন্দো-ইরাণীয়ের নিচের বৈশিষ্ট্যগুলি পাওয়া যায়। সীমিত পরিসরে খুবই সংক্ষেপে উল্লেখ করি। ১. ধ্বনিব্যবস্থা: স্বরধ্বনি: হ্রস্ব ও দীর্ঘ - অ, ই, উ ; দ্বিস্বর: হ্রস্ব-- অই, অউ ; দীর্ঘ - আই, আউ ; অর্ধব্যঞ্জন - হ্রস্ব ও দীর্ঘ -- ঋ, ব্যঞ্জন -- স্পৃষ্ট : ক, খ, গ, ঘ; চ, ছ, জ, ঝ; ট, ঠ, ড, ঢ; প, ফ, ব, ভ। নাসিক্য -- ঙ, ঞ, ন, ম ; প্রবাহী - র ;

উষ্ম: শ, ষ, স (অঘোষ), z, ইত্যাদি (ঘোষ)। এগুলির ঘোষ ও মহাপ্রাণ রূপও পাওয়া যায়। সম্ভবত x, y ধ্বনিদুটিও পাওয়া যায়।

২. ভিন্ন উৎস থেকে জাত দু ধরনের তালব্য ধ্বনির অস্তিত্ব মেলে।

৩. শব্দবিভক্তি ও ক্রিয়াবিভক্তি প্রচুর সংখ্যক বিকল্প ও প্রাচীন রূপ ব্যতিরেকে প্রাচীন ভারতীয়-আর্যভাষা থেকে বেশি পৃথক নয়।

৪. ইন্দো-ইরাণীয়ের মধ্যে আচার্য সেন দুটি উপভাষাশৃঙ্খলের অস্তিত্ব স্বীকার করেছেন: প্রত্ন-ইরাণীয় ও প্রত্ন-ভারতীয়-আর্যভাষা। একটি উদাহরণ: প্রত্ন-ভারতীয়-আর্যভাষার অইক প্রত্ন-ইরাণীয়তে মেলে অইর। দুটি শব্দই বোঝায় 'এক'।

৫. উপরিউক্ত দুটি উপভাষাশৃঙ্খলের মধ্যে লক্ষণীয় কয়েকটি পার্থক্য হল: ঘোষ মহাপ্রাণ প্রত্ন-ভারতীয়-আর্যভাষায় রক্ষিত হলেও প্রত্ন-ইরাণীয়তে অল্পপ্রাণ হয়ে যায়।

৬. প্রত্ন-ভারতীয়-আর্যভাষায় ঘোষ উষ্ম ধ্বনির লক্ষণীয় পরিবর্তন হল।

৭. ইন্দো-ইরাণীয় স্তর থেকে বার্থোলোমির সূত্র প্রযুক্ত হতে থাকে।

৮. প্রাচীন ভারতীয়-আর্যভাষায় উপভাষাভেদে র ও ল-এর ব্যবহার দেখা যায়। যেমন: উত্তর-পশ্চিমদেশীয় (প্রাচীন বৈদিক) - রোহিত > লোহিত -- মধ্য ও পূর্বদেশীয় (অর্বাচীন বৈদিক ও বেদোত্তর বা প্রাক্-সংস্কৃত)। আরও কয়েকটি উদাহরণ-- শীর- > শ্লীল-; রঘু > লঘু; প্রবতে > প্লবতে। এই উপভাষাগত বিভেদের কারণে শিষ্ট সংস্কৃতে কয়েকটি নতুন যমজ বা যুগ্ম ধাতুর উদ্ভব হল। যেমন, চর্-/চল্-, রম্-/লম্- ইত্যাদি।

৯. অঘোষ মহাপ্রাণ ধ্বনি ইন্দো-ইউরোপীয় ভাষায় স্বাভাবিক বাগধ্বনি না হলেও ইন্দো-ইরাণীয় স্তরে প্রায় স্বাভাবিক হয়ে গিয়েছিল। তবে মহাপ্রাণ ও অল্পপ্রাণ ধ্বনির ব্যবহারে কিছু দ্বিধাগ্রস্ততা দেখা যায়। যেমন, আবেস্তীয় ভাষা পত্তা = প্রাচীন ভারতীয়-আর্যভাষায় পত্তা।

১০. প্রত্ন-ভারতীয়-আর্যভাষায় অন্তে -(ই)ষ্য-যুক্ত ক্রিয়াপদ মূলত বর্তমান কাল হলেও পরে ভবিষ্যৎ কাল হিসেবে উদ্ভূত হয়।

এর পরে আচার্য সেন প্রাচীন বৈদিকের বিপরীতে প্রত্ন-ভারতীয়-আর্যভাষার কয়েকটি বিশেষ বৈশিষ্ট্যসংক্রান্ত আলোচনা করেন। যেমন, মূর্ধন্য ধ্বনির ; শব্দান্তের স্ ধ্বনি বিসর্গে পরিণত হয়; গ্রাসমান-এর ধ্বনিসূত্র আর কাজ করে না; করণ কারকের একবচনে পুংলিঙ্গ ও ক্লীবলিঙ্গ প্রাতিপদিকে সর্বনামীয় বিভক্তি -এন যুক্ত হয় ইত্যাদি। এগুলি ছাড়া শব্দরূপ ও ধাতুরূপের ক্ষেত্রে আরও কিছু বিশেষত্বের উল্লেখ করেছেন। সর্বোপরি অধ্যাপক সেনের এই মন্তব্যটি প্রণিধানযোগ্য যে ভারতীয়-আর্যভাষা ও ইন্দো-ইরাণীয় বা ভারতীয়-ইরাণীয় ভাষায় ইন্দো-ইউরোপীয় ধ্বনিব্যবস্থা সংরক্ষিত।

ইন্দো-হিট্রি (চূড়ান্ত স্তর):

এক কথায় এই স্তরের ভাষা ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক সংগঠনে সব মিলিয়ে ইন্দো-ইউরোপীয় ভাষাগুলি থেকে অনেক সরল। হিট্রি বা হিট্রাইট্, স্বীকার করতে হবে, ইন্দো-ইউরোপীয়ের সম্পর্কিত বা ভগ্নীস্থানীয় ভাষা। এই ভাষা খ্রিস্টপূর্ব ২য় সহস্রাব্দে এশিয়া মাইনর ও মেসোপটেমিয়ায় কথিত কিছু অ-ইন্দো-ইরাণীয় ভাষার দ্বারা প্রভাবিত হয়। বলা দরকার যে লেখার জন্য যে বাণমুখ বা কিউনিফর্ম লিপি ব্যবহৃত হত, তা এই ভাষার সংগঠন লিপিবদ্ধ করার পক্ষে যথেষ্ট ছিল না। ইন্দো-হিট্রির শ্রেণিবিভাজন দেখানো হয়েছে এই ভাবে: দুটি ভাগ - আনাতোলীয় ও ইন্দো-ইউরোপীয়। আনাতোলীয়-র অন্তর্গত ভাষাগুলি হল: লিডীয়, লিসীয়, লুডীয় ও হিট্রাইট। ইন্দো-ইউরোপীয়-র অন্তর্গত ভাষাগুলি হল: আর্মেনীয়, ইন্দো-ইরাণীয় বা আর্য, আলবানীয়, স্লাভীয়, গ্রিক, জার্মানীয়, কেল্টীয়, ইটালীয়, তোখারীয়।

এই ভাষার একটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হল তিন-চারটি স্বরযন্ত্রীয় (ল্যারিঞ্জিয়াল) ধ্বনির অস্তিত্ব। আর্মেনীয় ভাষায় স্বরযন্ত্রীয় ধ্বনির সম্ভাব্য ধ্বংসাবশেষ পাওয়া যায়। ইন্দো-হিট্রির শব্দরূপ ও ধাতুরূপ সম্বন্ধে বেশ কিছু বিশ্লেষণাত্মক বক্তব্য উপস্থিত করা হয়েছে এই অংশে। প্রসঙ্গত উল্লেখ্য, ইন্দো-ইউরোপীয় থেকে ইন্দো-ইরাণীয় তথা প্রত্ন-ভারতীয়-আর্য - এই মধ্যবর্তী স্তর অতিক্রম করে প্রাচীন বৈদিক ভাষার বিকাশটি বর্ণিত হয়েছে। আচার্য সেন ঋক বেদ (VIII 48.3) থেকে প্রাচীন বৈদিক ভাষার উদাহরণ দিয়েছেন। প্রত্ন-ভারতীয়-আর্য, ইন্দো-ইরাণীয় ও ইন্দো-ইউরোপীয় ভাষার উদাহরণ মন্তব্যসহ পুনর্গঠন^৬ করেছেন।

তৃতীয় অধ্যায় বা শেষ অধ্যায়: কথ্য সংস্কৃত

মনে রাখতে হবে, মধ্য ভারতীয়-আর্যভাষার অব্যবহিত পূর্ববর্তী স্তর শিষ্ট সংস্কৃত নয়। মধ্য ভারতীয়-আর্যভাষার অন্তর্গত হল: পালি, প্রাকৃতগুলি, এবং কথ্য ভাষা। প্রথম অধ্যায়ে যে কথ্য প্রাচীন ভারতীয় আর্য-ভাষার কথা বলা হয়েছে, সেটিই মধ্য ভারতীয়-আর্যভাষার উৎস। প্রত্ন-ভারতীয়-আর্য ও প্রাচীন ভারতীয় আর্য-ভাষার যে সম্পর্ক, কথ্য সংস্কৃত ও মধ্য ভারতীয়-আর্যভাষারও সেই সম্পর্ক।

তবে প্রকৃতপক্ষে কথ্য সংস্কৃতির কোনও প্রামাণ্য নথি পাওয়া যায় না। কিন্তু প্রত্ন-ভারতীয়-আর্য ভাষার মত কথ্য সংস্কৃত ততটা কল্পিত নয়। কথ্য সংস্কৃতির একটি ভালো পরিচয় পাওয়া যায় নিম্নলিখিত উৎসগুলি থেকে:

১. প্রাচীন ভারতীয় আর্য-ভাষার (প্রাচীন বৈদিক ভাষা থেকে প্রাচীন সংস্কৃত পর্যন্ত) গাঠনিক প্রবণতা।

২. সকল শব্দ ও বাগ-ধারা প্রাচীন ভারতীয় আর্য-ভাষার ধ্বনিতত্ত্ব ও রূপতত্ত্ব-এর অনুবর্তী নয়।

৩. প্রাচীন বৈয়াকরণদের পর্যবেক্ষণ ও মন্তব্য।

৪. প্রাচীন ইরানীয়-তে সমান্তরাল বিকাশ।

৫. কথ্য সংস্কৃতির প্রাকৃতায়িত রূপ বৌদ্ধ সংস্কৃত।

৬. রামায়ণ ও মহাভারতের ভাষা যা 'মহাকাব্যিক সংস্কৃত' নামে পরিচিত। এটিকে কথ্য সংস্কৃতির গভীরভাবে সংস্কৃতায়িত রূপ বলা যায়।

৭. মধ্য ভারতীয়-আর্যভাষার শব্দ ও বাগরীতির পুনর্গঠন।

কথ্য সংস্কৃতির ধ্বনিতত্ত্ব শিষ্ট সংস্কৃতির অনুরূপ। তবে বেশ কিছু গুরুত্বপূর্ণ উপভাষাগত বৈচিত্র্যও পাওয়া যায়। দীর্ঘ দ্বিস্বর হ্রস্ব দ্বিস্বর হিসেবে উচ্চারিত; *aya* এবং *ava* একক স্বর হিসেবে গৃহীত।

৮. দীর্ঘ অর্ধ ব্যঞ্জন *r̄* লুপ্ত। আর হ্রস্ব অর্ধ ব্যঞ্জন *r* -এর পরিবর্তে অ, ই বা উ ব্যবহৃত হতে লাগল। কখনও কখনও *ri*, *ru* বা *ru* রূপে পাওয়া গেল।

৯. ব্যঞ্জন ধ্বনির নানা পরিবর্তন দেখা যায়। সমীভবন ও স্বরভক্তি কথ্য সংস্কৃতির দুটি বিশেষ বৈশিষ্ট্য। তাছাড়া উষ্মীভবনও দেখা যায়।

১০. বিশেষ্য ও সর্বনামের শব্দরূপে বেশ কিছু বিশেষত্ব দেখা যায়। দুয়েকটি ব্যতিক্রম ছাড়া সম্পন্ন অতীত কাল (লিট) লুপ্ত। যৌগিক অতীত অর্থাৎ পেরিফ্রেস্টিক পারফেক্টও অনুপস্থিত। ধাতুরূপেরও যথেষ্ট বৈশিষ্ট্য রয়েছে। দ্বিবচন অনুপস্থিত। শব্দবিভক্তি ও ক্রিয়াবিভক্তির ক্ষেত্রে উপভাষাগত বিভেদ পাওয়া যায়। আরও দুয়েকটি বিষয় যোগ করা দরকার যে অধ্যাপক সেনের কথ্য সংস্কৃতির বাক্যতত্ত্ব ও ছন্দ-রীতি সম্বন্ধে কিছু পর্যবেক্ষণও আলোচ্য বইয়ে পাওয়া যায়। তাঁর মতে কথ্য সংস্কৃতির ছন্দের রীতি বৈদিকের মত। ছন্দগত পদ্ধতি-লঘু গুরু অক্ষরের বিন্যাসের বিষয়ে কঠোর নিয়ম নেই। কথ্য সংস্কৃতে মাত্রাবৃত্ত ছন্দ (যেমন, আর্ঘ্য)-র প্রবর্তন একটি উল্লেখযোগ্য ঘটনা। কথ্য সংস্কৃত একটি জীবন্ত ভাষা। এটির ইতিহাসও আছে। উপভাষাগত বিভেদ ছাড়া ঐতিহাসিক বিবর্তনগত বিশেষত্বও আছে। উত্তর ভারতে এটি শতকের পর শতক ধরে সাধারণ কাজের ভাষা হিসেবে প্রচলিত ছিল। উত্তরদেশীয় বৌদ্ধেরা এই ভাষাকে তাঁদের ধর্মশাস্ত্রের ভাষা হিসেবে গ্রহণ করেছিলেন। ফলশ্রুতি বৌদ্ধ সংস্কৃত। তবে এটিও একটি অবিমিশ্র ভাষা ছিল না। কারণ বিভিন্ন গ্রন্থে প্রাকৃতায়নের পরিমাণ ভিন্ন ছিল। বলা বাহুল্য, এ বিষয়ে বিশদ আলোচনা আরও বিস্তৃত পরিসরসাপেক্ষ। কিন্তু সীমারেখা অতিক্রম না করাই শ্রেয়।

পরিশেষে:

প্রসঙ্গক্রমে উল্লেখ্য, বিদ্যায়তনিক জীবনের শুরু থেকেই আচার্য সেন বৈদিক ও সংস্কৃত ভাষাচর্চার ক্ষেত্রে অমূল্য অবদানের জন্য দেশেবিদেশে বিশেষ স্বীকৃতি পেয়েছেন ও প্রশংসিত হয়েছে। শুধু বর্তমান আলোচ্য বইটি নয়, আলোচ্য বিষয়ে আরও বিভিন্ন ধরনের রচনার জন্য তিনি সারা জীবনে নানা সম্মান ও পুরস্কারে ভূষিত হয়েছেন। যেমন, রবীন্দ্র পুরস্কার (১৯৬৩), বিদ্যাসাগর পুরস্কার (১৯৮১), আনন্দ পুরস্কার (১৯৬৬, ১৯৮৪), দেশিকোত্তম (১৯৮২), পদ্মভূষণ (১৯৯০), এশিয়াটিক সোসাইটির(কলকাতা) যদুনাথ সরকার মেডেল, আশুতোষ মেমোরিয়াল গোল্ড মেডেল, রয়্যাল এশিয়াটিক সোসাইটির 'জুবিলি গোল্ড মেডেল'। ছাত্রজীবনে

দুবার ত্রিফিথ মেমোরিয়াল প্রাইজ মেডেল, ইউনিভার্সিটি গোল্ড মেডেল, সরোজিনী মেডেল ইত্যাদি।

আচার্য সেনের কয়েকটি প্রাসঙ্গিক গ্রন্থপঞ্জি:

১. A Comparative Grammar of Middle Indo-Aryan (1951), Linguistic Society of India, Calcutta. 2nd edn. (1960) LSI, Poona.

২. A Middle Indo-Aryan Reader Volumes 1-2 (Co-author with Suniti Kumar Chatterji (1960), Calcutta University.

৩. Historical Syntax of Middle Indo-Aryan (1953), Linguistic Society of India, Calcutta University, Calcutta.

৪. Old Persian Inscriptions of the Achaemenian Emperors (1941), University of Calcutta.

৫. Paninica (1970), Sanskrit College, Calcutta.

৬. An Outline Syntax of Buddhistic Sanskrit (1928), University of Calcutta. Reprinted by the Institute for the Study of Languages and Cultures of Asia and Africa under the title 'Syntactic Studies in Indo-Aryan languages' (1995), Tokyo University of Foreign Studies, Tokyo, Japan.

উল্লেখ্য, অধ্যাপক সেনের প্রাসঙ্গিক কিছু প্রবন্ধ আছে, যেগুলির হৃদিশ সহায়ক গ্রন্থতালিকাভুক্ত 'সাহিত্য প্রকাশিকা --১: সুকুমার সেনের রচনাপঞ্জী' বইতে মিলবে। স্থানাভাবে বর্তমান প্রবন্ধে এগুলির উল্লেখ করা গেল না।

প্রাসঙ্গিক টীকা:

১. হান্স ওয়ের্ টেল তখন মিউনিখে ছিলেন। তিনি ব্রাহ্মণ-গ্রন্থের গদ্য অংশের কারকের সিনট্যাক্স নিয়ে কাজে ব্যস্ত এবং কাঠকের পুরোপুরি উদ্ধৃতি আছে। নিচে হান্স ওয়ের্ টেল-এর চিঠির অংশ দেওয়া হল।

ম্যুন্ শে ২৭, পিয়েন, গেমান্ স্ট্রাসে ৩৬, জার্মানি

১লা আগষ্ট, ২৮

প্রিয় মহাশয়,

দুটি রিপ্রিন্ট পাঠাবার জন্য আমার বিশেষ ধন্যবাদ গ্রহণ করুন। ও দুটি আমার বিশেষ আগ্রহের সঞ্চয় করেছে – যেহেতু আমি সিনট্যাক্স অব্ কেসেস্ অব্ দ্য ব্রাহ্মণ প্রোজ প্রকাশ করছি.....। 'নাথ-' ধাতুটির অধিকরণ যোগে ব্যবহার অন্যত্রও মিলেছে – কাঠক ১০.৭ এবং মৈত্রায়ণী সংহিতা ১৫.৮ এবং ৪.৫.৮ (তিনবার)।

আমি বিশেষ অনুগ্রহীত হব যদি আপনি অনুগ্রহ করে 'ইউজ্ অব্ দ্য কেসেস ইন্ বেদিক প্রোজ' – এক খণ্ড রিপ্রিন্ট পাঠান – ভাণ্ডারকর (ওরিয়েন্টাল) ইন্সটিটিউটের অ্যানালস্-এ প্রকাশিত, ১৯২৬-২৭।

খুব শ্রদ্ধা সহকারে,

আপনার একান্তভাবে

হান্স ওয়ের্ টেল

২. সুকুমারবাবু উল্লেখ করেছেন (দি. প. দি.যে. গে. পৃ.১৫৫) যে আর্থার বেরীডেল কীথ (Arthur Berriedale Keith) ব্রিটেনে সেই সময়ের সবচেয়ে বড় সংস্কৃতজ্ঞ পণ্ডিত ছিলেন। তাঁকে সুকুমারবাবু নিজের গবেষণা প্রবন্ধের অফ্ প্রিন্ট পাঠাতেন। সেগুলি কীথের ভালো লাগত এবং তিনি চিঠি লিখে উত্তরও দিতেন। সুকুমারবাবুর গর্বের কথা, কীথ তাঁর ছোটো বড় দুটি সংস্কৃত সাহিত্যের ইতিহাসেই (History of Classical Sanskrit Literature) এবং (History of Sanskrit Literature (Oxford)) সুকুমার সেনের গবেষণা প্রবন্ধের ভালো উল্লেখ করেছেন।

কীথের দুটি ছোটো চিঠির বাংলা অনুবাদ করেছিলেন আচার্য সেন। নিচে দেওয়া হল:

ক)

ইউনিভার্সিটি অব এডিনবরা

২২.১০.২৮

প্রিয় মি. সুকুমার সেন,

বৌদ্ধ সংস্কৃতির সিন্ট্যাক্সের বিষয়ে আপনার উৎকৃষ্ট প্রবন্ধ আমাকে পাঠিয়েছেন বলে আমি আপনার কাছে অনুগৃহীত হয়েছি। প্রবন্ধটি সতর্ক ও ধীর গবেষণার খুব ভালো একটি নমুনা। এবং আমি অত্যন্ত খুশি হয়েছি যে আপনি এই ধরনের আদ্যন্ত গভীর পাণ্ডিত্যপূর্ণ কাজে হাত দিয়েছেন।

আপনার একান্তভাবে,

এ. বেরীডেল কীথ

খ)

ইউনিভার্সিটি অব এডিনবরা

৩০.৭.৩২

প্রিয় মি. সুকুমার সেন,

আমি অত্যন্ত প্রীত হয়েছি 'দ্য ইউজ্ অব বেদিক প্রোজ' পেয়ে। বইটি প্রয়োজনীয় তথ্য ও বিচক্ষণ মন্তব্যে পরিপূর্ণ। সকল ছাত্রই রচনাটিকে স্বাগত করবে ওয়েরটেল-এর সংগ্রহ থাকার সত্ত্বেও।

এ. বেরীডেল কীথ

৩. লুই রনুর সঙ্গে সুকুমারবাবুর চিঠিপত্রবিনিময় ছিল। কীথের মতই সম্মান তাঁকে দিয়েছিলেন রনু। তাঁর বিখ্যাত Grammaire Sanscrit-এ (১৯৩০) রনু সুকুমারবাবুর প্রবন্ধের ভালোরকম উল্লেখ করেছিলেন।

প্রসঙ্গ: আচার্য সুকুমার সেনের 'হিস্ট্রি অ্যাণ্ড প্রি-হিস্ট্রি অভ স্যান্কট'

৪. রাইনহাট ভাগনের-এর সঙ্গে সুকুমারবাবুর যোগাযোগ 'ব্রজবুলির সাহিত্যের ইতিহাস'-এর সূত্রে। ভাগনের সংস্কৃত ভালোই জানতেন। সেইসঙ্গে বাংলাও ভালো শিখেছিলেন। ভাগনের-এর চিঠির কিছু অংশ:

বের্লিন, টেম্পেলহফ,

২.১২.১৯৩৫

লুইসেহেন্ রিয়েটে স্ট্রাসে

ডয়েটশ্ লাভ

প্রিয় মহাশয়,

আমার অত্যন্ত আন্তরিক ধন্যবাদ আপনাকে, আপনার 'ব্রজবুলির সাহিত্যের ইতিহাস' আমাকে উপহার পাঠিয়েছেন বলে। কবিতাগুলি শিল্পের ভাষায় ও অধ্যাত্ম ভাবের দিক দিয়ে কৌতূহলোদ্দীপক। কবিতা নির্বাচন থেকে বোঝা যায় যে আপনি ওই ধারার বাঙালী পণ্ডিতশ্রেষ্ঠ, আমার প্রিয় ও বিশ্বস্ত বন্ধু শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের যোগ্য শিষ্য বলে প্রমাণিত হয়েছেন। আমি আমার বন্ধুর জন্যে গর্বিত, তিনি শুধু বাংলাদেশেই শব্দবিদ্যার কাজ শুরু করেননি, সারা ভারতবর্ষের মধ্যেও।

প্রীতি ও সৌহার্দ্য নিয়ে আপনার প্রতি কৃতজ্ঞ

রাইনহাট ভাগনের

৫. সুকুমারবাবু হি. অ্যা. প্রি-হি. অব্ স্যা. (পৃ. ১৫) -তে লিখেছেন যে *প্রাচাম্* ও *উদীচাম্* বলতে পূর্বদেশীয় ও উত্তরদেশীয় বৈয়াকরণদের কথা বলা হয়েছে।

৬. 'পুনর্গঠন' প্রসঙ্গে ছাত্রাবস্থাতেই 'শব্দবিদ্যা'-র ক্ষেত্রে আচার্য সেনের বিদ্যাবত্তার পরিণতি কী স্তরে পৌঁছেছিল, তার নমুনা হিসেবে একটি ঘটনা (রায়, পৃ. ৯-১০) উল্লেখ করার ইচ্ছে সংবরণ করা গেল না। ১৯২৩ সালে আচার্যের এম.এ. পরীক্ষায় ইন্দো-ইউরোপীয় রিকনস্ট্রাকশন ('পুনর্গঠন') থেকে সংস্কৃতে অনুবাদ করতে দেওয়া হয়েছিল। সেই পুনর্গঠিত অংশের মধ্যে একটি বাক্যের একটি পদে একটু ভুল ছিল। সুকুমারবাবু উত্তরপত্রেরই ঠিক পদটি কী হবে, লিখে দিয়েছিলেন। গুরু সুনীতিকুমার

তা মনে রেখেছিলেন এবং কয়েক বছর পরে মুহম্মদ শহীদুল্লাহের সঙ্গে পরিচয় করানোর সময়ে সেই ঘটনার উল্লেখ করেন ও বলেন যে ছাত্র হলেও ইনি আমার প্রশ্নে ভুল ধরেছিলেন। বলা বাহুল্য, গুরু-শিষ্য দুজনেরই তুলনা নেই।

সহায়ক গ্রন্থ:

দত্ত, ভবতারণ (সংকলক), ২০০০, সাহিত্য প্রকাশিকা ১: সুকুমার সেনের রচনাপঞ্জী, বর্ধমান সাহিত্যসভা, বর্ধমান।

দাঁ, মীনা, কৃষ্ণা ভট্টাচার্য, অভিজিৎ মজুমদার (২০১৩), ‘ভাষাতত্ত্বের বাংলা পরিভাষা: একটি বর্ণনামূলক প্রতিবেদন’; অন্তর্গত: Bulletin of the Department of Linguistics. Vol. 17. University of Calcutta, Kolkata. p. 4-132.

মজুমদার, পরেশচন্দ্র, (১৯৭১), *সংস্কৃত ও প্রাকৃত ভাষার ক্রমবিকাশ*, সারস্বত লাইব্রেরী, কলিকাতা।

রায়, অলোক, (২০০৩), *সুকুমার সেন*, পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি, জীবনীগ্রন্থমালা ৪০।

সেন, সুকুমার, ১৯৮২, *দিনের পরে দিন যে গেল (দি.প.দি.যে.গে.)*, আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, প্রথম অখণ্ড সং।

শব্দের মৃগয়ায় এক সত্যান্বেষী

অভিজিৎ মজুমদার

amajumdar123@gmail.com

সংক্ষিপ্তসার:

ভাষার আলোচনা অনেকাংশে শব্দনির্ভর। শব্দ তার অর্থবহতার সুবাদে ভাষার অন্তরমহলের সঙ্গে বহির্বিশ্বের যোগাযোগের এক সাঁকো তৈরি করে। শব্দকে আশ্রয় করেই কোনো ভাষাসম্প্রদায়ের সমাজ ও সংস্কৃতির অন্তর্লোকের সন্ধান পান ভাষাগবেষক। বস্তুত, কালক্রমিক চর্চায় নিয়োজিত ভাষাবিজ্ঞানী শব্দকে খনন করে অতীত ইতিহাসে পৌঁছবার সুডঙ্গপথটি আবিষ্কার করতে চান। সেই অনুসন্ধানে শব্দের উৎসবিচার তাঁর অন্যতম অবলম্বন। বর্তমান প্রবন্ধের মূল উদ্দেশ্য আচার্য সুকুমার সেনের শব্দবিদ্যা চর্চা সম্পর্কিত অনুসন্ধান। তাঁর বিভিন্ন গ্রন্থ ও নিবন্ধে শব্দকে নির্ভর করেই তিনি বর্তমান ও অতীতের মেলবন্ধন ঘটাতে চেয়েছেন। শব্দের সিঁড়ি ভেঙে এক অনালোকিত গহন অতীতকে স্পর্শ করতেই তাঁর আনন্দ।

সূচক শব্দ:

নৃভাষাবৈজ্ঞানিক চর্চা, ব্যুৎপত্তি, শব্দকোশ, শব্দবিদ্যা, শব্দের অন্তর্জাল, স্থাননাম

১.০ শব্দবিদ্যা চর্চা: প্রেরণার উৎস

আচার্য সুকুমার সেন হলেন যুগসন্ধির মনীষী। তাঁর জন্ম ১৯০০ সাল। উনিশ শতকের সমাপ্তি, আর বিশ শতকের সূচনালগ্ন। উনিশ শতকীয় প্রভাবে একদিকে ঐতিহ্য এবং শিকড়ের প্রতি পিছুটান, অন্যদিকে বিশ শতকের যুক্তিভাবনায় শাণিত ক্ষুরধার মগজাস্ত্র। এই দুই শতক তাঁর সৃজনবিশ্বে এক অনিবার্য ছাপ রেখে গেছে। এই দ্বৈধ আকর্ষণের কারণেই উপমহাদেশের শ্রেষ্ঠ এক ভাষাবিজ্ঞানী হিসেবে কেবল তাঁর পরিচিতি নয়, তাঁর পরিচয় প্রগাঢ় ইতিহাসচেতনায় জারিত এক প্রজ্জ্বলিত রূপে। ইতিহাসবিদ না হয়েও তিনি তাঁর গবেষণাকর্মে ইতিহাসনিষ্ঠ থেকেছেন চিরটা কাল। এই সময়ের ভাষাবিজ্ঞানী সঙ্গত কারণেই মন্তব্য করেন—‘ ... তাঁর লেখার মধ্যে আমরা পেয়েছি হয় অতীতের কুলুজি সন্ধান নয় কোনো না কোনো বিষয়ে অতীত থেকে আধুনিক যুগ পর্যন্ত এক ধারাবাহিক ইতিহাসের খোঁজ। এই অন্বেষণের মাধ্যমে তিনি ব্যাপ্ত থেকেছেন আমাদের (দেশ ও জাতির) নষ্টকোষ্ঠী উদ্ধারে...’ (সেন ২০২৫, পৃ. ১)। বস্তুত, একদিকে ঐতিহাসিকের গভীর জীবনবোধ, আর অন্যদিকে একনিষ্ঠ বৈজ্ঞানিক অনুসন্ধিৎসা তৃপ্ত হয়েছিল তাঁর শব্দনির্ভর জ্ঞানচর্চায়। ভাষাবিজ্ঞান চর্চার অন্যতম আশ্রয় শব্দবিদ্যা; মূল লক্ষ্য যার শব্দের উৎস ও বিবর্তন নিয়ে আলোচনা। বলা বাহুল্য মাত্র, এই গবেষণার তিনি অন্যতম পথিকৃৎ।

লেখকের এই দুই ভিন্নমুখী ভাবনার প্রমাণ মেলে তাঁর ব্যক্তিগত বিদ্যাচর্চার আগ্রহে। স্কুলজীবনে গণিত ছিল সবথেকে প্রিয় বিষয়। একসময় স্বপ্নও দেখেছেন বড় গণিতজ্ঞ হবার। Calcutta Mathematical Society-তে নিজের আবিষ্কৃত থিয়োরেম পাঠিয়ে প্রশংসা অর্জন করেছেন (সেন ২০০১, পৃ. ৯৩-৯৪)। শব্দবিদ্যা চর্চায় এই গাণিতিক বোধ প্রবলভাবে সক্রিয় ছিল। আচার্য সেন নিজেই বলেন ‘গণিতকে ছাড়বার ব্যথা আমি অনেকদিন ভুলতে পারিনি। বেদের ভাষার পরিচয় পেয়ে ও শব্দবিদ্যার পথে পৌঁছে তবেই আমি তা ভুলতে পেরেছি।’ (তদেব, পৃ. ৯৪)। সুকুমার বাবুর রচনার মধ্যেও রয়েছে আশ্চর্য এক গাণিতিক precision। সংক্ষিপ্তি এবং সংহতি তাঁর রচনার মহৎ গুণ। অবাস্তর বক্তব্য আর ফেনায়িত বিস্তার তাঁর লেখায় কখনোই প্রশয় পায়নি।

গণিতের পাশাপাশি অদম্য আগ্রহের বিষয় ছিল ইতিহাস। সম্ভবত, ঐতিহাসিক প্রতুল গুপ্তের সান্নিধ্য এই আকর্ষণের অন্যতম একটি কারণ। বিশিষ্ট ভাষাবিজ্ঞানী তাঁর প্রবন্ধে জানান— ‘He was fond of going to the annual sessions of Indian History Congress as a companion of Pratul Gupta.’ (Paul 2009, p.497; Singh 2023, p.24)। বিদ্যাচর্চার মূল ধারায় স্নাতক ও স্নাতকোত্তর স্তরে নির্বাচন করেছেন যথাক্রমে সংস্কৃত এবং তুলনামূলক-ঐতিহাসিক ভাষাতত্ত্ব। কাজেই তাঁর শব্দবিদ্যার মৌলিক গবেষণায় এই বিদ্যাভ্যাসের প্রতিফলন যে ঘটবেই তাতে আর আশ্চর্য কি! শব্দের ইতিহাস, কালক্রমিক (diachronic) বিবর্তন এবং তুলনামূলক ধারাবাহিক অনুসন্ধানের গাণিতিক সূক্ষ্মতায় অনিবার্য ভাবেই এই জ্ঞানচর্চার প্রক্ষেপ দেখা গিয়েছিল।

তৃতীয়ত, এও মনে রাখতে হয়, আচার্য সেন কলকাতা বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর স্তরে ভাষাতত্ত্ব অধ্যয়ন করেছেন গত শতকের দ্বিতীয় দশকে (১৯২১-২৩)। এই সময়ে ভাষাবিদ্যা চর্চায় ঘটে গেছে বেশ কিছু বৈপ্লবিক পরিবর্তন। ১৯১৬ সালে প্রকাশিত হয়েছে আধুনিক ভাষাবিজ্ঞানের জনক ফার্দিনান্দ দ্য স্যুরের ফরাসিতে লেখা গ্রন্থ ‘কুর দ ল্যাঙুইস্তিক জেনারেল’— ইংরেজিতে তা অনূদিত হয়েছে ‘A Course in General Linguistics’ নামে। ১৯২১ সালে ভাষাচার্য সুনীতিকুমার তাঁর ODBL গ্রন্থের জন্য লণ্ডন বিশ্ববিদ্যালয় থেকে ডি. লিট উপাধি পাচ্ছেন। ওই বছরেই প্রকাশিত হয়েছে তাঁর ‘A Brief Sketch of Bengali Phonetics’। সর্বোপরি বিশ্ববিদ্যালয়ের ক্লাশে সুনীতিবাবুকেই শিক্ষক হিসেবে পাচ্ছেন তিনি। সুকুমারবাবু তাঁর স্মৃতিচারণে জানান— ‘সুনীতিবাবুর সঙ্গে আমার পরিচয় ১৯২২ সালের নভেম্বর মাস থেকে। তখন বিশ্ববিদ্যালয়ের ষষ্ঠ বার্ষিক শ্রেণীতে পড়ি। ... তাঁর আবির্ভাব হলো আমাদের ক্লাসে।...সেদিন ক্লাস ছিল ইন্দো-ইউরোপীয় ও সংস্কৃত ভাষাতত্ত্বের।’ (সেন ২০১৫, পৃ. ১০) এইসময় সুনীতিবাবু সদ্য ইউরোপ থেকে ফিরে বিভাগে যোগ দিয়েছেন। সুনীতিবাবুর কাছে আচার্য সেন ধ্বনিবিজ্ঞান ছাড়া সংস্কৃত, ইন্দো-ইউরোপীয় ভাষা ও নব্য ভারতীয় আর্থ ভাষার পাঠ নিয়েছেন। শিক্ষক সুনীতিবাবু সম্পর্কে নিজের অনুভূতির কথা ব্যক্ত করতে গিয়ে সুকুমারবাবু বলেন— ‘সে অত্যন্ত মূল প্রসারী অধ্যাপন। সংস্কৃত কিছু জানতুম, তাই সুনীতিবাবুর পড়ানোয় যেন নতুন জগতে প্রবেশ করে চমৎকৃত হলাম, ভাষাতত্ত্বে গাঢ় রস পেলুম।’ (রায়

২০১৬, পৃ.২০)। উল্লেখ্য, এম.এ ক্লাশে আরো তিন প্রতিভাশীল শিক্ষককে পেয়েছেন তিনি—অধ্যাপক তারাপুরওয়ালা (তখন ছিলেন বিভাগীয় প্রধান), বিজয়চন্দ্র মজুমদার এবং ক্ষিতীশচন্দ্র চট্টোপাধ্যায়। এঁদের সান্নিধ্য তাঁর ভবিষ্যৎ শব্দবিদ্যা চর্চার প্রেরণাকে উদ্দীপ্ত করে তুলেছিল (তদেব, পৃ. ৫৬-৫৭)।

বিশ শতকের গোড়ার দিকেই প্রকাশ পেল জুল ব্লকের অবিস্মরণীয় কাজ — ‘The Formation of the Marathi Language’ (মূল গ্রন্থ: La formation de la langue marathe)। এবং একইসঙ্গে ধারাবাহিক ভাবে প্রায় তিন দশক জুড়ে প্রকাশিত হচ্ছে গ্রিয়ার্সনের ‘Linguistic Survey of India’ (১৯০৩-২৮)।

অবশ্য এরই পাশাপাশি সবথেকে গুরুত্বপূর্ণ হল নব্য বৈয়াকরণিক (Neo-grammarians) প্রস্থানের আবির্ভাব। ভাষাবিজ্ঞান চর্চায় কঠোরভাবে বৈজ্ঞানিক পদ্ধতির প্রয়োগ করতে চেয়েছেন এঁরা। ভাষার ধ্বনিতাত্ত্বিক কাঠামোয় যা কিছু পরিবর্তন সংঘটিত হয়, বিজ্ঞানের সুনির্দিষ্ট নিয়মনীতির দ্বারা তা নিয়ন্ত্রিত। এমনকি ব্যতিক্রমও বিজ্ঞানসম্মত ভাবে ব্যাখ্যা করা সম্ভব। এই ধারার প্রবর্তক ছিলেন মুখ্যত কার্ল ব্রুগমান, হেরমান ওস্টোফ এবং হেরমান পাউল। বস্তুত, এই বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি ঐতিহাসিক ভাষাতত্ত্ব চর্চার ক্ষেত্রে অনুসরণীয় হয়ে উঠল। ব্রুগমান এই দৃষ্টিকোণ থেকেই রচনা করলেন ইন্দো-ইউরোপীয় ভাষাসমূহের তুলনামূলক ব্যাকরণ। আরো লক্ষণীয়, ব্রুগমান (১৮৪৯-১৯১৯), ওস্টোফ (১৮৪৭-১৯০৯), পাউল (১৮৪৬-১৯২১), দেলব্রুক (১৮৪২-১৯২২) প্রমুখ বিশেষভাবে নজর দিলেন দক্ষিণ এশীয় ভাষাগুলির দিকে। ধ্বনিপরিবর্তন সম্পর্কে তাঁদের অনুমান প্রমাণ করার জন্য বেছে নিলেন সংস্কৃত-প্রাকৃত এবং আধুনিক ভারতীয় ভাষার দৃষ্টান্ত (Singh 2023, p.30)।

বস্তুত, এই প্রেক্ষাপটে সুকুমার বাবু তাঁর শব্দবিদ্যা চর্চায় বৈজ্ঞানিক অনুসন্ধিৎসার সঙ্গে ঐতিহ্য ও ইতিহাস-বীক্ষার মেলবন্ধন ঘটিয়েছেন। শব্দের ধারাবাহিক বিবর্তন ও উৎস নির্ধারণে ধ্বনিতত্ত্বের বৈজ্ঞানিক সূত্র ও তুলনামূলক ভাষাতত্ত্বের মৌলিক নীতির সদ্ব্যবহার করেছেন। বাঙলা ভাষায় শব্দের বিবর্তন নিয়ে গবেষণার বিষয়টি তাঁর কাছে সহজসাধ্য হয়ে উঠেছিল। এর প্রধান কারণ তাঁর জ্ঞানজাগতিক বিস্তার। একাদিক্রমে বৈদিক, ধ্রুপদী সংস্কৃত, বৌদ্ধ মিশ্র সংস্কৃত, পালি-প্রাকৃত, অপভ্রংশ,

প্রাচীন পারসিক, এমনকি আধুনিক ভারতীয় ভাষা ও যুরোপীয় ভাষা-গবেষণায় ছিল তাঁর অপরিসীম দক্ষতা। তাঁর গবেষণার কেন্দ্রীয় বিষয় ছিল ইন্দো-ইরানীয় এবং ভারতীয় আর্যভাষা। শুধু তাই নয়, ইন্দো-যুরোপীয় গোষ্ঠীর অন্যতম লাতিন ভাষা নিয়েও রয়েছে তাঁর উল্লেখযোগ্য রচনা। প্রকৃতপক্ষে, বৌদ্ধিক এই বিস্তারের সুবাদেই শব্দের কালক্রমিক উৎস ও বিবর্তন নির্ধারণে তিনি এক অসামান্য পারদর্শিতা অর্জন করতে পেরেছিলেন। উদয়নারায়ণ সিংহ এক স্বনামধন্য ভাষাতাত্ত্বিক; তাঁর মন্তব্য এই প্রসঙ্গে প্রণিধানযোগ্য—‘ His knowledge of so many languages facilitated work on linguistic synchrony to reach the inner story of linguistic diachrony vis-à-vis Bengali’ (Singh 2023, p.23)।

১.১ বাঙলা শব্দ নিয়ে গবেষণা-নিবন্ধ

বর্তমান প্রবন্ধের মূল উদ্দেশ্য অধ্যাপক সুকুমার সেনের বাঙলা শব্দবিদ্যা চর্চা নিয়ে একটা প্রাথমিক অনুসন্ধান। বাঙলা শব্দের ব্যুৎপত্তি নিয়ে তাঁর শ্রেষ্ঠ কাজ হল ‘An Etymological Dictionary of Bengali’ (1971-72); অর্থাৎ বাঙলা ব্যুৎপত্তি-অভিধান। অভিধানটি প্রথমে দু’খণ্ডে ইংরেজিতে প্রকাশিত হয়। বস্তুত, ‘একক প্রচেষ্টায় একালে এত বড় কাজ আর কেউ করার কথা ভাবতেই পারেননি’ (রায় ২০১৬, পৃ.৩৯)। একমাত্র টার্নারের সুবৃহৎ কাজের (A Comparative Dictionary of Indo-Aryan Languages, 1962-66) সঙ্গে তাঁর এই অবদান তুলনীয়। উল্লেখ্য, জীবনের একেবারে শেষ পর্যায়ে এটির বাঙলা অনূদিত রূপ তিনি বাঙালিকে উপহার দেন—যার নাম ‘ব্যুৎপত্তি-সিদ্ধার্থ বাংলা-কোষ’ (২০০৩)। তবে বর্তমান নিবন্ধে এই গ্রন্থ নিয়ে কোনো আলোকপাত করছি না। বরং এই নিবন্ধে নজর দিতে চাইছি তাঁর বেশ কিছু প্রবন্ধের দিকে; যেগুলি প্রধানত তাঁর প্রবন্ধ সংকলনে ঠাঁই করে নিয়েছে। ‘প্রবন্ধ-সংকলন’-এ সংগৃহীত (মূলত, প্রকাশিত প্রথম চারটি খণ্ডের ভিত্তিতে) বাঙলা শব্দ নিয়ে লেখা তাঁর মূল্যবান রচনাগুলির একটা তালিকা এখানে দেওয়ার চেষ্টা করেছি। তবে এ তালিকা যে সম্পূর্ণ এমন দাবি করছি না।

প্রথম খণ্ড:

১. শব্দের মৃগয়া (বাং ১৩৭৮) । উল্লেখ্য, একই নামে অন্য সংকলনেও একটি প্রবন্ধ রয়েছে ।

২. শব্দবিদ্যার আঁচড়ে কলকাতার স্কেলিটন (ইং ১৯৮২) ।

৩. শব্দের মৃগয়ায় মিষ্টান্ন (১৯৮৬)

৪. শব্দের মৃগয়া: বাঙালীর মিষ্টান্ন (?)

৫. শব্দের ইতিহাস (?)

৬. স্থাননাম রহস্য (বাং ১৩৭০)

এই খণ্ডেই ‘শব্দবিদ্যা ও পুরাণকথা’ নামে একটি ভিন্নধর্মী প্রবন্ধও রয়েছে। তা নিয়ে এখানে আলোচনা করবো না। উল্লেখ্য, বেশ কিছু প্রবন্ধ প্রকাশের সাল সংকলনে উল্লিখিত নয়।

দ্বিতীয় খণ্ডে এ বিষয়ে কোনো প্রবন্ধ নেই।

তৃতীয় খণ্ড:

১. বাঙালীর রন্ধন ভোজন (১৯৮৪)

২. রুটি-লুচি-পুরি (বাং ১৩৯২)

৩. পরিচিত কয়েক স্থানের নাম (বাং ১৩৭৩)

৪. শব্দের খনি থেকে ইতিহাসের টুকরো (১৯৮২)

৫. শব্দের মৃগয়া (বাং ১৩৯০) [প্রথম খণ্ডে একই নামে অন্য প্রবন্ধ }

৬. কিছু বাংলা শব্দের ব্যুৎপত্তি-সন্ধান (বাং ১৩৯৫)

চতুর্থ খণ্ড: বাংলা স্থাননাম (স্বতন্ত্র গ্রন্থ, ১৯৮০)

চতুর্থ খণ্ডের গ্রন্থটি বাদ দিলে বাঙলা শব্দ-সংক্রান্ত মোট বারোটি মতো প্রবন্ধ। এর বাইরে অবশ্যই কিছু প্রবন্ধ থাকতে পারে, সংকলনে যা অন্তর্ভুক্ত হয়নি।

তাঁর প্রয়াণের কিছু পূর্বে আরেকটি অসামান্য রচনা প্রকাশিত হয়েছিল—‘বাঙালীর ভাষা’ (১৯৯০) শীর্ষক মাত্র ৯৮ পাতার একটি গ্রন্থের ‘সিদ্ধার্থ-জিজ্ঞাসা’ প্রবন্ধে। এই প্রবন্ধের অনেক উল্লেখযোগ্য আলোচনাই বিচূর্ণ আকারে ছড়িয়ে রয়েছে প্রবন্ধ-সংকলনের বেশ কিছু রচনায় (প্রথম খণ্ডের দ্বিতীয় বা ষষ্ঠ প্রবন্ধটি অবশ্য ব্যতিক্রম)। বস্তুত, বিভিন্ন প্রবন্ধের ভাবনা চূড়ান্ত সংহত রূপ গ্রহণ করেছে ‘সিদ্ধার্থ-জিজ্ঞাসা’ প্রবন্ধে। লক্ষ করি, ‘বাঙালীর ভাষা’ সংকলনটির প্রায় অর্ধেক অংশ জুড়ে এর বিস্তার। বর্তমান আলোচনার এই প্রবন্ধটিই তাই প্রাধান্য পাবে।

১.২ শব্দচর্চায় লেখকের ভাবনা

শব্দ নিয়ে গবেষণায় আচার্য সেনের ছিল এক অনাবিল আনন্দ। তাঁর জীবনকথা নিয়ে বলতে গিয়ে বিশিষ্ট গবেষক জানান—‘সুকুমার সেন নিজেই শব্দবৈদ্য বলতে ভালোবাসতেন। ---নতুন শব্দ, পুরোনো শব্দের অর্থান্তর—কোনোকিছুর প্রতি তিনি উদাসীন থাকতে পারতেন না।’ (রায় ২০১৬, পৃ. ৩৭)। একটি সাক্ষাৎকারে সুকুমার বাবু নিজেই নাকি বলেছেন, -- ‘শব্দের ইতিহাস অন্বেষণ আসলে এক রকমের গোয়েন্দাগিরি’ (সেন ২০২৫, পৃ. ১০০)। গোয়েন্দাগিরির ইতিহাস রচনায় যিনি অমোঘ আকর্ষণ অনুভব করেছেন, তিনি যে শব্দের গোয়েন্দাগিরিতেও সিদ্ধহস্ত হবেন, তা নিয়ে আশ্চর্য হওয়ার অবকাশ থাকে না। এইসময়ের স্বনামধন্য ভাষাবিজ্ঞানীর মন্তব্য স্মরণীয়—‘ Historical reconstruction and etymology were at the heart of Sukumar Sen’--- ‘Notes’ and his essays such as ‘ Indo-Iranica’ and ‘Indo-Arica’ etc. were an etymologist’s delight’ (Singh 2023, p. 3) । অধ্যাপক সিংহ তাঁর আলোচনায় জানান, ব্যুৎপত্তি নিয়ে আগ্রহ কেবল বাঙলা ভাষাকেন্দ্রিক ছিল না, তাঁর এই আগ্রহ ছিল বহুবিস্তারী— যেমন, (ক) Etymological Indo-Arica (এ নিয়ে আর. এল টার্নারও গবেষণা করেছেন); (খ) Three Etymologies; (গ) Etymology of Mandha; (ঘ) Etymology of the Name Radha ইত্যাদি (*ibid*, p.32) ।

শব্দের ব্যুৎপত্তি নিয়ে আচার্য সেনের ধ্যানধারণার চকিত উদ্ভাস মেলে তাঁর দুটি প্রবন্ধের সংক্ষিপ্ত ভূমিকায়। কোনো কোনো ক্ষেত্রে ভূমিকা ছাড়াই সরাসরি বক্তব্যে অবগাহন করেন তিনি (যেমন, তৃতীয় খণ্ডের ‘শব্দের মৃগয়া’ প্রবন্ধটি)। শব্দের উৎপত্তিবিচার যখন মূল লক্ষ্য, তখন হয়তো তাঁর ভূমিকা-অংশের বাহুল্য ছেঁটে দেওয়াই যুক্তিযুক্ত মনে হয়েছে। গাণিতিক সংক্ষিপ্তির এ হল বাস্তব দৃষ্টান্ত।

‘শব্দের মৃগয়া’ নামক (একই শিরোনামে অন্য প্রবন্ধ) প্রথম খণ্ডের অন্তর্ভুক্ত অপর প্রবন্ধে লেখকের সংক্ষিপ্ত ভূমিকাটি অবশ্য খুবই গুরুত্বপূর্ণ। শব্দের উৎসবিচার তাঁর কাছে একধরনের মৃগয়া রূপে প্রতিভাত।

লক্ষণীয়, ‘শব্দের মৃগয়া’ পদগুচ্ছটি লেখকের কাছে যথেষ্ট গ্রহণযোগ্য এবং আদরণীয়। প্রথম ও তৃতীয় মিলিয়ে অন্তত চারটি প্রবন্ধে এই শব্দবন্ধ ঘুরেফিরে এসেছে। ‘মৃগয়া’ এই রূপকটির ব্যবহার প্রসঙ্গে লেখক জানান, রূপকথার গল্পে মৃগের অনুসরণে রাজপুত্রের পাতালপুরীতে রাজকন্যা উদ্ধারের সঙ্গে তাঁর শব্দমৃগয়া তুলনীয় নয়। এমনকি রামায়ণে মৃগের অনুসরণে রামচন্দ্রের সীতা হারানোর কাহিনিও এই তুলনায় আদৌ প্রসঙ্গানুগ নয়। তাঁর কথায়, ‘—কিছু তুলনা হতে পারে সুগন্ধনাভি মৃগের শিকারের সঙ্গে। তেমন করে শব্দ ভেদ করতে পারলে কখনো কখনো এমন কিছু খবর পাওয়া যায় যা কোনো মানব গোষ্ঠীর ইতিহাসে অন্যথা অলঙ্ক’ (১ম খণ্ড, পৃ. ১৩৬)। শব্দভেদের রহস্য মানবগোষ্ঠীর অলঙ্ক ইতিহাসের খোঁজ দিতে পারে। ইতিহাসের সুগন্ধ খুঁজে পাওয়া যায় শব্দশিকারে। শব্দশিকারে আচার্যদেব যেন এক ব্যাধের ভূমিকায় অবতীর্ণ। প্রবন্ধের বিষয়বস্তুর সূত্র ধরেই ‘মৃগ’ রূপকের আরেক অনুষ্ণ পরবর্তী অনুচ্ছেদে টেনে আনেন লেখক—‘শব্দ-মায়ামৃগীর ছলনা’। লেখক স্বীকার না করলেও ছলনার প্রসঙ্গ অনিবার্য ভাবে রামায়ণে সীতাহরণে মৃগরূপী ছলনার প্রসঙ্গ টেনে আনে। লেখক বলতে চান, শব্দও মৃগীর মতোই ছলনাময়ী। শব্দের ছলনায় অনেক পণ্ডিত মানুষও ভ্রান্ত ব্যুৎপত্তির মাধ্যমে ইতিহাসের বিকৃতি ঘটান। এ প্রবন্ধেও তার বেশ কয়েকটি দৃষ্টান্ত তিনি দিয়েছেন। তাঁর মন্তব্য স্মরণযোগ্য—‘অভ্রান্ত ব্যুৎপত্তিতে পৌঁছনো সহজসাধ্য অথবা ক্ষণ সম্পাদ্য কাজ নয়’ (তদেব, পৃ. ১৩৬)।

আরো একটি মূল্যবান আলোচনা বিধৃত রয়েছে প্রথম খণ্ডের ‘শব্দের ইতিহাস’ প্রবন্ধটিতে। সুকুমার বাবু স্পষ্টভাবে এখানে শব্দের ইতিহাস ও ব্যুৎপত্তি নির্ণয়ের মৌলিক পার্থক্যটি চিহ্নিত করতে চেয়েছেন। প্রমিত শব্দকোশ বা অভিধানে নির্দিষ্ট ভাষার শব্দাবলীর সংক্ষিপ্ত ইতিহাস আলোচিত হয়। কিন্তু ব্যুৎপত্তিকারের দায়, সেই ভাষার সম্ভাব্য সবকটি স্তরে শব্দটির রূপ এবং অর্থপরিবর্তন নির্দেশ করা, আর সেইসঙ্গে ব্যুৎপত্তির সঙ্গে অর্থের সামঞ্জস্য নির্ণয়। সুতরাং ব্যুৎপত্তি এবং অর্থতত্ত্ব দু’তরফের আলোচনাই প্রয়োজন (১ম খণ্ড, পৃ. ১৮৯)।

আচার্য সেন মনে করেন, প্রামাণিক বাঙলা শব্দকোশ রচনার একটি অন্যতম বাধা হল ‘প্রচলিত বাংলা শব্দের (তদ্ভব এবং তৎসম) ব্যুৎপত্তির অভাব’ (তদেব, পৃ. ১৮৯)। তাঁর মতে, শব্দকোশ তৈরির আগে শব্দের ব্যুৎপত্তি নির্ণয় করা প্রয়োজন। তবে কেবল তদ্ভব বা অর্ধতৎসম নয়, তৎসম শব্দের ব্যুৎপত্তির পুনরালোচনা আবশ্যিক। কারণ অনেক বহুপ্রচলিত তৎসম শব্দের উৎসের সঙ্গে অর্থের সাযুজ্য নেই। এই পরিস্থিতিতে দুটি পথ অনুসরণ করা প্রয়োজন বলে তাঁর মনে হয়েছে— এক, ব্যুৎপত্তির ভ্রান্তি প্রমাণ এবং এই দুই ব্যুৎপত্তির সঙ্গে অর্থের সামঞ্জস্য প্রদর্শন (এরকম ইঙ্গিত অবশ্য প্রবন্ধের গোড়ার অনুচ্ছেদেই দিয়েছেন তিনি)। তিনি বলেন, ‘শব্দের সঙ্গে অর্থের সামঞ্জস্য প্রদর্শনেই শব্দটির ইতিহাস নিহিত’ (তদেব)।

সুকুমার বাবুর খেদ বাঙলা ভাষা নিয়ে যাঁরা সার্থক গবেষণা করেছেন, তাঁদের অধিকাংশই ইটিমলজির দিকে জোর দেননি। বাস্তবিক, এই খেদোক্তিই হল তাঁর ব্যুৎপত্তি সম্পর্কে অনুসন্ধানের প্রেরণা।

১.৩ ‘সিদ্ধার্থ-জিজ্ঞাসা’: শব্দ-খননে বাঙালি সমাজ ও সংস্কৃতি

শব্দের ব্যুৎপত্তি নিয়ে লেখকের ভাবনা-চিন্তার সামগ্রিক হৃদিশ মেলে তাঁর ‘সিদ্ধার্থ-জিজ্ঞাসা’ রচনাটিতে। এই রচনায় শব্দের উৎসবিচার সংক্রান্ত বেশ কিছু পূর্বপ্রকাশিত প্রবন্ধের গবেষণা-চর্চা সংহত আকারে বিধৃত রয়েছে। তাই আমাদের আলোচনায় এই প্রবন্ধটি বিশেষ প্রাধান্য পাবে।

লক্ষ করি, রচনার শিরোনামে শব্দ নিয়ে একটা খেলা বা হেঁয়ালি আছে। প্রথম পাঠে মনে হতেই পারে ‘সিদ্ধার্থ’ একটি ব্যক্তির নাম; তাঁর জিজ্ঞাসা নিয়ে এই আলোচনা।

কিন্তু আদতে ‘সিদ্ধার্থ’ (= সিদ্ধ+ অর্থ) শব্দের অর্থ বোঝবার জন্য প্রয়োজন সন্ধি সম্পর্কিত ব্যাকরণিক জ্ঞান। আসলে ‘derived meaning’ বোঝাতেই এই প্রয়োগ। শব্দের ব্যাকরণগত খনন যে মূল অর্থের শিকড়ে পৌঁছতে সাহায্য করে, তা ব্যক্ত করতেই হয়তো এই ইঙ্গিত। উল্লেখ্য, ‘সিদ্ধার্থ’ শব্দের আরো একটি ব্যবহার পাই তাঁর ‘ব্যুৎপত্তি-সিদ্ধার্থ বাংলা-কোষ’ গ্রন্থটিতে। [অবশ্য শব্দ নিয়ে এমন হেঁয়ালি অন্যত্রও রয়েছে—যেমন, ‘রেলের পা-চালি’ (১৯৯০) রচনাটি। সাতচল্লিশ পাতার এই ক্ষীণতনু অথচ অমূল্য গ্রন্থটিতে ব্যবহৃত ‘পা-চালি’ আমাদের ‘পাঁচালি’ শব্দটির কথা মনে করিয়ে দেয় (তু. পথের পাঁচালি) । কিন্তু অন্যভাবে বিচার করতে গেলে ‘পা-চালি’ ভ্রমণের অনুষ্ণ বহন করে। বাস্তবে রেলভ্রমণের অভিজ্ঞতা নিয়ে এই রচনা। উৎসবিচারের মজাটা লুকিয়ে থাকে শব্দের গভীরে (Singh 2023, p.37)] ।

আলোচ্য প্রবন্ধের ভূমিকাটি খুবই গুরুত্বপূর্ণ। ব্যুৎপত্তি বিচারের প্রয়োজন এবং অনুসন্ধানের লক্ষ্য এখানে নির্ধারিত হয়েছে। অধ্যাপক সেন বলছেন— ‘শব্দের অর্থ কালক্রমে পরিবর্তিত হয় বিচিত্র পথে। সেই পথে শব্দের অনুসরণ করলে সেকালের মানুষের জীবন ও ভাবনা সম্পর্কে এমন অনেক কথা জানা যায় যা অন্য উপায়ে পাওয়া যায় না।’ (পৃ. ৫১)। স্পষ্টতই শব্দের উৎস অনুসন্ধান কালক্রমিক বিচার যে জরুরি, এমন মন্তব্যে তা মনে করিয়ে দেওয়া হয়। পাশাপাশি এ বিচার কেন অনিবার্য সে-কথাও তিনি বলেন। আচার্যের মতে, ইতিহাসের সুড়ঙ্গ যখন বন্ধ হয়ে যায়, তখন শব্দবিদ্যা সে-পথ আরো খানিকটা প্রসারিত করে তোলে।

নিবন্ধে লেখকের উদ্দেশ্য সম্পর্কে স্বচ্ছ ধারণা পাওয়া যায় আরেকটি মন্তব্যে— ‘... বাঙালীর অত্যন্ত পরিচিত কতকগুলি শব্দ নিয়ে আলোচনা করছি যার ব্যুৎপত্তি অনুসরণ করে অর্থ পরিবর্তন অনুধাবন করে চললে আমরা বহু বহু কালের পুরোনো বাঙালীর অজ্ঞাত জীবনচর্যার কিছু কিছু ঝাঁকিদর্শন পাব’ (পৃ. ৫১)। বলা বাহুল্য, তাঁর এই ভাবনায় তুলনামূলক ভাষাতত্ত্ব সংক্রান্ত ধারণার স্পষ্ট ইঙ্গিত রয়েছে। কারণ তুলনামূলক চর্চায় পরিচিত কতকগুলি সমজ (cognet) শব্দের পারস্পরিক তুলনার মাধ্যমে ভাষাবিজ্ঞানী ভাষার প্রত্ন-স্তর (proto-stage) গড়ে তুলতে চান। আমরা এখানে দেখি, বিচ্ছিন্ন শব্দ নয়, শব্দ থেকে শব্দান্তরে পৌঁছতে শব্দের অন্তর্জাল (wordnet) তাঁর কাছে বিশ্লেষণ্য হয়ে উঠছে। আলোচনায় যাবার আগে আবারও

দেখি ভূমিকায় তাঁর মন্তব্য— ‘আমার মৃগয়ার প্রথম বেড়াজালের বাঁক হল...’ (পৃ.৫১)। পাঠক অবশ্যই ‘মৃগয়া’ এবং ‘বেড়াজাল’ শব্দদুটির দিকে ধ্যান দেবেন।

পরিচিত শব্দের শ্রেণিকরণ তিনি করেছেন বাঙালির সামাজিক কাঠামো অনুসরণ করে। তাঁর এই শ্রেণিকরণে নৃ-ভাষাবৈজ্ঞানিক (anthropo-linguistic) চিন্তার যেন একটা ছাপ লক্ষ্য করা যায়। প্রকৃতপক্ষে, ভাষার সঙ্গে সাংস্কৃতিক সম্পর্ক উদ্ঘাটিত হয় নৃভাষাবৈজ্ঞানিক চর্চায়— ‘a branch of linguistics which studies the relationship between language and culture in a community, e.g. its traditions, beliefs and family structure.’ (Richards *et al* 1985, p.13). বাঙলা পরিচিত শব্দাবলীকে মোটামুটি আটভাগে ভাগ করেছেন সুকুমার বাবু -- (ক) ঘর-বাড়ি সংসার-সমাজ ঘটিত; (খ) স্বজন-সূচক; (গ) সংসার-রসদ সম্পর্কিত; (ঘ) রান্না খাবার; (ঙ) মিষ্টান্ন; (চ) বাসন-কোসন; (ছ) বসন-ভূষণ এবং (জ) প্রসাধন-প্রসঙ্গ।

১.৩.১ ঘর-বাড়ি সংসার-সমাজ

প্রথম শ্রেণির আলোচনায় দেখি, সমার্থক শব্দের উৎস যে ভিন্ন হতে পারে, তা দেখাতে চেয়েছেন তিনি। এই প্রসঙ্গে ইন্দো-ইউরোপীয় মূল শব্দের সাহায্য নিয়েছেন। যেমন, ‘ঘর’ শব্দের প্রত্ন-ইন্দো-ইউরোপীয় মূল *ghoro; ব্যুৎপত্তি বিচারে ধাতু সংস্কৃত (ধাতু ‘ঘৃ’) এবং তার অর্থে পৌঁছিয়েছেন। অন্যদিকে ‘গৃহ’ শব্দ এসেছে ই.ইউ *ghrdha থেকে, যার মানে সম্ভবত ভাঁড়ার ঘর।

দ্বিতীয়ত, ঘর প্রসঙ্গে ঘরের সঙ্গে অন্তর্জালে সম্পর্কিত শব্দ (যেমন, ঘরামি, দেহারা, বাসর প্রভৃতি) নিয়ে বক্তব্য। তৃতীয়ত, উৎস প্রসঙ্গে প্রায়শই লেখক প্রাচীন উল্লেখের কথা স্মরণ করিয়ে দেন। যেমন ‘ঘর’ শব্দ প্রসঙ্গে প্রাচীনতম ব্যবহার পাই বৌদ্ধ সংস্কৃত ‘ঘরনী’ শব্দে (যার সঙ্গে বাঙলার ‘গৃহিনী’ শব্দ সম্পর্কিত)। তেমনি ঘরের সমার্থক ‘বাসা’ সম্বন্ধে তিনি জানান, এর উৎপত্তি সংস্কৃত ‘বাসক’ শব্দ থেকে। ‘বাসক’ শব্দটি খৃস্টীয় সপ্তম শতাব্দী থেকে ব্যবহৃত। ভাস্করবর্মার অনুশাসনেও এর ব্যবহার রয়েছে—‘কর্ণসুবর্ণ-বাসকাৎ’ (পৃ. ৫৬)।

তৃতীয়ত, উৎসবিচার করতে গিয়ে বাঙালির সামাজিক জীবনকেও স্পর্শ করতে ভোলেননি। দৃষ্টান্তস্বরূপ, ঘরের ‘চাল’ অর্থাৎ আশ্রয় নিয়ে আলোচনা করতে গিয়ে তিনি বাঙালির গৃহনির্মাণের প্রকৌশল সম্বন্ধে বিস্তারে তুলে ধরেন (পৃ.৫২)। ঘর বিষয়ক খোঁজখবর করতে গিয়ে চলে আসে সমার্থক ‘কোঠা’, ‘কামরা’ প্রভৃতির উৎস নিয়ে তত্ত্বতালাশ।

শব্দ থেকে শব্দান্তরে বিচলনের মধ্য দিয়ে এভাবেই সম্পর্কিত শব্দে ঘেরা এক বৃহত্তর সামাজিক বৃত্তে পৌঁছতে চান আমাদের লেখক।

১.৩.২ স্বজন-প্রসঙ্গ

ঘরের আলোচনা থেকে লেখক চলে আসেন ঘরের লোকেদের কথায়। ফলে প্রসঙ্গ-বিচ্যুতি ঘটে না আদৌ। ‘স্বামী’ ও ‘স্ত্রী’র অর্থ অনুসন্ধান করতে গিয়ে আমাদের অবহিত করেন, ‘স্ত্রী’ শব্দের অর্থ গোড়ায় ছিল একদিকে গাই-গোরু, অন্যদিকে তারা, নক্ষত্র। বর্তমান অর্থের পক্ষে প্রথম মানেটাই তাঁর কাছে সঠিক বলে মনে হয় (পৃ. ৫৭)।

লক্ষ করি, স্বামী-স্ত্রীর পাশাপাশি ‘ভাতার-মাগের’ মতো নিম্নবর্গের মধ্যে প্রচলিত মেয়েলি ভাষাও তাঁর কাছে অচ্ছুৎ নয়। ‘মাগ’ শব্দের উৎস অনুসন্ধান করে জানান ‘মাগ’ এসেছে ‘মাগি’, ‘মাগু’ (মধ্য বাঙলা) এবং সংস্কৃত ‘মার্গিত’ (মানে অনুসন্ধানিত, প্রার্থিত) থেকে (পৃ. ৫৭)।

লক্ষণীয়, স্বামী-স্ত্রী দিয়ে শুরু করে তিনি পিতৃ- ও মাতৃবাচক শব্দের বৃহত্তর পরিধিতে বিচরণ করেন। বেশ কিছু স্বজনসূচক শব্দের উৎস সম্পর্কে পাঠককে সজাগও করেন। যেমন, ভাদ্রবউ (< ভাতৃবধু), আইমা (< অবিমাতা), ঠানদি (< ঠাকুরাণী দিদি) ইত্যাদি। সমার্থক ‘পিতা’ ও ‘বাপ’ শব্দের উৎস প্রসঙ্গে জানিয়ে দেন, ‘বাপ’ শব্দটির উৎস অর্বাচীন অবহট্ট স্তরে—অবহট্ট ‘বপ্প’ > প্রাচীন বাঙলা ‘বপা’ > আধুনিক বাঙলা ‘বাপ’। অন্যদিকে ‘বাবা’ এসেছে ফারসি থেকে, যদিও তাতে ‘বাপ’, ‘বাপা’ শব্দের প্রভাব রয়েছে। শব্দের উৎস নির্ণয় করতে গিয়ে অজানা সামাজিক ইতিহাসের প্রতিও আলোকপাত করেন—‘বোন এসেছে ‘ভগিনী’ থেকে। এ শব্দটির মধ্যে একটু সুপ্রাচীন ইতিহাস লুকিয়ে আছে’ (পৃ.৬১)। সুকুমার বাবুর মতে, শব্দটির

অর্থ ‘ঐশ্বর্যশালিনী’। শব্দটি উৎপন্ন হয়েছিল মাতৃতান্ত্রিক সমাজে; যখন সম্পত্তির উত্তরাধিকারী হত কন্যাসন্তান বা দৌহিত্র।

১.৩.৩ সংসারের রসদ প্রসঙ্গ

এবার স্বজনদের দিয়ে গড়া সংসারের রসদ প্রসঙ্গ। এই অংশে প্রধানত শস্য, বীজ, ফসল, আনাজ বা সজি-সূচক শব্দাবলী আলোচ্য হয়ে ওঠে। প্রসঙ্গক্রমে চলে আসে চাষের জমি বা খেত, ফসল রাখার স্থান (খামার, গোলা, উঠোন ইত্যাদি) সম্পর্কে বক্তব্য। আলোচনার সূত্রপাত ঘটে বাঙালির প্রধান খাদ্য ‘ভাত’ (<সংস্কৃত ভক্ত> প্রাকৃত ভত্ত) দিয়ে। আচার্য সেন জানিয়ে দেন, ফিউড্যাল আমলে সংসারের কর্তা সবাইকে খাদ্য বা রসদ ভাগ করে দিতেন। ব্যক্তির প্রাপ্য অংশই ছিল ‘ভক্ত’, যার একটি অর্থ হল সিদ্ধ চাল। ধান থেকে উৎপন্ন ভাত ছাড়াও চিঁড়ে, মুড়ি-মুড়কির প্রসঙ্গও এখানে অনিবার্য ভাবে উঠে আসে।

নজর করি, আনাজ ও সজির ব্যুৎপত্তি বিচার করতে গিয়ে মুখ্যত সংস্কৃত উৎসকেই প্রাধান্য দেন তিনি—কচু (< কচী), করলা (< কারবেল্লা), পুই (<পূতিকা), কল্মি (< কলম্বী) ইত্যাদি। বস্তুত, বাঙলা শব্দের সম্ভাব্য উৎসের আলোচনায় অনার্য ভাষার থেকে বৈদিক বা সংস্কৃত ভাষাকেই প্রাধান্য দিয়েছেন তিনি। গুরু সুনীতিকুমারের সঙ্গে এখানেই তাঁর মতপার্থক্য (সেন ২০২৫, পৃ. ১০০)। প্রাচীন বাঙলা শব্দের ব্যুৎপত্তি প্রসঙ্গে তিনি ‘An Etymological Dictionary of Bengali’ (1971-72) গ্রন্থের ভূমিকায় স্পষ্টভাবেই জানিয়েছেন— ‘It is now usual in linguistic treatises on Indo-Aryan to hunt for a Dravidian source. I have not done so...with the exception of one or two... no word in early Bengali could possibly be assigned to Dravidian...’। এর যুক্তিগ্রাহ্য কারণও তিনি এখানে ব্যাখ্যা করেছেন। তাঁর মতে, বাঙলা ভাষার পূর্ববর্তী মধ্য ভারতীয় আর্য স্তরেই অনার্য ভাষার শব্দগুলি (মূলত, দ্রাবিড় ও অস্ট্রিক) আর্ষীভূত হয়ে নিয়মিত ধ্বনিতাত্ত্বিক পরিবর্তনের মাধ্যমে বাঙলা ভাষায় ঠাঁই পেয়েছে।

১.৩.৪ রান্না খাবারের প্রসঙ্গ

যুক্তিসঙ্গত কারণেই খাদ্যরসদের পরই এসে হাজির হয় রান্না-খাবারের প্রসঙ্গ। ‘রান্না’ শব্দটি প্রসঙ্গে অধ্যাপক সেন জানান, এটি সম্পর্কিত সংস্কৃত ধাতু ‘রন্ধ্-’ এর সঙ্গে (তু. সংস্কৃত রন্ধয়তি)। এর আসল অর্থ ছিল ‘পীড়ন বা দমন করা’। সমার্থক সাধুভাষার শব্দ হল ‘পাক্’, মূলে যা অন্য সংস্কৃত ধাতু ‘পচ্’ থেকে আগত। তবে এ ধাতু মধ্য ভারতীয় আর্যভাষায় লুপ্ত; কেবল এই ধাতু থেকে উদ্ভূত একটি শব্দ বাঙলায় প্রচলিত ‘পোয়ান’ (তু. বাঙলায় ‘রোদ পোয়ানো’)।

রান্না খাবার প্রসঙ্গে এসেছে বড়া-বড়ি, ঘ্যাঁট, ঝাল-ঝোল-চচ্চড়ি এবং অম্বলের কথা। ঝাল আর ঝোলের তফাৎ নির্ণয় করতে গিয়ে বলেন, ‘ঝোল’ মানে ডালের মতো তরল তরকারি, তবে তাতে আনাজ অথবা মাছ কিংবা মাংস থাকে। শব্দটি ঝোর, ঝোরা, ঝরণা শব্দের সঙ্গে যুক্ত’ (পৃ. ৬৬)। ‘ঝাল’ শব্দটি সংস্কৃতে কটু অর্থে ব্যবহৃত, কারণ তাতে লঙ্কা, ফোড়ন জাতীয় মশলা বেশি ব্যবহৃত। ‘সুজ্ঞো’ প্রসঙ্গে ঐতিহাসিক আলোচনার সুযোগ নিয়েছেন। কবিকঙ্কণ মুকুন্দ সিংহল-যাত্রী নাবিকদের দুর্দশা প্রসঙ্গে মন্তব্য করেন ‘হুজা খাবার হোলনা গেল’। ‘হুজা’ (<শুকপত্র) শব্দের প্রয়োগ থেকে অনুমান করা যায় যাত্রীরা শুকনো শাকপাতা সঙ্গে করে সমুদ্রযাত্রায় যেতেন; সেদ্ধ করে তা দিয়ে ঝোল বানাতেন।

রান্না-খাবার আলোচনার সুবাদে চলে এসেছে, এইসব খাবার সংরক্ষিত করার যে পাত্র ছিল, তাই নিয়ে বক্তব্য। যেমন, ভাঁড়-মালসা-হাঁড়ি। হাঁড়ি আর ভাঁড়ের একটা পার্থক্যও তুলে ধরতে চেয়েছেন এই সুযোগে।

খুঁটিনাটি এইসব বিষয়ের পাশাপাশি বাঙলা সাহিত্য ও সমাজজীবনকে সম্পর্কিত করতে ভোলেন না লেখক। পাঠককে মনে করিয়ে দেন, আমিষ-ভোজ্য তালিকার জন্য মুকুন্দের অভয়ামঙ্গল ও নিরামিষ ভোজ্যের জন্য ‘চৈতন্যচরিতামৃত’-এর কথা।

প্রসঙ্গত উল্লেখ্য, রবীন্দ্র-স্নেহন্য ভাষাতাত্ত্বিক শ্রীবিজনবিহারী ভট্টাচার্য তাঁর ‘বঙ্গভাষা ও বঙ্গসংস্কৃতি’ (১৯৮৫) গ্রন্থের অন্তর্ভুক্ত প্রবন্ধে ‘অদ্বৈতাচার্য এবং সার্বভৌম ভট্টাচার্যের গৃহে মহাপ্রভুর ভোজনবিলাস’ চৈতন্যচরিতামৃতের মধ্যলীলায় বর্ণিত

চৈতন্যদেবের ভোজনবিলাসের অনুপুঞ্জ বিশ্লেষণ করেছেন। খাবারের ব্যুৎপত্তি নির্ণয়ের আন্তরিক প্রয়াসও নজর করা যায় এই প্রবন্ধে।

১.৩.৫ মিষ্টান্ন-প্রসঙ্গ

বাঙালির মিষ্টান্ন প্রসঙ্গটি এই প্রবন্ধের অন্যতম সংযোজন। খেয়াল করে দেখি, প্রায় পঞ্চাশ পাতার এই রচনায় সবথেকে দীর্ঘ এই অংশটি। চোদ্দ পাতা জুড়ে বাঙালির মিষ্টান্ন-সংস্কৃতির একটা ছবি তুলে ধরেছেন তিনি। এরপরেই ঠাই পেয়েছে সাড়ে দশ পাতার বসন-ভূষণ সম্পর্কিত গবেষণা। সুকুমার বাবুর আলোচনা একদিক থেকে যেন রসায়নাগারে বিজ্ঞানীর পর্যবেক্ষণ। অন্যদিক থেকে দেখতে গেলে রসায়নের সঙ্গে মিশেছে রস। মনে হয় লেখক যেন স্বয়ং মিষ্টান্নশালায় রসের ভি়ানের পাশে বসে বাঙালির চিন্তা ও রসনাকে সমানভাবে আকর্ষণ করছেন। যেমন, সরুচাকলির (লেখকের মতানুসারে, < সংস্কৃত সরুপ+চক্রলিসা) রন্ধনপ্রণালী বর্ণনা যেন এক নিখুঁত রন্ধন-পটীয়সীর বিবরণ--‘তপ্ত তাওয়ায় তেল বুলিয়ে তাতে বাঁটা চাল আর বাঁটা কলাই এক সঙ্গে গুলে তালপাতার টুকরো দিয়ে গোলাকার করে দিতে হয়। তারপর খুন্টি করে উলটে দিতে হয়’ (পৃ.৭১)।

মিষ্টান্নের বিবরণে প্রথমেই আসে সাধুভাষার ‘মিষ্টান্ন’ আর চলিত ভাষায় সমার্থক ‘মোঠাই’ শব্দদুটি। জানিয়ে দেন, ‘মিঠাই’ শব্দটি খাঁটি বাঙলা নয়, তা এসেছে বৃন্দাবন থেকে ব্রজবুলি মারফৎ। আর ‘মিষ্টান্ন-এর ‘মিষ্ট’ (< সংস্কৃত মৃষ্ট); ‘মৃষ্ট’ মানে দোয়া দুধ। ‘অন্ন’-এর উৎপত্তি সংস্কৃত ‘অদ্’ ধাতু থেকে, যার অর্থ ‘খাওয়া’।

পিঠের বর্ণনায় এসেছে আস্কের (পুরনো নাম ‘আসিকা’; আঙনের ছোঁয়াচবিহীন) কথা, ইডলি ও আস্কের রন্ধনপ্রণালীর পার্থক্য, মালপোওয়া এবং মুগসাঁওলি প্রসঙ্গ। তেমনি আলোচিত হয়েছে বাঙালির রসনায় জল-আনা জিলিপি-বোঁদে-দরবেশ, রসগোল্লা-পান্তুরা প্রভৃতির বিবরণ। মিষ্টির অন্যতম উপকরণ ‘ছেনা’ নিয়ে বলতে গিয়ে বাঙালিকে স্মরণ করান—‘... সংস্কৃত ভাষায় ছেণাবাচক কোন বিশিষ্ট শব্দ লেই। বাংলা দেশের বাইরে গরম দুধ কেটে ছেনা তৈরি করা অনুচিত বা পাপ কাজ বলে গণ্য হয়ে এসেছে।... তবে বাঙালীর সাহিত্যে ছেনার উল্লেখ পাওয়া যায় পঞ্চদশ শতাব্দী থেকে’ (পৃ.৭৫)।

চাল ডাল নারকেল ক্ষীর ছেনার পাট চুকিয়ে লেখক এরপর আসেন আটা-ময়দা প্রসঙ্গে। অবধারিত ভাবেই লুচি-রুটি-পুরীর প্রসঙ্গ এসে হাজির হয়। অবশ্য এগুলিকে ঠিক আমরা মিষ্টান্নের মধ্যে গণ্য করিনা। সামাজিক ইতিহাসে পোঁছে আচার্য সেন জানাতে ভোলেন না, রুটি ও লুচি-পুরী এসেছে বাঙলার বাইরে থেকে। লুচি নামটা (< সংস্কৃত রোচিক) বাঙালির দেওয়া। বৃন্দাবন-মথুরায় চৈতন্যধর্মের ঢেউ লাগার সময় এইসব সুখাদ্য বাঙলায় প্রচলিত হয় (পৃ. ৭৮-৭৯)।

প্রসঙ্গত মনে করতে পারি, মনস্বী অধ্যাপক বিজনবিহারী বাবুর ‘বঙ্গভাষা ও বঙ্গসংস্কৃতি’ গ্রন্থে ‘বঙ্গীয় মিষ্টান্ন সংস্কৃতির একদিক’ নামে একটি অসামান্য নিবন্ধের অন্তর্ভুক্তি ঘটেছিল। এই প্রবন্ধেও বাঙালির মিষ্টান্ন নিয়ে লেখকের অসাধারণ পর্যবেক্ষণ শক্তির পরিচয় পাওয়া যায়। এখানে তিনি শব্দের উৎপত্তি বিচারেই ক্ষান্ত হননি, রন্ধনপ্রণালীর বিশদ বিবরণও যুক্ত করেছেন। পাশাপাশি রেখে তুলনা করলে দেখি, সুকুমার বাবুর উৎপত্তি সংক্রান্ত সিদ্ধান্ত কোনো কোনো ক্ষেত্রে তাঁর থেকে আলাদা। যেমন, বিজন বাবু মনে করেন, ‘মালপোয়া’র মাল ফারসি-জাত, কিন্তু সুকুমার বাবুর মতে এর উৎপত্তি সংস্কৃত ‘মল্ল’ (অর্থ চমৎকার) থেকে। তেমনি ‘মিঠাই’ শব্দ বিচার করতে গিয়ে বিজনবাবু একটু দ্বিধাশ্বিত। বাঙলা থেকে তা উৎপন্ন নয় বলেই তাঁর মনে হয়েছে। আচার্য সেন এ ব্যাপারে নিঃসংশয়, আগেই তা জানিয়েছি। ‘মিঠাই’-এর উৎপত্তি ‘মিষ্ট’ বললেও সুকুমার বাবু এটিকে সংস্কৃত ‘মৃষ্ট’ শব্দের সঙ্গে যুক্ত করেছেন। তেমনি দেখি, দরবেশের নামকরণ নিয়ে বিজনবাবুর সংশয় ও প্রশ্ন থাকলেও আচার্য সেন নির্দিধায় বলেন ‘দরবেশ অর্থাৎ বিশেষ শ্রেণির সাধুসন্তদের বিচিত্র রঙের আলখাল্লা এই নামকরণের কারণ’ (পৃ. ৬৮)।

বিজনবাবুর উপস্থাপনায় প্রায়শই কথকতার একটা স্বাদু ভঙ্গিমা জড়িয়ে থাকে। যেমন, রাধাবল্লভীর কথা বলতে গিয়ে বিশ্ববিদ্যালয়ে ছাত্রজীবনের স্মৃতিচারণ করেন (পৃ. ১৮০)। সুকুমার সেনের বক্তব্যে মিষ্টান্নের রসসিক্ত প্রসঙ্গ বিবৃত হলেও তাঁর বিবরণ বিজ্ঞানীর পরিমিত যুক্তির নিগড়ে বাঁধা।

১.৩.৬ বাসন-কোসন প্রসঙ্গ

বাঙালি সংস্কৃতির অন্যতম এক উপাদান বাসন-কোসন। অধ্যাপক সেনের আলোচনায় প্রথমেই আসে ‘শরা’ (< সংস্কৃত ‘শরাব’), ‘খুরি’ (‘খোরা’ শব্দের খর্বরূপ) এবং অপেক্ষাকৃত অপরিচিত ‘হোলা’ শব্দটি (লেখক জানান, এটি মালসার মতো, তবে আকারে বড়। মধ্য বাঙলায় এটি ‘হোলনা’ নামে পরিচিত)। ‘খোরা’ সম্পর্কে লেখকের মন্তব্য, এটি হল কানা-উঁচু পাথরের থালা, যা এসেছে ফারসি ‘খুরা’ থেকে (অর্থ খাদ্য অথবা খাওয়া)। মাটির বাসনের পাশাপাশি পাথরের বাসন যেমন আলোচিত হয়, তেমনি আসে ধাতুর বাসন সম্পর্কিত সন্ধান। ঘট-ঘটি ও কাঁসি প্রসঙ্গও বিবৃত হয়, গুরুত্ব পায় কাঠের বাসনও। কেননা, প্রাচীনকালে যখন মানুষ ধাতুর ব্যবহার শেখেনি, তখনও ব্যবহৃত হত কাঠের দ্রব্য। ব্যুৎপত্তি বিচার করতে গিয়ে এখানে তিনি সংস্কৃত ছাড়াও অন্য বিমিশ্রিত উৎসের দিকে তাকান— উদাহরণস্বরূপ, বারকোশ (ফারসি), পরাত (পোর্তুগিজ prato) ইত্যাদি। একইভাবে কিছু অপ্রচলিত শব্দের বিমিশ্রিত উৎস উদ্ভাবন করেন—‘খুঙ্গি’ (< খোপ [<সং ক্ষুভ্/ *ক্ষুস্ত] +চোঙ্গ (অর্থ বাঁশ))। উল্লেখ্য, সপ্তদশ-অষ্টাদশ শতকে ব্রাহ্মণ পণ্ডিত প্রসঙ্গে ‘খুঙ্গি পুঁথি শব্দগুচ্ছ পাওয়া যায়। তেমনি ষোড়শ শতকে প্রচলিত ‘ঝালি’ (< ঝাঁপ [ঝম্প, অর্থ ঢাকনা] +) + থলি/নলি) প্রভৃতি। এমনিভাবে বাঁশ-বেত দিয়ে তৈরি সংসারের কাজে ব্যবহৃত চোঙা, চাঙারি প্রভৃতি শব্দের উৎস বিচারের প্রয়াসও লক্ষ করা যায়।

১.৩.৭ বসন-ভূষণ প্রসঙ্গ

প্রথমেই লেখক আলোচনায় নারীর শাড়ি আর পুরুষের ধুতি প্রসঙ্গের অবতারণা করেন। শাড়ির সংস্কৃত উৎস ‘শাট’ (< শাটক/শাটী), যার অর্থ ফালি করে বোনা কাপড়। এই সম্ভাব্য উৎসের সপক্ষে যুক্তি দিতে গিয়ে সুকুমার বাবু জানিয়ে দেন, অনেককাল আগে সরু ফালি সেলাই করে মহিলা-পুরুষ সবাইয়ের জন্য পরবার কাপড় তৈরি হত। অন্যদিকে ধুতির উৎস তাঁর মতে, সম্ভাব্য *ধুবত্রিক/ ধবত্রিক থেকে, মানে যা ধোওয়া যায় (পৃ.৮৭)। প্রাচীন উল্লেখ রয়েছে ভুনি, পোতা ও পটু— এই তিন ধরনের বস্ত্র। এই বিষয়ে মন্তব্য করেন স্বয়ং কৃষ্ণদাস কবিরাজ তাঁর ‘চৈতন্যচরিতামৃত’ গ্রন্থে (পৃ.৮৮)। আচার্য সেন এই তিন ধরণের পোশাকের

তারতম্যও বুঝিয়ে দেন। প্রসঙ্গত এও জানিয়ে দিতে ভোলেন না, সেকালে জামার চল ছিল না বলেই মধ্য বাঙলায় তার ঠিকমতো প্রতিশব্দের অভাব। মেয়েদের ‘ঘোমটা’ শব্দও হালের আমদানি (< প্রাকৃত ঘোজ্ব ‘শামুক গুগলির খোলা’ +সংস্কৃত বৃত্ত)। প্রসঙ্গক্রমে আলোচিত হয়, পুরুষের পাগড়ি, মুকুট,জুতো এবং খড়মের মতো উপকরণের উৎস। টিকি আর গাঁফ-দাড়ির বর্ণনায় স্বচ্ছন্দে সামাজিক ইতিহাস উৎখাপিত হয়—যেমন, টিকি অর্থে ‘চৈতন’ এসেছে ‘চৈতন্য’ থেকে। যুক্তি এই, শ্রীচৈতন্য-মতাবলম্বী বৈষ্ণবেরা শিখা ধারণ করতেন।

বাঙালির অলঙ্কার নিয়েও বিস্তর আলোচনা করেছেন। গয়না যে একসময় পুরুষেরও ভূষণ ছিল তা প্রমাণ করতে টেনে আনেন পঞ্চদশ-ষোড়শ শতকে মালাধর বসুর পুত্র গুণরাজ খানের প্রতিকৃতি প্রসঙ্গ। মেয়েদের গয়না নিয়ে বক্তব্য রাখতে গিয়ে কানপাশা, চন্দ্রহার, বাউটি,আংটি প্রভৃতির উৎস ও উল্লেখ থেকে পাঠককে বঞ্চিত করেন না। মেয়েদের নাকের গয়না সম্পর্কে আমাদের ওয়াকিবহাল করেন—‘নাকের গয়না চার রকমের। নাকছাবি, নোলক, নথ ও বেশর’ (পৃ. ৯৩)। যদিও জানাতে ভোলেন না, নাকের কোনো গয়না মুসলমানরা আসার আগে এদেশে চলিত ছিল না।

১.৩.৮ প্রসাধন প্রসঙ্গ

প্রসাধন নিয়ে একেবারে শেষ আলোচনাটি সবথেকে সংক্ষিপ্ত; মাত্র দেড়পাতায় সীমিত। কেবলমাত্র দুটি লাইনে লেখক প্রসাধনের সামগ্রী এবং দ্রব্যের একটা তালিকা তৈরি করে দেন—তেল, হলুদ, কাজল,চিরুণি,আরশি আর কাজললতা। প্রসাধন দ্রব্যের মধ্যে বিশেষ করে পড়ে— তেল, হলুদ, কাজল চন্দন, আলতা আর সিঁদূর। এই শব্দগুলির উৎসও নির্দেশ করে দেন। যেমন, ‘চিরুণি’ শব্দটি আধুনিক হলেও এর প্রতিশব্দ ‘কাঁকুই’ এসেছে সংস্কৃত ‘কঙ্কত’ (< *কঙ্কতিক) থেকে। ‘আরশি’ও আধুনিক শব্দ (< সং *আদৃশ্য= আদর্শ), পুরনো প্রতিশব্দ ‘দাপণ’ (<সং দর্পণ > প্রাকৃত দপ্পণ)। তবে ‘আয়না’র উৎপত্তি ফারসি (পৃ. ৯৭)। ‘সিঁদূর’ শব্দ এসেছে অর্বাচীন সংস্কৃত ‘সিন্দূর’ থেকে (অনেকে এটিকে মূলে ভোট-বর্মী গোষ্ঠী থেকে গৃহীত তদ্রব শব্দ রূপে চিহ্নিত করতে চান)। আরো জানতে পারি, আগে

বাঙলার লালমাটি থেকে বা অন্য উপায়ে ‘সিঁদূর’ তৈরি হত। পরে চীন ও বিলেত থেকে ভাল সিঁদূর আমদানি হতে থাকে।

আলোচ্য ‘সিদ্ধার্থ-জিজ্ঞাসা’ প্রবন্ধ থেকে উৎসবিচারের ক্ষেত্রে লেখকের কতকগুলি সুনির্দিষ্ট পদ্ধতির হৃদয় পাওয়া যায়।

এক, উৎস অধিকাংশ ক্ষেত্রে সংস্কৃত বলে সুকুমার বাবু মনে করেন, তবে কখনো তা অনুমিত। সম্ভবত, তা কথ্য সংস্কৃত, লেখকের বিচারে—যেমন, ‘কাছারি’ (< *কৃত্যঘরিক/ কৃত্য-অগরিক; অনুমানের প্রমাণ মধ্য বাঙলা কচহরি)। তেমনি গয়নার নাম ‘বাউটি’ (< বাহুপট্টিক)।

দুই, কিছু ক্ষেত্রে বিদেশি শব্দও উৎসরূপে গণ্য হয়— দাদা (< ফারসি দাদ্দিহ ‘ন্যায়বিচারক, ঈশ্বর, বড় ভাই’), হাঁড়ির নামান্তর ‘তিজেল’ (< পর্তুগীজ tigella)।

তিন, প্রায়শ ব্যুৎপত্তি বিচার করতে গিয়ে বিমিশ্রণ বা জোড়কলম গঠনের সাহায্য নেন— ‘ঝাঁপি’ (< ঝাঁপ ‘ঢাকনা’ + থলি/ নলী), ঘোমটা (< ঘোজ্য অর্থ ‘আবৃত্ত + বৃত্ত’) প্রভৃতি।

চার, উৎসবিচার করতে গিয়ে একটি শব্দের পাশাপাশি অন্য সম্পর্কিত শব্দকেও পাঠকের সামনে তুলে ধরেন—যেমন, কোঠা, কোঠার, কুঠুরি, কোটাল ইত্যাদি। এগুলি সবই পৃথক শব্দ হলেও উৎসের দিক থেকে ‘কোঠা’ শব্দের সঙ্গে যুক্ত।

পাঁচ, উৎসবিচারের অনুষ্ণে প্রাচীন উল্লেখের মাধ্যমে তার সমর্থনও খুঁজে পেতে চান। যেমন, সংস্কৃত ‘উপকারিকা’ শব্দের অর্থ সদর, কাছারি, বৈঠকখানা। লেখক সেন রাজাদের অনুশাসনে এই শব্দটির প্রয়োগ উল্লেখ করেন এবং একে মধ্য বাঙলার ‘উয়ারি’ অর্থাৎ ‘সদরমহল’ শব্দের সঙ্গে সম্পর্কিত করতে চেয়েছেন (পৃ. ৫৪)।

অনেকসময় অবশ্য একটু সংশয়ও কাজ করে। যেমন, ‘রসগোল্লা’র ‘গোল্লা’। ‘গোলক’ থেকে ‘গোলা’ এলেও তাঁর প্রশ্ন ‘ল-কারের দ্বিত্ব হবে কেন?’ (পৃ. ৭৬)।

১.৪ প্রবন্ধ সংকলন: স্থাননাম প্রসঙ্গ

‘বাঙালীর ভাষা’ গ্রন্থটির অন্তর্গত আলোচিত প্রবন্ধটি ছাড়াও তাঁর প্রবন্ধ সংকলনে রয়েছে অসামান্য ও গুরুত্বপূর্ণ শব্দবিদ্যা সংক্রান্ত কয়েকটি প্রবন্ধ। স্থাননাম সম্পর্কিত এমনই একটি প্রবন্ধ হল ‘শব্দবিদ্যার আঁচড়ে কলকাতার স্কেলিটন’। এখানে কলকাতা শহরের পুরনো কতকগুলি স্থানের নাম আলোচনা করতে গিয়ে শহরের ইতিহাসের এক অনবদ্য রূপরেখা আঁকতে চেয়েছেন তিনি। স্থাননামগুলির শ্রেণিকরণ করতে গিয়ে নামের অন্ত্যে বসা শব্দগুলিকে প্রাধান্য দিয়েছেন। মূলত এগুলিই তাঁর ইতিহাস রচনার অন্যতম উপকরণ। স্থাননামগুলি তিনি অন্তত ছ’ভাগে শ্রেণিকৃত করেন—(ক) টোলা-অন্ত্যক নাম; (খ) পাড়া- অন্ত্যক; (গ) তলা-অন্ত্যক ; (ঘ) বাজার-অন্ত্যক; (ঙ) হাট/ হাটা-অন্ত্যক; (চ) বাগান-অন্ত্যক।

(ক) টোলা-অন্ত্যক: সুকুমার বাবুর মতে টোলা হল জীবিকা কার্যের জন্য অস্থায়ী, অপোক্ত আবাস। ব্রাহ্মণ পণ্ডিতেরা এইসব অস্থায়ী আবাসে বিদ্যাশিক্ষা দিতেন, যার নাম টোল। কলকাতায় একটু নিম্নস্তরের জীবিকা-আশ্রয়ীরা থাকত এইসব টোলায়। বস্তুত, এরকম জীবিকাধারীদের নাম অনুযায়ী তৈরি হয়েছে কাঁসারিটোলা, জেলেটোলা, পটুয়াটোলা প্রভৃতি স্থান। টোলা ছোট হলে ‘টুলি’, যেমন কুমোরটুলি।

(খ) পাড়া- অন্ত্যক: যে-অঞ্চলে স্থায়ী নিবাস, তার নাম পাড়া দিয়ে। পাড়া হত উঁচুদরের বস্তুনির্মাতা আর ব্যবসায়ীর নামে। এখানেই পাড়া আর টোলার তফৎ। যেমন, কাঁসারিপাড়া, গোয়ালপাড়া, ছুতোরপাড়া প্রভৃতি।

(গ) তলা-অন্ত্যক: কোনো কোনো স্থাননামে ব্যবহৃত ‘তলা’ এসেছে হিন্দি ‘তলাও’ (<সং তড়াগ) থেকে। যেমন, নোনাতলা, ডোমতলা ইত্যাদি। আবার স্থানীয় উল্লেখযোগ্য গাছের নামের সঙ্গেও ‘তলা’ যুক্ত—বটতলা, চাঁপাতলা, তালতলা ইত্যাদি। তেমনি কোনো স্থান বা অঞ্চলের পুকুরের নামও যুক্ত হয়েছে—ঝামাপুকুর, বেনেপুকুর প্রভৃতি।

(ঘ) বাজার-অন্ত্যক: বাজার-যুক্ত নামেরও অস্তিত্ব রয়েছে। ব্যক্তি নাম বা পদবির সঙ্গে সংযুক্ত হয়েছে—বাজার। দৃষ্টান্তস্বরূপ, Bow সাহেবের বাজার হল ‘বউবাজার’। ‘জন’

সাহেবের নামে পরিচিত বাজার 'জানবাজার'। আবার অন্য দৃষ্টান্তও রয়েছে। 'বাগবাজার' হল আসলে 'বাঁকবাজার' (কারণ এই অঞ্চলে নদী বাঁক নিয়েছে)।

(ঙ) হাট/ হাটা অন্ত্যক: কলকাতা খাঁটি শহর হলেও এখানে গোড়া থেকেই হাট বসার প্রচলন ছিল। পরবর্তী সময়ে কলকাতায় অবশ্য হাটের জায়গায় প্রাধান্য পাচ্ছে বাজার (যেমন, শ্যামবাজার, বড়বাজার ইত্যাদি)। তবে হাট রয়ে গেছে কয়েকটি নামের মধ্যে—গরাণহাটা, গোরুহাটা, দরমাহাটা প্রভৃতি।

(চ) বাগান-অন্ত্যক: -বাগান যুক্ত বেশ কিছু স্থাননামও অমিল নয় - বাদুড়বাগান, চালতাবাগান, গোয়াবাগান ইত্যাদি। সেকালে শহরের মানুষ বেশ বড়সড় বাগানবাড়ি তৈরি করতেন। পরবর্তী সময়ে বিক্রি হয়ে যাওয়া বাগানভাঙা বসতি ও পাড়ার নামের শেষে 'বাগান' সংযোজিত হয়েছে (প্রবন্ধ সংকলন, ১ম খণ্ড, পৃ. ১৫২)।

উল্লেখ্য, কলকাতার স্থাননাম নিয়ে আলোচনার বেশ কিছুটা অন্তর্ভুক্ত হয়েছে আচার্য সেনের 'বাংলা স্থাননাম' গ্রন্থটিতে (প্রবন্ধ সংকলন, ৪র্থ খণ্ড, পৃ.৬১৬-২০)।

অধ্যাপক সেনের আরেকটি মূল্যবান গ্রন্থ 'বাংলা স্থাননাম'; প্রবন্ধ সংকলনের চতুর্থ খণ্ডের এটি অন্তর্ভুক্ত। স্থাননাম নিয়ে গবেষণার (toponymy) গুরুত্ব জানাতে গিয়ে বিশিষ্ট ভাষাবিজ্ঞানী যথার্থই মন্তব্য করেছেন—"Place Names have a much older history, and as they perhaps started from the earliest stage of man's linguistic activity, they occupy greater importance for a language historian." (Singh 2023: 10)।

আলোচ্য গ্রন্থের দুটি পর্ব—প্রথম পর্বে আলোচিত হয়েছে তাত্ত্বিক দিকটি, আর দ্বিতীয় পর্বে স্থাননামের একটি সংক্ষিপ্ত 'নামকোশ'—যেখানে বর্ণিত হয়েছে বিভিন্ন স্থানের নাম, তার সম্ভাব্য উৎস ও প্রাসঙ্গিক বক্তব্য। প্রতিটি অন্তর্ভুক্তি (entry) বর্ণানুক্রমিক ভাবে সজ্জিত। স্থাননামগুলি মুখ্যত বর্ধমান, বীরভূম, বাঁকুড়া, মেদিনীপুর ও হুগলি জেলাভিত্তিক।

প্রথম পর্বটিতে আলোচিত হয়েছে স্থাননামের বৈচিত্র্য ও সমস্যা, স্থাননামে ব্যক্তি ও পদবির প্রভাব, প্রাচীন স্থাননাম প্রসঙ্গ এবং একইসঙ্গে স্থাননামের ভাষাবৈজ্ঞানিক পর্যালোচনা। লেখকের মতে, ব্যক্তিনামের থেকে স্থাননামের গুরুত্ব

অনেক বেশি। প্রধান কারণ: প্রথমত স্থাননাম কখনোই নিরর্থক নয়। যদিও ব্যক্তিনাম, বিশেষত ডাকনাম প্রায়শই নিরর্থক হয়। অবশ্য ধ্বনিপরিবর্তনের সুবাদেও স্থাননামের মূল অর্থ অস্বচ্ছ হয়ে উঠতে পারে। দ্বিতীয়ত, স্থায়িত্বের দিক থেকেও স্থাননাম বেশি মূল্যবান। ব্যক্তির প্রয়াণে ব্যক্তিনাম লুপ্ত হতে পারে। কিন্তু ‘স্থাননাম দীর্ঘস্থায়ী, এমনকি চিরস্থায়ীও বলা যায়’ (প্রবন্ধ সংকলন, ৪র্থ খণ্ড, পৃ. ৫৯১)। সর্বোপরি স্থাননামের মধ্যে নিহিত থাকে জাতির আঞ্চলিক, সামাজিক এবং সাংস্কৃতিক ইতিহাস।

গ্রন্থের সূচনাতেই প্রাচীন উল্লেখের দিকে তিনি পাঠকের নজর আকর্ষণ করেন। জানিয়ে দেন, ভারতের ঐতিহ্যে যে কটি স্থাননাম পাওয়া গেছে, তার মধ্যে বৃক্ষনাম অন্যতম। কারণ বৃক্ষই ছিল স্থানের ‘দিশাচিহ্ন’। দৃষ্টান্তস্বরূপ, বৈদিক সাহিত্যে সবথেকে পুরনো স্থাননামের উল্লেখ রয়েছে শতপথ-ব্রাহ্মণে— ‘অন্যতঃ-প্লক্ষা’ ‘যার দুদিকে দুটি পাকুড় গাছ’ (প্র.সংকলন, ৪র্থ খণ্ড, পৃ. ৫৯২)। তেমনি ‘বট’ নিয়ে গ্রামনাম বঙ্গদেশে পঞ্চম খ্রিস্টাব্দ থেকে মিলছে।

গঠন অনুসারে আচার্য সেন স্থাননামের দু’ধরনের শ্রেণিকরণ করেছেন—দ্বিক নামশব্দ, সাধারণত যা হল সমাসবদ্ধ—যেমন, নেতার হাট, বসির হাট ইত্যাদি। অনেকসময় এগুলি কালক্রমিক ধ্বনিপরিবর্তনের সুবাদে এক শব্দের গঠন হয়ে দাঁড়িয়েছে—যেমন, পাঁচড়া (< পঞ্চবটক), মন্দারণ (< মন্দারবন), বেলুড় (< বিল্বকূট) ইত্যাদি।

দ্বিতীয়ত, একক (এক শব্দাত্মক) নামশব্দ—এগুলির নামের শেষে স্বরধ্বনি থাকে, অথবা স্বার্থিক প্রত্যয় -ক (-কা) বা -ইক(-ইকা), -উক (-উকা) প্রত্যয়ের পরিণাম এগুলি। একক শব্দগুলি উদ্ভিদ, ভূমি-প্রকৃতি অথবা প্রধান অধিবাসীদের জাতি, বৃত্তি বা অবস্থান অনুসারে হতে পারে। যেমন, হুগলি (< হোগলা বন), বালি (< বালুকা), কাইতি (< কায়স্থ), কোটা (=পাকা বাড়ি) ইত্যাদি। আবার স্থাননাম আরবি-ফারসি শব্দজাত হতে পারে (যেমন, মেমারি < আরবি মামুরী ‘সমৃদ্ধ কৃষিস্থান’)।

আরো কয়েকটি গুরুত্বপূর্ণ পর্যবেক্ষণ—স্থাননামে পুনরাবৃত্তি (দমদম, ঠনঠনে < ঠনঠনিয়া প্রভৃতি)। দ্বিতীয়ত, লোকব্যুৎপত্তির কারণে মূল স্থাননাম পরিবর্তিত হতে পারে—ত্রিবেণী (< ত্রিপিণি) < তিরপুনি ‘গঙ্গার পুণ্যতীর’ (ছেলেভুলোনো ছড়ায় প্রাণ্ড) [< *তীরপুণ্যিক]। ‘ত্রিবেণী’ নামটি আধুনিক ঊনবিংশ শতকের সৃষ্টি। তৃতীয়ত,

স্থাননামে সংখ্যাশব্দের প্রাচুর্য—একলখি, দোমোহানি, নপাড়া, দশঘরা ইত্যাদি। চতুর্থত, স্থাননামে সংখ্যাশব্দের প্রাচুর্য—একলখি, দোমোহানি, নপাড়া, দশঘরা প্রভৃতি।

ঐতিহাসিক দৃষ্টিকোণ থেকে অধ্যাপক সেন নজর করেছেন, স্থাননামে ‘নগর’ ব্যবহৃত হতে শুরু করেছে ১৫-১৬শ শতক থেকে। আগে এর প্রচলন ছিল না একেবারে (চতুর্থ খণ্ড, পৃ. ৬০৪)। ‘পুর’ শব্দ প্রযুক্ত হচ্ছে অষ্টম-নবম শতক থেকে, যদিও ‘পাড়া’ আরো অর্বাচীন। ষোড়শ শতকের পরবর্তী সময় থেকে এর প্রয়োগ। আরেকটি তাৎপর্যপূর্ণ পর্যবেক্ষণ হল—মুসলমান অধিকারের পর থেকে স্থাননামে ব্যক্তিনাম ব্যবহৃত হতে শুরু করেছে প্রবল বেগে—দৃষ্টান্তস্বরূপ, রামপুর, দুর্গাপুর, শিবপুর ইত্যাদি (তদেব, পৃ. ৬০৭)।

তবে গ্রন্থে স্থাননামের উৎসবিচারে সীমাবদ্ধতার কথাও লেখক স্মরণ করেন—‘শব্দবিদ্যা ছাড়া অন্য প্রমাণ, বিশেষ করে ঐতিহাসিক প্রমাণ, না হলে কোনও নামকে অশ্রান্ত বলা চলবে না’ (পৃ. ৬০৯)। এই গ্রন্থেরই প্রথম সংস্করণের ভূমিকাতেও সুকুমার বাবু বলেন—‘নামকোশে যে ব্যুৎপত্তি দেওয়া হয়েছে তা অনেকক্ষেত্রেই বিশুদ্ধ linguistic speculation; তবু তার কিছু কিছু যে ঠিক সে বিষয়ে আমি নিঃসন্দেহ’। তিনি জানান, শব্দবিদ্যার সূত্রের ব্যতিক্রমের কারণ সাদৃশ্য ও লোকধারণা। গ্রামনামের বিবর্তনে সাদৃশ্য (analogy) ও লোকব্যুৎপত্তির (folk etymology) প্রভাব যথেষ্ট পরিমাণে রয়েছে।

স্থাননাম নিয়ে আরেকটি গুরুত্বপূর্ণ প্রবন্ধ হল সংকলনের প্রথম খণ্ডের অন্তর্ভুক্ত ‘স্থাননাম রহস্য’। এখানে কিছু নতুন তথ্যের জোগান রয়েছে। যেমন, ড.সেন জানান, ভারতবর্ষে স্থাননামের ইতিহাস শুরু অশোকের শিলালিপিতে। এও জানতে পারি, বাঙলা স্থাননামের অন্তরালে অনেকসময় থেকে যায় গুরুত্বপূর্ণ ঘটনা— দৃষ্টান্তস্বরূপ, কলকাতার লালদীঘির কাছে ফ্যান্সি লেন এর দৃষ্টান্ত। কোম্পানির আমলে লালদীঘির নিকটবর্তী কেপ্লায় ফাঁসি দেওয়া হত, তা থেকেই এই নামকরণ (প্রবন্ধ সংকলন, প্রথম খণ্ড, পৃ. ১১৩-১৪)। তেমনি তুচ্ছ বস্তুকে উপলক্ষ করেও নামকরণ হয়েছে— যেমন, পাঁশকুড়া (< * পাংশুকূট < * পাশকুণ্ড = ছাইয়ের গাদা), নিমতিতা (< *নিম্বতিক্ত) ইত্যাদি। অধিবাসীদের নাম অনুযায়ীও হতে পারে গ্রামের নাম— বৈষ্ণব

প্রাধান্যের দরুন শ্রীখণ্ড, বৈদ্যদের জীবিকা অনুসারে বৈদ্যবাটি ইত্যাদি। লিপিবিত্রাটেও স্থাননামের বিকৃতি ঘটতে পারে—যেমন, শক্তিগড় (< সাঁকো টিকর ‘উঁচু স্থানের সাঁকো’)। লোকের মুখে মুখে প্রচলিত ‘সাঁকটিগড়’ বাঙলায় হয়ে উঠেছে ‘শক্তিগড়’।

তৃতীয় খণ্ডের অন্য একটি প্রবন্ধে (‘পরিচিত কয়েক স্থানের নাম’) লেখক কিছু স্থাননামের উৎস নিয়ে আলোচনা করেছেন। মোট সাতটি গুরুত্বপূর্ণ স্থান এখানে বর্ণিত। এগুলি সবই হল ইস্টার্ন রেলের মেনলাইন স্টেশন—হাওড়া, লিলুয়া, বেণুড় ইত্যাদি।

১.৪.১ প্রবন্ধ সংকলন: মিষ্টান্ন ও খাদ্য প্রসঙ্গ

বাঙালির প্রিয় মিষ্টান্ন নিয়ে সংকলনে আরো কিছু প্রবন্ধ রয়েছে। যেমন, প্রথম খণ্ডের অন্তর্গত ‘শব্দের মৃগয়ায় মিষ্টান্ন’। এ প্রবন্ধের অনেক তথ্যই অবশ্য পরবর্তীতে প্রকাশিত ‘সিদ্ধার্থ জিজ্ঞাসা’য় ঠাই পেয়েছে। তবে নতুন কিছু তথ্যেরও সম্মান মেলে। যেমন, সুকুমার বাবুর মতে ‘বাতাসা’ শব্দের (< সং বাত+ত্রাস) সঙ্গে যোগ রয়েছে ‘বাতাস’ শব্দের (প্রথম খণ্ড, পৃ ১৫৫)। ‘পানতুয়া’ শব্দটি সম্বন্ধে জানান, এখানে ঘটেছে ‘পানি’ অর্থ জল আর ফারসি ‘তু-’ এর (‘আকর্ষণীয় বস্তু’) সংযোগ (তদেব, পৃ. ১৫৭)। যদিও ‘সিদ্ধার্থ জিজ্ঞাসা’য় একটু ভিন্ন মত পোষণ করেন—তিনি বলেন, এর মানে হল ‘পানিতে (অর্থাৎ জলে) থুয়া (রেখে দেওয়া)’ (পৃ.৭৭)। অনুরূপ, প্রথম খণ্ডের ‘ শব্দের মৃগয়া : বাঙালীর মিষ্টান্ন’ নিবন্ধের অধিকাংশ তথ্য ঠাই পেয়েছে পূর্বোক্ত ‘সিদ্ধার্থ জিজ্ঞাসা’ প্রবন্ধটিতে।

উল্লেখ্য, তৃতীয় খণ্ডের প্রবন্ধ ‘রুটি-লুচি-পুরি’ প্রবন্ধটির অনেকাংশই সংকলিত হয়েছে ‘সিদ্ধার্থ জিজ্ঞাসা’ প্রবন্ধে। তবে প্রথম খণ্ডে এমন কিছু তথ্যও আছে, দ্বিতীয়টিতে যা উল্লিখিত নয়। দৃষ্টান্তস্বরূপ, প্রথম প্রবন্ধে লেখক জানান, রুটির উৎপত্তি অর্বাচীন সংস্কৃত ‘রোটিকা’ থেকে। সেটি পাওয়া গেছে আনুমানিক খ্রীষ্টীয় দ্বাদশ শতকে প্রাপ্ত আমাদের কবিরাজী গ্রন্থে (প্রবন্ধ সংকলন, তৃতীয় খণ্ড, পৃ. ৪২৭)। যদিও দ্বিতীয় প্রবন্ধটিতে তাঁর বক্তব্য ‘ রুটি শব্দ এসেছে হিন্দী থেকে। আসল মানে রুক্ষ, শুখনো, সংস্কৃত ‘রুষ্ট’ থেকে উদ্ভূত (সিদ্ধার্থ জিজ্ঞাসা, পৃ.৭৯)। তেমনি প্রথম প্রবন্ধে ‘পুরি’

সম্ভবত মূলে ছিল ‘পুড়ি’ (অর্থাৎ ‘পোড়া’), কারণ খাদ্যবস্তুর রঙ পোড়ার মতো। দ্বিতীয় প্রবন্ধে তাঁর মত, শব্দটি পুলির সমার্থক; যা হল চক্রাকার সুস্বাদু খাদ্য।

তৃতীয় খণ্ডের আরো একটি অসামান্য নিবন্ধ ‘বাঙালীর রন্ধন ভোজন’। ‘সিদ্ধার্থ জিজ্ঞাসা’র তুলনায় অনেক নতুন তথ্যের শুলুক-সন্ধান মেলে এখানে। যেমন, লেখক একটা মজার কথা আমাদের জানান—বাঙলায় ‘রসুইকর’ মানে রান্নার লোক; ওড়িয়া ভাষায় এটির সমার্থক ‘সুয়ার’ (< উৎপত্তি সদৃশ; জগন্নাথ মন্দিরের প্রধান রসুইকর)। বাঙালি এই শব্দ পরিত্যাগ করেছে শুচিতা রক্ষার জন্য; অন্তত সুকুমার বাবু তাই মনে করেন।

প্রসঙ্গত মনে রাখা দরকার, সুকুমার বাবুর রসসিদ্ধ গবেষকের দৃষ্টিভঙ্গি ধরা পড়ে তাঁর ‘রেলের পা-চালি’ (১৯৯০) পুস্তিকাটিতেও। ভারতের বিভিন্ন রেলস্টেশন প্ল্যাটফর্মের প্রসিদ্ধ খাবারের বিবরণ দিয়েছেন তিনি এখানে—দৃষ্টান্তস্বরূপ, পাণ্ডুর জোড়া মগু, আগ্রার মোরঝা, দিল্লি-আলিগড়ের কালাকাঁদ, মথুরার পেঁড়া প্রভৃতি (Singh 2023:38)।

তৃতীয় খণ্ডেই ‘শব্দের মৃগয়া’ প্রবন্ধে একটি নতুন প্রসঙ্গের অবতারণা করেন আচার্য সেন। বাঙালির প্রিয় মাছ এবং নামের উৎপত্তি নিয়ে আলোচনা—যেমন, রুই, কাতলা, চিতল, মৃগেল, চিংড়ি ইত্যাদি। লেখকের বাল্য স্মৃতিচারণাতেও দেখি, ছোটবেলায় মাছ ধরার স্মৃতি তাঁর মনে উজ্জ্বল হয়ে রয়েছে—‘মনে পড়ে, ...বড়ো বড়ো মাছ সব লাফিয়ে জাল ডিঙিয়ে জলে পালাচ্ছে, ছোট ছোট পোনা সব জেলেরা হাতে করে তুলে পুকুরে ছেড়ে দিচ্ছে।... এ ভালো লাগা এখনো ভুলতে পারিনি।’ (সেন ২০০১:২৬)। বর্তমান প্রবন্ধের স্বল্প পরিসরে তাঁর অমূল্য বক্তব্যের বিস্তারিত আলোচনা থেকে বিরত রইলাম। তৃতীয় খণ্ডের ‘শব্দের খনি থেকে ইতিহাসের টুকরো’ অবশ্য অনেকাংশেই ‘সিদ্ধার্থ-জিজ্ঞাসা’ প্রবন্ধে আলোচিত। নতুন করে তা নিয়ে আর বলার কিছু নেই।

১.৪.২ প্রবন্ধ সংকলন: অন্যান্য প্রবন্ধ

তৃতীয় খণ্ডের ‘কিছু বাংলা শব্দের ব্যুৎপত্তি-সন্ধান’ প্রবন্ধে নতুন এক পরিকল্পনা লক্ষ্য করি। বেশকিছু চলিত কথ্য শব্দের উৎস নির্ণয় করতে চেয়েছেন সুকুমার বাবু।

বর্ণানুক্রমে সাজানো মোট একাত্তরটি শব্দ সম্পর্কে খুব সংক্ষেপে বক্তব্য পেশ করেছেন লেখক। লেখার ছাঁদ থেকে মনে হয় একটা আভিধানিক পরিকল্পনা হয়তো তাঁর ছিল। আলোচিত শব্দের মধ্যে রয়েছে আছাড়, উপুড়, চিংপটাং, ফাউ প্রভৃতি। দৃষ্টান্তস্বরূপ, উপুড় (উবুড়) < সংস্কৃত উৎ+পুট (মানে উল্টো পাত্র), ঠাওর (অর্থ, স্পষ্ট করে তাকিয়ে দেখা) (< সং স্থাবর 'স্থির, অচঞ্চল' > প্রাকৃত ঠাবর > বাঙলা ঠাওর) ইত্যাদি।

প্রথম খণ্ডের 'শব্দের ইতিহাস' প্রবন্ধটি অভিনব। এটির ভূমিকাংশের গুরুত্ব নিয়ে আগেই আলোচনা করেছি (দ্র. ১.২)। প্রবন্ধটিতে লেখকের অন্যতম উদ্দেশ্য, শব্দের ব্যুৎপত্তির সঙ্গে অর্থের সামঞ্জস্য ঘটানো। যেমন, 'অভিনয়' শব্দের ব্যুৎপত্তি অভি+নেয় ('নী' ধাতুর গুণিত রূপ)। 'নী' ধাতুর অর্থ 'টেনে বা ঠেলে নিয়ে যাওয়া'। উপসর্গ 'অভি-'র মানে, 'সামনে ডাইনে-বাঁয়ে, এদিক-ওদিক'। অথচ অর্থের দিক থেকে এই ব্যুৎপত্তি যেন ঠিক খাপ খায় না। আচার্য সেনের মতে, এই উৎস ভুল নয়। আসলে পুতুলনাচে মানুষের প্রতীক পুতুলগুলোকে সুতোয় ধরে যথেষ্ট এদিক-ওদিক সরানো হত। বস্তুত, এই ব্যাখ্যাই অভিনয়ের নিহিত অর্থ ব্যাখ্যা করে (পৃ.১৮৯)। এইভাবেই এই প্রবন্ধে বেশকিছু অনুসর্গের উৎস নিয়েও গুরুত্বপূর্ণ তথ্য পাঠকের কাছে তুলে ধরা হয়েছে।

প্রথম খণ্ডে একই নামে ভিন্ন একটি প্রবন্ধ 'শব্দের মৃগয়া' অন্তর্ভুক্ত হয়েছে। এখানে আচার্য সেন প্রধানত নারীর অলঙ্কার সংক্রান্ত শব্দাবলীর ব্যুৎপত্তি নির্ণয় করেছেন (যেমন, বালা, চুড়ি, কাঁকণ, পৈঁছা, তাড়ু, মল ইত্যাদি) এবং প্রাচীন সাংস্কৃতিক ইতিহাসের প্রেক্ষিতে শব্দগুলি বিচার করতে চেয়েছেন। উল্লেখ্য, 'সিদ্ধার্থ-জিজ্ঞাসা'য় বসন-ভূষণ সম্পর্কিত আলোচনায় এই প্রসঙ্গ আবারও এসেছে। সেখানে পুরুষের অলঙ্কার নিয়েও মন্তব্য রয়েছে।

কথাশেষ

শব্দের উৎস ও অনুসন্ধান নিয়ে আচার্য সুকুমার সেনের চিন্তাশুদ্ধ গবেষণাই ছিল বর্তমান প্রবন্ধের মূল আলোচ্য বিষয়। বস্তুত, ভাষাবিজ্ঞানের আলোচনায় শব্দ ছিল তাঁর প্রধান নির্ভর। ভাষাবিজ্ঞান চর্চা সুকুমার বাবুর কাছে মূলত শব্দবিদ্যার সাধনা। তাঁর সর্বাধিক পরিচিত ও সমাদৃত 'ভাষার ইতিবৃত্ত' (২০০৭) গ্রন্থেও দেখি, সূচিপত্রের

ভাষাবিজ্ঞানের অনুসন্ধান ‘শব্দবিদ্যা’ নামেই প্রতিষ্ঠিত। প্রকৃতপক্ষে, ভাষাবিদ্যা চর্চায় তিনি এক নতুন মেথডলজির জনক। কোনো জাতির সমাজ ও সাংস্কৃতিক অনুধাবনে শব্দ কীভাবে এক ভাষাবিজ্ঞান সম্মত উপকরণ (tool) হয়ে উঠতে পারে, ভবিষ্যৎ গবেষকদের সে-পথের দিশা তিনিই দেখিয়ে দিয়েছেন। ঐতিহাসিক না হয়েও সারাজীবন ইতিহাসের সাধনায় মগ্ন ছিলেন তিনি। তাঁর ইতিহাসচর্চার অন্যতম লক্ষ্য অতীত আর বর্তমানের মেলবন্ধন। সেই সেতুবন্ধন নির্মাণে শব্দই সুকুমার বাবুর মুখ্য অবলম্বন। শব্দের অন্তস্তল খনন করে একটু একটু করে আবিষ্কার করতে চেয়েছেন বাঙালির সমাজ-সাংস্কৃতিক প্রতিমার নিহিত চালচিত্র। তাঁর এই অন্তর্লীন প্রেরণা ভাবী প্রজন্মের কাছে অন্বেষণের এক দীপ্ত আলোকবর্তিকা হয়ে থেকে যাবে, এই স্বপ্ন ও বিশ্বাসে আমরা প্রাণিত।

শ্রদ্ধেয় নীহাররঞ্জন রায় একবার বলেছিলেন, অধ্যাপক অনেকে হয়, কিন্তু ‘আচার্য’ সবাই হয় না। ‘যে অধ্যাপক সত্যের সন্ধান করেন ও সেইমত জীবনাচরণ করেন, তিনিই আচার্য। অধ্যাপক শতে শতে মেলে, আচার্য কোটিকে গুটিক।’ (দ্র. ভট্টাচার্য ২০২০, পৃ.৪)।

সত্যাত্মশেষী এই জ্ঞানতাপসের একশ পঁচিশ বছরের শুভ জন্মবার্ষিকী উপলক্ষে তাঁকে জানাই আমার অকুণ্ঠ শ্রদ্ধা ও প্রণাম।

উল্লেখপঞ্জি

বাঙলা

চক্রবর্তী বরুণকুমার প্রমুখ (সম্পা.) (২০০৯): *তোমার সৃষ্টির পথ: আচার্য সুকুমার সেন স্মারক গ্রন্থ*। কলকাতা: অপর্ণা ডিস্ট্রিবিউটার্স।

ভট্টাচার্য কৃষ্ণা (২০২০) জ্ঞানতাপস সুকুমার সেন: তাঁর ভাষাতত্ত্বচর্চা—বাংলা ভাষার ব্যাকরণ। অপ্রকাশিত নিবন্ধ, সুকুমার সেনের ১২০তম জন্মবার্ষিকী উপলক্ষে অনুষ্ঠিত আলোচনাচক্রে পঠিত (৩রা মার্চ, ২০২০)। ভাষাবিজ্ঞান বিভাগ, কলকাতা বিশ্ববিদ্যালয়।

ভট্টাচার্য বিজনবিহারী (১৯৮৫): *বঙ্গভাষা ও বঙ্গসংস্কৃতি* । কলকাতা: আনন্দ পাবলিশার্স।

মজুমদার অভিজিৎ (২০০৬): 'ব্যাকরণের নির্মাণশিল্প ও ভাষাবিজ্ঞানী বিজনবিহারী'। বিশ্বভারতী পত্রিকা, এপ্রিল-জুন সংখ্যা। অমিত্রসূদন ভট্টাচার্য (সম্পা.), পৃ. ৭-২০।

রায় অলোক (২০১৬): *সুকুমার সেন (১৯০০-১৯৯২)* । প্রথম প্রকাশ: ২০০৩। কলকাতা: পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি।

সেন সুকুমার (১৯৯০): *রেলের পা-চালি* । কলকাতা: আনন্দ পাবলিশার্স।

--- (১৯৯৩): *বাংলা স্থাননাম* । প্রথম সংস্করণ: ১৯৩১। কলকাতা: আনন্দ পাবলিশার্স।

--- (১৯৯৪): 'সিদ্ধার্থ-জিজ্ঞাসা', অন্তর্গত: বাঙালীর ভাষা, সুকুমার সেন ও সুভদ্রকুমার সেন, ১৯৯৪। কলকাতা: পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি, পৃ. ৫১-৯৮।

--- (২০০১): *দিনের পরে দিন যে গেল* । অখণ্ড সংস্করণ। কলকাতা: আনন্দ পাবলিশার্স।

--- (২০০৩): *ব্যুৎপত্তি-সিদ্ধার্থ বাংলা-কোষ* । পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি।

--- (২০০৭): *ভাষার ইতিবৃত্ত* । প্রথম প্রকাশ: ১৯৩৯। কলকাতা: আনন্দ পাবলিশার্স।

--- (২০১৫): *সুখের স্মৃতি* । কলকাতা: সূত্রধর।

সেন সুকুমার ও সুভদ্রকুমার সেন (১৯৯৪): *বাঙালীর ভাষা* । প্রথম প্রকাশ: ১৯৯০। কলকাতা: পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি।

--- (২০১৪): *প্রবন্ধ সংকলন (সুকুমার সেন)* । ১ম খণ্ড। কলকাতা: আনন্দ পাবলিশার্স।

--- (২০১৭): *প্রবন্ধ সংকলন (সুকুমার সেন)* । ৩য় খণ্ড। কলকাতা: আনন্দ পাবলিশার্স।

--- (২০১৮): *প্রবন্ধ সংকলন* (সুকুমার সেন) । ৪র্থ খণ্ড। কলকাতা: আনন্দ পাবলিশার্স।

সেন সুনন্দনকুমার (২০২৫): ‘সুকুমার সেনের ইতিহাস চেতনা’। *Jadavpur Journal of Languages and Linguistics*, Volume No. 07, Issue 01, pp. 01-04.

--- (২০২৫): ‘শব্দ ও ভাষার ইতিহাসবিদ’। দেশ পত্রিকা, বইমেলা সংখ্যা। পৃ. ৯৭-১০১।

ইংরেজি

Bloch J. (1914-1920): *La formation de la langue marathe* (The Formation of the Marathi Language). Paris: Bibliothèque de l'École des Hautes Études, under its Sciences historiques et philologiques.

Chatterji S. K (1921): *The Origin and Development of the Bengali Language*, 2 parts, D.Litt Dissertation, University of London, School of Oriental Studies. Later Published by the Calcutta University Press (1926) and George Allen & Unwin, London (1970).

--- (1921): *A Brief Sketch of Bengali Phonetics*. London: International Phonetic Association.

Grierson G.A. (1927): *Linguistic Survey of India*. Vol 1. Part I. Calcutta: Government of India, Central Publication Branch.

Paul A.K. (2009): ‘Prof. Sukumar Sen and Linguistics’, In: B.K. Chakraborty *et al.* eds. (2009), p.497-500.

Richards J, J.Platt & H. Weber (1985): *Longman Dictionary of Applied Linguistics*. London: Longmans.

Saussure F.d. (1916): *Cours de Linguistique Ge'ne'rale*. translated from French by W.Baskin (1960), Course in General Linguistics. London: Peter Owen Ltd.

Sen S. (1971-72): *An Etymological Dictionary of Bengali*. C.1000-1800 A.D. Calcutta: Eastern Publishers.

Singh U.N. (2023): *Sukumar Sen (A Great Chronicler of Time)*. New Delhi: Sahitya Akademi.

Turner R.L. (1962-66): *A Comparative Dictionary of Indo-Aryan Languages*. London: Oxford University Press.

সহায়ক গ্রন্থ

বাঙলা

গঙ্গোপাধ্যায় মলয়া (২০২০): ভাষাচর্চার একাল সেকাল। কলকাতা: আনন্দ পাবলিশার্স।

চক্রবর্তী নীলিমা ও উদয়কুমার (২০২২): ভাষাচর্চা-ভাষাপ্রস্থান। কলকাতা: শ্রীমা প্রকাশনী।

ইংরেজি

Gray L.H. (1939): *Foundations of Language*. New York: The MacMillan Company.

Robins R.H. (1969): *A Short History of Linguistics*. 1st publ. 1967. London: Longmans.

ARTICLE

What is a Woman's Dialect? A look back at Sukumar Sen's 1928 work

Aditi Ghosh

aditi.gh@caluniv.ac.in

Abstract:

This paper explores the concept of sex-based linguistic variations, tracing its study from early structuralist traditions to more recent developments in sociolinguistics. Sukumar Sen's 1928 essay on women's dialect in Bengali serves as a central reference, documenting linguistic peculiarities attributed to women and placing these observations in a historical and cultural context. The essay is exhaustive, covering linguistic elements in Old, Middle, and New Indo-Aryan languages, as well as Bengali-specific features such as relationship words, proverbs, and euphemisms.

Keywords:

woman's dialect, Sukumar Sen, language and gender, sociolinguistic variations

Women's Dialect in Bengali by Sukumar Sen

Sukumar Sen's 100+ page essay titled *Women's Dialect in Bengali* (1978), was first published in 1928, in the *Journal of Letters of the University of Calcutta*. The original paper was based on a thesis which was submitted to a University Foundation. This work, as the name suggests, sought to list a set of female specific variations in Bengali. The study is partly fashioned after Jespersen's chapter on 'the Woman' in his seminal book *Language, it's Nature, Development and Origin* (Jespersen, 1922), published six years before Professor Sen's work was published. Professor Sen mentions this book in his introduction, and critiques it as well (p.9).

In the introduction, Professor Sen seeks to establish the premise of this investigation, i.e, the existence of an almost organic difference between male-female speech, in the human history.

“From the earliest days in the history of mankind, women have a special environment of her own. Men and women have different spheres of occupation. This is true for every country and of every people. Only, the difference may vary in different peoples and also in different periods. Thus, being the case there must have existed, even in those remote days when man began to speak, at least some difference between the speech of man and that of woman” (p.1).

In the introduction, he also tried to establish a rationale behind this difference. The first of which is an almost deterministic difference of in the “psychologies of man and woman” (p.1), which results from the normative workload distribution in a family.

“Woman is concerned with her home and children, and she is essentially timid and superstitious. But a man has to find food for his family; he has got to be bold and forward.” (ibid)

Though he uses the term ‘psychology’ to describe the differences, the following explanation was about differences arising out the social aspects such as, language contact or lack of it, which also results from

the workload distribution especially in 'backward societies' . "Man comes in greater touch with foreign peoples and alien tongues, while woman has no such opportunities. This accounts for the relative conservativeness of woman's speech in backward societies." (ibid)

So, though located firmly in the descriptive-structuralist tradition, from the very beginning, Sen was aware of the social roots of sex-based language differentiation, long before Sociolinguistics was established as a part of linguistic enquiry.

Fifty years later, this essay was published as a monograph by *Jijnasa*. By then Labov's (1966) works are published, and linguistics have started to accept social correlates as integral part of linguistic investigations. Sen, in his foreword to this book, re-evaluated the work as "not highly academic" (p. iii).

"Being incorporated in an academic journal this paper which is not highly academic did not draw the attention of scholars interested in the study of Linguistics." (ibid)

He also decided not to revise or update the work since, as he noted, such sex-based differences would have been erased in the upper strata of the society where men and women had been receiving equal opportunity in education. And since he has opportunity to study women's speech in the lower strata of the society, a revision was not feasible. These comments focus on the fact that the so-called sex-based differentiation, which was often taken as granted by some of the pioneers of the structuralist traditions is far more complicated than a simple male-female difference in language.

But before delving into the critical issues of the early studies on sex-based language variations, we may look into Professor Sen's extensive analysis of 'sex dialects' in Bengali and its origin.

Sen's work is one of the most exhaustive collections of language behaviours, which he considered to be specific to women, systematically arranged in 15 chapters. The first three chapters after

the introduction, go into the historical past of the language and discuss women's dialect in Old Indo-Aryan, Middle Indo-Aryan and New Indo-Aryan. However, from the very early instances itself, Professor Sen noted the problems in finding perceptible sex-based differences. In both the Vedic (p.3) and classical Sanskrit (p.7), he notes, sex dialects are practically non-existent. Only a few Vedic verses are ascribed to women poets which has some unique linguistic elements, but no conclusive evidence could be drawn from them. From the non-religious texts of Atharvaveda, he gave some examples including words associated with pregnancies (p.6). In classical Sanskrit, he gave examples such as *aa* 'a female friend' or *aaryaputra* 'lit son of Arya, or women's address to husband, but also used by servants to address their masters'. It may be important to note here that, for the words listed throughout this work, the term 'sex dialect' or 'woman's dialect' is used not only for the language that women use but also for words are terms that are used by all in association with women. For example, in the chapter on OIA, there are words such as *amaajur* 'an old woman residing with parents or parents' people'; *ptRsad* 'an unmarried woman living with her parents'; *anaatha* 'protectionlessness' etc. Needless to say, they are not exclusive part of women's speech.

The chapter on Middle Indo Aryan starts with challenging Jespersen's (1922) famous and controversial remark that men and women spoke different languages (Sanskrit and Prakrit respectively) in Indian drama owing to the socially inferior position of women. Sen calls it "pure assumption" (p.9), though he concedes that in certain categories of drama, women speak in Prakrit, but only because it is considered 'sweet and mellow' (p.10). He gives examples of Prakrit fragments of Sanskrit dramas, and Prakrit poems and other sources "apparently belonging to women's language" (p.10), including words such as *ajjaa* 'an young and /or unmarried woman', *aNusuuaa* 'an woman in advanced pregnancy; *akksaalaa* 'a slightly intoxicated woman'; *jaada* 'dear child (address)' *dummariNii* 'a beautiful woman'; *paaDiajjho* 'a man who takes a newly-wed girl to her husband's home from her

father's place'; *cheaa* 'smart woman'; relationship words such as *pupphaa* 'father's sister'; *bhaaujjaa* 'brother's wife'; expletives like *abbo* 'expressing joy, surprise, fear'; *haddii* 'expressing fear'; proverbial expressions such as *kiM gade viaahe Nakkhattaparikkhaae?* 'What is the use of looking for the starts when the marriage is over'; *sabbassa vallaho jaamaadaa bhodi* 'everyone is fond of ones' son-in-law'.

The rest of the chapters are dedicated to the search of the 'woman's dialects' in Bengali. Chapter four is the introduction to the language. Professor Sen gives two riders here. First, that his examples are restricted to the standard colloquial Bengali of West Bengal only. Second, many of the examples that he listed are also used by men. The rationale behind treating them as woman's dialect are extra-linguistic. He gives the example of *tele begune jwale oThaa* 'to fire up like brinjal in hot oil' explain this. Spoken by everybody whether man or woman, originated this proverb in the kitchen and therefore, 'properly' belong to 'women's vocabulary' (p.19).

In this chapter, he also gives some general characteristics of 'women's dialect'. These are – 'archaic' and full of 'pejoration and vulgarity' (though it is on the wane). (ibid)

The following five chapters discuss differences in the different categories of words and morphemes including,

Substantives – examples, *akaaaj* 'literally 'non-work' referring to some pointless work', *agun* 'literally having no quality, *anaacchiSTi* 'disorderly', *aadikhyata* 'too much extravagance', *eyo* 'married woman'.

Adjectives – *aallaadi* 'pampered, spoiled', *doSSi* 'naughty', *naacuni* 'someone who gets excited at everything. Literally, someone who dances all the time.'

Relation words – In this section the examples are mostly about address terms used by women specific to relations that are formed after

marriage, such as *dewor* ‘brother-in-law’, *nanod* ‘sister-in-law’, *bhaataar* ‘non-standard word for husband’, *bhaagni* ‘niece’. It may be mentioned here that men also acquire similar relations and relationship words through marriage (*Saala* ‘brother-in-law’, *Saali* ‘sister-in-law’; *bou*, *ginni* ‘words for wife’ etc.). Professor Sen does mention that Men have similar relations but these was not listed for (p. 30) obvious reasons (the man’s dialect is never studied).

Derivatives – *anii/ani* as in *kaandni* ‘crying’; *-antii* as in *kaajantii* ‘hand-working’, *nikhantii* ‘not taking any food’; *panaa* as in *satiipanaa* ‘a virtuous woman can no longer retain her chastity’; *-paanaa* as in *chanadpaanaa* ‘moon-like’.

Compounds – *kaalaamukhii* ‘black-faced’; *baap-sohaagii* ‘she who is especially fond of her father’; *sonaa-daanaa* ‘gold and jewelley’; *gayanaa-gaTi* ‘woman’s jewellery’

The following chapters move from words to phrases. Chapters ten and eleven explore noun and verb phrases. Example – *nanir putul* ‘a doll made of butter’; *sonar chand* ‘golden moon’; *chokher baali* ‘eyesore’.

As may be evident, these examples can be used by both men and women, as Professor Sen had already noted. However, the ensuing chapters give some examples of emotive speech stereotypically associated with women. The two following chapters deal with expressions, euphemisms and exclamatory and other emotive speech particles. In chapter twelve, he notes the speech taboos specific to married women. E.g., they are not allowed to call the husbands by their names or even ever pronounce their names in any contexts. Instead, they use third person pronouns such as *uni*, *tini* ‘he’. And in case the husband’s name is used in a context that cannot be avoided, they replace the first letter of the name, so *raam* would become *phaam*. He also notes that they are not allowed to mention the name of their parents and seniors. It may be noted here that in a traditional Bengali setting, men also did not call their wives by their names, instead they used *suncho* ‘are you listening’. In the same chapter he notes some

euphemistic expressions such as *baaranta* 'increasing' to denote 'wanting'; *aasaa* 'to come' to denote 'to go'; *lataa* 'creepers' for 'snake' etc. Of these, at least *aasaa* is used irrespective of genders. Chapter thirteen deals with vocative particles, which are most closely associated with women's speech. Examples, *olo*, *hyaanlo* for terms of address between equals of age; *-lo* as a sentence ending particle. He also gives examples of *bon*, *didi* as terms of address between equals and elders respectively. Exclamations such as *omaa maago* 'exclamatory particles using the word for mother'; *aah! chaai!* 'lit ashes but used as an expression of disgust'; *lakshmiti* 'lit. my tiny Lakshmi, used for mild persuasion'; *maathaa khaao* 'lit eat my head, used to make a request more compelling' etc. All the above, can be used by men as well.

Chapter fourteen is on personal names. At the beginning of this chapter Professor Sen states 'women are generally responsible for naming their children' (p.55). While this claim may be contested, the names he uses as example gives a great insight into the history of the desirability of a boy child as well as fear associated with infant mortality. E.g, *annaakaali* <*aar naa kaali* 'no more (of them) 'O Kaali'; *thaakamani* 'stop my jewel' chosen as names after the birth of several girl-children in succession; *ekkari*, *dokari* etc 'lit. one count of money' – chosen as names for a child born after several infant death, indicating an exchange of money with *yama* the embodiment of death'; *gobaar* 'lit. cow dung'; *nimaai* 'lit nim – a bitter fruit' – used to repulse evil spirits etc.

The fifteenth and final chapter is on proverbs that, according to Professor Sen is associated with women. At the beginning of the chapter, Sen talks about use of *charaa* of verses in their speech, especially in the context of a quarrel. "Bengali women- especially those who belong to the lower classes – are remarkably fond of spicing their talk with all sorts of broken verses and proverbs..... these proverbs are concerned with woman's own peculiar province..... relation between mother and her child...glorify the mother above all

other relations..... Cruel tortures of newly-wed girls... the *gharjaamaai* (son-in-law residing with this wife's people..... The neighbours — especially the womenfolk — are the worst enemy.... (p. 57).”

This chapter provides a long and fascinating list of proverbs, many of which have now fallen into disuse, reflecting social conditions and ideals of a lost time. Some examples are –

laaje bou bhaat khaan naa/ caaltaa heno graS

‘(as if) the daughter-in-law is so shy that she can hardly eat rice/ (in reality) she takes a large mouthful in each bite, as big as a Chalta fruit’

maaer dayaa nei, maaSir dayaa

‘The aunty is showing more kindness than mother’

porechi mogoler haate, khaanaa khete hobe Saathe

‘I have landed in a Moghul’s place, now I have to share their food’

oti baro gharani naa paaye ghar, ati boro sundori naa paaye bor

‘The super housekeeper does not get a house; the excessively beautiful girl does not find a husband’

Critical Problems in Early Studies

Exhaustive and interesting as it is, this work is not above critical assessments, many of which were initiated by Professor Sen himself in the introduction to the book.

As mentioned before, Professor Sen’s work was fashioned by Otto Jespersen’s 1922 book, which pioneered studies of women’s speech with a problematic ideological stance. This study is later criticised for its reliance on subjective intuition, native speaker judgments, and limited data, resulting in flawed generalizations about women’s language.

As may be seen from the examples, Profess Sen’s list of features for Women’s dialect includes linguistic elements that are not just

'dialects' or varieties that women use in their conversation, but also linguistic elements that are used by both men and women in connection with women and relationship words etc in the language connected with women or are used to describe the status etc of women (one can find similar words connected vis-a- vis men as well) and expressions that are quite frequently used by men as well, because they "properly belong to women's vocabulary"(p.19). However, identifying all these different types of examples as women's dialect is evidently problematic, as the term dialect is essentially used to denote a speech variety by a section of people, not that used by the rest of the population about that section.

Even in the linguistic features which are listed as variations associated with women's speech, as Professor Sen himself has pointed out, a large section cannot be categorised as sex-exclusive, but they are used by both men and women, perhaps to a greater degree by women compared to men. The problem here is that there is no objective measure to determine to what extent these features are female specific features. Instead, they can be best understood as features that are expected to be female by at least a section of the society. Professor Sen was conscious of this problem, especially during the publication of the book in 1978, which in the author's admission, did not have much additional information than the paper which was submitted fifty years before as the spread of education has "practically effaced the difference between linguistic habits of the sexes in the upper strata of the society" (p. iii).

Another critique of the work that Professor Sen offered is about the variable nature of the so-called women's dialect. In the introduction of this book which republished the essay he mentions that there are variations based on social strata, which are intrinsically associated with access to education. Hence, a large part of the so-called sex-based variations are, in effect, social variations.

Connected to the problem of (mis-)identifying social variations as sex variation is the early structuralist assumption that men and women's speech are like genetically determined independent dialects or languages. There were very little room to bring any other variables that may explain the sex-based variations in a more comprehensive as well as nuanced way.

Use of the term *dialect* brings along problems of its own. Dialect studies are essentially a study of the variation that differs from the standard. Using the term 'dialect' brings forth another ideological bias of the early structuralist tradition which studied women's speech as aberration from the "standard" male speech.

Advances in Sociolinguistics

Later sociolinguistic studies shifted focus to language as a practice within communities, examining how gender interacts with other social factors like class, age, and ethnicity. Early variationist sociolinguistic studies (Labov, 1966; Trudgill, 1972; Trudgill, 1974) tried to use empirical approaches to identify male-female differences. From the results of the early studies, it seemed that women tend to use more standardised variants compared to men. But soon from similar studies in different social contexts (Bakir, 1986), it became clear that no such sex-based generalisation is possible.

With the advances in gender studies, sex (as well as age, social class etc) as universal category is debated. Being a woman (or a man) may not 'mean' the same thing across societies, cultures and time. Penelope Eckert and McConnell-Ginet's (1992) concept of "communities of practice" connects gender and language to locally negotiated identities, rather than treating them as overarching categories. Judith Butler's (1988) theory of gender as performative highlights speech as a strategic act, where individuals conform to or resist societal expectations. Schilling-Estes's (1998) research on Ocracoke Island demonstrate how gendered speech is influenced by local identities and social networks.

In short, later advances in 'women's dialect' has moved beyond a subjective classification of male-female features and towards a more nuanced understanding of what it means to be a woman (or a man) and how language works with other social categories in the construction of a male or female identity through speech.

Conclusion

The search for Women's Dialect have moved from listing female-specific features and paved the path for a more pragmatic look towards the interrelationship between language and gender. Modern linguistic studies emphasize the importance of understanding gender not as a static binary but as a dynamic social construct intertwined with other facets of identity. The analysis of gendered speech now requires a more comprehensive perspective that includes local practices, cultural contexts, and individual agency. The early works, including Professor Sen's, laid the foundational groundwork nearly a century ago for the current advancements in the study of gender and language.

References

- Bakir, M. (1986). Sex Differences in the Approximation to Standard Arabic: A Case Study. *Anthropological Linguistics*, 28, 3-9.
- Butler, J. (1988). Performative Acts and Gender Constitution: An Essay in Phenomenology and Feminist Theory. *Theatre Journal*, 40(4), 519-31.
- Eckert, P., & McConnell-Ginet, S. (1992). Communities of practice: Where language, gender, and power all live. In K. Hall, M. Bucholtz, & B. Moonwomon, *Locating Power, Proceedings of the 1992 Berkeley Women and Language Conference* (pp. 89-99). Berkeley: Berkeley Women and Language Group.
- Eckert, P., & McConnell-Ginet, S. (1992). Think practically and look locally: Language and gender as community-based practice. *Annual Review of Anthropology*, 21, 461-490.

Jespersen, O. (1922). *Language, Its Nature, Development, and Origin*. United Kingdom: G. Allen & Unwin.

Labov, W. (1966). *The social stratification of English in New York City*. Washington DC: Center for Applied Linguistics.

Schilling-Estes, N. (1998). "Investigating 'self-conscious' speech: the performance of register in Ocracoke English. *Language in Society*, 27, 53-83.

Sen, S. (1978). *Women's Dialect in Bengali*. Kolkata: Jijnasa.

Trudgill, P. (1972). Sex, Covert Prestige and Linguistic Change in the Urban British English of Norwich. *Language in Society*, 1(2), 179–195.

Trudgill, P. (1974). *The social differentiation of English in Norwich*. Cambridge: Cambridge University Press.

Other Articles

পশ্চিমবঙ্গের আদিবাসী ভাষা: দ্বিভাষিকতা ও ভাষাসরণ

মীনা দাঁ

dan.mina@gmail.com

সারসংক্ষেপ:

সংবিধানে বা ভাষাগণনার দলিলে ট্রাইবাল ল্যাংগুয়েজ বলে কোনো শব্দবন্ধ বা শ্রেণীর উল্লেখ নাই, যদিও ভারতীয় সংবিধানে শিডিউল্ড ট্রাইব ও তার তালিকার স্পষ্ট উল্লেখ আছে। ইউনেসকোর নানান দায়িত্বের মধ্যে অন্যতম হল পৃথিবীর ভাষাবৈচিত্র্য সংরক্ষণের প্রয়াস করা। সেই উদ্দেশ্যে ইউনেসকো পৃথিবীর বিপন্ন ভাষাগুলিকে শনাক্ত করে সেগুলির একটি তালিকা প্রস্তুত করেছে, যেখানে তালিকাভুক্ত প্রতিটি ভাষার বিপন্নতার মাত্রাও নির্ধারণ করা হয়েছে। বলা বাহুল্য, সেই তালিকায় অনেকগুলি ভারতীয় ভাষাও স্থান পেয়েছে। বর্তমান প্রবন্ধে মূলত দুই ধরনের সরকারি দলিল – শিডিউল্ড ট্রাইব তালিকা ও ভাষাগণনার বিভিন্ন রিপোর্ট – এবং ইউনেসকোর বিপন্নভাষার তালিকা থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে দেখানো হয়েছে দ্বিভাষিকতা ও ভাষাসরণের কারণে পশ্চিমবঙ্গের আদিবাসী ভাষাগুলি কিভাবে বিপন্ন হয়ে উঠছে।

সূচক শব্দ:

পশ্চিম বঙ্গের আদিবাসী ভাষা, দ্বিভাষিকতা, ভাষাসরণ, ভাষার বিপন্নতা, ইউনেসকো স্কেল

১ ভূমিকা

পৃথিবীতে মোট ভাষার সংখ্যা কত? নির্দিষ্ট সংখ্যা জানা নেই, তবে অনির্দিষ্টভাবে ছ'হাজার থেকে সাতহাজারের মতো। তার মধ্যে প্রায় অর্ধেক ভাষাই আবার বিপন্ন বা এনডেঞ্জারড। ভাষাবিজ্ঞানীর মতে প্রতি দু'সপ্তাহে পৃথিবীর কোথাও না কোথাও গড়ে একটি করে ভাষার মৃত্যু হচ্ছে (Crystal 2007)। এনডিওরিং ভয়েসেস প্রকল্পের ১ রিপোর্ট অনুযায়ী 2100 সাল নাগাদ এই সাতহাজার ভাষার অর্ধেকের বেশির মৃত্যু হবে। যে ভাষাগুলির মৃত্যু হয় সেগুলি সাধারণত অপরিচিত বা অল্প পরিচিত কোনো গোষ্ঠীর মুখের ভাষা, যেটি ক্রমশ বিপন্ন হতে হতে একদিন শেষ হয়ে যায় কারণ ভাষাটি বলার মতো আর কোনো ভাষী অবশিষ্ট থাকে না। অধিকাংশ ক্ষেত্রেই এরকম ভাষাগুলি কোনো না কোনো দেশের আদিবাসীগোষ্ঠীর ভাষা। ভাষার এই রকম পরিস্থিতি ও পরিণতির প্রেক্ষাপটে এই প্রবন্ধে আমরা দ্বিভাষিকতা ও ভাষাসরণের নিরিখে পশ্চিমবঙ্গের আদিবাসী ভাষাগুলির হালচাল নিয়ে আলোচনা করব। পশ্চিমবঙ্গের বেশ কয়েকটি আদিবাসী ভাষার ওপর গভীর গবেষণামূলক কাজকর্ম হয়েছে ও হচ্ছে, কখনও প্রকল্পের মাধ্যমে, কখনও পিএইডি সন্দর্ভের বিষয়বস্তু হিসেবে, আবার কখনও বা নিছকই ব্যক্তিগত উদ্যোগে ও পরিসরে। কিন্তু এই সব গবেষণায় নির্দিষ্ট কিছু ভাষা সম্বন্ধে বিস্তারিত তথ্য পাওয়া গেলেও পশ্চিমবঙ্গের আদিবাসী ভাষার সাধারণ ও সামগ্রিক চিত্রটি অধরাই থাকে। সেই কারণে এই প্রবন্ধে মূলত ভাষাগণনা বা ল্যাংগুয়েজ সেন্সাসের তথ্য ব্যবহার করে আদিবাসী ভাষাগুলির সাধারণ গতিপ্রকৃতির ওপর আলোকপাতের প্রয়াস করব।

ভাষার ক্ষমতার তারতম্য থাকে। কোনো ভাষার শক্তি অনেক বেশি, আবার কোনো ভাষা নেহাৎই দুর্বল। ইংরিজি খুবই শক্তিশালী ভাষা, গ্লোবাল ল্যাংগুয়েজ, ইংরিজি জানা থাকলে সারা পৃথিবী জুড়েই অনেক সুবিধে ভোগ করা যায়। আর ইংরিজি মাতৃভাষা হলে তো ভাষার জোরেই ভাষী অন্য ভাষার ভাষীদের তুলনায় বেশি সুবিধাজনক অবস্থানে থাকে। সে তুলনায় বাংলাভাষার ক্ষমতা অনেক কম। কিন্তু পশ্চিমবঙ্গের নিরিখে বাংলাই সবচেয়ে বেশি ক্ষমতার অধিকারী। বাংলা এই রাজ্যের সরকারি ভাষাও বটে। আবার বাংলার তুলনায় কুরুখ, শবর, রাভা, লিম্বু, লেপচা, হো ইত্যাদি আদিবাসী ভাষা খুবই দুর্বল, কারণ এই সকল ভাষীরা আরও কোনো

ক্ষমতাসালী ভাষা না জানলে জীবনে এগিয়ে যাবার সুযোগ পায় না। পাশাপাশি দেখা যায় সাঁওতালি আদিবাসী ভাষা হওয়া সত্ত্বেও অন্যান্য আদিবাসী ভাষার তুলনায় ক্ষমতাসালী। ভাষার ক্ষমতার তারতম্য নির্ভর করে তার প্রাণশক্তি বা ভাইটালিটির তারতম্যের ওপর। ভাইটালিটি কম এমন ভাষাগুলিই দুর্বল, বিপন্ন। এগুলির নিশ্চিহ্ন হয়ে যাবার বা মৃত্যুর সম্ভাবনা অনেক বেশি। উল্টোদিকে ভাইটালিটি বেশি এমন ভাষাগুলির শক্তিও বেশি, ফলে নিজেদের অস্তিত্ব টিকিয়ে রাখার লড়াইয়ে তারা নিরাপদ।

ভাষার প্রাণশক্তির হ্রাস-বৃদ্ধির অন্যতম কারণ হল মাতৃভাষীর সংখ্যা – এই সংখ্যা হ্রাস পেলে ভাষার প্রাণশক্তিতে টান পড়ে। হ্রাস পাওয়ার একটি কারণ – যদি ভাষীরা নিজের ভাষা ছেড়ে অন্য ভাষা ব্যবহার করে তাহলে একদিকে যেমন একটি ভাষার ভাষীসংখ্যা হ্রাস পায়, অন্যদিকে তেমনই অন্য কোনো ভাষার ভাষীসংখ্যা বৃদ্ধি পায়। এই রকম হ্রাস-বৃদ্ধির প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ ভূমিকা নেয় দ্বিভাষিকতা বা বাইলিংগুয়ালিজম ও ভাষাসরণ বা ল্যাংগুয়েজ শিফট।

বর্তমান প্রবন্ধের প্রথম ভাগে প্রবন্ধের আলোচ্য বিষয়বস্তুর ওপর আলোকপাত; দ্বিতীয় ভাগে পশ্চিমবঙ্গের ভাষা ও আদিবাসী ভাষাগুলির পরিচয়; তৃতীয় ভাগে দ্বিভাষিকতা ও ভাষাসরণ নিয়ে আলোচনা; চতুর্থ ভাগে ভাষাবিপন্নতার আলোচনা ও পঞ্চম বা শেষ ভাগে পুরো আলোচনার একটি উপসংহার পেশ করা হয়েছে।

২ পশ্চিমবঙ্গের ভাষা ও আদিবাসী ভাষার তালিকা

আদিবাসী শব্দটিকে যেকোনো সরকারি দলিলে ট্রাইব বলে উল্লেখ করা হলেও কোনো দলিলেই ট্রাইবাল ল্যাংগুয়েজ শব্দবন্ধটির ব্যবহার নেই, যদিও সাধারণের মুখে মুখে এটি বহু ব্যবহৃত। ভারতীয় সংবিধানে তফশিলী উপজাতি বিষয়ক আর্টিকল ৩৪২-তে ট্রাইব শব্দটির অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যবহার দেখা যায়, কিন্তু ট্রাইবাল ল্যাংগুয়েজ শব্দবন্ধটির ব্যবহার সংবিধানে কোথাও নেই। সরকারি ভাষাগণনার দলিলেও শব্দবন্ধটি অনুপস্থিত, ফলে তার কোনো সংজ্ঞাও কোথাও দেওয়া নেই। ভাষাবিজ্ঞান বা নৃবিজ্ঞানও ট্রাইবাল ল্যাংগুয়েজের কোনো সংজ্ঞা দেয় না। শব্দবন্ধটির মান্যতারও অভাব, যে কারণে আদিবাসী ভাষা গবেষণার ক্ষেত্রে এই ভাষাগুলিকে নির্দেশ করতে

পৃথিবী জুড়ে বিভিন্ন ধরনের শব্দবন্ধ ব্যবহারের চল রয়েছে – যেমন, অ্যাবরিজিনাল ল্যাংগুয়েজ, লেসার-নোন ল্যাংগুয়েজ, ফোক ল্যাংগুয়েজ, মাইনরিটি ল্যাংগুয়েজ, ইনডিজেনাস ল্যাংগুয়েজ ইত্যাদি। শব্দবন্ধগুলির সীমাবদ্ধতাও আছে। যেমন, ভারতে সাঁওতালি আদিবাসী ভাষা হলেও মাইনরিটি ল্যাংগুয়েজ নয়। এই প্রবন্ধে আমরা এই সব নামবিতর্কে ঢুকব না। পশ্চিমবঙ্গের সরকারি ওয়েবসাইটে যেহেতু ট্রাইবকে আদিবাসী বলা হয় এবং সেখানে ভাষার প্রসঙ্গও থাকে (adibasikalyan.gov.in), সেই যুক্তিতেই আমরা আদিবাসী ভাষা শব্দবন্ধটিই ব্যবহার করব।

ট্রাইবাল ল্যাংগুয়েজ শব্দবন্ধের মতোই সেগুলির পূর্ণ তালিকাও লভ্য নয়। ভারতীয় আদিবাসী সম্প্রদায়ের ক্ষেত্রে সাধারণত দেখা যায় যে তাদের মুখের ভাষার নাম ও সম্প্রদায়ের নাম অভিন্ন – সাঁওতাল সম্প্রদায়ের ভাষা সাঁওতালি, গোন্ডি সম্প্রদায়ের ভাষা গোন্ডি, ভিল সম্প্রদায়ের ভিলি বা ভিলোড়ি, রাভা সম্প্রদায়ের রাভা ইত্যাদি। *Language Atlas of West Bengal 2011*-র অ্যানেক্সচার-১-এর টেবিলগুলির তথ্যের ভিত্তিতে ও উল্লিখিত প্রতিটি আদিবাসী সম্প্রদায় ভারতীয় কোনো রাজ্য বা কেন্দ্র শাসিত অঞ্চলে তফশিলী উপজাতিভুক্ত কিনা তা যাচাই করে এই তালিকাটি প্রস্তুত করা হয়েছে। আদিবাসী ভাষাগুলি ভারতের প্রধান চারটি ভাষা-পরিবারের অন্তর্ভুক্ত। এই তালিকার অনেকগুলি ভাষাই মূলত বলা হয় পশ্চিমবঙ্গের বাইরে।

	ভাষার নাম	পশ্চিম বঙ্গে মোট ভাষী	ভাষা-পরিবার	প্রধানত বলা হয়
1	*সাঁওতালি	24,29,073	অ-এ	প ব, ঝাড়খন্ড
2	কুরুখ/ওরাওঁ	1,71,909	দ্রা	ঝাড়খন্ড, প ব
3	মুন্ডা	43,686	অ-এ	ঝাড়খন্ড, উড়িষ্যা, প ব
4	*বোড়ো	42,739	ভো-ব	আসাম
5	কোডা/কোরা	40,741	অ-এ	প ব
6	মুন্ডারি	29,594	অ-এ	ঝাড়খন্ড, উড়িষ্যা

পশ্চিমবঙ্গের আদিবাসী ভাষা: দ্বিভাষিকতা ও ভাষাসরণ

7	শবর	24,915	অ-এ	উড়িষ্যা
8	রাভা	14,387	ভো-ব	আসাম, প ব
9	কিসান	10,277	দ্রা	উড়িষ্যা, প ব
10	লেপচা	8,637	ভো-ব	প ব, নেপাল, ভুটান
11	তিব্বতী	8,500	ভো-ব	উত্তর ভারত, সিকিম
12	ভূমিজ	6,977	অ-এ	ঝাড়খন্ড
13	খড়িয়া	6,876	অ-এ	ঝাড়খন্ড
14	হো	6,055	অ-এ	ঝাড়খন্ড, উড়িষ্যা, প ব
15	মালতো	5,057	দ্রা	বিহার, প ব, ঝাড়খন্ড
16	ভুটিয়া	4,293	ভো-ব	সিকিম, ভুটান
17	তামাং	3,821	ভো-ব	নেপাল, সিকিম, প ব
18	*মনিপুরি	2,010	ভো-ব	মনিপুর
19	কোরওয়া	2,009	অ-এ	ছত্তিশগড়
20	গারো	1,729	ভো-ব	মেঘালয়
21	শেরপা	1,311	ভো-ব	নেপাল, সিকিম
22	লিম্বু	921	ভো-ব	নেপাল, ভুটান, সিকিম, দার্জিলিং
23	ভিলি/ভিলোড়ি	689	ই-ই	রাজস্থান
24	গোন্ডি	605	দ্রা	মধ্যপ্রদেশ

25	আদি	527	ভো-ব	অরুণাচল
26	লুশাই/মিজো	523	ভো-ব	মিজোরাম
27	খোন্দ/কোক	402	দ্রা	উড়িষ্যা
28	খাসি	232	অ-এ	মেঘালয়
29	পরজি	151	দ্রা	ছত্তিশগড়
30	টুলু	136	দ্রা	কর্ণাটক
31	পাশতো	118	ই-ই	আফগানিস্তান
32	বিষ্ণুপুরিয়া	26	ই-ই	আসাম, ত্রিপুরা
33	কোন্ডা	14	দ্রা	অন্ধ্রপ্রদেশ
34	খান্দেশি	8	ই-ই	মহারাষ্ট্র
35	গদব	5	অ-এ	উড়িষ্যা
36	জাটাপু	4	দ্রা	উড়িষ্যা
37	কুই	3	দ্রা	উড়িষ্যা
38	কুর্গি/ কোডণ্ড	2	দ্রা	কর্ণাটক
39	নিকোবরী	2	অ-এ	নিকোবর
40	কোয়া	1	দ্রা	অন্ধ্রপ্রদেশ
41	অন্যান্য ভোট-বর্মী	2,395	ভো-ব	

টেবিল-1: পশ্চিমবঙ্গের আদিবাসী ভাষার তালিকা

টেবিল-1-এর দ্বিতীয় কলামে ভাষার নাম; তৃতীয় কলামে পশ্চিমবঙ্গে ভাষীর সংখ্যা; চতুর্থ কলামে ভাষাটি কোন ভাষা-পরিবারভুক্ত তার নাম ও পঞ্চম কলামে প্রধানত কোথায় সেটি বলা হয় তার উল্লেখ রয়েছে।

41নং সারিটি বাদ দিলে এই তালিকায় রয়েছে 12টি ভোট-বর্মী (ভো-ব) পরিবারের ভাষা; 12টি অস্ট্রো-এশিয় (অ-এ) পরিবারের ভাষা; 11টি দ্রাবিড় (দ্রা) পরিবারের ভাষা ও 4টি ইন্দো-ইউরোপীয় (ই-ই) পরিবারের ভাষা। *Language Atlas of West Bengal 2011*-র রিপোর্ট অনুযায়ী পশ্চিমবঙ্গে ভোট-বর্মী পরিবারের আদিবাসী ভাষার সংখ্যা 61 (2011:20)। অতএব বলাই যায় যে 41 নং সারিতে আছে ভোট-বর্মী পরিবারের 49টি ভাষা। আদিবাসী ভাষাগুলির মধ্যে সাঁওতালি, মনিপুরি ও বোড়ো – এই তিনটি ভাষা তফশিলভুক্ত বা শিডিউল্ড।

আদিবাসী ভাষা ছাড়াও পশ্চিমবঙ্গে আরও রয়েছে দ্রাবিড় পরিবারের তেলুগু, তামিল, কন্নড় ও মালয়লম ভাষার ভাষী; ইন্দো-আর্য পরিবারের অসমীয়া, হিন্দি, নেপালি, গুজরাটি, কাশ্মিরি, পঞ্জাবি, মারাঠি, ওড়িয়া ইত্যাদি ভাষার ভাষী; আর ইন্দো-আর্য নয়, কিন্তু ইন্দো-ইউরোপীয় পরিবারের ইংরিজির ভাষী। আর আছে সংখ্যাগরিষ্ঠ বাংলাভাষীরা।

2011-র ভাষাগণনার রিপোর্ট অনুযায়ী পশ্চিমবঙ্গের মোট জনসংখ্যার (9,12,76,115) 96.65% বলে ইন্দো-আর্য পরিবারের বিভিন্ন ভাষা; অস্ট্রো-এশিয় পরিবারের ভাষা ভাষী হল 2.84%; দ্রাবিড় পরিবারের ভাষা বলে 0.34%; আর ভোট-বর্মী ভাষা ভাষী 0.10%। বাংলাভাষীর সংখ্যা 7,86,98,852।

প্রশাসনিক মর্যাদার নিরিখে পশ্চিমবঙ্গের সরকারি বা অফিশিয়াল ভাষা দুটি - বাংলা ও ইংরিজি। এর পাশাপাশি আছে 11টি অতিরিক্ত সরকারি ভাষা বা অ্যাডিশনাল অফিশিয়াল ভাষা - নেপালি, উর্দু, হিন্দি, ওড়িয়া, সাঁওতালি, পঞ্জাবি, কামতাপুরি, রাজবংশী, কুরমালি, কুরুখ ও তেলুগু। এই 11টির মধ্যে 5টি - সাঁওতালি, কামতাপুরি, রাজবংশী, কুরমালি ও কুরুখ - আদিবাসী ভাষা। 2011-র সেন্সাসে রাজবংশী ও কুরমালিকে যথাক্রমে বাংলা ও হিন্দির অন্তর্গত মাতৃভাষা বা মাদার টাং২ হিসেবে তালিকাভুক্ত করা হয়েছে। তাই ওপরের তালিকায় এই দুটিকে আলাদা করে দেখানো সম্ভব হয়নি। সেন্সাসে কামতাপুরির কোনো উল্লেখই নেই। তবে কোনো কোনো দলিলে রাজবংশী/কামতাপুরি বলে উল্লেখ দেখা যায়, অর্থাৎ একই ভাষার দুটি নাম হিসেবে সাব্যস্ত করা হয় (Ray 2018, Wikipedia etc.)।

৩ দ্বিভাষিকতা ও ভাষাসরণ

দুটি ভাষা ব্যবহার করতে পারার ক্ষমতাকে বলে দ্বিভাষিকতা বা বাইলিংগুয়ালিজম। ব্যাপক পরিধির ভাষাসংযোগ বা ল্যাংগুয়েজ কন্ট্যাক্টের কারণে দ্বিভাষিকতার সৃষ্টি হয়। যেমন, পশ্চিমবঙ্গের বীরভূম জেলার বোলপুর সাবডিভিশনের শান্তিনিকেতনে দেখা যায় সাঁওতালী ভাষীরা সাঁওতালি ও বাংলা দুটি ভাষাতেই দ্বিভাষিক। কোনো একক ব্যক্তির দ্বিভাষিকতাকে বলে ব্যক্তি দ্বিভাষিকতা বা ইনডিভিজুয়াল বাইলিংগুয়ালিজম, আর পুরো সম্প্রদায়ের দ্বিভাষিকতা হল সামাজিক দ্বিভাষিকতা বা সোসিয়েটাল বাইলিংগুয়ালিজম। দ্বিভাষিকতার চরিত্র প্রধানত দু'ধরনের – যখন দ্বিতীয় ভাষাটি প্রথম ভাষার ক্ষেত্রে কোনো বাধা সৃষ্টি না করে ভাষীর ভাষা সামর্থ্য ও সম্পাদনে পাশাপাশি অবস্থান করে ও উভয় ভাষারই উন্নতি ঘটে তখন সেই দ্বিভাষিকতাকে বলে সংযোগী-দ্বিভাষিকতা বা অ্যাডিটিভ বাইলিংগুয়ালিজম। এটি ভাষীর সার্বিক ভাষাদক্ষতাকে সমৃদ্ধ করে। এর বিপরীতে, যখন দ্বিতীয় ভাষাটি প্রথম ভাষাটির ক্ষেত্রে বাধার সৃষ্টি করে এবং ক্রমশ প্রথম ভাষার স্থানটি দখল করে নিতে থাকে, ফলে ভাষীর প্রথম ভাষার দক্ষতা ক্রমশ হ্রাস পেতে থাকে তখন সেই দ্বিভাষিকতাকে বলে বিয়োগী-দ্বিভাষিকতা বা সাবট্র্যাকটিভ বাইলিংগুয়ালিজম। এটি ভাষীর সার্বিক ভাষাদক্ষতার অবনতি ঘটায়।

ভাষাসরণ বা ল্যাংগুয়েজ শিফট ও ভাষাসংরক্ষণ বা ল্যাংগুয়েজ মেইনটেন্যান্স – এই দুই প্রক্রিয়াতেই দ্বিভাষিকতার গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। সংযোগী-দ্বিভাষিকতার গতিপ্রকৃতি ভাষাসংরক্ষণমুখী; বিপরীতে বিয়োগী-দ্বিভাষিকতার ফলে হয় ভাষাসরণ।

2001-এর সেল্লাস-ভিত্তিক *LSI*-তে (2011:24-32) প্রকাশিত পশ্চিমবঙ্গের ছ'টি ভাষার ভাষীদের দ্বিভাষিকতার তথ্য-পরিসংখ্যান টেবিল-2-তে পেশ করা হল। প্রথম দুটি ভাষা, বাংলা ও নেপালি, তফশিলভুক্ত ভাষা। পরের চারটি ভাষা, মুন্ডারি, কোরা/কোডা, বোড়ো ও ভুটিয়া, আদিবাসী ভাষা। বোড়ো তফশিলভুক্ত ভাষা।

পশ্চিমবঙ্গের আদিবাসী ভাষা: দ্বিভাষিকতা ও ভাষাসরণ

প্রথম ভাষা	মোট ভাষী	একভাষিক	দ্বিভাষিক	দ্বিতীয় ভাষা	মোট
বাংলা	6,83,6 9,255	5,73,94,4 68	1,09,74, 787	ইংরিজি 82,93,397 হিন্দি 23,86,095 অনাভা 2,18,545	1,08,9 8,037
				সাঁওতালি 46,929 মুন্ডারি 2,565 কোডা/কোরা 1,641 বোড়ো 319 অন্যান্য 25,296	76,750
নেপালি	10,22, 725	5,67,493	4,55,232	ইংরিজি 82,038 হিন্দি 3,16,881	4,49,4 70

				বাংলা 50,551	
				ভুটিয়া 321 সাঁওতালি 52 বোড়ো 15 কোডা/কোরা 1 অন্যান্য 5373	5,762
মুন্ডারি	32,571	9,858	22,713	বাংলা 17,953 হিন্দি 4,322 ইংরিজি 211 নেপালি 39	22,525
				অন্যান্য 188	188

পশ্চিমবঙ্গের আদিবাসী ভাষা: দ্বিভাষিকতা ও ভাষাসরণ

কোরা/কোডা	33,218	8,578	24,640	বাংলা 23,879 হিন্দি 527 ইংরিজি 119	24,525
				অন্যান্য 115	115
বোড়ো	37,654	10,918	26,736	বাংলা 23,658 হিন্দি 1,814 নেপালি 650	26,122
				অন্যান্য 614	614
ভুটিয়া	6,508	1,689	4,819	নেপালি 3, 011 হিন্দি 880 ইংরিজি 818	4,809

				বাংলা 100	
				অন্যান্য 10	10

টেবিল-2: পশ্চিমবঙ্গে দ্বিভাষিকতার তথ্য

প্রতিটি ভাষার পঞ্চম কলমের প্রথম সারিতে দ্বিতীয় ভাষা হিসেবে রয়েছে আদিবাসী নয় বা না-আদিবাসী ভাষা। বাংলা, ইংরিজি, হিন্দি ও নেপালি বাদে বাকি না-আদিবাসী ভাষাগুলিকে দলবদ্ধভাবে বলা হয়েছে ‘অনাভা’ (অন্য না-আদিবাসী ভাষা)। আর ঠিক তার নিচেই দ্বিতীয় সারিতে রয়েছে আদিবাসী ভাষাগুলি। এই সারিতে ‘অন্যান্য’ বলতে বোঝানো হচ্ছে অন্যান্য আদিবাসী ভাষা, ভাষাগণনার রিপোর্টে যেগুলির ভাষীর সংখ্যা 10,000-এর কম। প্রথম কলমে প্রথম ভাষা বা মাতৃভাষার নাম, যেমন বাংলা। দ্বিতীয় কলমে বাংলাভাষীর মোট সংখ্যা (6,83,69,255); তৃতীয় কলমে তাদের মধ্যে একভাষিকদের সংখ্যা (5,73,94,468); চতুর্থ কলমে দ্বিভাষিকদের সংখ্যা (1,09,74,787); পঞ্চম কলমে দ্বিভাষিকদের কতজনের দ্বিতীয় ভাষা কি - সেই ভাষাগুলির নাম ও ভাষীর সংখ্যা এবং ষষ্ঠ কলমে দ্বিতীয় ভাষা হিসেবে মোট কতজন না-আদিবাসী ও আদিবাসী ভাষা বলে তার সংখ্যা, দুটি সারিতে দেওয়া।

টেবিল-2 পশ্চিমবঙ্গের দ্বিভাষিকতার তিনটি স্পষ্ট দিকনির্দেশ করেছে - (১) আদিবাসী ভাষার ক্ষেত্রে একভাষিকের তুলনায় দ্বিভাষিকের সংখ্যা বেশি, কিন্তু তফশিলভুক্ত সরকারি ভাষা বাংলা ও নেপালির ক্ষেত্রে দ্বিভাষিকের তুলনায় একভাষিকের সংখ্যা বেশি (তৃতীয় ও চতুর্থ কলম)। অর্থাৎ আদিবাসী ভাষার ভাষীদের দ্বিভাষিকতার প্রবণতা বেশি। (২) ভুটিয়া ছাড়া অন্য আদিবাসী দ্বিভাষিকদের অধিকাংশেরই দ্বিতীয় ভাষা বাংলা। বাংলাই এ রাজ্যের সবচেয়ে ক্ষমতাসালী ভাষা। অর্থাৎ দ্বিভাষিকতা ক্ষমতাসালী ভাষা অভিমুখী বা ক্ষমতা অভিমুখী। এখানে প্রশ্ন উঠতে পারে ভুটিয়াভাষীদের নিয়ে। কিন্তু একটু তলিয়ে ভেবে দেখলে দেখা যাবে যে ভুটিয়াভাষীদের দ্বিভাষিকতার অভিমুখ একই রকম, আলাদা নয়। কারণ

ভুটিয়াভাষীদের নিকটতম সংযোগ-সংস্পর্শের ক্ষমতামালা ভাষা হল নেপালি। তাদের দ্বিভাষিকতা তাই স্বাভাবিকভাবেই নেপালি অভিমুখী। পশ্চিমবঙ্গে ভুটিয়া জনসংখ্যার প্রধান ঘনত্ব (5,636) দার্জিলিং জেলায় (LSI 2011:19), যেখানে নেপালিভাষীর সংখ্যা 7,39,830 (LSI 2011:15) ও বাংলাভাষীর সংখ্যা 4,57,380 (LSI 2011:13)। এ ছাড়াও আছে এখানকার নিজস্ব ভূ-রাজনীতি। অর্থাৎ দেখা যাচ্ছে, পশ্চিমবঙ্গে আদিবাসী ভাষীদের দ্বিভাষিকতার অভিমুখ তাদের হাতের নাগালের নিকটতম ক্ষমতামালা ভাষার দিকেই। (৩) দ্বিভাষিকতার এই পরিসংখ্যানের মধ্যে সংযোগী ও বিয়োগী – দু’ধরনের দ্বিভাষিকতাই বর্তমান।

ওপরের পর্যবেক্ষণের তিনটিই দ্বিভাষিকতার নিজস্ব বৈশিষ্ট্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। তৃতীয়টির অন্তর্গত বিয়োগী-দ্বিভাষিকতার কারণেই হয় ভাষাসরণ। সমাজবিজ্ঞানীদের ব্যাখ্যায় ভাষাসরণ হল – পূর্বপুরুষের চিরাচরিত বা ট্র্যাডিশনাল মুখের ভাষা ছেড়ে অন্য কোনো অচিরাচরিত ভাষাকে নিজের ভাষা করে নেওয়া। চিরাচরিত ভাষা হল কারুর পূর্বপুরুষ যে ভাষা বলত সেই ভাষা। আর অচিরাচরিত হল যে ভাষাটি সে নিজে তার পরিপার্শ্ব থেকে সংযোগ-সংস্পর্শের মাধ্যমে শেখে (Ishtiaq 1999:10)। ভারতীয় আদিবাসী গোষ্ঠীর ভাষাসরণ বিশ্লেষণ করে ইশতিয়াক (1999) দেখিয়েছেন যে শিক্ষা, মাথাপিছু আয়, অ-প্রাথমিক অর্থনৈতিক ক্ষেত্র, চিরাচরিত বিশ্বাসের পরিবর্তনের মতো বিষয়গুলি ভাষাসরণকে নিয়ন্ত্রিত করে; ভাষাসরণ ক্ষমতা-অভিমুখী, আর এই ক্ষমতার ভাষা হতে পারে বহুবিধ – সেই অঞ্চলের কোনো আঞ্চলিক ভাষা বা কোনো আন্তর্জাতিক ভাষা অথবা আর কোনো আদিবাসী ভাষা, যেটির ক্ষমতা যে আদিবাসী ভাষা থেকে ভাষাসরণ ঘটছে তার তুলনায় বেশি; ভাষাসরণ একটি চলমান কিন্তু ধীর প্রক্রিয়া; সংখ্যাগুরু ভাষার সীমানায় যে আদিবাসীগোষ্ঠীদের অবস্থান তাদেরই ভাষাসরণের মাধ্যমে নিজেদের ভাষিক পরিচিতি বদলে ফেলার প্রবণতা বেশি; ভাষাসরণ কখনও ঘটে জ্ঞাতসারে, কখনও আবার অজ্ঞাতেই; সারা ভারত জুড়ে স্বল্প-পরিচিত আদিবাসী ভাষার ক্ষেত্রেই ভাষাসরণ ঘটে, তবে তা বিভিন্ন মাত্রায় ঘটে ও ভাষাসরণে দুর্বল ভাষাগোষ্ঠী তাদের ভাষিক পরিচিতি হারায়।

এবার দেখা যাক ভাষাগণনার দলিল থেকে পশ্চিমবঙ্গের আদিবাসীগোষ্ঠীর মাতৃভাষা সম্বন্ধে কি তথ্য পাওয়া যাচ্ছে। *Language Atlas of West Bengal 2011*-এর 186-8 পৃষ্ঠায় মুদ্রিত পশ্চিমবঙ্গের প্রধান আদিবাসীগোষ্ঠীগুলির মাতৃভাষা বণ্টনের পরিসংখ্যানের ওপর ভিত্তি করে নিচের 3নং টেবিলটি প্রস্তুত করা হয়েছে।

	আদিবাসী গোষ্ঠীর নাম আদিবাসী জনসংখ্যার %	প্রথম মাতৃভাষা	দ্বিতীয় মাতৃভাষা	তৃতীয় মাতৃভাষা	অন্যান্য মাতৃভাষা
1	সাঁওতাল 25,12,331 47.43%	সাঁওতালি 22,02,444 87.67%	বাংলা 2,71,559 10.81%	হিন্দি 20,374 0.81%	17,954 0.71%
2	কুরুখ/ওরাওঁ 6,43,510 12.15%	হিন্দি 3,69,659 57.44 %	কুরুখ/ওরাওঁ 1,47,507 22.92 %	বাংলা 1,02,335 15.90%	24,009 3.73%
3	ভূমিজ 3,76,296 7.10%	বাংলা 3,60,483 95.80%	হিন্দি 10,608 2.82%	সাঁওতালি 2,423 0.64%	2,782 0.74%
4	মুন্ডা 3,66,386 6.92%	বাংলা 1,87,056 51.05%	হিন্দি 1,01,566 27.72%	মুন্ডা 35,198 9.61%	42566 11.62%

5	কোরা	বাংলা	কোডা/কোরা	সাঁওতালি	7,173
	1,59,404	1,03,983	36,812	11,436	4.50 %
	3.01%	65.23%	23.09%	7.17%	

টেবিল-3: পশ্চিমবঙ্গের পাঁচটি প্রধান আদিবাসীগোষ্ঠীর মাতৃভাষা

2011-র ভাষাগণনার পরিসংখ্যান-ভিত্তিক ওপরের টেবিল-3 পশ্চিমবঙ্গের প্রধান পাঁচটি আদিবাসীগোষ্ঠীর ভাষাসরণের একটি স্পষ্ট ছবি তুলে ধরেছে। দ্বিতীয় কলমে রয়েছে কোনো একটি তফশিলী আদিবাসীগোষ্ঠীর পশ্চিমবঙ্গে মোট জনসংখ্যা ও সেটি পশ্চিমবঙ্গের মোট আদিবাসী জনসংখ্যার কত শতাংশ। যেমন পশ্চিমবঙ্গে সাঁওতালগোষ্ঠীর মোট জনসংখ্যা 25,12,331, যা পশ্চিমবঙ্গের মোট আদিবাসী জনসংখ্যার 47.43%। তৃতীয় থেকে ষষ্ঠ কলমে পাওয়া যাচ্ছে যথাক্রমে প্রতিটি আদিবাসীগোষ্ঠীর কতজন ও কত শতাংশ কোন ভাষাগুলিকে তাদের মাতৃভাষা বলে নথিভুক্ত করিয়েছে। যেমন সাঁওতাল গোষ্ঠীর জনসংখ্যার 87.67% (22,02,444) ভাষীর মাতৃভাষা সাঁওতালি, 10.81% (2,71,559)-এর বাংলা, 0.81% (20,374)-এর হিন্দি ও 0.71% (17,954)-এর অন্যান্য ভাষা। এই কলমগুলি প্রতিটি মাতৃভাষার ভাষীসংখ্যার হ্রাসমান ক্রম অনুসারে সাজানো।

সাঁওতালগোষ্ঠীর ক্ষেত্রে 87.67% তাদের চিরাচরিত ভাষিক পরিচিতি বা ল্যাংগুয়েজ আইডেন্টিটি সংরক্ষণ করেছে, কিন্তু বাকিদের ক্ষেত্রে ঘটেছে ভাষাসরণ, বদলে গেছে তাদের মাতৃভাষা ও একই সঙ্গে তাদের চিরাচরিত ভাষিক পরিচিতি। কুরুখ/ওরাওঁ এবং কোরা/কোডা-র ক্ষেত্রে দেখা যাচ্ছে ভাষাসরণ হয়েছে আরও বেশি – তাদের চিরাচরিত ভাষার ভাষীসংখ্যা নেমে গেছে চতুর্থ কলমে (যথাক্রমে 22.92% ও 23.09% মাত্র) এবং এই সংখ্যাকে ছাপিয়ে গেছে যথাক্রমে হিন্দি ও বাংলা মাতৃভাষীর সংখ্যা। ভাষাসরণের পরিমাপ হল তৃতীয়, পঞ্চম ও ষষ্ঠ কলমের যোগফল। মুন্ডাগোষ্ঠীর ভাষাসরণ আরও বেশি – এখানে চিরাচরিত মুন্ডাভাষা নেমে গেছে পঞ্চম কলমে (9.61% মাত্র)। ভাষাসরণ সবচেয়ে বেশি মাত্রায় হয়েছে ভূমিজগোষ্ঠীর।

তাদের চিরাচরিত ভাষা ষষ্ঠ কলমে আদৌ আছে কিনা তা এই পরিসংখ্যান থেকে বোঝা যায় না।

টেবিল-3-এর থেকে পশ্চিমবঙ্গের ভাষাসরণ ও ভাষাসংরক্ষণের যে বৈশিষ্ট্যগুলি স্পষ্ট হচ্ছে তা হল - (১) ভাষাসংরক্ষণের মাত্রা সর্বাধিক সাঁওতালগোষ্ঠীর। (২) ভাষাসরণের মাত্রা সর্বাধিক ভূমিজগোষ্ঠীর। (৩) ভাষাসরণ অধিকাংশ ক্ষেত্রেই সবচেয়ে ক্ষমতালী সরকারি ভাষা বাংলামুখী। (৪) ভাষাসরণের অভিমুখ সেই অঞ্চলের ক্ষমতালী ভাষার দিকে - বাংলা, হিন্দি ও সাঁওতালির দিকে। (৫) যে দ্বিভাষিকতা এই ভাষাসরণের উৎস তা চরিত্রে যুগপৎ বিয়োগী এবং সামাজিক।

৪ ভাষার বিপন্নতা

শক্তিক্ষয়ের কারণে প্রাণশক্তি ক্ষয় হয়ে ভাষা দুর্বল হয়, দুর্বল ভাষা বিপন্ন হয়। ভাষাসরণের ফলে পশ্চিমবঙ্গের আদিবাসী ভাষা দুর্বল হয়ে বিপন্নতা প্রাপ্ত হয়। এই অংশে আমরা আদিবাসী ভাষাগুলি কতটা বিপন্ন সেদিকে নজর দেব।

একটি ভাষা তখনই বিপন্ন হতে শুরু করে যখন তার ভাষীরা ভাষাটি ব্যবহার করা বন্ধ করে দেয়, যতগুলি ভাববিনিময়-ক্ষেত্রে বা কম্যুনিকেশন ডোমেইনে ভাষাটি ব্যবহার করত তার সংখ্যা ক্রমশ হ্রাস পেতে থাকে এবং ভাষাটির এক প্রজন্ম থেকে অন্য প্রজন্মে স্বাভাবিকভাবে বয়ে চলার গতি রুদ্ধ হয় (UNESCO Ad Hoc Expert Group on Endangered Languages 2003:2)। একটি বিপন্ন ভাষার নিশ্চিহ্ন বা মৃত হয়ে যাবার ঝুঁকিও থাকে।

জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা ইউনেসকো-র একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব হল পৃথিবীর ভাষাবৈচিত্র্যকে বাঁচিয়ে রাখা। এই দায়িত্ব পালনের জন্য বিপন্ন ভাষাগুলিকে চিহ্নিত করে সেগুলির সুরক্ষার বন্দোবস্ত করা খুবই জরুরি। এই কাজের জন্য ইউনেসকো ছ'টি লক্ষ্যকে নির্দিষ্ট করেছে - ভাষায় (১) এক প্রজন্ম থেকে অন্য প্রজন্মের স্বাভাবিক আয়ত্তীকরণ ঘটছে কিনা, (২) ভাষীর মোট সংখ্যা, (৩) মোট জনসংখ্যার ও ভাষীসংখ্যার অনুপাত, (৪) ভাষার যে ভাববিনিময়-ক্ষেত্রগুলি আছে সেগুলির প্রবণতা কোন দিকে - সংকোচন না প্রসারণ, (৫) নতুন কোনো

ভাববিনিময়-ক্ষেত্র বা প্রচারমাধ্যম সৃষ্টি হচ্ছে কিনা ও (৬) ভাষাশিক্ষা ও সাক্ষরতার উপকরণ লভ্য কিনা।

উপরোক্ত ছ’টি লক্ষণ বিচার-বিশ্লেষণ করে কোনো ভাষার বিপন্নতার মাত্রা কতটা তা নির্ধারণ করা হয়। এই ছ’টি লক্ষণের ভিত্তিতে প্রস্তুত হয়েছে ছয় মাত্রার একটি ইউনেসকো স্কেল। এই স্কেলটির এক প্রান্তে আছে সেফ বা বিপন্নতাহীন নিরাপদ ভাষাগুলি ও অন্য প্রান্তে আছে এক্সটিংক্ট বা মৃত ভাষা, যেগুলি বিপন্নতার চরম মাত্রা অতিক্রম করে হারিয়ে গেছে। এই দুই প্রান্তের মাঝে আছে চার মাত্রার বিপন্নতা – ভালনারেবল, সবচেয়ে কম মাত্রার বিপন্নতা, যার অবস্থান সেফ বা নিরাপদ প্রান্তের পরেই। এই মাত্রাটিকে বলা যাক বিপন্নতা মাত্রা ১। এর পরের ধাপ হল ডেফিনিটলি এনডেঞ্জারড, যাকে আমরা বলব বিপন্নতা মাত্রা ২। এর পরের ধাপ সিভিয়ারলি এনডেঞ্জারড বা বিপন্নতা মাত্রা ৩। এর পরের ধাপ হল ক্রিটিকালি এনডেঞ্জারড, যা মৃত ভাষা প্রান্তের সবচেয়ে নিকটবর্তী, এইটি হবে বিপন্নতা মাত্রা ৪। তাহলে স্কেলটি দাঁড়াল নিচের মতো।

নিরাপদ বিপন্নতা মাত্রা ১ বিপন্নতা মাত্রা ২ বিপন্নতা মাত্রা ৩ বিপন্নতা মাত্রা ৪ মৃত

Safe |-----|-----|-----|-----|-----| Extinct

(Vulnerable) (Definitely Endangered) (Severely Endangered) (Critically Endangered)

আমরা এযাবৎ ভাষাগণনার পরিসংখ্যানের ভিত্তিতে দেখেছি যে পশ্চিমবঙ্গের প্রধান আদিবাসী গোষ্ঠীগুলিতে বিয়োগী-দ্বিভাষিকতা ও তজ্জনিত ভাষাসরণের উল্লেখযোগ্য উপস্থিতি। এই দুটি প্রক্রিয়াই আদিবাসী ভাষাকে বিপন্ন করে তোলে। এবার দেখা যাক ওপরের স্কেল অনুসারে ইউনেসকো তার নিজস্ব তালিকায় এই রাজ্যের আদিবাসী ভাষাগুলিকে কতটা বিপন্ন বলে নির্ধারণ করেছে।

1.	কুরুখ/ওরাওঁ	বিপন্নতা মাত্রা ১	4.	মুন্ডারি	বিপন্নতা মাত্রা ১
2.	*বোড়ো	বিপন্নতা মাত্রা ১	5.	শবর	বিপন্নতা মাত্রা ১
3.	কোডা/ কোরা	বিপন্নতা মাত্রা ১	6.	রাভা	বিপন্নতা মাত্রা ১
			7.	লেপচা	বিপন্নতা মাত্রা ২

8.	ভূমিজ	বিপন্নতা মাত্রা ১	17.	আদি	বিপন্নতা মাত্রা ১
9.	খড়িয়া	বিপন্নতা মাত্রা ১	18.	লুশাই/ মিজো	বিপন্নতা মাত্রা ১
10.	হো	বিপন্নতা মাত্রা ১	19.	পরজি	বিপন্নতা মাত্রা ৪
11.	মালতো	বিপন্নতা মাত্রা ২	20.	টুলু	বিপন্নতা মাত্রা ১
12.	তামাং	বিপন্নতা মাত্রা ১	21.	বিষ্ণুপুরিয়া	বিপন্নতা মাত্রা ১
13.	কোরওয়া	বিপন্নতা মাত্রা ১	22.	কোন্ডা	বিপন্নতা মাত্রা ২
14.	শেরপা	বিপন্নতা মাত্রা ১	23.	গদব	বিপন্নতা মাত্রা ৪
15.	লিম্বু	বিপন্নতা মাত্রা ২	24.	কুই	বিপন্নতা মাত্রা ১
16.	গোন্ডি	বিপন্নতা মাত্রা ১	25.	কুর্গি/কোডগু	বিপন্নতা মাত্রা ২

টেবিল-4: বিপন্নতার মাত্রা

ইউনেস্কোর বিপন্ন ভাষার তালিকার এই ভাষাগুলি শুধুমাত্র পশ্চিমবঙ্গে নয়, ভারতের অন্য রাজ্যেও ছড়িয়ে আছে। বলা বাহুল্য, এই তালিকা কেবলমাত্র পশ্চিমবঙ্গ নয়, প্রতিটি আদিবাসী ভাষার সর্বমোট ভাষীসংখ্যার নিরিখে প্রস্তুত। এই তালিকায় দেখা যাচ্ছে পশ্চিমবঙ্গের 41টি আদিবাসী ভাষার মধ্যে ২৫টিই বিভিন্ন মাত্রায় বিপন্ন। বিপুল পরিমাণ ভাষাসরণের ফল হিসেবে এই বিপন্নতা প্রত্যাশিত।

৫ উপসংহার

বিয়োগী-দ্বিভাষিকতা ও ভাষাসরণ ভাষাবিপন্নতার কারণ হলেও সম্পূর্ণ কারণ নয়। আরও নানান বিষয়ের জটিল সমাহারের কারণেই আদিবাসী ভাষাগুলির বিপন্নতা বেড়ে ওঠে। ভাষীদের ভাষামনোভঙ্গি বা ল্যাংগুয়েজ অ্যাটিচিউড তার মধ্যে অন্যতম। একটি ভাষাকে সেই ভাষার ভাষীরাই গুরুত্বপূর্ণ মনে না করলে তার বিপন্নতা তো বাড়েই। এছাড়াও আছে প্রশাসনিক সহায়তা ও প্রাতিষ্ঠানিক বৈষম্যের মতো

ইতিবাচক ও নেতিবাচক পরিস্থিতি যা একটি ভাষার ভবিষ্যৎ নির্ধারণ করে। তবে বর্তমান প্রবন্ধে ভাষাগণনার সরকারি দলিলকেই গুরুত্ব দেওয়া হয়েছে। অন্যান্য বিষয়ের আলোচনা এই পরিসরে নেই। এই প্রবন্ধে ইতি টেনে বলা যায় যে ভারতবর্ষ বহুভাষী দেশ হলেও এখানে বহুভাষিকতাই শেষ কথা নয়। এই বহুভাষিকতার গভীরে চোরাশ্রোতের মতো রয়েছে মৃত্যুমুখী বিপন্নতার টান, যে শ্রোতের ঘূর্ণী বিশেষ করে টেনে নেয় আদিবাসী ভাষাগুলিকে। পশ্চিমবঙ্গের আদিবাসী ভাষাগুলির অবস্থান এই চিত্রটিকেই স্পষ্ট করে তোলে।

টীকা

১. এনডিওরিং ভয়েসেস প্রকল্প: *Enduring Voices* হল Living Tongues Institute for Endangered Languages ও National Geographic Society-র নেওয়া একটি যৌথ প্রকল্প। প্রকল্পটির শুরু ২০০৭-এ এবং এটিতে ভাষার বিপন্নতা নিয়ে কাজ করা হয়।

২. ২০১১-র সেন্সাসে মাদার টাং-এর সংজ্ঞা দেওয়া হয়েছে: *Mother Tongue* is the language spoken in childhood by the person's mother to the person. If the mother died in infancy, the language mainly spoken in the person's home in childhood will be the mother tongue.

তথ্যসূত্র

C-16. Census of India 2011. Paper 1 of 2018, Language: India, States & Union Territories (Table C-16). Office of the Registrar General, India. 2a, Mansingh Road, New Delhi 110011. [*C-16 2011.pdf \(census.gov.in\)](#) (10.6.25)

Crystal, David. 2007. *By Hook or by Crook: A Journey in Search of English*. Harper Collins Publishers.

Edwards, John R. 2010. *Minority languages and group identity: Cases and categories*. Amsterdam and Philadelphia: John Benjamins.

Grenoble, A. Lenore. 2011. Language ecology and endangerment, in Austin K. Peter & Julia Sallabank (eds.), *The Cambridge Handbook of Endangered Languages*. Cambridge University Press, 27-44.

Ishtiaq, M. 1999. *Language Shifts Among the Scheduled Tribes in India: A geographical study*. Delhi: Motilal Banarsidass Publishers PVT. LTD.

Language Atlas of West Bengal 2011. Census of India. Office of the Registrar General & Census Commissioner of India. Ministry of Home Affairs. Govt. of India.

<https://censusindia.gov.in/ebook/2011/wb/mobile/index.html#p=10>
(10.6.25)

List of Endangered Languages in India (Sept 2022).

https://en.wikipedia.org/wiki/List_of_endangered_languages_in_India
(10.6.25)

LSI: West Bengal Part I. 2011. Language Division. Office of the Registrar General. India.

https://language.census.gov.in/eLanguageDivision_VirtualPath/LSI_Reports/pdf/8.pdf (10.6.25)

Ray, Hari Madhab. 2018. Numerals in Rajbanshi/Kamtapuri, in *Language in India*, Vol.18.9, September 2018, 209-222.
<http://www.languageinindia.com/sep2018/raynumeralscountingsystemrajbanshikamtapuri.pdf> (10.6.25)

Raza, Moonis, & Aijazuddin Ahmad. 1990. *Atlas of Tribal India*. Delhi: Concept Publishing.

Sen, Amartya. 2002. Introduction, in Das, S. (Ed.) *The Pratichi Education Report No.1*. 2002. Delhi: TLM Books & Pratichi Trust

Srishti, Richa. 2010. Language shift among tribal languages of India [a case study: Bihar undivided]. *Journal of Minimal Access Surgery*, vol.10, 167-89.

UNESCO Ad Hoc Expert Group on Endangered Languages. 2003. *Language Vitality and Endangerment*. Document submitted to the International Expert Meeting on UNESCO Programme Safeguarding of Endangered Languages Paris, 10–12 March 2003. <https://ich.unesco.org/doc/src/00120-EN.pdf> (10.6.25)

Links

Rajbangsi Bhasa. https://hif.wikipedia.org/wiki/Rajbangsi_bhasa (1.7.25)

<https://www.clearias.com/up/List-of-Scheduled-Tribes-India.pdf> (1.7.25)

<https://www.constitutionofindia.net/articles/article-342-scheduled-tribes-2/> (1.7.25)

<https://adibasikalyan.gov.in/> (1.7.25)

On examples: “anādinidhanam brahma śabdatattvam yadākṣaram”¹

Samir Karmakar

samir.karmakar@jadavpuruniversity.in

Abstract:

In each example, a story unfurls. In this issue of commemorating a legacy, I would like to go through the linguistic practice of using examples in unveiling the hidden intricacies of meaning-making-act with a focus on the Bangla (a.k.a Bengali) language. Examples play a pivotal role in the teaching and learning of grammar, serving as the only true bridge that connects the teacher, the text, and the learner. Through well-chosen examples, grammatical concepts move beyond abstract rules and become clear, relatable, and applicable. They allow the teacher to effectively communicate meaning, the text to illustrate usage, and the learner to internalize and apply the language. Without examples, grammar has the risk of becoming disconnected and ineffective. Anchoring grammar with the help of examples results in the integration of the teacher, the text, and the learner into a complex dynamic whole through which language manifests itself in space and time. Under this situation, this article tries to investigate the significance of examples in the grammatical works.

Keywords:

example, proposition, reason, application, Bangla (a.k.a Bengali)

¹ This quoted text is from Vākyapadīyam by Bharṭṛhari.

What else could be a better way to commemorate the remarkable linguistic journey of our teachers than by celebrating their enduring body of those works which guide us much like the steadfast North Star amidst the mysterious seas. The precious occasion of celebrating 125th birth centenary of Prof. Sukumar Sen has created an opportunity to look back into those works which remain crucial in shaping many of our attitudes towards the questions of languages and linguistics. In my homage to Prof. Sen, the use of examples in constructing the knowledge about a language will be discussed with a reference to a grammar book jointly written by Sukumar Sen and none other than his abled son Subhadra Kumar Sen. The title of the book is ভাষারীতি (ব্যাকরণ) ও প্রবন্ধশৈলী “bhāṣārīti (byākaraṇ) o prabandha śailī” which was written primarily for the ninth and tenth standards students of English medium schools. Though Sukumar Sen in one of his articles (1978) argues in favour of a grammar for colloquial Bangla, in the preface section of the aforementioned title both the authors admitted the necessity of Sanskrit influence in case of Bangla grammar. For this time, this difference in outlooks is deferred, since this tributary discussion is majorly concerned about a methodological issue. If there is a general openness to adopting and adapting methodologies rooted in Greco-Roman traditions, particularly as transmitted through the medium of English, it is worth reflecting on why similar receptivity might not be extended to traditions that have evolved and endured through the historical trajectories of Prākṛta, Saṃskṛta, Pāli, and various other linguistic practices often classified — though sometimes problematically — as Apabhraṃśa and Mleccha.

Linguistics has taught us to see language as an entity which exists with respect to a user, empowering him/her to go beyond the contemporary confinement of himself/herself. One way to have a hold on such an extensive phenomenon, called language, is to look at how it is used during communication. Being co-located with its user, language, as a mode of representation, shows remarkable regularities as well as irregularities across the usages which lead the inquisitive minds to discover different structural and conceptual principles of languaging our thoughts. Those, who are acquainted with the works of

On examples: “anādinidhanam brahma śabdatattvam yadaṣaram”

Rabindranath Thakur, know how successfully the (ir)regular usage patterns of Bangla are dealt with to come up with a method of looking at a language both in বাংলা শব্দতত্ত্ব “bāṁlā śabdatattba” (1909) and বাংলাভাষা-পরিচয় “bāṁlābhāṣā-paricay” (1938). Thakur is not the only example. In fact, we have other stalwarts like Hara Prasad Shastri, Ramendra Sundar Trivedi, Suniti Kumar Chatterji etc. – to name a few. Sukumar Sen is definitely one among them because of whose relentless work the study of Bangla language grammar has reached to its present height.

Not being a direct disciple of Sen, no doubt that many of us have been deprived of the tender warmth of his inquisitive presence. But the huge work that Sen has left for us, will still be considered as an invaluable treasure for anyone who is interested in studying the intricacies of investigating language. Keeping one such work by Sen and his worthy successor Subhadra Kumar Sen in mind, this article is a humble effort to explore how grammatical arguments are internally structured. The method of structuring an argument internally has a rich history of development, though we have very little opportunity to unfold that history here. Rather, I would prefer to see how this method is aligned with the principles of crafting grammatical arguments traditionally. To address this question, the schematic representation of argument as proposed in ন্যায় সূত্র “nyāya sūtra” is referred to. As per this understanding, an অবয়ব “abayab” (argument) has internal structure, namely, প্রতিজ্ঞা “pratiñjā” (proposition), হেতু “hetu” (reason), উদাহরণ “udāharan” (example), উপনয় “upanaya” (application) and নিগমন “nigaman” (conclusion).² Needless to say, these functions are crucial in structuring the information in a way which is considered as valid. Let's take an example from বাংলা শব্দতত্ত্ব “bāṁlā śabdatattba”. In an article on Bangla plural, Thakur proposed that reduplication is used to quantify time. Since this proposition seeks reason, it further argues that

² ন্যায় সূত্র ১/১/৩২ “nyāya sūtra 1/1/32”: pratiñjāhetūdāharanūpanayaniganāni abayabāh “The members ... are proposition, reason, example, application, and conclusion” (Basu, 1913).

On examples: “anādinidhanam brahma śabdatattvam yadaḥṣaram”

4. যাত্রা দেখতে লোকজনে মাঠ ভরে গেছে। নিজের নিজের কাজকর্ম নিয়ে ছেলেপুলেরা ব্যস্ত। যাত্রায় পাখিপাখালীর ডাক ডাকতে হবে। বিভিন্ন ধরনের জন্তুজানোয়ারের মতো গর্জন করতে হবে।

কেউ কেউ কাঙালগরিব মানুষের ভূমিকায় অভিনয় করবে। দুএকজন রাজারাজড়াও সেজেছে। বাজনাবাদ্য বাজছে, মজা করছে সবাই।

jātrā dekhte *lokjane* māṭh bhare geche | nijer nijer *kājkarma* niye chelepulera byasta | jātrāy *pākhipākhālīr* ḍāk ḍākte hobe | bibhinna dharaner *jantujānoyārer* mato garjan karte hobe | keu keu *kāngālgarib* mānusher bhūmikāy abhinay karbe | duekjan *rājārājṛāo* sejeche | *bājanābādya* bājchhe, majā korchhe sabāi |

The field is filled with *people* who have come to watch the folk theatre. The children are busy with their own *tasks*. In the play, someone will have to mimic the calls of *birds*. Others will need to roar like different kinds of *animals*. Some will act as *poor, destitute people*. A few have even dressed up as *kings and nobles*. The *musical instruments* are playing, and everyone is having fun.

The story outlined above is not a mere reflection of the freaky mind of a grammarian but a way to make the others feel what is meant to be an ideal way to conclude a grammatical argument following the suggestions of নিগমন “nigaman” - as is mentioned above. Note, Sen (2014) in one of his articles has tried to consolidate all those sentences on Devadatta – which are used in অষ্টাধ্যায়ী “Aṣṭādhyāyī” – into a form of narrative. At a first glance, it may seem that this type of narrative is the result of the grammatical practices; however, a little attention will reveal that these narratives are the motivations for the grammatical statements.

Similar efforts can also be found in the context of forming plurals through the use of reduplications: the set contains the following instances: দোকানহাট “dokānhāṭ” (markets), মুটেমজুর “muṭemajur” (workers), হাঁড়িকুড়ি “hāṁḍikuṁḍi” (utensils). For these words, the constituents are not completely non-identical from the viewpoint of semantics. In fact, they partially resemble each other in terms of their respective meanings. For example, in মুটেমজুর “muṭe-majur”, “muṭe” means porter and “majur” means labourer - both of them belongs to the worker class. Third set of words, formed by using reduplication to convey the sense of plurality, contains following examples: কাপড়চোপড় “kāpaḍ-copaḍ” (cloths), বাসনকোসন “bāsan-kosan” (utensils), চাকরবাকর “cākar-bākar” (servants). Here, in this set, the preceding constituent is meaningful (for example, কাপড় “kāpaḍ”), but the following one (*i.e.* চোপড় “copaḍ”) is not. Finally, the argument concludes with the observation that, unlike the first set, the second and the third convey the sense of diversity in addition to the sense of plurality with the aid of reduplication.

In the light of this development of structuring the argument's internal structure with the aid of the examples along with proposition, application and conclusion, Sen and Sen (1989) will be looked at. While discussing the usage patterns of certain expressions, the following proposition is argued. The meaning of a sentence may change due to the change of positions of certain expressions in that sentence. This grammatical argument contains information of both the assertion (*i.e.* the very fact that the meaning changes) and the reason (*i.e.* the causal role of certain expressions and their distribution in a sentence). Additionally, a list of those expressions such as কেবল “kebal” (meaning ‘only’, used in the sense of exclusive), -ও “-o” (inclusive particle), -ই “-i” (emphatic particle), মাত্র “mātra” (emphatic particle) etc. is also provided. Assertion of this grammatical fact is further supported by the examples to substantiate the claim. Few are mentioned below:

On examples: “anādinidhanam brahma śabdatattvam yadaḥṣaram”

5. কেবল আমি হরির সঙ্গে গিয়েছিলাম
kebol āmi harir sange giyechilām
only I.NOM Hari.GEN with go.PERF.PST.1

Only I had gone with Hari.

6. আমি কেবল হরির সঙ্গে গিয়েছিলাম
āmi kebol harir sange giyechilām
I.NOM only Hari.GEN with go.PERF.PST.1

I had gone only with Hari.

7. আমি হরির সঙ্গে কেবল গিয়েছিলাম
āmi harir sange kebal giyechilām
I.NOM Hari.GEN with only go.PERF.PST.1

I had only gone with Hari.

To show the meaning differences, Sen and Sen have taken a unique strategy. Instead of providing meaning to (5)-(7), they have given the way these utterances are behaving in their respective implicatures. (5), (6) and (7) implicate (8), (9) and (10), respectively:

8. আমি ছাড়া অন্য কেউ হরির সঙ্গে যায়নি
 āmi chāḍā anya keu harir saṅge jāyni
 I other-than else someone Hari.GEN with go.PRS.
 3.NEG

Except me, no one else has gone with Hari.

9. আমি হরি ছাড়া অন্য কারুর সঙ্গে যাইনি
 āmi hari chāḍā anya kārur saṅge jāini
 I.NOM Hari other-than else anyone. with go.PRS.
 GEN 1.NEG

Except Hari, I have not gone with anyone else.

10. আমি হরির সঙ্গে যাওয়া ছাড়া
 āmi harir saṅge jāoyā chāḍā
 I.NOM Hari.GEN with go-INF other-than
 অন্য কিছু করিনি
 anya kichu karini
 else anything do.PRS.1.NEG

On examples: “anādinidhanam brahma śabdatattvam yadaḥṣaram”

Interpreting the first set of sentences, i.e. (5), (6), and (7), in terms of the second set of sentences, i.e. (8), (9), and (10), shows conclusively the significance of implicature in crafting the grammatical arguments. Note, an implicature distinguishes “what is meant” from “what is said” – a distinction which can even be found in the dichotomy of অভিধা “abhidhā” and লক্ষণা “lakṣaṇā” in Indian grammatical tradition.

Till now, the centrality of the examples in grammatical arguments are discussed. However, a comprehensive understanding also needs an exploration into the very concept of “example” to appreciate its role in grammatical argument. Originally, the word “example” used to mean an instance taken out of a class. If ‘linguist’ is a class concept then say for example ‘Sukumar Sen’ is an instance of that class concept in virtue of being a linguist. Note, ‘linguist’ as a class concept consists of several other instances, such as ‘Paresh Chandra Majumder’, ‘Satya Ranjan Bandyopadhyay’, ‘Krishna Bhattacharya’, ‘Mina Dan’ etc.

11. $[[[\text{linguist}]]]^{M,g} =_{\text{extn}} \{ \text{‘Paresh Chandra Majumder’}, \text{‘Satya Ranjan Bandyopadhyay’}, \dots \}$

The process of exemplification brings out an instance from a class. This process involves a cognitive capacity for understanding of how different instances are categorized into a class on the basis of the perceived similarity.³

12. $[[[\text{linguist}]]]^{M,g} =_{\text{intn}} \lambda x. (x \text{ is a linguist})$

This perceived similarity often provides the crucial basis of differentiating one class from the other class.⁴ And, hence, in Indian

